সাহিত্য-পরিষদ্-এন্থাবলী--৩৭

ভারত শান্ত্র পিটক

म**म्मानक---धीतारम्बद्यस्**त खिरवनो धम्. ध. मश्या -- ४ প্রবর্ত্তক —

রাজা শীযুক্ত বোগেক্সনারায়ণ রায় বাহাছুর
কুমার শীযুক্ত শরৎকুমার রায় বাহাছুর এমৃ. এ.

মহাক্রি ক্ষেমেন্দ্র-বিরচিত বোধিসত্তাবদান—কম্পলতা

প্রথম খণ্ড

রায় **শ্রীশরচ্চন্দ্র দাস বাহাত্বর**কর্ত্তক অনূদিত

২৪৩/১ নং অপার সারকুলার রোড, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ হইতে শ্রীরামকমল সিংহ কর্ত্তক

প্রকাশিত

5052

সকাস্বত্ব পুর্ক্ষিত

মূলা—সভাগণের পক্ষে ১১ টাকা শাধারণের পক্ষে ১॥॰ টাকা

কলিকাতা

২৫ নং রায়বাগান খ্রীট, ভারতমিহির ষত্তে

শ্রীমহেশ্বর ভট্টাচার্য্য দারা মুদ্রিত।



মহারাজ অনস্তদেবের কাশ্মীবরাজ্য শাসনকালের পূর্বের মহাকবি ক্ষেমেন্দ্র কাশ্মীরদেশে জন্ম গ্রহণ করেন। তদীয়ু পুত্র সোমেন্দ্র
পিতৃক্ত কল্পলতাগ্রন্থের উপক্রমণিকায় লিখিয়াছেন যে, মহারাজ
অনস্তদেবের রাজ্যকালের স্থাবিংশ সংবৎসরে (খু১০০৫) কল্পলতাগ্রন্থ সমাপ্ত হইয়াছে। এক্ষণে রাজতরঙ্গিণী অমুসারে জানা যাইতেছে
যে, খৃষ্টীয় দশম শতাব্দীর শোষে ও একাদশ শতাব্দীর প্রথমাংশে
ক্ষেমেন্দ্র বিভাগন ছিলেন। ক্ষেমেন্দ্র তদানীন্তন সময়ে একজন
বিখ্যাত কবি বলিয়া পরিচিত ছিলেন। ইঁহার রচিত অনেকগুলি গ্রন্থ
দেখিতে পাওয়া যায়

তন্মধ্যে ভারতমঞ্জরী ও বোধিসন্থাবদানকল্পলতা এই তুইটী বৃহদাকার। ক্ষেমেন্দ্রকৃত কয়েকখানি উপাদের গ্রন্থ কাব্যমালার মধ্যে মুদ্রিত হইয়াছে এবং চারুচর্য্যাশতক নামে একখানি গ্রন্থ বঙ্গামুবাদ সহ আমি প্রকাশ করিয়াছি।

বোধিসন্থাবদানকল্পলতাগ্রন্থে বৌদ্ধধর্মের সারমর্ম্ম অতি স্থললিত গল্লচ্ছলে অভিহিত হইয়াছে। মৈত্রী, করুণা, মুদিতা ও উপেক্ষা এই চারিটি বৌদ্ধধর্মের প্রধান চিত্তর্ত্তির বিষয় বিশদভাবে এই গ্রন্থে প্রকটিত হইয়াছে। এই গ্রন্থে ১০৮টী পল্লব অর্থাৎ অধ্যায় আছে, তন্মধ্যে শেষ অধ্যায় কেনেদ্রের স্থ্যোগ্য পুত্র সোমেন্দ্র রচনা করিয়াছেন।

কল্পলতাগ্রন্থের ভাষার লালিত্য ও মাধুর্য্য কালিদাসের তুল্যই বলা যায়। তাহার কিছু নিদর্শনস্বরূপ প্রত্যেক পল্লবেরই প্রথম শ্লোক ইহাতে সন্নিবিষ্ট করিয়াছি। ইহা দ্বারা পাঠকগণ মহাকবির কবিত্বের পরিচয় কতকটা পাইবেন।

মহাকবি ক্ষেমেন্দ্র যেমন বোধিসন্থাবদানকল্পলতা গ্রন্থ বৌদ্ধর্মের সারসংগ্রহরূপে রচনা করিয়াছেন, তদ্রুপ চারুচর্য্যাশতক গ্রন্থও সনাতন আর্ম্যাধর্মের সার উপদেশসংগ্রহম্বরূপ রচনা করিয়াছেন। ইহা দ্বারা জানা যাইতেছে যে, ক্ষেমেন্দ্র সনাতন আর্য্যধর্ম্মাবলম্বাই ছিলেন এবং বৌদ্ধ অমুশাসনকেও তিনি আর্য্যধর্মেরই অন্তর্গত বিবেচনা করিতেন।

অবদানকল্পলতা প্রস্থ ভারতীয় কবি-রচিত হইলেও, কালক্রমে ভারতে ইহার বিলোপ ঘটিয়াছিল। বহু সন্ধান করিয়াও ইহার সম্পূর্ণাংশ পাওয়া যায় নাই। এসিয়াটিক সোসাইটী নেপাল হইতে এ প্রস্থের উত্তরার্দ্ধ মাত্র সংগ্রহ করিয়াছেন।

গত ১৮৮২ সালে আমি যখন তিববত (হিমবৎ) প্রদেশের রাজধানী লাসা (দেববৎ) নগরে যাই এবং কিছুকাল সেখানে বাস করি, সেই সময় পোতলনামক রাজপ্রাসাদের পুস্তকাগার হইতে কতকগুলি অমূল্য গ্রন্থ সংগ্রহ করিয়া আনিয়াছিলাম। তন্মধ্যে এই কল্পলতাগ্রন্থ অন্যতম। এই গ্রন্থ অতি উপাদেয় বিবেচনা করিয়া এসিয়াটিক সোসাইটা ইহার প্রকাশে বন্ধপরিকর হওয়ায় মূলগ্রন্থ প্রায় সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে এবং অবশিষ্ট অংশও হুই-এক বৎসরের মধ্যেই সমাপ্ত হইবে আশা করি।

ভগবান বুদ্ধ পূর্বব পূর্বব জন্মে কি কি রূপে জন্ম গ্রহণ করিয়া কি কি কার্য্য করিয়াছিলেন এবং কিরূপে পরে সম্যক্ সম্বোধি লাভ করেন এই কথাই ইহাতে বিরুত আছে এবং প্রসঙ্গক্রমে নানাবিধ ধর্ম্মনুলক উপদেশ উদাহরণসহ বর্ণিত হইয়াছে। ভগবান্ স্বয়ং ভিক্ষগণের নিকট এই সকল কথা নিজমুখে ব্যক্ত করিয়াছেন।

তিববত, চীন এবং শ্রাম দেশ পরিজ্ঞমণ করিয়া আসিবার পর, সঁময়ে সময়ে কোন কোন মাসিক পত্রিকায় আমি বাঙ্গালা প্রবন্ধ লিখিয়া-ছিলাম, কিন্তু এরূপ উদ্যম সন্তেও এ যাবহু বঙ্গভাষায় কোন উত্তম প্রস্তু লিখিতে সমর্থ হই নাই, এ জন্য অন্তরে একটা ক্লেশ অনুভব করিতেছিলান। ইদানীস্তন সময়ে নাটক, উপন্যাসণ্ড নভেলের অভাব নাই।
অনেক স্থবিজ্ঞ লেখক অনেক স্থপাঠা নভেল লিখিয়াছেন, তাহাই
প্রচুর। এ বিধায় আমি বিবেচনা করিলাম বে, এই উপাদেয় ও বৌদ্ধধর্মের সারসকলনস্বরূপ কলালা গ্রন্থটী যদি বঙ্গভাষায় অনুবাদ করা
যায়, তাহা হইলে বঙ্গসাহিত্যের একটা অন্ত পুষ্ট হইতে পারে এবং
বিশেষতঃ বঙ্গবাসীরা এতদারা বুদ্ধের উন্নত শিক্ষার পরিচয় পাইবেন।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ আমার এই গ্রন্থের প্রকাশভার লওয়ায়,
আমি এ কার্য্যে উৎসাহী হইয়াছি। সোমেক্সকৃত উপক্রমণিকা
ও শেষপল্লবের অনুবাদ সর্ববিগ্রে দেওয়া হইয়াছে এবং তৎপরে
ক্ষেমেক্রের প্রথম পল্লব হইতে পঞ্চবিংশ পল্লব পর্যান্ত এই প্রথম
খণ্ডে প্রকাশ করিলাম। দ্বিতীয়় খণ্ডে ৫০ পল্লব পর্যান্ত হইবে এবং
তৃতীয়খণ্ডে ৭৫ পল্লব পর্যান্ত হইয়া চতুর্থ খণ্ডে গ্রন্থ সমাপ্ত হইবে।
এক্ষণে সাহিত্যসেবী বিদ্যান্তলা ইহাকে সম্প্রেহনয়নে বিলোকন
করিলে, শ্রম সার্থক জ্ঞান করিব।

সোমেক্স গ্রন্থের উপসংহারে লিখিয়াছেন :—

যাবতারা তরুণকরুণালোকনী ভক্তিভাঙ্গাং
কল্যাণানাং কুলমবিকলং সিদ্ধয়ে সন্নিধন্তে।
লোকে যাবদিমলকুশলধ্যানধী লোকনাথ:
ভাবদৌদ্ধী বিবুধবদনামোদিনীয়ং কথাস্তাম্॥ ১॥

যাবদ্ধ: সকলভূবনোন্তারণায় প্রবুদ্ধো যাবদ্ধর্ম: স্কৃতসরণিস্বৈররত্বপ্রদীপ:। যাবৎ সজ্ব: সরসমনসাং দত্তকল্যাণসজ্ব: স্থীয়ান্তাব্জ্জিনগুণকথাকল্লবল্লী নবেয়ম্॥২॥ যাবদ্ভূভূ রিভূভ্ৎক্রতসলিলচলন্মালিকা শেষণীর্ষে
মায়ুরচ্ছত্রশোভাগসুভবতি ফণারত্বরশ্মপ্রতানৈঃ।
ধত্তে যাবৎ স্থমেকঃ ক্ষিতিতল কমলে কর্ণিকাকারকান্তিং
শাস্ত্রস্তাবৎ কথেয়ং কলয়তু জগতাং কর্মপূরপ্রতিষ্ঠাম্॥ ৫॥

পরিশেষে বক্তব্য এই যে, ভট্টপল্লীনিবাদী পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত কুঞ্চবিহারী আয়ভূষণ মহাশয়ের সাহায্যেই আমি এই স্করহৎ ও স্কঠিন প্রস্তের অনুবাদকার্য্য সম্পন্ন কবিতে সমর্থ হইয়াছি। কারণ বৌদ্ধগ্রন্থের সংস্কৃত সাধারণ সংস্কৃত হইতে অনেক অংশে বিভিন্ন এবং তাৎপর্যার্থ স্বভন্ত। ইহার কারণ এই যে, প্রথমতঃ বৌদ্ধগ্রন্থ-গুলি মাগধী ভাষায় রচিত হয় এবং পরে সিদ্ধ নাগার্জ্জুন, আর্যাদেব ও দিঙ্নাগাচার্য্য প্রভৃতি মহাপণ্ডিতগণের চেফ্টায় সংস্কৃত ভাষাতেও আনেক বিষয় লিখিত হয়। কাজেই উভয় ভাষার সংমিলনে বৌদ্ধ-সংস্কৃত একটা নৃতন রকম ভাষাই হইয়াছে।

এতাদৃশ গন্তীরার্থ বৌদ্ধ-সংস্কৃতে অভিজ্ঞতা ভারতীয় পণ্ডিতদিগের মধ্যে অতি বিরল। পূর্বেবাক্ত স্থায়ভূষণ মহাশয় ১৮ বৎসর
কাল এসিয়াটিক সোসাইটীতে থাকিয়া ও সোসাইটীর সমস্ত পুস্তকের
অসুশীলন করিয়া বৌদ্ধ তাৎপর্য্যার্থ গ্রহণে সম্যক্ ব্যুৎপত্তি লাভ
করিয়াছেন। ইহার সাহায্য পাইয়াই, আমি এ কার্য্যে অগ্রসর
হইয়াছি। প্রথম হইতে এতাদৃশ পণ্ডিতের সাহায্য পাইলে অনেক
কাল পূর্বেই এই অসুবাদকার্য্য সম্পাদিক হইয়া যাইত।

কলিকাতা বৈশাখী পূৰ্ণিমা, ১৩১৮ বঙ্গান্ধ)

শ্রীশরচন্দ্র দাস গুপ্তস্থ



--:c:---

সোমেন্দ্ৰ-কৃত পরিচয়

(কাশ্মীররাজ) জরাপীড়ের মন্ত্রী স্থমতি নরেক্রের বংশে ভোগীক্র (বাস্থকি) সদৃশ ভোগবান্ ভোগীক্র নামধেয় এক মহাত্মা উদ্ভূত হন। ১॥

তাঁহার পুত্র সিন্ধু। ইনি বছবিধ গুণরত্বের আবকর ছিলেন ও ইইার বাণী অংধাবর্ষিণী ছিল। একারণ ইহাঁর সিন্ধুনাম সার্থক হইয়াছিল। ২॥

দিন্ধুর পুত্র প্রকাশেক্র পৃথিবীতে স্থ্যসদৃশ তেজস্বী হন। ইনি দানপুণ্যে বোধিসত্ত্বসদৃশ গুণবান ছিলেন। ৩॥

প্রকাশেক্রের পুত্র মহাকবি ক্ষেমেন্দ্র। ইহার কীর্ন্তি চন্দ্রের জ্যোৎস্নার স্থায় সজ্জনের মানস উল্লিসিত করে। ৪ ॥

রামযশা নামক সজ্জনানন্দদায়ক এক ব্রাহ্মণ ক্লেমেন্দ্রের সকল প্রবন্ধেরই প্রযোজক ছিলেন। রামযশাই এই কার্য্যে প্রথম প্রস্তাব করিয়াছিলেন। ৫॥

একদা ক্ষেমেক্স স্থাসীন আছেন, এমন সময় গুণবানের পরম স্বছৎ ও বিখ্যাত পুণ্যবান নব্ধনামা সৌগত (বৌদ্ধমার্গী) তথায় আসিয়া তাঁহাকে বলিলেন। ৩॥

গোপদত্ত প্রভৃতি আচার্য্যগণ কর্ত্ক রচিত ভগবান্ জিনের জাতকমাল। আছে বটে, কিন্তু উহা অবদান ক্রমান্থসারে রচিত হয় নাই এবং গদ্য ও পদ্য মিশ্রিত থাকায় বিশৃত্যল হইয়া রহিয়াছে। বিশেষতঃ উহা একমার্গাত্মসারী এবং অত্যন্ত গান্তীর ও কর্কশ অথচ উহার বর্ণনা অত্যন্ত বিস্তীর্ণ।

আপনি অবদানক্রমান্ত্রপারে (আবিশ্রক্ষত) সংক্রেপে ও বিস্তারক্রপে তথাগতকথা কোমল্রপে রচনা করিলে ভাল হয়। ৭৮৮৯॥ সৌগত নক্ক সবিনয়ে এইরপ অন্নরেধ করিলে পর ক্ষেমেক্র তথাগত-কথা রচনা করিতে উদ্যত হন ও তিনটা মাত্র অবদান রচনা করিয়া অতি দীর্ঘ জ্ঞানে ঐ কার্য্য হইতে বিরত হন । ১০॥

অনস্তর স্বপ্লাবস্থার এক দিন স্বয়ং ভগবান জ্বিন (বুদ্ধ শাক্যদিংহ) তাঁহাকে প্রেরণা করায় পুনর্যায় তিনি অবদানার্থ সংগ্রাহে উদ্যোগী হন। ১১॥

তৎপরে মহাপ্রাক্ত, বিখ্যাত পুণাবান্ ও জিনশাসনশাল্পে প্রগাঢ় বাংপন্ন আচায়া বীষ্যভন্ত স্বয়ং তাহার পৃত্র আগমন করিয়া অতি ছর্কোধ অন্ধকারময় জৈনাগমে (বৌদ্ধ শাল্পে) রত্নপ্রদীপবৎ আলোক প্রদান করেন। ১২।১৩॥

মদীয় পিতা ক্ষেমেক্স নাঞান্তর শতসংখ্যক অবদান রচনা করিয়াছেন। তদীয় পুত্র সোমেক্স-নামা আমিও আর একটা অবদান রচনা করিয়া অস্টোতর শত মঙ্গল সংখ্যা পূর্ণ করিয়াছি। ১৪॥

সমস্ত শাস্ত্র যাঁহার হস্তগত হইলে পরিগুদ্ধ হয়, সেই আচার্য্য সূর্যাশ্রীকে এই প্রস্থের লিপি কার্য্যের জন্ম প্রার্থনা করা হইয়াছিল। ১৫॥

সপ্তবিংশ সংবৎসরে* বৈশার্থ মাসে শুক্লপক্ষে ভগবান জিনের জন্মমহোৎস্ব দিনে এই কল্পতা গ্রন্থ সমাপ্ত হইয়াছে। ১৬॥

বে লোকনাথের কীর্ত্তি পাপশক্ত-প্রমাথন কার্য্যে তারা-ভৃক্টী-স্বরূপ উদিত হইয়াছে ও বাঁহার অনির্বাচনীয় উৎসাহ দিগস্তব্যাপী, সেই মহারাজাধিরাজ্ব অনস্তদেবের শাসনকালে শান্তিস্থাভিলাষীদিগের সম্ভোষার্থ এই কল্পতা নামক প্রবন্ধ নির্দ্ধিত হইয়াছে। ১৭॥

ভগবান জিনের প্রতি ভক্তি তোমাদিগের সাংসারিক বিকারসকল বিনষ্ট করুক। প্রথমতঃ হতবুদ্ধি ব্যক্তিদিগের শাস্তির অভাবই অপার ও ছ্র্কার,

- কাশ্মীররাজ অনন্তের রাজতের সপ্তবিংশ সংবৎসকে অর্থবি ১০৩৫ গৃষ্টাব্দে এই গ্রন্থ স্বাপ্ত ইইরাছিল।
- † সনাতন আর্থ্য ধর্মের দশসহাবিদ্যার অন্তর্গত বিতীয় বহাবিদ্যা তারা। বহাবান বৌদ্ধ সম্প্রাব্যে আর্থাতারা বৃদ্ধ্যণের শক্তিরূপে অভিহিত ইইয়াছেন। তারা-বিবরের বিশেব বিবরণ বহামহোপাথায় পণ্ডিতপ্রবর সতীশচক্র বিদ্যাভূষণ বহাশদ্বের সম্পাদিত প্রশ্বরা-তোত্ত এছে বিবৃত্ত ইইয়াছে।

তাহার উপর সংসারক্ষপ বিপুল পথে নানাবিধ বাসনভার বিদ্যামানই আছে এবং অহকার ও বিবেদের আধারভূত বিষয়বিষও প্রচর দেখা যায়। এ সমস্ত বিকারই বিনষ্ট হউক। ১৮॥

বিমলাশয় ব্যক্তিদিগের প্রমসস্তোবপ্রদ, অতি কমনীয়, প্রসাদ-গুণমণ্ডিত, ভগবান তথাগতের (বুদ্ধের) দেহভূত এই উচ্চল কাব্য জগতের প্রীতিপ্রদ হউক। ২৯॥

মহাক্বিক্ষেত্র অববান-কলসভার এক শত সাভটি পরব রচনা করেন। তৎপুত্র সোমেত্র
এই কাব্যের পরিচর ।ধরা উপক্রবাধকা-সহিত অটোপ্তরপ্ততম পরব রচনা করেন। এইরপে
কল্লভা একশত আট পরবে সম্পূর্ণ হয়। সোক্ষেত্রভিত গ্রন্থপরিচর এবং অটোত্রর শততম
পলব গ্রন্থের প্রথবেই মৃতি হইল।

অফৌতরশততম পলব

উপক্রমণিকা

মদীয় পিঞ্দেৰ কৰিবর কেনেক্স-ক্লত') ভগবান বুদ্ধদেবের অভ্ত চরিত্রময় এই বোধিসন্থাবদানকল্লতা গ্রন্থ জিনেক্সৰিহিত মহাবিহার-চৈত্যাঙ্গনে কনক-চিত্রময় গুহাগুহের অভ্যন্তরে লিখিত হইয়াছে। ১॥

(মহাকৰি) ক্ষেমেক্স এই প্রস্থ যাহাতে জগতে লুপ্ত না হয় এই অভিপ্রায়ে বিশিষ্ট চিত্ররচনায় রমণীয় ও নানা কল্পের বছবিধপ্রতিমাপ্রকাশক বছতর প্রবন্ধে উজ্জ্বল এই কল্পল তাগ্রন্থটী সজ্জনগণের স্কুক্তপূর্ণ চিত্তরূপ বিহারে স্থাপিত করিয়াছেন। ২॥

তিনি সপ্তাধিক শতসংখ্যক বোধিসন্তচরিত্র নিবদ্ধ করিয়াছেন। আমি আষ্টোত্তর একশত সংখ্যা পূর্ণ করিবার অভিপ্রায়ে আরও একটা চরিত্র নিবদ্ধ করিতেছি। ৩॥

নিক্ষাপরনামক তদীয় তনয় সোমেজ্রনামা আমি ভগবান জিনের উদার কথাপ্রবন্ধে শেষ প্রবন্ধনী পূরণ করিতেছি। ৪॥

বে মহাকাব্যের বন্ধপ্রাণালী অতিশয় নিবিড়ও যাহার প্রাণাত্তণ অতিশয় কোমল এবং যদীয় বাক্যবিভাগে ভঙ্গীরূপ তর্জিণী অতি রমণীয়, রসনিধি (মহাক্ৰি \ কেমেক্টের সেই মধুর বাণীরূপ সাগরকে আমি বন্দনা করি। ৫॥

বাহার। সতত ওঁকার ধ্যান করিয়া ওঁকার-সদৃশ কুটিলতা শিক্ষা করিয়াছেন ও বাঁহাদের মুথ হইতে কথনও সাধুবাদ নির্গত হয় নাই এবং বাঁহার। সর্বাদাই কোধে বিবর্গবদন, এতাদৃশ বিদ্যানিধিগণ কিরুপে এই বৃহদাখ্যানময় গ্রন্থ সৃষ্ঠ করিবেন। ৬॥

মহাবৃদ্ধিসম্পান মহাকবি ক্ষেমেক্স সদ্ধান প্রবিক নিজাবৃদ্ধিবলে এই প্রান্থ রচনা করিয়া যে পুণা অর্জন করিয়াছেন, তাহাধারা এই সংসারত্ব সমস্ত জীব কুশল কর্ম্মে সতত উদ্যুত হউক। ৭॥

সংসারের গুরুতর পরিশ্রমে ক্লান্ত, কামাবেশে মন্ত, মোহান্ধকারে মুদ্রিতনয়ন, লুপ্তস্থতি ও নিজিতবং এই জগতের প্রবোধনে যিনি তৎপর এবং উহার অশেষ প্রকার লোবের নাশক সেই স্থাসদৃশ প্রবুদ্ধ ভগবান বুদ্ধকে নমস্কার। ৮॥

মহামনা জনগণের আনন্দজনক বন্ধু, সহাস্তবদনে সকলের স্থাপেদেষ্টা চক্রাস্থা মহাযশস্বী মণীয় জনককে নমস্কার। ৯॥

পুণাৰান মদীয় পিতৃদেব নিজগ্রন্থের পুণ্তা সম্পাদ্ধনের জন্ম বাক্যের প্ৰিত্তভাকারক ভগবান জিনের চরিত্রবর্ণনারূপ কুশল কর্মে আমাকে নিয়োগ ক্রিয়া সমাদৃত করিয়াছেন। ১০॥

যে সকল বিহারের গুহামধ্যে ভগবান জিনের নানাবিধ চরিত্রপ্রকাশক স্থবর্ণময় চিত্রসমূহ রক্ষিত ছিল এবং ঐ সকল চিত্র সজ্জনগণের নেত্রানন্দ বিধান করিতেছিল, কালক্রমে সে সকল বিহারস্থানই বিলুপ্তা হইয়াছে। ১:॥

পিতৃদেব বাণীমঃ তৃলিক। দারা বর্ণবিস্থাসক্রমে ভগবান বুদ্ধের যে সকল চরিত্র আহ্বিত করিয়াছেন, ইহাও একটা সজ্জনানন্দদায়ক পুণাময় বিহারসদৃশ হইয়াছে। ১২॥

(পিতৃদেবক্ক হ) এই চিত্র দিগ্দিগত্তে প্রতিষ্ঠাপিত হওয়ায় প্রালয়কালে বা জলপ্লাবনে ও অনলোৎপাতেও ইহার ধ্বংস হইবার সম্ভাবনা নাই। ১৩॥

আমিও অক্ষয়পুণালাভলোভে নানাচিত্রময় এই গ্রন্থমধ্যে একটা চিত্র অন্ধিত করিলাম। মহতের পদান্ধান্ত্রমারী ক্ষুত্রও মহন্ত্র লাভ করিতে পারে। ১৪॥

ভূদীর স্থায় আনোদগৃহের স্থেময় পল্মে উপবিষ্ট হইয়া অমৃতসদৃশ মধুর-ধ্বনিকারিণী মদীয় পিভূদেবের বাণীকে প্রণিপাত করিয়া এই মহাকাব্যের শেবাংশ আমি পুরণ করিতেছি। ১৫॥

জামৃতবাহনাবদান

যাঁহারা পরের প্রাণরক্ষার ভক্ত নৃতন সঙ্গমোৎস্থা, দিব্যকান্তি, উপভোগক্ষমা তরুণীর সদৃশ রাজলন্ধীকে তৃণজ্ঞানে ত্যাগ করিয়া অক্রেশে নিজদেহ দান করেন, প্রম্কারুণিক ঈদৃশ মহাপুরুষ্গণ্কে নমস্কার করি। ১॥

কাঞ্চনপুর নামক নগরে প্রীমান জীমৃতকেতু নামে এক বিদ্যাধররাজ্ব উদ্ভত হইরাছিলেন। যিনি জীমৃতস্তৃশ অর্থিগণের তাপাহারী ছিলেন। ২॥

বাঁহার কল্পড়মসমুদ্ধত নব নব সম্পদ যশোমর পুপে শোভিত ও পুণ্য-ময় সৌরভে আমোদিত ছিল। ৩॥

সমূক্ত হইতে চক্তের স্থায় তাঁহা হইতে তদীয় পুত্র জীমূতবাহন উদ্ভূত হইয়াছিলেন। জীমূতবাহন উৎকট পুণোর নৃতন একটা রাশিসদৃশ ছিলেন।৪॥

গুণবান যেরূপ বিনয়ের দ্বারা শোভিত হয় ও সম্পত্তিশালী যেরূপ দানের দ্বারা শোভিত হয় এবং সজ্জন যেরূপ পুণাকর্ম দ্বারা শোভিত হয়, তদ্রপ জীমৃতকেতু সর্বভ্তহিতকারী পুর জীমৃতবাহনের দ্বারা অভিশয় শোভিত হইয়াছিলেন। ৫॥

বিদ্যাধররাজ জীমৃতকেতু স্থীয় কল্পক্ষ ও সামাজ্য পুত্রকে সমর্পণ করিয়া তপশ্রণ মান্দে শান্তিধাম মলয় পর্বত আশ্র করিয়াছিলেন। ৬॥

জীমৃতকেতু সপত্নীক রাজ্যতাগে করিয়া তপোবনে গমন করিলে পর জীমৃতবাহন মহাবিভব লাভ করিয়া চিস্তা করিতে লাগিলেন। ৭॥

আমি শুরুজন সেবায় নিযুক্ত। এই বিপুল রাজ্যলক্ষী আমার অধীন হইয়া স্থানী হইল না। ইহা অক্ষের চিত্রশালা দর্শনের স্থায় নিফ্লই হইয়াছে।৮॥

পূর্বে আমি পিতৃদেবের পাদতবে মন্তক নত করিতাম ও তদীয় নথ-রশ্মিনালায় মদীয় মুকুট শোভিত হইত এবং তদীয় আজ্ঞান্তবেদরপ কুগুলে কর্ণযুগল যেরূপ শোভিত ছিল, অধুনা চক্রবর্তী রাজা হইরাও আমার সেরূপ শোভা হইতেছে না। ১॥

জীযুতবাহন মনে মনে এইরপ চিস্তা করিরা কনকবর্ষী স্বকীর কর-বৃক্ষটী দর্ক প্রাণীর উপকারার্থ উৎদর্গ করিলেন, ও দেই প্রভৃত দামাজ্য পরিত্যাগ করিয়া পিতার আশ্রমে গমন করিলেন। উদার্গিত মহাপুরুষগণের নিক্ট ত্রৈলোকাদার শ্রেষাণ্ড তণবৎ প্রতীয়মান হয়। ১০। ১১॥ জীমূতবাহন সাঞ্রাজ্য ত্যাগ করিয়া মলয়াচলে গেলে পর করবৃক্ষটীও পুরিবী স্থবর্ণপূর্ণ করিয়া স্থর্গে চলিয়া গেল। ১২ ॥

জীমৃতবাহন চন্দনক্রমমণ্ডিত মলরগিরিতে গমন করিয়া পিতা ও মাতার পাদ্দেবা করতঃ বিয়োগ জঃখ পরিত্যাগ করিলেন। ১৩॥

এই সময়ে কামদেৰের প্রমপ্তকং বসস্ত তথায় সমাগত ছইয়া মন্দ্রমাক্তে আন্দোলিত চন্দ্রনাতাকে কামাভিলাগোচিত ব্যবহার উপদেশ দিতে লাগিলেন। বোধ হইল যেন চন্দ্রনাতা দীর্ঘ নিখাস ত্যাগ করিতেছে ও জ্ঞাভাব প্রকাশ করিতেছে। ১৪॥

প্রো বতভর্ক। কামিনীদিগের অসহনীয় দক্ষিণবায়ু মূহ্মূছ: প্রবাহিত হইতে লাগিল। বোধ হইল যেন মকরধ্বজ কামদেব জগৎজয়ার্থে বায়ব্যাল্প প্রয়োগ করিলেন। ১৫॥

ভ্রমরগণের আ্বাক্রমণ্ডরে ও নিবিড্ভাবে উদিত মঞ্জরীভরে আবনত চুতক্রমগণ সঙ্কেতের হারা যুবজনের অভিলাষ বিষয়ে শিক্ষা দিতে লাগিল। ১৬॥

বসস্তলন্দ্রীর কর্ণপুরভূত অশোকপুপা শৈণতটে ফুটিত হইতে লাগিল, এবং নাগরিক কামিনীগণের পাদপ্রহারে সংক্রামিত অলক্তকরাগে রঞ্জিত হইয়া নবপল্লব উদ্গত হইতে লাগিল॥ ১৭॥

আমারই এই কামাভিলাষ অতি রমণীর, ষেহেতু আমি কামিনীগণের বদনমদিরায় দিক্ত হইয়া ধয় হইতেছি, বকুল রুক্ষের ঈদৃশ মনোভাবজনিত হাস্তছেটা কুস্থমছেলে প্রকাশ পাইতে লাগিল। ১৮॥

মানিনীগণ পূর্বে মানভরে মৌনাবলম্বন করিয়াছিল, কিন্তু এক্ষণে তাহারা স্বয়ং পাদপ্রণাম ঘারা দ্য়িতকে প্রসন্ধ করিতেছে। ইহা দেখিয়া সিন্ধ্বারত্বক পুষ্পবিকাশচ্ছলে হাস্ত করিতে লাগিল। ১৯॥

জ্ঞারণবর্ণ নবপারবাণ পূপাকেশররূপ জটাভারে শোভিত বসস্তরূপ সিংহের নথরাবলীর ন্যায় বোধ হইতে লাগিল এবং মানিনীগণের মানরূপ গজ্ঞার বিঘাত করায় ঐ নথরাবলী রক্তাক ইইয়াছে বলিয়া প্রতীয়মান ইইল। ২০॥

কুষমাকর-বসস্ত-শোডা-কোকিলাগণের মধুরধ্বনি ধারা বিলাসিগণের কর্ণের, কোমল শিরীষ পুপধারা চর্ম্মের, মনোরম কর্ণিকার পূপা সন্দর্শন ধারা চক্ষুর এবং বায়ুসংযোগে উজ্ঞারমান পুস্পরেণুধারা আণের হর্ষ সম্পাদন করিতে লাগিল।২১॥ নানাবিধ পুলের মধুপানে মন্তা ও ইতন্ততঃ ভ্রমণকারিণী ভূঙ্গাঙ্গনাগণের বিলাসভোগবোগ্য ঈদৃশ স্থময় বসস্তকালে বিদ্যাধররাজপুত্র উৎফুল্লভাশোভিত বনস্থলীতে বিচরণ করিতেছিলেন। ২২॥

তিনি সেই বনোন্দেশে দেখিলেন যে চক্রকলাসদৃশ রমণীয়কান্তি একটা কন্ত। স্থবর্ণময় মন্দিরে স্কিগণকর্ত্ব প্রতিষ্ঠাপিত রশ্বময়ী গৌরীমূর্ত্তিকে পূজা করিয়া বীণাশ্বরে গান করিতেছে। ২৩॥

জীমৃতবাহন এই কন্সাটীকে দেখিরা অতিশর বিস্মিত হইরা মনে করিলেন বে বোধ হয় কামপত্মী রতি স্থকীয় পতি কন্দর্পের পুনর্জীবন লাভের প্রার্থনায় গৌরীর আরাধনার জন্ম এখানে অবস্থিতি করিতেছেন। ২৪॥

হরিণনয়না কন্যা গীতাবসান হইলে ক্রোড়দেশ হইতে বীণাটী অধঃস্থাপিত করিয়া লজ্জায় নতশির হইলেন এবং চাপরহিত সাক্ষাৎ স্মরের সদৃশ বিদ্যাধর রাজপুত্রকে দেখিলেন। ২৫॥

পরম্পর বিলোকনজনিত অভিলাষ নেত্রশোভায় ভূষিত হইয়া ইহাঁদের উভয়ের মধ্যে গতায়াত করিতে লাগিল এবং মনকে সন্ধিবিষয়ে দুতস্বরূপ নিযুক্ত করিল॥ ২৬॥

কামরূপ পদ্মাকরের হংসীস্বরূপ সেই কনা ন্তনমাত্র দৃষ্ট রাজপুত্রের প্রতি অতিশয় অন্থ্রাগবতী হইলেন। বোধ হয় পূর্বে জন্মেয় অভ্যাস বশতই এত সম্বর ইনি রাজকুমারের স্বচ্ছ ও উদার মনে প্রবেশ করিতে পারিয়াছিলেন। ২৭॥

শশী বেরপ নির্দাণ চক্রকাস্ত মণিতে প্রবেশ করেন, কামবাণ বেরপ নিজ লক্ষ্য কন্যাকুলে প্রবেশ করে ও প্রাভাতিক স্থ্যিকিরণ থেরপ প্রক্ষ্মিত-কমলে প্রবেশ করে, তদ্ধপ রাজপুত্রও অমুরাগযুক্ত তাঁহার হৃদয়ে প্রবেশ করিয়াছিলেন। ২৮॥

বিদ্যাধরকুলচক্র রাজকুমার একটীমাত্র বালিকা স্থীর সহিত উপবিষ্টা লজ্জা ও কামোজেকবশতঃ জৃম্ভাবতী কন্যার নিকট আসিলেন। ইনি ধীরস্বভাব হইলেও তাঁহার রূপে আক্নষ্ট হওয়ার বলিতে লাগিলেন। ২৯॥

অরি স্কল, সম্ভাষণ দারাও এই অভ্যাগতক্ষনকে সম্ভষ্ট করিতেছ না কেন ? ভব্যজনাত্মরূপ ভোমার রূপ সদাচারগুণে অধিকতর শোভিত ইইবে। ৩০॥ অরি কোমলান্ধি, মন্মথের অলস্কারভূত ও চক্রবৎ কমনীয় দ্বদীর এই স্থান্ধর দেহ, মুক্তামণির ন্যায় কোন্ উন্নত বংশের শোভাকারী, তাহা কীর্ত্তন কর । ৩১॥

স্থন্দরি, তোমার দর্শনলাভে আমি পরম আপ্যায়িত হইয়াছি। চক্ত্রকলা যদিও কাহারও সহিত সম্ভাষণ করে না, তথাপি তদীয় লাবণ্য দর্শনে লোকে হুট হয়। ৩২॥

আমাদের একটিমাত্র কৌতুক অপনোদন করিবার জ্বনা ভূমি বল, সজ্জনের পক্ষপাতী বিধাতা তোমাকে কোন্ বংশের আভরণরূপে স্জন করিয়াছেন। ৩৩॥

বিদ্যাধররাজকুমারের ঈদৃশ ঔৎস্থক্যগর্ভ বাক্য শ্রবণ করিয়া কন্যা লজ্জাবশতঃ মৌনভাব অবলম্বন করিলে তদীয় সধী মালতিকা বলিতে লাগিলেন। ৩৪ ॥

রাজকুমার, আপনি বিদ্যাধর-রাজবংশরূপ স্থধার্ণবের চন্দ্র বলিয়া প্রাসিদ্ধ। আমাদের পুরবাসিনী বিলাসিনীরা আপনাকে সাক্ষাৎ কলপ বলিয়া উল্লেখ করে। ৩৫॥

বিখ্যাত কল্পক্রম-দান-জনিত ত্বদীয় যশ ত্বদীয় গুণগৌরবে **অলক্ষত** ইইরাছে। [†]্মদীয় স্থীর অনুজ মিত্রাবস্থ চন্দ্রবং-শুল্র ত্বদীয় যশ শ্রবণ করিরা-ছেন। ৩৬॥

হে মহাসত্ত্ব, ঈদৃশ গুণবান তুমি কিরুপে আমাদিগের নিঃশঙ্ক আলা**পণাত্ত্র** হইতে পার। বিশেষতঃ কন্মকারণ প্রায়ই মহজ্জনের সন্মুথে লজ্জিতা হইয়া থাকে। ও৭॥

ইনি দিদ্ধবংশরপ সাগরের স্থাকরসদৃশ দিদ্ধপতি বিশ্বাবস্থর ক**ন্তা।** ইনি যথন উদ্যানক্রীড়া করেন, ইহাঁর শুল্রকান্তি কুসুমচয়কে বিকসিত করে। ৩৮॥

নবোদ্গত প্রবের ন্থার অরুণবর্ণ ওঠদোভিত তোমার এই দেহ চন্দ্রন-লতার ন্যায় কমনীয় এবং স্থবাস্থর-নারীগণের অভিলাষভূমি। ৩৯॥

স্থী মালতিকা এইরপ বলিতেছেন, এমন সময় এক বৃদ্ধ কঞ্কী সন্থর আগমন বশতঃ দীর্ঘনি:খাস নিক্ষেপ করিতে করিতে সিদ্ধরাজকস্তাকে বলিলেন। ৪০॥ কল্যাণি, স্বদীয় পিতা মিত্রাবস্থর সহিত অন্তঃপুরে উপবিষ্ট আছেন ও তোমার বিবাহের কথার আলোচনা করিতেছেন, একারণ তোমাকে দেখিতে চাহেন। ৪১॥

সহসা কঞ্কিকর্তৃক এইরপ অভিহিত হইয়া সুলোচনা কন্যা সধীর সহিত শলৈঃ শলৈঃ অন্তঃপুরে গেলেন; পরস্ক তাঁহার মন জীমৃতবাহনেই আসম্ভ রহিল। ৪২॥

কন্তা পশ্চাদ্গামিনী সথীর সহিত কথাছেলে পুন: পুন: কাস্তকে নিরীক্ষণ করতঃ অলস পদবিক্ষেপে গমন করিলে পর রাজকুমার কন্যার পথে নয়ন নিক্ষেপ করিয়া ভাবিতে লাগিলেন ধে আমি নৃতন উৎকণ্ঠাকে আশ্রেয় করিয়াছি দেখিয়া বোধ হয় ধৃতি (বৈধ্যা) ঈর্ব্যাবশতঃ আমার ত্যাগ করিল। ৪৩—৪৪॥

কি আশ্চর্যা! মৃগনয়না কন্যা পিতৃ-আজ্ঞা-বশতঃ পিতৃসকাশে গেল বটে, কিন্তু তাহার অনুরাগযুক্ত মনকে বোধ হয় ভয়প্রযুক্তই আমার নিকট গচ্ছিত রাখিয়া গিয়াছে। ৪৫॥

দীর্ঘনিঃখাস নিরোধে বত্ববতী, নিঃশব্দে অর্থাৎ আকার ও ইঙ্গিতের দারাই প্রত্যুত্তরদায়িনী, শীৎকারবতী ও মন্মথবাণ-পাতভয়ে লজ্জায় লীনা ঐ কন্যা চোরের ন্যায় কোন্ পথ দিয়া আমার মনে প্রবেশ করিল তাহা জানিনা। ৪৬॥

রাজকুমার বছক্ষণ এইরূপ চিস্তা করিয়া এক শিলাতলে উপবিষ্ট হইলেন ও মন্মথের আজ্ঞার বশবর্তী হইয়া সংকল্পরূপ তৃলিকাদারা সমূধে ঐ মৃগনয়নার চিত্র অঙ্কন করিয়া নিনিমেষ নয়নে দেখিতে লাগিলেন। ১৭॥

অনস্তর তাঁহার ক্রীড়াসথা স্থবন্ধ চক্র ও ধ্রম্ভ দারা লাঞ্ছিত তদীয় পদ-চিহ্ন অনুসরণ করিয়া নানাবিধ পুস্পরেণুস্থরভি সেই বিজন বনে তাঁহার নিকট আসিলেন। ৪৮॥

স্থবন্ধু রাজকুমারকে তাদৃশ নবাভিলাষবশ্তঃ বিশেষ চিস্তান্থিত ও মন্মথের আফার বশবর্তী এবং নিতান্ত অধীর অবলোকন করার আশ্চর্যান্থিত হইরা বিকারের কারণ জিফাসা করিলেন। ৪৯॥

সংখ, তোমার লোচনধন্ন প্রগাঢ় চিস্তান্ত নিস্তব্ধ দেখিতেছি। তুমি ধৈর্য্যনিধি, তোমার ঈদৃশ নিতাস্ত সম্ভাপপ্রদ অধৈর্য্যভাব বড়ই বিশ্বয়কর। ৫০॥

রাজকুমার তাঁহার পরম বিশাসভাজন স্কল্থ স্থবন্ধ্ কর্তৃক প্রাণর সহ-কারে এইরপ জিজ্ঞাসিত হইলে •পর দীর্ঘনিঃশ্বাস ত্যাগ্ত প্রারা মদনের নিদারুণ বাগ্রাঘাত প্রকাশ করিয়া তাঁহাকে বলিলেন। ৫১॥

সংধ, ^{*} সিদ্ধবংশরপ মহাসাগরের চন্দ্রসদৃশ পরমকান্তিময়ী এক কন্যা আমি দেখিয়াছি। তাহাকে দেখিয় আমার ধারণা হইয়াছে যে, বিধাতা অনবরত এক রকম সৃষ্টি করিয়া বিরক্ত হইয়া এই একপ্রকার নৃতন সৃষ্টি করিয়াছেন। ৫২ ॥

উহার বদনারবিন্দের লাবণো চন্দ্রের কাপ্তি লুপ্ত হইয়াছে ও উহার লোচনকাপ্তি ছারা মৃগগণের নেত্রশ্রী পরাজিত ইইয়াছে। একণে আমি সম্ভাবনা করি যে চন্দ্র ও মৃগ উভয়েরই সৌন্দর্যা-জনিত যশঃ নষ্ট হওয়ায় উভয়েই সমান হঃথে ছঃখিত ইইয়া লজ্জায় আআগোপন করিয়া থাকেন। প্রতি রাত্রে এই জনাই এই উভয়ের চিস্তাপ্রযুক্ত নিশ্চল সমাগম পরিদৃষ্ট হয়। ৫০॥

কর্ণান্তাক্কিষ্টনয়না ঐ কন্তা যদিও পূর্ব্বে কখনও আমায় দেখে নাই, তথাপি প্রথমসন্দর্শনেই আমার প্রতি তদীয় সাভিলাষ মনোভাব প্রকাশ করিয়াছে। ৫৪॥

আমাদিগের পরস্পার সন্দর্শনকালে কম্পজন্ম তাহার মেখলা ধ্বনিত হইতেছিল। তিনি বস্ত্রের দ্বারা দৃঢ়রূপে বদ্ধ করিয়া মেখলাধ্বনি রোধ করিয়াও লজ্জায় মেনাবলম্বন পূর্বেক অধাবদন হইয়াছিলেন। তথন কর্নোওপল প্রস্তু হইয়া ভূতলে পতিত হওয়ায় তত্পবিষ্ট ভ্রমরগণ শুনগুন ধ্বনি সহকারে উজ্জীন হইল, তাহাতেই তিনি আমার সহিত স্থাগত সন্তাবণ করিয়াছেন। ৫৫॥

কলপ ঐ বরবর্ণিনীর বদনমগুল নির্মাণের জন্ম উপকরণ স্বরূপ শতচন্দ্রের পরমাণু, লোচনযুগল নির্মাণের জন্ম নীলোৎপলরাশির পরমাণু, বাছ্ছর নির্মাণের জন্ম মুণালিকা-পরমাণু ও চরণছয়ের নির্মাণের জন্ম উৎফুল পলাকরের পরমাণু গ্রহণ করিয়াছিলেন। স্ট্রিশ শীতল উপকরণে নির্দ্দিত হইয়াও তিনি কেন বহিন্দার ন্যায় মদীয় সহামুবিদ্ধ মনকে দক্ষ করিতেছেন জানি না। ৫৬॥

কামরূপ কুমুদাকরের বিকাশিনী চন্দ্রলেখাসদৃশ ও নয়নপল্পের বিকাশহেতু সেই অনির্বাচনীয় কন্যাকে আমি দেখিয়াছি। তাহার লাবণ্যরূপ স্থাধারা নিপীত (অর্থাৎ নয়নগোচর) হইলে বিষসম্ভাপস্চিক। মূর্চ্ছা প্রকটিত হয়। ৫৭॥

লীলাশুর কুস্থমায়ুধেরও বিলাসজননী মৃগনয়না সেই কন্যার নাম মলয়বতী। আমি শুনিয়াছি যে, ইনি নির্মাল সিদ্ধবংশরূপ সাগরের তারাপতি-সৃদ্ধ বিশ্ববিস্থর কন্যা। ৫৮॥

পরম বিশাসভাজন ও প্রাণয় গন্ধর্ক্মার হ্বন্ধ্ নবোভূতকাম বিদ্যাধর-রাজকুমারের ঈদৃশ বাক্য শ্রবণ করিয়া বলিতে লাগিলেন। ৫৯॥

সথে, বড়ই স্থথের বিষয় যে তুলাগুণ ব্যক্তিতেই তোমার মনোভি-লাব হইয়াছে। পুণ্যান্মগ্রায়ী ব্যক্তিদিগের মনোরথ অবশ্রুই সৎপথগামী হয়।৬০॥

রভিবল্লভ কামদেবের বিজয়বৈজয়গুলিররপ ত্রিলোকপ্লন্ধী সেই কন্যাই ধন্যা। যেত্তে তিনি প্ররাজনাবিলোকনেও নির্বিকারচিত্ত ভবাদৃশ জনেরও বৈধ্যচ্যতি সম্পাদন করিয়াছেন। ৬১॥

ষেরপ রজনীর মধ্যে একমাত্র পূর্ণিমা রজনীই ধন্যা, তত্র্রপ সৌভাগ্যশালিনী সেই কন্যাই শ্রামা নারীগণের মধ্যে সর্বশ্রেষ্ঠা । ঐ পূর্ণিমা রজনীর অভাবে অমৃতর্মি চন্দ্র দিন দিন ক্ষীণছ্যতি হন, অবশেষে অভিস্কা নথক্ষতসদৃশ ক্ষীণাকার ধারণ করেন। ৬২॥

এখন ধৈর্যা অবলম্বন কর। যাহা তোমার বাঞ্ছিত বস্কু, অনারাসেই তাহা করায়ত্ত হইবে। তোমার পিতা সিদ্ধপতি বিখাবস্থর নিকট তোমার জন্য সেই কন্যাকে প্রার্থনা করিয়াছেন। ৬৩॥

"আমি ধন্য হইলাম, বেহেতু ত্রিজ্বগংপ্রিয় ত্বদীর পুত্রের সহিত মদীয় কন্যার সংযোজন। হইতেছে; ইহা ছ্যতিমান্ নিশানাথের সহিত নিশার বোজনার ন্যায় বড়ই প্রীতিজনক" সিদ্ধপত্তিও এই কথা বলিয়া মহানন্দে কন্যার বিবাহের আয়োজনে তৎপর হুইয়াছেন। ৬৪॥

স্থে, কল্য প্রাতেই বিপুল উৎসবের সহিত কাস্তাদমাগমরূপ স্থায়

সিক্ত ঐ বিবাহকার্য্য সম্পন্ন হইবে। ঐ স্থলে সমানগুণসম্পন্ন দম্পতীর সমাগম-দর্শনে পুলকিত হইয়া জনগণ বিধাতার ভূরি ভূরি প্রশংসা করিবেন। ৬৫॥

গন্ধর্বরাজকুমার এবংবিধ স্থস্থাকা শ্রবণ করিয়া উচ্ছলিত স্থানন্দে পুলকিত হইলেন ও সেই দিবসের স্থবশিষ্ট কালকে যুগসৃদৃশ জ্ঞান করিয়া নিজালয়ে গমন করিলেন। ৬৬॥ •

অনস্তঃ স্থাদেব রক্তবর্ণ ধারণ করিলেন। বোধ হইল যেন তিনি গগনোদ্যানে সন্ধাবধ্র সহিত সঁজত হইয়া তদীয় কুছুমরাগে রঞ্জিত ইইলেন ।৬৭॥

দিনাস্কসময়ে পাল্মনীকাস্ক স্থ্য বিশ্রান্তির জন্ত পর্বতশিথররূপ গৃহে গমন করিলে পর সন্ধ্যা যেন তাঁহার পাদসেবা করিবার জন্ত তল্লিকটে শোভিত হইলেন। ৬৮॥

তৎপরে দিনপতি স্থ্য পশ্চিম সাগরে প্রবিষ্ট হইলে পর আকাশমগুল বছ্সহন্দ্র নক্ষত্রে শোভিত হইল। বোধ হইল যেন স্থাদেবের জলোপরি পতন জন্য উদগত বারিবিন্দুসকল আকাশে গিয়া লাগিল। ৬৯॥

ক্রমে ঈষৎখ্রামবর্ণা স্ক্রা ভূবনরূপ ভাজন হইতে সন্ধ্যারাগরূপ মদিরা পান করিয়া ক্ষণকাল যেন মত্ত হইরা ঘূর্ণিত হইলেন। ৭০॥

অনস্তর ইন্দ্রের বিলাসবস্থিভূতা প্রাচী দিক্ আসন্ন চ**ল্লের জ্ঞোৎস্না**রূপ চন্দন সর্বাস্থে বিলেপন করিলেন। ৭১॥

ক্রমে ভোগিগণের সৌভাগাভোগলীলার পোষক স্থধাকিরণ চক্র র**জনী-**মুখের তিলকের স্থায় উদিত হইলেন। ৭২॥

কুমুছতী বিলাদ ও হাদ্য সহকারে চন্দ্রের অভিমুখী হইতেছে দেখিয়া নলিনী ঈর্ব্যা প্রযুক্ত লান হইলেন ও তাহার কান্তিও বিলুপ্ত হইল। ৭৩॥

চক্তরপ ন্তন তিলকে ভূষিতা ও তারাগণচিত্রিতা রজনী মুনিগণেরও সংযমগুণের বিরোধিনী হট্যা উঠিল। ৭৪॥

ঈদৃশ নিশাকালে মলয়বতী নিজগৃহে অতিশয় উৎক্ষ্ণিত ভাবে জীমূতবাহনেরই চিন্তা করতঃ বিনিজ অবস্থাতেই রাজি যাপন করিলেন ও মনে মনে ভাবিতে লাগিলেন। ৭৫॥

মদীর বিবাহের অন্তরবর্তিনী এই যামিনী বামা (অর্থাৎ প্রতিকৃলা) হইরা শত যামার ন্যায় হইরাছে (অর্থাৎ প্রভাতা হইতেছে না)। ৭৬॥ আহো! শশির সঙ্গমে স্থানির্কৃতা রজনী (মদীর আবস্থা দেখিরাও) তারকাবিকাশরপ হাস্ত পরিত্যাগ করিতেছে না। ৭৭॥

এই মহাদীর্ঘা যামিনীই আমার প্রিরসঙ্গমের বিম্নরপা হইরাছে। স্থধ-রসাসক্ত কোন্ জনেই বা পরের মনোব্যথা অনুভব করে। ৭৮॥

মলয়বতী এবঃবিধ সস্তাপকারী নানা চিন্তা করিতে করিতে রাত্রি যাপন করিলেন। বোধ হয় তাঁহার নিতাস্ত অন্তরোধেই রজনী ক্রমে অদর্শন হইলেন। ৭৯॥

অনস্তর অরুণ-বস্ত্রপরিহিতা প্রাভাতিকী প্রভা ত্বরা বশতঃ ইন্দুরূপ দর্পণ পরিত্যাগ করিয়াই উৎসবসজ্জায় সজ্জিত হইয়া প্রকাশিত হইল। ৮০॥

ক্রমে পদ্মিনীকান্ত স্থাঁ উদিত হইলে ও নৈশ অন্ধকার দুরীভূত হইলে পর যাবতীয় প্রাণিগণের স্থাকর নয়নোৎসব হইল ! ৮১॥

অনস্তর পদ্মিনী দিবাকরের কর গ্রহণ করিলে পর ভ্রমরগণ সঙ্গমের মঙ্গলগীতি গাহিতে গাহিতে উজ্ঞীন হইল । ৮২ ॥

তদনস্তর মহাধনী সিদ্ধপতির গৃহে সমারোহের সহিত কন্তাবিবাহের আয়োজন হইতে লাগিল। ৮৩॥

তথন সিদ্ধপতির পুরস্ক্রীগণ দিব্য বস্ত্রাভরণভূষিতা কন্তাকে দেখিয়া পরস্পর বলিতে লাগিলেন । ৮৪॥

এই কস্তাকে হার পরাইয়া কেবল স্তন্ধয়ের উপর একটা ভার অর্পণ করা হইয়াছে; এবং ইংগর কাস্তিকে কতকটা আর্ত করা হইয়াছে। স্বাভাবিক লাবণ্য আছোদনকারী অধিক আভরণের প্রয়োজন নাই। ৮৫॥

স্থি, এই তথ্যসীর স্তনতটে রত্নাবলী দিয়া কেন একটা ভার দিয়াছ ? ভুমিত বেশ সাজাতে জান দেখিতেছি, ইহার চক্ষে অঞ্জন দিবার প্রয়োজন কি! ইহার কপোলদেশে চিত্রিত কস্তৃরিকামঞ্জরী ইহার মুখচজ্রের কলঙ্কের ভার দেখাইতেছে। ৮৬॥

স্থীগণ এইরপ জলনা করিতে করিতে কন্যার চ্যারাণকে এমণ করতঃ উহার মঙ্গল প্রাদক্ষিণ কার্যা সমাধা করিলেন। ৮৭॥

অনস্তর জীমৃতবাহন মণিমালাবিরাজিত বিমান হারা আকাশ মার্গে তথায় জাগমন করিলেন। ৮৮॥ ত্রিজগৎপূজা গুণ্তাহী সিদ্ধাধিনাথকর্ত্ক পূজামান জীমুতবাহনও বিদ্যাধর
শতামুগত হইরা স্থসজ্জিত মঙ্গল ভূমিতে উপস্থিত হইলেন। ৮৯॥

অনস্তর মনোজের বিলাসবলীস্বরূপ। কন্সা রত্নমন্ত্র বিমানে আরোহণ করিয়া তথার আসিলেন। তথন বিবাহহর্ষে উৎফুল তদীয় কান্তিমারা দশদিক্ উজ্জ্বল হইল। ১০॥

সধীর করন্বারা আন্দোলিত চামরবাতে তদীয় কর্ণপল্লব কপোলে সংযুক্ত হওয়ায় তদানীং সকলঙ্ক চন্দ্রভূষিত নিশার স্থায় তাঁহার শোভা হইয়াছিল। ১১॥

অনস্তর রাজকন্তার বিবাহ মহোৎসব প্রবৃত্ত হইলে বিদ্যাধররাজকুমার জীমুত-বাহন পাণিস্পাশামূত লাভ করিয়া অতিশয় আনন্দিত ইইলেন। ৯২॥

নবদস্পতী পরস্পর মহামূল্য হাররত্বে প্রতিবিশ্বিত হওয়ায় বোধ হইল যেন অত্যন্ত্রাগবশতঃ পরস্পরের স্থান্য প্রবেশ করিয়াছেন। ৯৩॥

এইরূপে বিবাহকার্য্য নিষ্পন্ন হইলে নবদম্পতী অর্ঘ্য লাভ করিয়া নৃত্যগাত-মুখরিত রত্বাসনশোভিত উৎসবার্হ রাজপ্রাঙ্গণে গমন করিলেন। ১৪॥

অনস্তর অংশুমান্ সূর্যোর অংশুমালা সমস্তদিন উৎসব ও নৃত্যগীতাদি দেখিয়া এবং প্রচুর পদ্মমধু পান করিয়া থিন হওয়ায় বিশ্রামের জন্য অন্তাচলতটে নিষ্ম হইলেন। ৯৫॥

রশ্মিমালী স্থ্য নিজ করায়ত্ত দিনশ্রী ও রাগবতী সন্ধ্যাকে প্রহণ করিয়া উদ্যানবিহার বাসনায় মেফর অপর পার্শ্বেগমন করিলেন। ৯৬।

তথন দিনাত্তে নীলাম্বরা বিলোলতারকা সন্ধা। সভরে দিগস্ত দর্শন করিতে করিতে অভিসারিকার ভায় আগমন করিলেন। ৯৭॥

তৎপরে শশাক্ষ স্বীয় জ্যোৎসারপ শুক্রবন্ত্র বিস্তার করিয়। উদয়াচলের শিখরে আরোহণ করিলেন। বোধ হয় তিনি সিদ্ধপুরস্ত্রীগণের নৃত্যোৎসব দেখি-বার জনাই উচ্চ হর্ম্ম্যশিধরে উঠিয়াছিলেন। ১৮॥

তারকাগণ নিশা ও চন্দ্রের সদৃশ এই দম্পতীর বিবাহোৎসবে প্রকীর্ণ লাজ্বৎ ও পুষ্পবৎ শোভিত হইয়াছিল এবং কুমুদাকরস্থ ভ্রমরগণ মধুপানে মন্ত হইয়া অতিশয় প্রমোদিত হইয়াছিল। ১৯॥

এই বিবাহ-মহোৎসবে উজ্জ্বল ফেনসদৃশ মাল্যে ও হারে ভূষিত হইরা পুর্দ্ধী-গণ চজ্ঞোদয়-বর্দ্ধিত সাগরের ন্যায় নৃত্য করিয়াছিল। ১০০ ॥ তৎপরে প্রভাত হইলে বছতর মিত্রগণের সমাগমে মহোৎসব আরও পরি-বর্দ্ধিত হইল। তদানীং সিদ্ধপুরী বালাতপে রঞ্জিত হওয়ায় বোধ হইল যেন পুরবাসিগণ সিন্দুর ছড়াইয়া ক্রীড়া করিতেছে। ১০১॥

এইরপ অভ্ত ও পরমানন্দপ্রদ মহোৎসবে ছয় দিন অতীত হইলে পর সংধ্যাদিনে নিদ্যাধররাজকুমার কোতৃকধশতঃ গিরিতটে বিচরণ করিতে গিয়াছিলেন। ১০২॥

তথার অত্যক্ষল ফণামণি-বিরাজিত পূর্ণচন্দ্রসদৃশ-মুথ এক নাগ-কুমারকে সন্মুখে দেখিতে পাইলেন ; তাঁহার মাতাও তাঁহার পশ্চাতে আসিতেছিলেন। ১০০॥

রাজকুমার অতি উগ্রশোকে কম্পিতকলেবরা ও অজস্র অশ্রুধারায় আর্ত্তন-মণ্ডলা সেই নাগমাতার অতি করুণ বক্ষ্যমাণ বিলাপ শ্রবণ করিলেন। ১০৪॥

হা বৎস পাতালের মণিপ্রদীপ ! তুমি ত মৃত্যুর সম্মুখে উপস্থিত হইলে। হার আমি প্রমানন্দায়ক কমনীয় তোমার মুখপদ্ম কোথায় দেখিতে পাইব। ১০৫॥

এই রমণীয় মন্মথের সন্ধিকাল যৌবনকালেই তুমি ভক্ষিত হইতেছ। হায়, বান্ধবগণের প্রাণতুল্য কুমার! তুমি কালহন্তী কর্ত্তক আক্রান্ত হইলে। ১০৬॥

তাহার এইরূপ অতি করুণ বিলাপ শ্রবণ করিয়া বিদ্যাধররাজকুমারের অস্তঃকরণ বিষাদশল্যে বিদ্ধ হইল। তিনি নিকটে গিয়া তাহার ছঃসহ ছঃখের কারণ জিজ্ঞাসা করিলেন। ১০৭॥

মাতঃ, কিজ্জ এত শোকস্থাক বিলাপ করিতেছ ? কেনই বা এই কল্যাণমূর্ভি সাধুর দেহে এত কম্প হইতেছে ? কি শঙ্কা হইরাছে ? ১০৮॥

এবংবিধ সৌজন্যস্থচক দেহ মঙ্গলগাভেরই যোগ্য, ইহা কথনই বিপদ বা ষাজনার আম্পদ হইতে পারে না। ১০৯॥

দয়াময় রাজকুমার তাহার ছঃথে অতিশয় কাত্র হইয়া এইরূপ জিজ্ঞাসা করিলে পর বিয়োগভয়ে পুত্রমুখে সংসক্তলোচনা সর্পমাতা তাঁহাকে উত্তর করিলেন। ১১০॥

আমার এই হঃধের কথা শুনিয়া কি ফল হইবে। ইহার ত কোনই প্রতিকার নাই। আমার হৃষধের এই হঃসহ পরিণাম উপস্থিত হইরাছে। একস্তু অকালে আমার পুদ্র বিনষ্ট হইতেছে। ১১১॥ মহাযশস্বী শঙ্খপালের বংশের অঙ্ক্রস্বন্ধপ আমার এই পুত্রটা বিনাশ করিবার জন্ম বিধাতা এই কঠিনকুঠার উদ্যত করিয়াছেন। ১১২॥

ফণিপতি, গরুড় কর্ত্ত্ব সর্পবংশ বিধ্বস্ত হইতেছে দেখিয়া উহাদিগকে রক্ষা করিবার জন্ম গরুড়ের সহিত একটা বন্দোবস্ত করিয়াছেন যে প্রত্যাহ একটা করিয়া সর্প রক্তবন্ত্র চিহ্নিত করিয়া তাঁহার ভুক্ষণের জন্ম পাঠাইবেন। তিনি যেন সর্পকৃষ নির্মুল না ক্রেন। ১১৩॥

এই যে° তুষারপর্বতের স্থায়•অদৃশুপার অন্থিরাশি দেখা যাইতেছে ইহা সমস্তই ভক্তোঞ্জিত ফণিগণের অন্থিকশ্বালাশ। ১১৪॥

অদ্য বারক্রমান্ত্রসারে মদীয় পুত্র রক্তবস্ত্র ও আজ্ঞাপত্র গ্রহণ করিয়া গরুড়ের নিকটে গমন করিতেছে। এখনই গরুড় ইহাকে বিনাশ করিবে॥ ১১৫॥

সর্পমাতা এইরূপ বলিলে পর তদীয় পুত্র তাঁহাকে আখাস প্রাদান করিলেন কিন্তু তিনি বস্ত্রাঞ্চলে পুত্রকে গারণ করিয়। করুণস্বরে রোদন করিতে লাগিলেন॥ ১১৬॥

"হা জগদ্ধণ শঙ্কাচ্ড ! বধ্যভূমিতে নাইবার জন্ত কেন এত ত্বরা করিতেছ।" সর্পমাতা এইরূপ বিলাপ করতঃ পুত্রের কণ্ঠ গারণ করিয়া তদীয় স্কন্ধে মুখ বিস্তাস করিয়া মোহপ্রাপ্ত ইইলেন । ১১৭॥

দয়ার্দ্র রাজকুমার একবৎসা ধেমুর স্থায় অতিকাতরা সর্পমাতাকে লব্ধসংজ্ঞা দেখিয়া মনে মনে এই ছঃখের নিবারণোপায় চিস্তা করিতে লাগিলেন॥ ১১৮॥

অহে। ! পতগরাজ গরুড়ের কি ক্রুরতম মলিন ব্যবহার ! যে প্রতিদিন নির্দয়ভাবে অন্তের শারীরের দারা নিজশরীর পরিপুষ্ট করে। ১১৯॥

সর্পমাতা পুত্রবিরহিতা হইর। বিবৎসা গাভীরস্থায় কখনই জীবন ধারণ করিবেন না। অতএব আমিই নিজদেহদানের দ্বারা সর্পকুমারকে রক্ষা করিব। ১২০॥

রাজকুমার ক্ষণকাল এইরূপ চিস্তা করিয়া সর্পমাতাকে বলিলেন মাতঃ! তুমি পুত্রের সহিত নিজ ভূমিতে গমন কর। আমি বধ্যভূমিতে যাইতেছি রক্তবন্ধ চিহ্নটী আমায় দাও। ১২১॥

রাজকুমার এই কথা বলিলে পর কম্পিতকলেবরা সর্পমাতা তাঁহাকে বলিলেন।
আপনি এক্নপ বিরুদ্ধ কথা বলিবেন না। আপনি শঙ্খচুড় অপেক্ষায়ও আমার
অধিক প্রিয় পাত্র। ১২২॥

আমি স্বকীয় পাপফলে অগাধ মোহসাগরে প্রবেশ করিতেছি। পাপিগণ এইরূপ তঃসহ তঃখ পাইয়াই থাকে॥ ১২৩॥

হে পরম সাত্মিক সাধাে! আশ্রিত জনের পক্ষে স্থাসদৃশ ও জগজ্জনের নয়নানন্দকর ত্বদীয় তনু স্বস্তিমতী ও কল্পক্ষয়েও অক্ষয় হউক। ১২৪॥

রাজকুমার সর্পুমাতা কর্তৃক এইরূপে নিষিদ্ধ হইলেও যথন নিজদেহ দানে অত্যস্ত আগ্রহান্বিত হইলেন তথন শন্মচুড় তাঁহাকে বলিলেন। ১২৫॥

বিধাতা স্থাষ্টর প্রারম্ভ হইতেই আমাদিগকে গরুড়ের ভক্ষ্যরূপে নির্দ্দিষ্ট করিয়া-ছেন অতএব আপনি অকারণ দয়া করিয়া কেন নিজদেহ নষ্ট করিতেছেন। ১২৬ 🌡

নানাগুণালঙ্কত, সৌজস্থানিধি ভবদীয় দেহ ত্রৈলোক্যবর্ত্তি-জীবের রক্ষণীয়। ইহা কথানই তৃণতুল্য অতিতুচ্চ মদীয় দেহের জন্ম ত্যাগ করা উচিত নহে। ১২৭॥

অস্মান্থি কাশপলাশসদৃশ কও লোক প্রতিদিন উৎপন্ন ইইতেছে পরস্কু ভবাদৃশ অমৃতসোদর পারিজাতের উদ্ভব বড়ই বিরল॥ ১২৮॥

আমাদের বহুজন্মার্জ্জিত পুণ্যবলে সৌজগ্রন্থধামর স্থবাংশুসদৃশ আপনি দৃষ্ট হইয়াছেন। অতএব আমাদের বিষাদে আপনি কোনপ্রকারে মনঃকষ্ট করিবেন না। ১২৯।

আমি সমুদ্রে গিয়া নিবিষ্টচিতে গোকর্ণতার্থে প্রণিপাত করিয়া মাতাকে পাতালগৃহে প্রেরণ পূর্বক শীঘ্রই তাক্ষ্যশিলায় গমন করিতেছি॥ ১৩০॥

নাগকুমার এই কথা বলিয়া জীমৃতবাহনকে প্রণিপাত করিলেন এবং জননীর সহিত গোকর্ণতটে গিয়া মহাসমুদ্রে প্রবেশ করিলেন ॥ ১৩১॥

বিদ্যাধররাজকুমার তাহার প্রাণরক্ষার নিশ্চয় করিয়া গমন করিতেছেন এমন সময়ে দেখিলেন যে অস্তঃপুর হইতে একটা লোক রক্তবন্ত হস্তে করিয়া আসিতেছে। ১৩২।।

অস্তঃপুর হইতে সমাগত পুর্বোক্ত বর্ষবর তাঁহাকে প্রণিপাত করিয়া মঙ্গল কার্য্যের পট্টবন্ত্রযুগল দিল ও বলিল যে সপ্তম রাত্রের উৎসবের জন্ম সমস্ত আয়োজন করা হইয়াছে আপনি সম্বর আহ্মন। ১৩৩॥

রাজকুমার বর্ষবরকে বলিলেন ভদ্র ! জুমি সম্বর যাও আমি এখনই যাইতেছি। এই বলিয়া তাহাকে বিদায় দিয়া সম্ববুদ্ধিবশতঃ অতি আনন্দ সহকারে চিন্তা করিতে লাগিলেন॥ ১৩৪॥ ভাগ্যবলে আমি ব্র্ধাসর্পের চিহ্নভূত রক্তবস্ত্র বিনাযত্ত্বই পাইয়াছি। অতএব এক্ষণে আমি ভূজস্বভূক গরুড়ের নির্দিষ্ট শিলায় গমন করি॥ ১৩৫॥

রাজকুমার মনে মনে এইরূপ স্থির করিয়। চূড়ামণির স্থায় প্রদীপ্ত রশ্মিশালী পট্টবস্ত্র মস্তকে নিহিত করিয়। উত্তরীয় বস্ত্র পরিত্যাগপূর্ব্বক তাক্ষ্যশিলায় গমন করিলেন। ১৩৬॥

কুমার, তুজঙ্গগণের শোণিত ও বসালিপ্ত সেই তাক্ষ্যশিলায় গমন করিয়া দেহেঁর উপরিভাগ আচ্ছাদনপূর্বকি গরুড়ের আগমন প্রতীক্ষা করিতে লাগিলেন। ১৩৭॥

অনস্তর কাঞ্চনদ্রবের স্থায় উদ্দীপ্ত ও তড়িৎপুঞ্জের স্থায় প্রচণ্ড এক জ্যোতি সমৃদিত হইল। তাহাতে আকাশমণ্ডল বাড়বানলোকারী সমৃদ্রজলের স্থায় শোক্তা ধারণ করিয়াছিল। ১৩৮॥

অনস্কর স্থ্যকিরণাক্রাস্ত স্থবর্ণাচলের স্থায় উজ্জ্বলাকার পক্ষীন্দ্র গরুড় পক্ষব্বের আন্ফোটন দ্বারা সমুদ্রজল আলোড়িত করিয়া দৃষ্টিপথে আরুড় হইলেন। তাহার আগমন বেগজনিত প্রবলবাতাায় পর্বত হইতে প্রকাণ্ড প্রকাণ্ড বৃক্ষসশঙ্গে অবনীপুঠে পতিত হওয়ায় পৃথিবী যেন চকিতা ও ব্যাকুলা হইয়াছেন বোধ হইল। ১৩৯॥

অনস্কর গরুড় স্থিরবিএহ রাজকুমারের পৃষ্ঠদেশে বজ্রসদৃশ কঠিন নথাএছারা প্রহার করিয়া তাহার উপরে পতিত হইলেন। বোধ হইল যেন পর্বতগাত্তে একটা বজ্ঞপাত হইল। ১৪০॥

কুমার গরুড়কর্তৃক ক্ষতবিক্ষত হইয়াও পরের প্রাণরক্ষাজনিত হর্ষবশাৎ পুলকিতগাত্র হইয়া মনে মনে ভাবিতে লাগিলেন যে এইরূপ হুঃখার্স্ত ব্যক্তির রক্ষার উপযোগী যেন আমার দেহ স্তত্ত হয়। ১৪১॥

রাজকুমার বজ্রনির্যোষসদৃশ ঘোর শব্দ সহকারে গরুড়ের তুগুাঘাতে বিদারিত হইলেও নিশ্চল ও দৃঢ়ভাবেই ছিলেন। তদ্ধানে গরুড় অতিশয় বিস্ময়াশ্বিত হইয়া এ ভুজুঙ্গটী কে তাহা জানিবার জন্ম ইচ্চুক হইয়াছিলেন। ১৪২॥

অনস্কর গরুড় প্রচণ্ডমার্ক্তগ্রদৃশ কপিলবর্ণ বিপুল তেজঃপুঞ্জদার। দিলুখ পিঞ্জরিত করিয়া আকাশে লক্ষ প্রদান করতঃ রাজকুমারের মস্তক হইতে মণিটী উৎপাটন করিলেন। উহার অরুণবর্ণ কিরণজাল রক্তপ্রবাহের স্থায় বোধ হইয়াছিল। ১১৪৩॥ এই সময়ে জীমৃতকেতু পত্নী ও স্নুষা সমভিব্যাহাঁরে বালহরিচন্দন-কাননে উপবিষ্ট ছিলেন! তিনি চন্দ্রদর্শনোৎস্থক উদ্ধির স্থায় পুত্রদর্শনের জন্ম অত্যন্ত সমৃৎস্থক এবং শঙ্কাবশতঃ বিষয়হৃদয় হইয়া চিস্তাশ্রাস্তের স্থায় বলিলেন। ১৪৪-১৪৫॥

অহো! গিনিবরের প্রাস্তভাগ দর্শনে কেইত্হলী বৎস জীমৃতবাহন এখনও আসিতেছে না কেন। ১৪৬॥

এই গিরিতটে এই সময় গরুড় আসিয়া থাকেন। তাঁহার তেজ আকাশমার্গে দিক্দাহ তেজের স্থায় দারুণমূর্ত্তি ধারণ করে। ১৪৭॥

গরুড় এই সময়েই ভয়ে ভগাঙ্গ ভূজঙ্গের গ্রাসের জন্ম লোলুপ হইয়া বজুনির্ঘোষ সদৃশ শব্দ করিতে করিতে আগমন করিয়া থাকেন। ১৪৮॥

জীমৃতকেতু এইরপ ভয়সহকারে সংশয় করিতেছেন এমন সময়ে তাঁহার সন্মুখেই আকাশ হইতে রক্তাক্ত সেই চূড়ামণিটী পতিত হইল। ১৪৯॥

তিনি অসহনীয় তুর্নিমিত্ত সদৃশ মাংস, কেশ ও শোণিতসম্বলিত সেই চূড়ামণিটী দেখিয়াই সহসা মোহপ্রাপ্ত হইলেন। ১৫০

মলয়বতীও পতির চূড়ামণি চ্যুত হইয়াছে দেখিয়া মোহপ্রাপ্তা হইয়া শ্বশ্রুর সহিত ভূতলে পতিতা হইলেন। ১৫১॥

ক্রমে ধীমান্ বিদ্যাধররাজ জীমৃতকেতু সংজ্ঞা লাভ করিয়া জারাকে আশ্বাস প্রদানপূর্বক স্মাকে বলিলেন। ১৫২॥

আমি স্বয়ং গিয়া নির্জনচারী বৎসকে দেখিতেছি। যে হেতু এখন অতিশয় ঘোর গরুড়ের আগমন বেলা এজন্ম নানা প্রকার সন্দেহ ইইতেছে। ১৫৩॥

এই যে চূড়ামণিটী চ্যুত হইয়া পড়িয়াছে ইহাতে কিছু স্থির করা যায় না। সম্ভবতঃ ইহা গরুড়কর্তৃক ভক্ষ্যমাণ কোন সর্পেরই হইবে। ১৫৪॥

এইরূপ অনেক দর্পগণের মণি উৎপাতবাতাহত তারকার স্থায় সত্তই পড়িতে দেখা যায়। ১৫৫॥

বিদ্যাধররাজ এই বলিয়া মহিষী, পুত্রবধ্ ও অস্তান্ত অত্নতরগণ সমভিব্যাহারে ঐ পর্বতের তট প্রদেশে সর্পগণের বধ্যশিলায় গমন্ করিলেন। ১৫৬॥

ইতাবসরে পূর্ব্বোক্ত শঙ্কাচ্ছ নামক নাগকুমার শোণবর্ণ বধাপটে আচ্ছাদিত হইয়াও সমুদ্রতটে গোকর্ণকে প্রণাম করিয়া সেই স্থানে আগমন করিলেন। ১৫৭॥ শঝচুড় গৰুড়ের আঘাতে বিদীর্ণকলেবর জীমুতবাহনকে দেখিয়াই "হা হতোহিম্ম" বলিয়া বিলাপ করতঃ ভূমিতে পতিত হইলেন। ১৫৮॥

অনস্তর বাষ্পাগদ্গদ স্বরে অত্যস্ত রোদন করিতে লাগোলেন। তাঁহার রোদনধ্বনিতে পর্কতগুহার প্রতিধ্বনি হওয়ার বোধ হইল যেন তাহারাও কাঁদিতেছে। ১৫১॥

হা নিষ্কারণ বান্ধব! হা বিপন্নগণের পক্ষে করুণাসাগর! তোমার এ কিরূপ কেঁমলতা যে তুমি পরেঁর হুঃখ মোচনের জন্ম প্রাণ পর্যাস্ত প্রদান করিলে। হা সৌজন্মনিধে! ত্রিজগৎ তোমাধনে বঞ্চিত ইটয়। রাত্তকর্তৃক গ্রস্তচন্দ্র গগণের দশা প্রাপ্ত ইউল। ১৬০॥

হার ! পরের প্রতি ক্লপাবশতঃ তাহার প্রাণ রক্ষার জন্ম নিজদেহত্যাগ করিক্বা ভূমি যশোমরা ও কল্পাস্তাহারিনী নৃতন একটা তকু লাভ করিলে। কিন্তু মহাপাপী শঙ্কাচুড়কে বিনশ্বর, পাপপঙ্কবহুল, ও ঘোরাপবাদময় এই ক্ষয়বানে কেন নিক্ষেপ করিলে। ১৬১॥

ফণিকুমার শঙ্খচুড় এইরূপ বিলাপ করিতে করিতে গরুড়ের নিকটে গাইতেছেন এমন সময় দেখিলেন জীমৃতকেতু অনুচরগণসহ আসিতেছেন। ১৬২॥

শঙ্খচুড় তাঁহাকে সমস্ত বৃত্তাস্ত নিবেদন করিয়া হস্ত উত্তোলন করতঃ তিরস্কার করিয়া পক্ষিরাজ গরুড়কে বলিলেন। ১৬০॥

রে গরুড় ! অত বেশী সাহস করিও না। তুমি বেরূপ মহাপাপ করিতেছ তাহার আর উদ্ধার নাই। নিশ্চরাই তুমি মহাবিপদে পতিত হইবে। রে হিংস্ত্র ! সপোঁচিত কোনওরূপ চিহ্ন না দেখিয়াই তুমি ইহাঁকে আঘাত করিতেছ। জাননা ইনি যে বিদ্যাধ্ররাজকুমার। ১৬৪॥

জীমৃতকেতু এই কথা শুনিয়া ও সম্বুথেই বিদীর্ণকলেবর জীমৃতবাহনকে দেখিয়াই মহিনীর সহিত মোহ প্রাপ্ত হটলেন। ১৬৫॥

মলয়বতীও পতগরাজের উগ্রদংষ্ট্র। প্রহারে জর্জরিতগাত্র নিজ পতিকে সমুখে ' দেখিয়া একেবারে কণ্ঠগতপ্রাণা হুইলেন। ১৬৬॥

মলয়বতী পর্বতের তলদেশে অবস্থিত থাকিলেও যেন পর্বত হইতে পতিত হইয়াছেন বোধ করিলেন। যদিও কেহই তাঁহাকে আঘাত করে নাই তথাপি যেন অতান্ত আহত হইয়াচেন বোধ করিলেন। এবং যদিও তিনি জীবিতাই ছিলেন কিন্তু তাঁহাকে মৃতার ন্যায়ত বোধ হতয়াছিল। তিনি কিংক ত্রাবিমৃচা ও নিস্তকা হতয়া রহিলেন। ১৬৭॥

মুর্চ্ছা সখীর ন্যায় তাঁহার সর্বাঙ্গ গাঢ়রূপে আলিঙ্গন করিয়া রোধ করিয়। রাখিয়াছিল এজন্য তিনি মুহূর্ত্তকাল কিছুই বুঝিতে পারেন নাই। ১৬৮॥

ক্রমে সকলে দাংজ্ঞালাভ করিয়া আর্দ্রম্বরে প্রালাপ করিতে লাগিলে গরুড় বৈরাগ্য ও লজ্জাবশতঃ অত্যস্ক বিষয় হইলেন। ১৬৯॥

জনক ও জননী তৎকালে জীবনত্যাগে ক্লুতসংকল্প হইয়া ধৈৰ্য্যাবম্বনপূৰ্ব্বক শিথিলিতগাত্ৰ জীমূতবাহনকে বলিয়াছিলেন। ১৭০॥

হে পুত্র ভূমি পরের প্রতি এতই করুণাসম্পন্ন কিন্তু তোমার দেহে এত কঠোরতা কেন। এই কঠোরতা আমাদের ছুইজনেরি জীবন নাশ করিল। ১৭১॥

হে পুত্র আপন্ন জনগণের রক্ষাকর রত্বস্বরূপ ঘদীয় শরীর রক্ষা না করিয়া ভূমি কি পুণা কার্যা করিলে ? ১৭২

জীমূতবাহন শিরংকম্প দারা এবংবাদী জনক ও জননীর বাক্য নিরাকরণ করিয়া প্রাণামপুর্বক অন্ফুটস্বরে বলিয়াছিলেন। ১৭৩॥

তাত! তোমার আজ্ঞাগ্রহণ না করিয়াই আমি এই কার্য্য করিয়াছি তজ্জন্য আমি অপরাধী অতএব আমার এই শেষ প্রণাম গ্রহণ করিয়া প্রদন্ধ হউন্। ১৭৪॥

এই শরীর ক্ষণস্থায়ী ও ইহার পরিণাম কি হইবে তাহাও নিশ্চিত নহে। অতএব পরোপকারই প্রাণিগণের জন্মগ্রহণ করার সার কার্য্য। ১৭৫॥

দেহিগণের আয়ুঃকাল বেগবান্ পবনের আঘাতে আন্দোলিত লতার পত্রৈক-দেশস্থিত জলবিন্দ্র স্থায় চঞ্চল। অতএব এই দেহ যদি অক্ষয় অমৃতত্ব লাভের জন্ম আর্দ্তগণের উপকারে বদ্ধপরিকর হয় তবেই পুণ্যধামে যাইতে পারা যায়। ১৭৬ !!

জীমৃতবাহন জনক ও জননীকে এই কথা বলিয়া সম্থবর্ত্তী ও অত্যক্ত অমৃতাপ বশতঃ নিজত্ত্বর্থের নিন্দাকারী গরুড়কে বৈরাগ্যসম্বলিত সর্ব প্রাণীতে দয়। প্রকাশপূর্বক সর্পভক্ষণ হইতে নিবৃত্ত হইবার জন্ম স্থিরসংকল্প করিলেন। ১৭৭, ১৭৮॥

তৎপরে দীর্ঘশ্বাসবশতঃ আর কথা কহিতে পারিলেন না এবং চক্ষ্বর মুদ্রিত করিলেন। তাঁহার সম্বত্তণ প্রকাশেরও শেষ হইল। ১৭৯॥ অনস্তর তদীয় শ্প্রেয়া মলয়বতী সুসজ্জিত, পূপা ও অংশুকে সুশোভিত সমুচিত চিতায় প্রবেশ করিবার জন্ম অগ্নির সমুখে আসিয়া বলিলেন। ১৮০॥

আমি ভগৰতী শক্ষরীকে ভক্তিসহকারে তুষ্ট করিয়াছি। শক্ষরীও আমাকে বর দিয়াছেন যে আমি সর্ববিদ্যাসম্পন্ন চক্রবর্ত্তী পতি লাভ করিব। তবে আমার পক্ষে সতীবাক্য কেন মিথ্যা হইল যে আমি সপ্তরাত্তি মধ্যেই বিধবা হইলাম। যাহা হউক জন্মান্তরেও যেন ইনিই আমার পতি হন। মলয়বতী এই কথা বলিয়া অগ্নিতে মন্দার পুম্পের অঞ্জলি প্রদান করিলেন। ১৮১, ১৮২, ১৮৩॥

ইতাবসরে গিরিজা শঙ্করী স্বয়ং অমৃতকলসী হস্তে ধারণ করতঃ তথায় আগমন করিলেন ও নিজ কিরণচ্ছটায় দিল্পুথ উদ্ধাসিত করিয়া বলিলেন। পুত্রি এই তোমার পতি জীবিতই আছে। এই কথা বলিয়া স্থাসারদ্বারা জীমৃত্বাহনকে পুনর্জীবিত করিলেন। ১৮৪, ১৮৫॥

তৎপরে পার্ব্ধতী অস্তর্হিত ইইলে জীমূতবাহন স্কুস্থ ইইয়া গরুড়ের নিকট বিনম্ভ নাগগণের পুনর্জীবন প্রার্থনা করিলেন। ১৮৬॥

তাঁহার প্রার্থনা গরুড় কভুক স্বষ্ট অমৃত বুটির দার। সমৃদ্য বিনষ্ট নাগগণ পুনর্জীবিত হইল ও ফণামণি কিরণে দিল্লাণ্ডল আলোকিত করিল। ১৮৭॥

সিদ্ধক্তা মলরবতী এই সকল বৃত্তান্ত অবলোকন করিয়। যুগপৎ প্রহর্ষ, অন্তুত ও মন্মথ রসে আপ্লুত হইলেন ও সঞ্চারিণী কল্পলতার তার পতির সমীপে আসিলেন। ১৮৭॥

অতঃপর পক্ষবান্ স্থানের সদৃশ গরুড় কুমারকে প্রাণাম করিয়। গমন করিলে পর জীমৃতবাহনের সন্মুখবর্তী নাগকুমার শঙ্খচুড়ের দৃষ্টি তদ্দর্শনে পরিভৃত্তি লাভ করিল না। ১৮৯॥

তৎপরে বোধিসত্ত্বের মন্তকোপরি স্থরপতিকাস্তার পাণিপদ্ম হইতে বিকচকুস্থম বৃষ্টি পতিত হইল। বোধ হইল যেন নির্মাল রত্ন বৃষ্টি হইতেছে ও পতন
শক্ষে যেন তদীয় গুণগান করতঃ প্রণামস্তুতি করিতেছে। ১৯০॥

সন্ধশুণসাগর জীমুতবাহন নিজ চূড়ামণি দ্বারা জনক ও জননীর পাদপদ্ম স্পর্শ করিয়া প্রণাম করিলেন। তাঁহাদের পরস্পর অশুনর্ধণে প্রেমাভিষেকোৎসব সম্পাদিত হইয়াছিল। জীমুতবাহন ক্ষণকাল পরেই স্বীয় পুণা প্রভাবে প্রচুর রত্ন ও চক্রেবর্ত্তি চিক্ত লাভ করিলেন। ১৯১॥

অনস্তর প্রেমবান্ স্থরপতি হর্ষ সহকারে স্বরং তথার আগমন করিরা জীমৃত-বাহনকে অভিষেক করিলেন। বন্দ্যমানকীর্ত্তি জীমৃতবাহন ত্রিদশগণ দারা চক্রবর্ত্তিপদ ও মহৈশ্বর্য্য লাভ করিলেন। ১৯২॥

ভগবান্ জিন পুণ্যোপদেশকালে এইরূপ নিজ জনমান্তর বৃত্তান্ত বলিয়া-ছিলেন। এই ক্থ্লা উল্লেখ করিয়া আমার যাহু। কিছু পুণালাভ হইল তাহা সর্ব প্রাণীর অভ্যুদয়ের নিমিত্ত হউক। ১৯৩॥

ইতি ক্ষেমেন্দ্রকৃত বোধিসন্ধাবদানকল্পলাগ্রাস্থে তদাত্মজ্জ সোমেন্দ্র হৃত জীমৃত-বাহনাবদান নামক অস্ট্রোত্তর শততম পল্লবের বঙ্গান্তবাদ সমাপ্ত॥ ০॥

মন্তবা।

ভগবান বুদ্ধের প্রবর্ত্তিত সদ্ধর্ম যে সনাতন আর্যা ধর্মেরই একটা স্থপ্রশস্ত নির্বাণ লাভোপযোগী ধর্মমার্গ মাত্র তাহা এই জীমৃতবাহনারদান পাঠে বেশ জানিতে পারা যায়। ভগবান বুদ্ধই পূর্বজন্মে জীমৃতবাহনরপে জন্মগ্রহণ করিয়াছিলেন বলিয়া তিনি নিজেই বলিয়াছেন। ১৯৩ সন্ধাক শ্লোকে একথা জানা যাইতেছে। বুদ্ধ যে পৌরাণিক দেবদেবীর উপাসনায় বিরোধী ছিলেন না তাহাও এই জীমৃতবাহনচরিতে স্থাপ্ত রহিয়াছে। কারণ শেষে শঙ্করীর ক্লপায় স্থাসেকের দ্বারা ইহার পুনর্জীবন লাভ হইয়াছে এবং দেবরাজ ইক্র ইহার পরম সান্ত্রিক ভাব দর্শনে তুই হইয়া ইহাঁকে স্বহস্তে অভিষেক করেন এবং প্রচুর ধনরত্ব দান করেন।

ভগবান্ বুদ্ধের বিবাহাদি সকল সংস্কার কার্যাই বৈদিক বিধানামুসারেই ইইয়াছিল এবং তিনি নিজে সনাতন আর্যাধর্ম্মাবলম্বীই ছিলেন। বুদ্ধ যে সকল উপদেশ লোকসমাজে প্রকাশ করিয়াছেন তাহাতে সনাতন আর্যাধর্মের কিছুমাত্র বিরোধিতা প্রকাশ করেন নাই বরং পৌরাণিক দেবদেবীর উপাসনাতে সাংসারিক বিষয়ে উপকারের কথাই বলিয়াছেন।

তিনি নির্বাণ লাভই পরমপুরুষার্থ স্থির করিয়াছিলেন, এবং সেজস্থ সকলকে চিত্তশুদ্ধির জন্ম দান, প্রজ্ঞা, ক্ষমা, শীল, বীর্য্য ও সমাধি প্রভৃতি পারমিতা বিষয়ে উপদেশ দিয়াছেন। এই জীমুতবাহনাবদান একটী দান পারমিতার দৃষ্টাস্ক। ইতি।

बी भत्रकक पांत्र खरा।

বোধিসত্ত্বাবদান-কল্পলতা

মঙ্গলাচরণ

चित्तं यस्य स्फिटिकविमलं नैव ग्टल्लाति दागं कारुखार्द्धं मनिस निखिलाः भोषिता येन दोषाः । प्रक्रोधेन स्वयमभिहतो येन संसारमतुः सर्व्वज्ञोऽसी भवतु भवतां श्रेयसे नियलाय ॥ १ ॥ सच्छायः स्थिरधर्भं मूलवलयः पुख्यालवालस्थितिः धोविद्याकरुणामसा हि विससिदस्तीर्णभाखान्वितः । सन्तोषोज्ज्वलपत्नवः स्विद्यशः पुष्यः सदा सत्फलः सर्व्वाग्रापरिपूरको विजयते श्रीबुद्धकल्पद्रमः ॥ २ ॥

যাঁহার চিত্ত স্ফটিকবৎ নির্মাল ও কদাপি রাগাদি দোষ গ্রহণ করে না, যাঁহার করুণার্দ্র মনে নিখিল দোষ শোষিত হইয়াছে, যিনি অক্রোধদারা সংসারশক্তকে স্বয়ং অভিহত করিয়াছেন, সেই সর্ববজ্ঞ ভগবান তোমাদিগের অবিনশ্বর মঙ্গলের হেতু হউন। ১।

যাহার ছায়া অতি শীতল, সনাতন ধর্মই যাহার মূল, পুণ্যরূপ আলবালমধ্যে যাহা অবস্থিত, বুদ্ধি বিদ্যা ও করুণারূপ
জল সেচনে যাহার শাখাসকল বিস্তীর্ণ হইয়াছে, সস্তোষই যাহার
উচ্ছল পল্লবস্বরূপ ও বিশুদ্ধ যশই যাহার পুষ্ণা, এডাদৃশ সর্বদা

উত্তম-ফলশালী ও সর্ববাশাপরিপূরক শ্রীবৃদ্ধ-রূপ কল্লবক্ষই সর্বেবাৎকৃষ্ট-রূপে বিদ্যুমান রহিয়াছে। ২।

কর্মনতাগ্রন্থের প্রতিপর্নের প্রথমেই একটা করিয়া পর্বসারার্থ শ্লোক আছে। ঐগুলি লক্ষ্য প্রবের অগ্রেই নিবিট হইতেছে। সোমেক্রক্কুত অষ্টোত্তর শততম প্রব যাহা পুর্বেছিল। হইরাছে, তাহাতে উক্ত সারার্থ শ্লোকটা সন্নিবেশ না করায় এইস্থানে সন্নিবিট হইল।

> कान्तां नृतनसङ्गभोत्स्ञवतीं दिव्यवभावां त्रियं ताक्ष्याभरणोपभोगलहरीं त्यक्का त्रणक्रीड्या। प्राणत्राणिवधी परस्य क्षपया कुर्व्वन्ति ये सादराः निव्यां निजदेहदानमचलास्तानेव बन्दामहे॥

প্রথম পল্লব

প্রভাগাবদান

जायते जगदुडसुं संसारमकराकरात्। मतिर्मेद्दानुभावानामत्रानुत्रयूयते यथा॥ २॥

সংসার সাগর হইতে জগৎকে উদ্ধার করিবার জন্ম মহামুভাবগণের বুদ্ধি প্রবর্ত্তিত হয়। এবিষয়ে যেরূপ শুনিয়াছি, তাহা বলিতেছি। ৩।

পুণ্যকর্মাদিগের বিমানগণমণ্ডিত। স্বর্গনগরী অমরাবতীর স্থায় প্রভাশালিনী স্থবর্ণময়-অট্টালিকাবেস্থিতা প্রভাবতী নামে এক মহা-নগরী আছে। ৪।

যে নগরীতে সিদ্ধ বিদ্যাধর ও গন্ধর্ববগণ সতত বিদ্যান থাকায় বোধ হয় যেন নগরীবাসী লোকগণের পুণ্যবলে ইন্দ্রপুরী অমরাবতী পৃথিবীতে অবতীর্ণ হইয়াছে। ৫।

পবিত্র ধর্ম্মান্দিরশোভিতা ঐ নগরী সতত সত্যত্রত দানপরায়ণ ও দয়াবান্ ব্যক্তিগণের অধিষ্ঠিত বলিয়া সাক্ষাৎ ধর্ম্মের রাজধানী বলিয়া প্রতীয়মান হয়। ৬।

পৃথিবীর তিলকস্বরূপ প্রভাস নামে ভূপতি এই নগরীর রাজা ছিলেন। তাঁহার উজ্জ্বল কীর্তি দেবতাগণও আদর করেন। ৭।

সৌন্দর্য্যে ও সৌরভে সম্পন্ন তাঁহার যশোরূপ পুষ্পমঞ্চরী পৃথিবী-বাসী সমস্ত নারীগণের কর্ণভূষণ স্বরূপ হইয়াছিল। ৮।

সামস্ত মহীপালগণ সামাদি উপায়জ্ঞ মহারাজ প্রভাদের আজ্ঞা স্থবর্ণময় পুল্পে গ্রাথিত মালার স্থায় জ্ঞান করিয়া মস্তকে গ্রহণ করিতেন। ১। একদা নাগবনের অধিপতি তথায় আগমন করিয়া জামুদ্বয় দারা ক্ষিতিতল স্পর্শপূর্ববক উপবিফ হইয়া সভাসীন জগতীপতি মহারাজ প্রভাসের নিকট নিবেদন করিলেন। ১০।

মহারাজ দিব্যকান্তি একটা অন্তুত হস্তী আমরা পাইয়াছি। বোধ করি স্বর্গরাজ ইন্দ্রের ঐরাবত আপনার্র কীর্ত্তি শ্রাবণ করিয়া ভূমিতে অবতীর্ণ হইয়াছে। ১১।

দেবতার ব্যবহারযোগ্য সেই হস্তীটী আপনার দ্বারে উপস্থিত; কুপাপূর্ববক একবার দৃষ্টিক্ষেপ করিলে কৃতার্থ হই। প্রভুর দৃষ্টিপাত হইলেই ভূত্যের শ্রম সফল হয়। ১২।

মহারাজ প্রভাস এই কথা শ্রাবণ করিয়া অমাত্য সহ বহির্গত হইলেন ও গতিশীল কৈলাসপর্ববহুসম হস্তাটীকে দ্বারদেশে দেখিলেন। ১৩।

উহার উৎকট মদগন্ধে আকৃষ্ট ভ্রমরগণ গণ্ডদেশে বসিয়া গুনগুন ধ্বনি করিতেছে; তাহাতে বোধ হইয়াছিল যেন ক্ষুদ্র ফুদ্র ঘণ্টিকা দ্বারা উহার গণ্ডদেশ অলঙ্কত করা হইয়াছে। হস্তাটী উপযুক্ত নানাবিধ আভরণ দ্বারাও সজ্জিত ছিল, একারণ সাক্ষাৎ বসস্তের ন্যায় স্থান্দরাকৃতি হইয়াছিল। ১৪।

উহার রহদাকার দন্তের একদেশে শুগুটা বিন্যস্ত ছিল এবং চক্ষুদ্ব য় মুদ্রিত থাকায় বোধ হইতেছিল হস্তী যেন বিদ্ধাণিরির কদলীবন ও শল্লকীবনের শোভা স্মরণ করিতেছে। ১৫।

সপ্তচ্ছদসদৃশ মদগন্ধশালী ঐ হস্তীটী দেখিয়া স্বতই বোধ হইতেছিল যে স্বয়ং বিদ্যাচল তদীয় গুরু অগস্ত্যম্নির আজ্ঞামুসারে কুঞ্জররাজরূপ ধারণ করিয়াছেন। ১৬।

ক্ষিতিপতি স্তস্তাকৃতি দন্তদ্বয়ে ভূষিত সেই হস্তীটা দেখিয়া তাহাকে লক্ষ্মীর বাসভ্বন বলিয়া জ্ঞান করিলেন ও অত্যন্ত বিশ্মিত হইয়া ভাবিতে লাগিলেন। ১৭। অহো, সংসার° স্ঞ্তির মধ্যে কতশত নূতন নূতন উৎকর্ম দেখিতে পাওয়া যায়; আশ্চর্য্য স্থিকার্য্যের ইয়তা করা যায় না। ১৮।

স্থাসাগরের মন্থন না করিয়া ও বাস্থকিকে কোন ক্লেশ না দিয়া এবং শৈলরাজ মনদরকে আকর্ষণ না করিয়াই কে এই গঙ্করত্নটী উৎপাদন করিল। ১৯।

অনস্ত্রে ভূপতি আজ্ঞাকারী সংযাতনামক মহামাত্রকে আদেশ করিলেন যে এই হস্তীটীকে তুমি শিক্ষিত কর। ২০।

মহীপাল এই কথা আদেশ করিয়া অন্তঃপুরে প্রবেশ করিলে পর মহামাত্র সংযাত সর্ববিধ শিক্ষার যোগ্য নাগরাজ্ঞকে গ্রহণ করিলেন। ২১।

প্রাজ্ঞ নাগরাজ পূর্ববজন্মের সংস্কারসম্পন্ন সংশিষ্যের ন্যায় সংযাত্ত কর্ত্তক প্রযত্ন সহকারে সর্ববপ্রকারে শিক্ষিত হইয়াছিল। ২২।

হস্তীটী বহুতর মদস্রাবী হইলেও উদ্বেগজনক হয় নাই; শক্তিমান্ ও উৎসাহসম্পন্ন হইলেও ক্ষমাশীল ছিল এবং শক্রবিনাশকার্য্যে ত্বরিতগতি ছিল। একারণ সেও রাজার তুলাই ছিল, অর্থাৎ রাজগুণ সাদৃশ্য উহাতে ছিল। ২৩।

অনস্তর মহামাত্র সংযাত তাহার আদিষ্ট কার্য্য সম্পাদন করিয়া
মহারাজকে নিবেদন করিলেন যে গজরাজ শিক্ষাপরীক্ষায় উত্তীর্ণ
হইয়াছে। ২৪।

রাজা অতিশয় উৎসাহসম্পন্ন, নির্বিকার এবং বলশালী গজ-রাজকে অঙ্কুশের আয়ত্ত দেখিয়া জয়লক্ষ্মীকে করায়ত্ত বোধ করিলেন। ২৫।

অনস্তর হর্মান্তি হইয়া গজরাজের কিরূপ দক্ষতা হইয়াছে তাহা দেখিতে ইচ্ছা করিয়া উৎসাহ সহকারে গজোপরি আরোহণ করিলেন। তখন বোধ হইল যেন সূর্যাদেব উদয়াচলে আরোহণ করিলেন। ২৬। অনস্তর মহামাত্র সংযাত মন্ত্রীর ন্যায় স্ববশবর্তী 'গঙ্গরাজের সমস্ত রাজ্যমগুল সঞ্চারণের চাতুর্য্য দেখাইলেন। ২৭।

এই পরীক্ষা প্রসঙ্গে মহারাজ মৃগয়াক্রীড়াভিলাষী হইয়া অত্যন্ত উৎসাহ সহকারে মহাবনে অবগাহন করিলেন। ২৮।

মহারাজ্য দূরপ্রসারি রত্ননয় কেয়ুরের কিরণরূপ শল্ল কীপল বহার। থেন দিঙ্নাগগণকে আহ্বান করিতে করিতে গিয়াছিলেন। ২৯।

বনদেবতাগণ আনন্দ ও বিশ্বায় বশতঃ আকর্ণ নয়ন বিশ্বারিত করিয়া গঙ্গারত মহারাজ বনে যাইতেছেন দেখিয়াছিল। ৩০।

শ্বরীগণের কবরীপাশনিহিত পুষ্প-সৌরভে স্থরভিত ক্স্যিগিরির প্রবন বস্থধাধিপতি প্রভাসকে সেবা করিয়াছিল। ৩১।

অনস্তর গজরাজ স্বচ্ছন্দপ্রচার ও স্থকর বিষ্কার্গিরির উপকণ্ঠ প্রদেশে স্বীয় বিলাসরতান্ত স্মরণ করিয়া উৎকন্ঠিত হইয়াছিল। ৩২।

গজরাজ প্রেমবন্ধ করিণার গন্ধ আদ্রাণ করিয়া, গর্বিত রাজ। যেরূপ নীতি পরিত্যাগ করে, তদ্রপ অঙ্কুশাঘাত আর লক্ষ্য করিল ন। ৩৩।

অতিবেগে ধাবমান ও অমুরাগাকৃষ্ট হস্তী সংসারমূঢ় ব্যক্তির ন্যায় কিছুতেই বিরত হইল না। ৩৪।

রাজা বায়ুবেগে ধাবমান কুঞ্জরকে দেখিয়া শিক্ষাবিষয়ে সন্দিহান হইয়া মহামাত্র সংযাতকে বলিলেন। ৩৫।

এই গজটীকে তুমি ত বেশ আশ্চর্য্য শিক্ষিত করিয়াছ! দেখি-তেছি যে শিক্ষাগুরুরও অঙ্গুশের বাধ্য না ২ইয়া বিমুখে ধাবিত ২ইতেছে। ৩৬।

ইহার গতিবেগে বোধ হইতেছে যেন দিক্-মগুল সুরিতেছে ও পাদপগণ আমাদের পশ্চাৎ ধাবিত হইতেছে। ইহার পদবিন্যাসভারে পুশিবী যেন অতিশয় নত হইয়া যুরিতেছে। ৩৭। এরপ সময়ে হস্তীটী প্রতিকূল হওয়ায়, দৈবপ্রতিকূলতায় পুরুষ-কার যেমন নিক্ষল হয়, তজ্ঞপ আমাদের সমস্ত প্রযত্নই বিফল হইল। ৩৮।

মহামাত্র সংযাত প্রভুর এতাদৃশ বাক্য শ্রাবণ করিয়। শিক্ষাদানেরই দোষ হইয়াছে বুঝিয়া অতিশয় লজ্জিত হইলেন ও সভায়ে বদ্ধাঞ্জলি হইয়া বলিলেন। ৩৯।

দেব, এই হস্তীটীকে আমি সর্বববিধ কার্য্যেই আয়ত্ত ক্রিয়া-ছিলাম, পরস্তু অদ্য করিণীর গন্ধ আত্মাণ করিয়া বিকৃত হইয়াছে। ৪০।

কার্মবশ জন্তুর। কখনই উপদেশ নিয়ম সরলতা বা সাধুতা কিছুই স্মরণ করে না। ৪১।

রতিরসাপ্লুত বিষয়াভিমুখী বুদ্ধিকে গর্ত্তোমুখী গিরিনদীর স্থায় কেহই নিবারণ করিতে পারে না। ৪২।

আমরা হস্তাকে শিক্ষা দিয়া থাকি। কেবল মাত্র শারীরিক পরি-শ্রমেরই শিক্ষা দিতে আমরা সমর্থ। পরস্তু মানসিক শিক্ষাদানে মুনি-রাও অক্ষম। ৪৩।

এই হস্তী মূর্থ খলের স্থায় কোনরূপ ক্লেশ গণ্য না করিয়া ও বন্ধন ছিন্ন করিয়া কুমার্গে ধাবিত হইতেছে। ৪৪।

মহারাজ, আপনি রক্ষণাখা অবলম্বন করিয়া ইহাকে সত্তর ত্যাগ করুন। যেহেতু ব্যসনাসক্ত তুর্জ্জন স্বয়ং পতিত হয় ও অপরকেও পতিত করে। ৪৫।

রাজা সংযাতের কালোচিত বাক্য শ্রাবণ করিয়া তাঁহার সহিত এক-যোগে একটা মহাতরুর শাখা অবলম্বন করিলেন। ৪৬।

রাজা তরু হইতে অবতীর্ণ হইয়া অত্যারোহণে চলিয়া গেলে পর গজরাজ গহনবনে অবগাহন করিয়া করিণীর সহিত সংমিলিত হইল। ৪৭। অনস্তর সাতদিন যাবৎ করিণীর সহ যথেচ্ছ বিহার করিয়া শারীরিক শাস্তি সম্পাদন করতঃ স্বয়ং আসিয়াই বন্ধনস্তম্ভের নিকট দাঁড়াইল। ৪৮।

মহামাত্র সংযত স্বয়মাগত হস্তীকে দেখিয়া নিজেরই শিক্ষার কৌশল জ্ঞান করিলেন, ও অতিশয় হর্ষাহিত হইয়া রাজার নিকট নিবেদন করিলেন। ৪৯।

যে হস্তী অনুরাগজালে আকৃষ্ট ও অত্যস্ত কামাতুর হইয়া চলিয়া গিয়াছিল, সে আমার শিক্ষাপ্রভাবে স্বয়ং আসিয়াছে। ৫০।

শল্পকীভূমির রসজ্ঞ সেই হস্তাটী এখন আমার সঙ্কেতের বাধ্য ও অত্যস্ত বশীভূত হইয়াছে। এখন এতদূর বিনীত হইয়াছে ^{*}যে তপ্ত লৌহশলাকা গ্রহণ করিতে বলিলেও গ্রহণ করে। ৫১।

এই হস্তী কামরসাকৃষ্ট হইয়াই বিকার প্রাপ্ত হইয়াছিল। অধুনা ইহার মদনজ্বর প্রশান্ত হইয়াছে এবং হস্তী পুনরায় প্রকৃতিস্থ হইয়াছে। ৫২।

মহারাজ, সিংহ ব্যাত্র ও গজ প্রভৃতি হিংস্র জন্তুগণকে দমন করা যাইতে পারে। পরস্তু রাগমদমত্ত ও বিষয়স্থখাভিমূখ মনকে দমন করা যায় না। ৫৩।

রাজা সংযাতের এইরূপ বাক্য শুনিয়া মনে মনে আলোচনা পূর্ববক বলিলেন, সংযাত, তুমি সত্য ও উচিত কথাই বলিয়াছ। ৫৪।

ইহ জগতে কি এরপ কোনও লোক আছে যে চিত্তরূপ মত্তহস্তীকে প্রশমস্বভাবদ্বারা সংযমরূপ বন্ধনন্তম্ভে বন্ধ করিতে পারিয়াছে। ৫৫।

রাজা এই কথা বলিলে পর দেবতাধিষ্ঠিত মহামাত্র সংযাত বলিলেন, মহারাজ, জগতের ক্লেশরাশি নিঃশেষরূপে উন্মূলন করিবার জন্ম অনেক মহাপুরুষ উদ্যুত আছেন। ৫৬।

বাঁছারা বিবেকালোকে আলোকিত, বৈরাগ্যে অতিশয় আগ্রহবান, শাস্তি ও সম্ভোষে বিশদ এবং প্রকৃষ্ট জ্ঞানবান, তাঁহাদিগকে বুদ্দ বলা হয়। ৫৭। সংযাতকথিত বুদ্ধ-নাম শ্রাবণ করিয়াই সম্যক্-সম্বৃদ্ধচেতা রাজার পূর্ববজন্ম বৃত্তান্তে প্রণিধান হইল। ৫৮।

রাজা কহিলেন, সংসাররূপ অপার পারাবারে নিমজ্জ্মান এই জগৎকে কিরূপে কুশলময় সেতু নির্মাণ করিয়া পারে লইয়া যাইব। ৫৯।

ইত্যুবসরে বিশুদ্ধবেশ ও বিশুদ্ধদেহধারী দেবতাগণ আকাশ হইতে । বলিলেন, মহামতে, তুমি সম্যক্রপ সম্বোধিসম্পন্ন হইবে। ৬০।

রজোগুণবর্জিত জাতিম্মর ও দিব্যচম্মু রাজা দেবগণের ঈদৃশ বাক্য শ্রাবণ করিয়া বোধিসম্বভাব গ্রাহণ করিলেন। ৬১।

অনস্তর বিপুলসন্ত্বসম্পন্ন তত্ত্বজ্ঞানী মহারাজ প্রভাস# সংসার-সাগরে মঙ্জ্জমান সকল প্রাণীর প্রতি অনুকম্পাপরবশ হইয়া নবোদিত (চিত্তোৎপাদ) জ্ঞান ও উৎসাহযোগে সর্বব্র্যাণীর পারগমনোপযোগী একটী কুশলময় সেতু নির্ম্মাণ করিলেন। ৬২।

^{*} মহারাজ প্রভাস ভগবান বুদ্ধের আছি জন্ম বলিয়া মহাবানী বাদ্ধেরা বিখাস করেন।

দ্বিতীয় পল্লব

জীসেনাবদান

ते जयन्ति जगत्यस्मिन् पुर्ख्यन्दनपादपाः। क्रेदनिर्धर्षदाहेऽपि ये परार्थेषु शनव्येषाः॥

যাঁহারা চন্দন কাষ্ঠের ভার পরোপকারার্থে ছেদন ঘর্ষণ ও দহন পর্যান্ত অক্লেশে সহ্য করিয়া থাকেন, ঈদৃশ পুণ্যশীলগণই ইহ জগতে সর্ববাপেক্ষা উৎক্ষট। ১।

অরিফী নামে নানাগুণে গণনীয়া এক পুরী আছে। শক্রনগরী অমরাবতীও তাহার সহিত স্পর্জ। করিয়া গরীয়সী হইতে পারে না ২।

সেই অরিষ্টা নগরীতে রত্নাকরের তায় সমগ্র গুণরত্নের আকর অতি বিখ্যাত শ্রীসেন নামে এক রাজা ছিলেন। ৩।

পরোপকারে অতিশয় আসক্ত চতুর ও সূর্য্যসদৃশ প্রভাশালী শ্রীসেনের প্রভাবে সর্ব্বদিগ্নতী প্রজাগণ অমুরক্ত ছিল। ৪।

ইনি প্রভূত দানজনিত কল্লবক্ষসদৃশ শুভ যশ দারা ও মদস্রাবী বন্ধ গজ দারা জগৎ শোভিত করিয়াছিলেন। ৫।

ইনি কলাবিছায় স্থানিপুণ হইলেও সরল ছিলেন, সরল হইয়াও মহামতি ছিলেন এবং মহামতি হইয়াও বঞ্ক-ছিলেন না। অধিক কি প্রজাগণের মহাপুণ্যেই তাঁহার আবিভাব হইয়াছিল। ৬।

সূর্য্যদেব যাবৎকাল উত্তাপ প্রদান করিবেন ও পবনদেব যাবৎকাল প্রবাহিত থাকিবেন, তাবৎ পর্য্যস্ত তাঁহার কীর্ত্তি ও আজ্ঞা অপ্রতিহত থাকিবে। ৭। সন্ধিবিগ্রহার্দ্ধি ষড় গুণশাস্ত্রে পরম ব্যুৎপন্ন ও ব্যায়াম বিছায় স্থপটু দ্বাদশ সহস্র মন্ত্রিগণ তাঁহার পর্যুপাসনা করিতেন। ৮।

পরমধার্শ্মিক শ্রীদেনের রাজ্যকালে প্রজাগণ সকলেই স্থকৃতী ছিল। কামিনীগণ ও প্রজাগণ ভর্তুসদৃশই হইয়া থাকে। ১।

তাঁহার পুণাপ্রভাবে তদীয় প্রজাগণ সকলেই স্বর্গগানী হইয়াছিল, এবং ভাঁহাদের বিমানগুরম্পরায় শক্রনগরীর পথ তুঃসঞ্চার হইয়াছিল। ১০।

দেবরাজ ইন্দ্র স্বর্গলোকে মন্তুজগণের অত্যধিক সমাগম দেখিয়া রাজা শ্রীসেনের প্রতি ক্রুদ্ধ হইলেন ও চিন্তা করিতে লাগিলেন। '১।

শ্রীসেন আশ্চর্য্য দানশীল। ইনি বস্তুধার সমস্ত সম্পদই নিত্য দান করেন। এই কল্যাণস্বভাব শ্রীসেনের দান প্রভাবে আমাদের মন বিচলিত হইয়'ছে। ১২।

অতএব আমি মায়াবিধান দারা ঐ দৃঢ়চিত্ত ও মহান্স্ভাব শ্রীসেনের ধৈর্য্য পরীক্ষা করিব। ১৩।

দেবরাজ ইন্দ্র এইরূপ চিস্তা করিয়া সমস্ত দেবগণ সমভিব্যাহারে রূপ পরিবর্ত্তন করিয়া মর্ত্তালোকে অবতীর্ণ হইলেন। ১৪।

এই অবসরে প্রজাকার্য্য পর্য্যালোচনাপরায়ণ ও রাজ্যরক্ষাগুরু মহামতি মন্ত্রী রাজাকে বলিয়াছিলেন। ১৫।

রাজন, আপনি কোনরূপ দস্ত না করিয়া রাজ্যশাসন করায় অতিশয় যশস্বী হইয়াছেন। আপনার অকপট দান দেখিয়া দেবরাজও লজ্জিত হইতেছেন। ১৬।

অন্যের গুণাধিক্য ও নিজের গুণহীনতা দেখিয়া কোন্ ব্যক্তি মাৎসর্য্যপরায়ণ না হয় ? ১৭।

ঈর্ষ্যাপর'য়ণ ব্যক্তি প্রায়ই পরের উৎকর্ষ দেখিয়া **মর্ম্মাহত হয়** এবং মহতের পুণ্যকর্ম্ম দেখিয়াও উদ্বিগ্ন হইয়া থাকে। ১৮। আপনি সর্ববস্থান ও মর্যাদাদানে অভিলাযুক হইয়াছেন, কিন্তু পুত্র দারা ও আত্মদানে সংকল্প করা অত্যন্ত তুঃসাহসের কার্য্য হইয়াছে। ১৯॥

আমি রাত্রিকালে অতি দারুণ ও ভীতিপ্রদ স্বপ্ন দেখিতে পাই। তাহাতে অতি ভ্যাবহ জগ**ের চূড়ামণির পতন সূচিত হইতেছে। ২০** :

তত্বাদী দৈবজ্ঞগণের মুখেও অতি ছঃসহু প্রবাদ শুনিতে পাওয়া যায় যে পৃথিবীপাল নিজ শরীরও দান করিবেন। ২১।

আপনি শরীর দান করিলে সমুদয় অর্থিগণই নিক্ষল হইবে। যেহেতু সর্বব্রাদ আপনাতেই কল্লব্লুকগণ অবস্থান করিতেছেন। ২২।

অতএব হে মহীপাল, ঈদৃশ দানসাহস হইতে বিরত হউন। আপনার দেহই প্রজাগণের আয়ত্ত রক্ষারত্বস্করপ। ২৩।

রাজা শ্রীসেন মন্ত্রিবরকথিত ঈদৃশ বাক্য শ্রাবণ করিয়া হাস্তরারা অধরকান্তি অধিকতর ধবল করিয়া তাঁহাকে বলিলেন। ২৪।

মন্ত্রিবর, আপনি মন্ত্রীর উচিত হিতবাক্যই বলিয়াছেন, পরন্তু আমি অর্থিজনের বৈমুখ্যজনিত সন্তাপ কখনই সহিতে পারিব না ২৫।

যাচকগণ দেহি বলিলে যাহারা নিষেধ বাক্যে কঠোরতা প্রকাশ করে, তাহারা সজীব হইলেও মৃত বলিয়া গণ্য হয়। ২৬।

যাচক, ইহাঁর নিকট আমি এইটা পাইব, এইরূপ মনে মনে স্থির করিয়া আসিয়া যাহার নিকট হইতে বিমুখ হইয়া ফিরিয়া যায়, তাহার বাঁচিয়া থাকায় ফল কি ? ২৭।

যে ব্যক্তির মন আর্ত্রজনের সন্তাপ প্রবণ করিয়াও শীতল থাকে, ঈদৃশ নিক্কণ পুণ্যহীন জনের জন্মে ধিক্। ২৮।

এ দেহ বিনশ্বর বলিয়া প্রার্থনীয় না হইলেও যদি কখনও কোথাও কাহারও উপকারে লাগে, এই জন্মই সক্ষানের প্রীতিপাত্র। ২৯। অমাতা সম্বশালী নৃপতির এই বাক্য শ্রাবণ করিয়া ভবিতব্যতাকেই অচলা বিবেচনা করিলেন এবং কিছুমাত্র উত্তর করিলেন না। ৩০।

তৎপরে একদিন একটা বেদাধ্যাপক মূনি রতিপতির রতিসদৃশী ও চিত্তমূগের বন্ধনজালস্বরূপা যদ্চছাগতা লীলাবিহানী রাজা শ্রীসেনের জায়া জয় প্রভাকে দূর হইতে 'নির্নিষেষ নয়নে অবলোকন করিয়া-ছিলেন। ৩১—৩২ :

পরম ধীর মূনি পূর্ববজন্মের অভ্যাস সম্বন্ধ ও স্নেহবশতঃ পরিচিতার ন্যায় জয়প্রভাকে দেখিয়া ধৈর্য্য ধারণ করিতে পারেন নাই। ৩৩।

তিনি বীতস্পৃহ হইলেও তাঁহার মন বাসনায় উল্লগিত হইয়া মুক্তি-পথ পরিত্যাগ পূর্ববক অভিলাষ ভূমিতে গমন করিল। ৩৪।

এই পূর্ব্জিন্মবাসনা সন্তত প্রীতিতন্ত্রদারা অনুসূত্ত থাকে এবং কাহাকেও কখন পরিত্যাগ করে না। ৩৫।

এমন সময়ে তাঁহার এক শিষ্য অধ্যয়নত্রত সমাপ্ত করিয়া গুরু-দক্ষিণা দিবার জন্ম সেই আশ্রমে আসিয়া তাঁহাকে বলিল, গুরুদেব দক্ষিণা গ্রাহণ করুন। ৩৬।

মুনিবর শিষ্যকে বলিলেন, বৎস, আমি বনবাসী, আমার কোনও বৃত্তির প্রয়োজন নাই। তথাপি তুমি যদি আগ্রহ কর, ভাহা হইলে আমার কি ইচ্ছা শুন। ৩৭।

মহারাজ শ্রীসেনের মহিষী জয় প্রভাকে যদি লাভ করিয়া আমাকে দিতে পার, তাহা হইলেই আমার দক্ষিণা দেওয়া হইবে। ৩৮॥

শিষ্য গুরুকথিত এই বাক্য শ্রাবণ করিয়া কম্পিতমানস হইলেন এবং নিভাস্ত অসম্ভব প্রার্থনায় অত্যস্ত সংশয়াকুলিত হইলেন। ৩৯।

অনন্তর শিষ্য অর্থিগণের জন্ম সততই অবারিত্বার মহারাজ শ্রীসেনের বিশ্রস্তভবনে গিয়া উপস্থিত হইলেন। ৪০। শিষ্য নিতান্ত অলভ্য বস্তুর প্রার্থনা করিতে ্বিয়া দৈশ্য ও চিন্তায় ক্রিষ্টমনা হইয়া মুখমগুল নত করিয়া মৃত্তিকার দিকে দৃষ্টিক্ষেপ করিয়া রহিলেন। ৪১।

মহীপতি শ্রীসেন ঐ মুনিশিষ্যকে অর্থিরপে সমাগত দেখিয়া চন্দ্রোদয় কালে সমুদ্রের ন্যায় অত্যন্ত প্রহাট হইলেন। ৪২।

মহারাজ তাঁহাকে পূজা করিয়া জিজ্ঞাসা করিলেন, আপনি কি চাহেন ? মুনি-শিষ্য নিতান্ত অনুচিত প্রার্থনা বশতঃ লজ্জায় গদ্গদ স্বরে বলিলেন। ৪৩।

মহারাজ, আমি পূর্বের কখনও কাহারও নিকট প্রার্থনা করি নাই। সম্প্রতি গুরুদক্ষিণার জন্য আমি অর্থিকল্লতরু আপনার নিকট অত্যস্ত তুর্লভ বস্তু প্রার্থনা করিতে আসিয়াছি। ৪৪।

রাজন্, আমার বিদ্যাত্রত পূর্ণ হইয়াছে। গুরুদেব ভবদীয় মহিষী জয়প্রভাকে দক্ষিণারূপে অভিমত ারিয়াছেন। এক্ষণে আপনি যদি পারেন ত দান করুন। ৪৫।

মুনিশিষ্য এই কথা বলিলে সহসা মহীপতির মন স্নেছ ও দান-রসে আবিদ্ধ হইয়া দ্বিধাভূত হইয়াছিল। ৪৬।

অনন্তর মহারাজ অগ্রবিস্তারী দন্তজ্যোতিরূপ স্বচ্ছ বস্ত্র দারা দ্বিজকে আচ্ছাদন করিয়া বলিলেন, এই আমার দয়িতাকে গ্রহণ করুন। ৪৭।

আপনার গুরুর অভিলয়িত বস্তু আমি কোনরূপ বিচার না করিয়াই দান করিলাম। আমার মন বিয়োগে ভীত হইয়াছিল, কিন্তু সত্য বলি-তেছি, আমি তাহা গ্রাহ্ম করিলাম না। ৪৮।

মহারাজ এই কথা বলিয়া গুরুতর বিয়োগত্বঃখাগ্নি কর্তৃক নিবারিত হইলেও এবং কামসহকৃত বহুকালপ্রব্রদ্ধ স্নেহকর্তৃক নিষিদ্ধ হইলেও প্রাণপ্রতিমা প্রাণপ্রিয়া রাজীবলোচনা এবং এ কি হইল এই বলিয়া ভয়ে হরিণীর ন্যায় তিরলেক্ষণা, হৃদয়দয়িতাকে তৎক্ষণাৎ মুনিশিষ্যকে প্রদান করিলেন। ৪৯—৫১।

ত্যাগশীল মহারাজ এইরূপে মহিষীকে প্রদান করিলে পর সমুদ্র-মেখলা পৃথিবীও যেন ত্যাগভয়ে কম্পিত হইলেন। ৫২।

ইন্দ্র ও চন্দ্রাদি দেবগণ যাহার জন্য দেহে অতি ছুঃসহ ফুর্দ্দশা সহঃ করিয়াছেন, ঈদৃশ প্রেয়সী কাহার না প্রীতিপাত্র হয়। ৫৩।

প্রোয়শীর জন্য কেহ ব। সুশীলতা, কেহ বা ধনসম্পদ, কেহ বা ধর্মা, কেহ বা তপস্যা, কেহ বা লজ্জা, কেই বা দেহ পর্যান্ত ত্যাগ করিয়া থাকেন। ৫৪।

যাহা অনুরাগসর্বস্ব পুরুষের জীবনের জীবন, সেই বস্তুই দান কালে মহাসন্ত ব্যক্তির নিকট তৃণবৎ গণ্য হয়। ৫৫।

মুনিশিষ্য রাজমহিষীকে গ্রহণ করিয়া চলিয়া গেলে বিরহাকুলিত মহারাজ মনোভবের ভায় বিরহীর স্থাদ্বেষী হইয়াছিলেন। ৫৬।

মুনিবর শিষ্যকর্ত্ক আন্তি জীবন্ম্তসদৃশা রাজমহিষীকে দেখিয়া লজ্জায় অধোবদন হইলেন ও অত্যন্ত অনুতাপ করিয়া নিজের অনুচিত কার্য্য চিন্তা করিতে লাগিলেন। ৫৭—৫৮।

অহো আমি বালকের ন্যায় চপলতাবশতঃ আপনাকে নিঃসংশয়ে অযশঃপঙ্কে নিক্ষিপ্ত করিয়াছি। ৫৯।

ইনি ধার্ম্মিকা, প্রজাগণের জননীস্বরূপা, বর্গ ও আশ্রেমের গুরু রাজার মহিন্বী। আমি নিশান্তই অধার্ম্মিক, যেহেতু ইহাঁকে ছঃখানলে নিক্ষেপ করিয়াছি। ৬০।

কেন আমি সুশীলতার মুখাপেক্ষা করিলাম না, কেন বা সংযমের বিষয় স্মরণ করিলাম না, কেন আমি বৈরাগ্যকেও গণ্য করি নাই, কেনই বা বিবেকের দিকে দেখি নাই। ৬১। অহো নির্বিচারক জনের মন কিরূপ সন্মার্গ-বিমুখ ও অসংযমমদে মক্ত হইয়া অপথগামী হয়। ৬২।

মুনিবর এইরূপ চিন্তা করিয়া লক্ষায় হীনপ্রভ হইলেন ও রাজ-দয়িতার নিক্ট আগমন করিয়া বিনতবৃদনে বলিতে লাগিলেন। ৬৩।

মাতঃ, সমাশ্বস্ত হও, শোক করিও না। এটা নিতান্তই ভবি ব্যাতা। যেহেতু তোমার ঈদৃশ ক্লেশ ও আমার এরূপ ছুনীতি প্রকাশ হইল। ৬৪।

এই তীরতক্রতলে কিঞ্চিৎ বিশ্রাম করিয়া এখনই তুমি আত্মীয়গণ সহকারে নিজধামে যাইবে। ৬৫।

মুনিবর এই কথা বলিলে মহিষী যেন অমৃতর্ম্ভি দারা দিক্ত হইঃ। পুনর্জীবন লাভ করিলেন ও ভয় ও সম্ভ্রম পরিত্যাগ করিলেন। ৬৬।

দাতার এতাদৃশ ত্রিদিবব্যাপি অস্তুত চরিত্র শ্রবণ করিয়া দেবরাজ বাসব রাজার সন্ধ ও দয়া জানিবার জন্ম তথায় উপস্থিত হইলেন। ৬৭।

বাসব এক ব্রাহ্মণের রূপ ধারণ করিলেন। তাঁহার শরীরের অধোভাগ বিজনবনে ব্যান্ত্রকর্তৃক ভক্ষিত হইয়াছে; তদীয় চারিটী পুত্র কাঁদিতে কাঁদিতে তাঁহাকে ধরিয়া আছে; তাঁহার দেহ হইতে রক্তস্রাব হইতেছে এবং নাড়ীগুলি ঝুলিয়া রহিয়াছে; কিন্তু এত কন্টেও তাঁহার জীবন যায় নাই। পাপ যেন তাঁহাকে দৃঢ় করিয়া রাথিয়াছে। অর্থবান্ ব্যক্তি যেমন লুরু রাজা ও চৌর হইতে সমুখিত অনর্থে বেপ্তিত থাকে, তদ্রুপ তাঁহার চতুর্দ্দিকে আমিষগন্ধে আকৃষ্ট মাংসাশী জন্তুগণ বেপ্তন করিয়া রহিয়াছে। ৬৮—৭০।

বাসব এইরূপ বীভৎসাকার ধারণ ক্রিয়া নগরমধ্যে প্রবেশ পূর্বক কারুণ্য ও দৈন্যত্ব:খ প্রকাশ করিয়া পুরবাসিগণের ভ্রম ও বিস্ময়ের হেতু হইয়াছিলেন। ৭১। তিনি মূর্ত্তিমান শোক ও মূর্ত্তিমান্ ত্রাসের ন্যায় সহসা পুরুযোষিদ্ধ গণের ভয় ও ক্লেশ বিধান করিয়াছিলেন। ৭২।

অনস্তর তিনি যাচকসন্দর্শনস্থানে স্থিত মহারাজ **এ।সেনের সম্মুখে** পুত্ররূপধারী দেবতা চারিজন কর্ত্বক নীত হইয়া স্থাপিত হইলেন। ৭৩। তত্রত্য জনগণ এতাদৃশ বিষমক্রেশবিহ্বল জীব দেখিয়া মুখ কুঞ্চিত

कतिया नयुन मूपिठ कतिल। १८।

তখন তিনি কম্পবিহ্বল দক্ষিণবাহু উত্তোলন করিয়া ও ব্যথায় শ্বলিতাক্ষর হইয়া রাজাকে বলিলেন। ৭৫।

মহারাজ, আপনার মঙ্গল হউক ; আমি মহাপাপী ব্রাহ্মণ ঈদৃশ ছুর্দ্দশা প্রাপ্ত হইয়াছি। হে করুণানিধে, আমার প্রতি দৃষ্টিক্ষেপ করুন,। ৭৬।

আমি ঘোর বনে ব্যাঘ্রকর্তৃক ভক্ষিত হইয়াছি, কিস্তু এই গুরুতর তুঃখ আমাকে অবশ্যই ভোগ করিতে হইবে বলিয়া এখনও বাঁচিয়া আছি। ৭৭।

এই বিপৎকালে প্রাণ তীব্রক্রেশ সহ্থ করিয়াও সঙ্জন স্থহদের ন্যায় আমায় ত্যাগ করিতেছেন। ৭৮।

যদি কেহ দেহার্দ্ধ ছেদন করিয়া দান করে, তাহা হইলে আমার জীবন রক্ষা হয়। আকাশ-দেবতা আমায় এই কথা বলিয়াছেন। ৭৯।

হে করুণানিধে, ইহ জগতে কে নিজ জীবন দান করে ? লোকে প্রায়শই নিজস্থান্ত্রেয়ী ও পরার্থবিমুখ হইয়া থাকে। ৮০।

আপনি সর্ববদাই সকল বস্তু দান করিয়া থাকেন ও আপনি দীন-জনের পরম বন্ধু, এমন কি দেহদানেও আপনি কাতর নহেন; একারণ আপনার শরণাগত হইয়াছি। ৮১।

ইহ জগতে একমাত্র আপনিই স্কৃতপাদপম্বরূপ উন্তুত হইয়া-ছেন; যেহেতু আপনার দান অকপট ও সমাদরযুক্ত। এইরূপ দানেরই ফল হয়। ৮২। হৈ বদাম্যপ্রধান, আপনার অম্যাম্য গুণ কীর্ত্তন বুরা নিপ্প্রয়োজন। একমাত্র দানই আপনার পুণ্যের ঢকা জগতে বাজাইতেছে। ৮৩।

ভবিষধ বিপন্নজনের ছঃখমোচনে দৃঢ়ব্রত ব্যক্তিকে বিপৎকালে লাভ করা পুণ্য ব্যতিরেকে ঘটে না। ৮৪।

দক্ষিণ পবর্নের স্থায় অমন্দানন্দদায়ক ও হরিচন্দনসদৃশ শীতল সরল ও উদার সজ্জনগণ লোকের সন্তাপ হর্ণ করিয়া থাকেন। ৮৫।

পূর্ণেন্দুসদৃশ স্বদীয় বদন হইতে সমুদিতা জ্যোৎস্পার স্থায় পীযূষ-বর্ষিণী বাণী লোকের জীবন দান করে। ৮৬।

কপটরূপী বাসব এইরূপ বাক্য বলিলে পর রাজার হৃদয়ে সহসা তদীয় ব্যথা সংক্রান্ত হইল। তখন তিনি সম্মোহমূচ্ছিত ঐ ব্যক্তিকে বলিলেন। ৮৭।

তুমি আশ্বস্ত হও ; প্রাণবিয়োগজনিত ভয় ত্যাগ কর ; হে বিজ, আমি কোন বিচার না করিয়াই শরীরার্দ্ধ দান করিতেছি। ৮৮।

ধন্য জনেরই এই নশ্বর দেহ পরোপকারার্থে ক্ষয়প্রাপ্ত হয়। এ দেহ ক্ষণস্থায়ী; ইহা যত্ন করিয়া রাখিলেও কখনই অক্ষয় হয় না। ৮৯।

রাজ। এই কথা বলিলে পর মহামাত্য মহামতি বজু াহতবৎ কম্পিত-মানস হইয়া বলিলেন। ৯০।

অহো, মহারাজ সাহসাভ্যাসবশতঃ মহাক্রেশ সহ্য করিতে উদ্যোগী হইয়াছেন। প্রজাগণের নিশ্চয়ই পুণ্যক্ষয় হইয়াছে, থেহেতু প্রভু হিতকথাও গ্রহণ করিতেছেন না। ১১।

মহারাজ, আপনার ন্যায় প্রজাগণের ্মঙ্গলবিধানে সমর্থ গুণী রাজা অন্য কে আছে! যেহেতু ভৃত্যগণ ভক্তিভরে কেবল আপনার গুণগান করে, আপনি তাহা প্রাবণ করিয়াও নিজ কর্ত্তব্য করিয়া থাকেন। ৯২।

রাজা প্রায়শই গজের ন্যায় মুদিতনয়ন হইয়। থাকেন। প্রজাহিত

করিবার চেফা ব্বি কমই দেখা যায়। পরস্তু আপনার ভৃত্যগণের কিরূপ স্থখসম্পদ, ভাহা গণনা করিয়া দেখুন। ৯৩।

আপনি ত চিরকালই বিনয়বাদী ও অল্পবাদীর বাক্য মধুমঞ্জরীর ন্যায় সমাদরের সহিত কর্ণে গ্রহণ করেন। ১৪।

এব্যক্তি নিশ্চয়ই কোন রাক্ষস বা পিশাচ হইবে; ব্রাক্ষণের আকার গ্রহণ করিয়া জগত্বের রক্ষারত্নস্বরূপ আপনার দেহ প্রার্থনা করিতে আসিয়াছে। ৯৫।

ইহা যদি ইহার একটা মহীয়সী মায়া না হইবে, তাহা হইলে ছিন্ন দেহে ক্ষণকালের জন্মও কিরুপে জীবন আছে। ৯৬।

আপনি কোন বিচার না করিয়াই ছ্প্র হবশতঃ এই পুণ্যকর্ম করিতেছেন। কিন্তু ইহা কেবল আত্মপীড়াদায়ক। পরকালেও ইহাতে স্থখ নাই। ৯৭।

যাহা দিতে পারা যায়, তাহাই লোকে দিয়া থাকে। অসম্ভব বস্তু কখনও কেহ দিতে পারে না। সর্বস্বদান ও দেহদান প্রভৃতি কথা প্রবাদেই শোভা পায়। ৯৮।

ইনি বড় দাতা, ইনি অর্থিগণকে মহামূল্য মণিমুক্তাদি দান করেন, এ কথাটা দূর হইতেই শুনিতে ভাল। কিন্তু সেই দাতার নিকটে গিয়া সকল অর্থীর সকল বস্তু লাভ ঘটে না। ১১।

মহারাজ, আপনি প্রজাগণের জীবনস্বরূপ ও অর্থীর পক্ষে চিস্তামণিস্বরূপ। অতএব অন্যের জীবন দ্বারাও আপনার জীবন রক্ষা করা উচিত। ১০০।

হে দেব, দয়া করিয়া আমাদের প্রতি প্রসন্ন হউন। এরূপ তুঃসাহস কার্য্য করিবেন না। সামান্য একখণ্ড কাচের জন্ম কেন আত্ম বিক্রেয় করিতেছেন ? ১০১।

অমাত্যপুস্থৰ মহামতি এই কথা বলিয়া রাজার পায়ে পতিত হই-

লেন। তথাপি রাজা শরীরদানসঙ্কল্ল হইতে বিচলিত হইলেন না। ১০২।

তখ্ন রাজা সপ্রণয় হাস্য দ্বারা দশনকান্তি বিকীর্ণ করিয়া বলিতে লাগিলেন। বোধ হইল যেন জীবনের প্রতি মমতাবশতঃ যে মোহান্ধকার বিদ্যমান ছিল, তাহা পরিহার করিলেন। ১০৩।

মিদ্রবর, তুমি কেবল ভক্তিযুক্ত বাক্যই বলিতেছ। পরস্তু আমি এই ব্রাক্ষণের প্রাণসংশয় সহ্য করিতে পারিব না। ১০৪।

জার্থী বিমুখ হইলে আমার অন্তরে যে সন্তাপ হইবে, তাহা অতি শীতল হার তুষার কমল মৃণাল চন্দ্র বা চন্দ্রন দারাও শান্ত হইবে না। ১০৫।

হে স্থমতি, যে কোন প্রকারেই হউক আমি সকলের ছুঃখ মোচন করিতে কৃতসঙ্কল্ল হইয়াছি। অতএব ইহাতে তোমার বাধা দেওয়া উচিত নহে। ১০৬।

পূর্বব জন্মেও আমি দেহ দান করিয়াছিলাম, তাহাতে আমার কোনও ক্লেশ হয় নাই। আমি সম্বোধি চিত্ত দার। অতীত র্ক্তান্ত সম্যক্রপ উপলব্ধ করিতেছি। ১০৭।

পূর্বের আমি ক্ষ্ধার্তা এক ব্যাঘ্রীকে নিজ শাবক ভক্ষণে উদ্যতা দেখিয়া সেই,শাবকের রক্ষার জন্য অবিচারে নিজশরীর দান করিয়া-ছিলাম। ১০৮।

আমি শিবিজন্মে এক অন্ধকে নিজ নেত্রদর দিয়াছিলাম এবং দেহদান করিয়া শ্যেন পক্ষী হইতে ভয়াতুর কপোতকে রক্ষা করিয়া-ছিলাম। ১০৯।

চন্দ্রপ্রভ-জন্মে আমি রোদ্রাক্ষকে নিজ মন্তক দান করিয়াছিলাম; এবং অস্থান্য জন্মেও আমি সর্ব্বস্থ পুত্রদারাদি দান করিয়াছি। ১১০। রাজরূপী বোধিসম্ভ এই কথা বলিলে পর অমাত্যবর অত্যস্ত ব্যথিত হইলেন। তৎকালে তিনি সজীব কি নিজীব ছিলেন, তাহা বুঝা যায় নাই। ১১১।

অলঙ্ঘ্যশাসন রাজা পলও গগুনামক তুই ,ব্যক্তিকে ক্রকচন্বারা নিজদেহ ছেদন করিবার জন্ম নিযুক্ত করিলেন। ১১২।

তাহারা শোকে বিবশাঙ্গ ও ইন্দ্রের মায়ায় মোহিত হঁইয়া অতিকষ্টে রাজার দেইচ্ছেদে উত্তত হইলু। ১১৩।

নির্বিকার নৃপতির দেহার্দ্ধ কঠিন ক্রকচধারায় বিদার্য্যমাণ হইলে পৃথিবী কম্পিত হইয়াছিল। ১১৪।

তখন আকাশ হইতে রক্তবর্ব উল্কাপাত হইল, বিনামেঘে বজুাঘাত হইল এবং ঘন ঘন তারকাপাত হইল। বোধ হইল যেন আকাশ অশ্রুপাত করিয়া সশব্দে রোদন করিতেছে। ১১৫।

সূর্য্যদেব ঈদৃশ অভাবনীয় রাজার তুর্দ্দশা দর্শন করিয়া তীব্র তুঃখ সহ্য করিতে না পারায় ঝটিতি ধূলিরূপ পটের দারা মুখ আচ্ছাদিত করিলেন। ১১৬।

প্রজানাথ শ্রীসেন ক্রকচন্বারা আক্রান্তদেহ হইলে সমস্ত প্রজাগণ উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিল; এবং এই শব্দের প্রতিধ্বনিতে দিয়ধুগণও কাঁদিলেন। ১১৭।

বিজাকারধারী ইন্দ্র রাজার ঈদৃশ মহাসত্ত অবলোকন করিয়া বিস্ময় ও পশ্চাত্তাপে আক্রান্তচিত্ত হইয়া অনেকক্ষণ চিন্তা করিয়া-ছিল্লেন। ১১৮।

অহো মহামতি রাজা শ্রীসেনের মন কি করুণার্দ্র ও কোমল। ইনি পরের জন্ম বজু অপেক্ষাও কঠিন হইয়া এত ক্লেশ সহ করিতেছেন। ১১৯।

অহো মহাজ্মা ন্যক্তির চরিত্র সাগর অপেক্ষাও গম্ভীর ও মেরু অপেক্ষাও উন্নত এবং স্বর্গ অপেক্ষাও আশ্চর্য্যজনক। ১২০। অহো মহাসত্ব রাজার কি বিপুল সত্বগুণ যে। প্রাণগমনকালেও বিপৎকালে সাধুজনের আয় ইঁহার মহত্ব বিলুপ্ত হইতেছেনা। ১২১।

ইন্দ্র এইরূপ চিন্তা করিতেছেন, এমন সময় মহারাজ শ্রীসেনের নাভিদেশ হইতে শরীরের অধঃস্থ অর্দ্ধভাগ ছিন্ন হইয়া ভূমিতে পতিত হইল। ১২২।

তিনি দিধাভূতদেহ হইয়াও হর্ষময় ও উৎসাহময় ছিলেন এবং সর্বব-প্রাণীয় পরিত্রাণকারী সম্ববলে জীবন ধারণ করিয়াছিলেন। ১২৩।

তাঁহার আজ্ঞানুসারে শরীরার্দ্ধ যোজনা করিয়া ব্রাহ্মণ সম্পূর্ণদেহ লাভ করিলেন এবং স্বচ্ছচিত্তে দগুায়মান ইইয়া তাঁহাকে বলিলেন 15২৪।

অহো মহারাজ, তুমি যথার্থ ই রজোগুণবর্জিত। এই অকপটভাবে দেহ দান করাতে তোমার যশ বিশেষরূপ বিখ্যাত হইল। ১২৫।

তোমার মনের বিমলতার সদৃশ কোন বস্তু স্প্তি না করায় বিধাতা মুর্খতা করিয়াছেন। যেহেতু ইহার উপমা খুঁজিয়া পাইতেছিনা। ১২৬।

উন্নত ব্যক্তি ইক্ষুকাণ্ডের ভায় স্তব্বত্ত, সরল ও মধুরাশয় হইয়া থাকেন। আপনি পরের জন্ম কর্ত্তিত হইয়া হঃসহ পীড়া সহু করিতেছেন। ১২৭।

ব্রাহ্মণাকারধারী ইন্দ্র রাজা শ্রীসেনকে এই কথা বলিয়া স্থধাকে শ্মরণ করিলেন ও তদ্বারা রাজাকে অভিধিক্ত করিয়া সঞ্জীবিত করিলেন। ১২৮।

তৎপরে পুরন্দর নিজ আকার প্রকট করিয়া ও রাজার দেহার্দ্ধ সংযোজন করিয়া অত্যস্ত পরিতুষ্ট হইলেন এবং রাজাকে প্রশংসা করি-লেন। ১২৯।

তখন আকাশ হইতে শেতবর্ণ পুষ্পারাশির ব্লপ্তি হইতে লাগিল। বোধ হইল যেন তৎকালে পৃথিবীর হর্ষজনিত হাস্তবিকাশ হইয়া-ছিল। ১৩০। ইত্যবসরে পূর্ব্যোক্ত মুনি তদীয় প্রিয়া মহিষী জয়প্রভাকে সঙ্গে করিয়া তথায় উপস্থিত হইলেন ও আশ্চর্যান্বিত হইয়া তাঁহার ব্লুতান্ত নিবেদন করিলেন। ১৩১।

নিজকীর্ত্তিসদৃশ বিশুদ্ধ ও পবিত্রচরিত্রা পত্নীর সহিত সঙ্গত মহারাজ শ্রীসেন ইন্দ্র কর্তৃক জিজ্ঞাসিত হইয়া বলিলেন; এর প পরাভবেও তাঁহার কোনুরূপ বিকার হয় নাই । ১৩২।

তৎপরে দেবরাজ জম্মুদীপমধ্যে বিশ্বকর্মনির্দ্মিত রত্নবর্ষী সিংহাসনে দিয়িতাসহ মহারাজ শ্রীসেনকে অভিষিক্ত করিয়া প্রসন্ম করিলেন। তাঁহার দান-পুণ্য-সমুদিত কুশল প্রজাবর্গে পরিব্যাপ্ত হইল। ১৩৩—১৩৪।

সংসারস্থ প্রাণিগণের উদ্ধারের জন্ম উদ্যত মহারাজ শ্রীদেন সম্যক্ সম্বোধিতে প্রবুদ্ধমনা হইয়া প্রমুদিত হইয়াছিলেন। ১৩৫।

দেবরাজ মহারাজ শ্রীসেনের মৈত্রীসম্পন্ন, করুণার্ক্র ও সম্বপ্রধান বিশুদ্ধ চিত্ত এবং বিপন্নের ছুঃখমোচনার্থে আত্মদান অবলোকন করিয়া হর্ষাতিশয়ে আপ্লুতনয়ন ও লজ্জি হ হইয়। নিজপুরা অমরাবতীতে গমন করিলেন। মহারাজের যশে অমরাবতী পূর্ণ হইল। ১৩৬।

পুলকিতাঙ্গ দেববৃন্দ ও সিদ্ধ যক্ষ এবং উরগগণ কর্তৃক অভ্যর্চ্যমান-প্রভাব সর্ববভূতের রক্ষাকারী ভগবান বোধিসন্থ এইরূপে পৃথিবীকে স্বর্গতুল্য করিয়া অনির্ববচনীয় শোভা ধারণ করিয়াছিলেন। ১৩৭।

ভগবান জিন পূর্ববাবতার সংবাদকালে দানের উৎকর্ষ উদাহরণ করিবার জন্ম ভিক্ষুগণের উপদেশার্থ এই কথা বলিয়াছিলেন। ১৬৮।

্ তৃতীয়পল্লব

---2*8---

মণিচূড়াবদান

चित्रज्ञतसर्गे मकराक्षरज्ञायमानमणिवर्गे । कि

জগৎস্প্তি অভ্যন্ত অদ্ভুত, যেহেতু মকরপ্রভৃতি হিংস্রজন্তুসমাকুল সমুদ্রমধ্যেই (মহামূল্য) মণিমুক্তাদির উদ্ভব দেখিতে পাওয়া যায়। তদ্রপ (ছঃখশোকাদিসমাকুল) এই সংসারেও বিখ্যাত পুণ্যবান পুরুষরত্ব উদ্ভূত হন। ১।

স্থাধবল অট্টালিক। সমূহের প্রভাপ্রবাহে কর্পূরের স্থায় শুব্রবর্ণ পৃথিবীর সৌভাগ্যতিলকস্বরূপ সাকেত নামে একটী নগর আছে। ২।

ঐ নগরে সজ্জনের সেব্যু, প্রভাময় ও সন্থময়,গঙ্গার ভায় নির্ম্মলমনা এবং তীর্থসদৃশ পবিত্র পুণ্যকর্মা লোকসকল বাস করেন। ৩।

যশঃ দার। কুস্থমিত ও পুণ্যসৌরভে স্থরভিত স্থক্তের উদ্যান সদৃশ ঐ নগরে রাদ করিয়া পুরবাদিগণ নন্দনকাননবাদের স্থপভোগ করেন। ৪।

এই নগরে প্রভৃতগুণরত্নের উৎপত্তিস্থান মহোদধিস্বরূপ ও যশোরূপ চন্দ্রের উদ্ভব স্থান হেমচূড় নামে এক রাজা ছিলেন। ৫।

ইনি সততই সজ্জনসঙ্গদার। কলিকালদোষ হিংসা-প্রবঞ্চনাদি
দূরীভূত করিয়া সত্যযুগের স্থায় প্রজাগণকে ধর্মচারী করিয়াছিলেন। ৬।

ইনি ক্ষমাসম্পন্ন সমৃদ্ধিশালী ও বিজিতেন্দ্রিয় ছিলেন বলিয়া প্রজাগণের অত্যন্ত প্রিয় হইয়া খ্যাতিলাভ করিয়াছিলেন। ৭। তিনি অহিংস্বভেড দীক্ষিত হইয়া পবিত্র অভয় দক্ষিণা দান করিয়াছিলেন। ৮।

তিনি প্রভাবসম্পন্ন হইলেও নিরহক্ষার, বিভববান্ হইলেও প্রিয়ভাষী, শক্তিশালী হইলেও ক্ষমাশীল, এবং যৌবনেও জিতেন্দ্রিয় ছিলেন। ১।

তিনি গন্তীরপ্রকৃতি, উন্নতিশীল, শূর ও চন্দ্রবৎ কমনীয়, এবং সজ্জনের পক্ষপাতী অথচ নিরপেক্ষ রাজা হওয়ায় বিস্ময়কর হইয়া-ছিলেন। ১০।

সেই অদিতীয় রাজা হেমচ্ড়ের তুইটী প্রধান আভরণ ছিল ; একটি ত্যাগপূর্ণ কারুণ্য ও অপরটি পুণ্যশ্রীর সম্যক্ বিকাশ। ১১।

লক্ষ্মীর আবাসস্থান রাজা হেমচ্ড্রের প্রভাবশ্রীর ন্থায় নির্দ্ধোধা ও অভ্যুদয়োৎস্থকা কান্তিমতী নামে পরমপ্রিয়া মহিধী ছিলেন। ১২।

মহিষা কান্তিমতী প্রভুগুণদারা নাতির তায়, দানদারা সম্পত্তির তায় ও সুশীলতা দারা সৌন্দর্য্যের তায় রাজা হেমচ্ড় দারা অধিকতর উজ্জ্বল হইয়াছিলেন। ১৩।

রাজশ্রেষ্ঠ হেমচ্ড়ও স্বর্গপুরীর শোভাদ্বারা মেরুপর্বতের স্থায় বিখ্যাত যশোমতী মহিধী কান্তিমতা দ্বারা অধিকতর শোভিত হইয়া-ছিলেন। ১৪।

কালক্রমে মহিথী কান্তিমতী, ত্রিভুবনস্থ পদ্মের অভ্যুদয়ের অভ্যুদ্য অভ্যুদ্য

অরণি কাষ্ঠ যেরূপ অগ্নিবারা শোভিত হয় ও সমুদ্রের তটভূমি যেরূপ চন্দ্রকিরণ দারা শোভিত হয় এবং ব্রহ্মার নাভিপদ্ম ধেরূপ ভগবান্ গোবিন্দ দারা শোভিত হইয়াছিল, মহিষা কান্তিমতীও গর্ভদারা তদ্রপ শোভিত হইয়াছিলেন। ১৬। রাজা তদীয় গর্ভ দর্শনে পরম সস্তুষ্ট হইয়া মহিষীর ইচ্ছামুসারে সমস্ত প্রার্থিগণকে বাঞ্চিতের অধিক ধন দান করিয়াছিলেন। ১৭।

রাজা পুনঃপুনঃ দোহদ বিষয়ে জিজ্ঞাসা করিলে পর শুভগর্ভা মহিষী সক্ষয়তীর আয় স্বয়ং সন্ধর্মের উপদেশ করিয়াছিলেন। ১৮।

পুণ্যরূপ মণিপরিপূর্ণ বিধিসম্বন্ধ ধর্মারূপ নিধি স্থরক্ষিত হইলে উহা বিপাদ ও বিপুল জ্বঃশ হইতে রক্ষা করিয়া থাকে। ১৯।

অতি তুর্গম পরলোকমার্গের পথিক ও সংসারস্থিত তুঃখতাপে তাপিত ব্যক্তিগণের পক্ষে ধর্ম্মসদৃশ স্মিগ্ধ ও ফলপূর্ণ মহান্ ছায়ারক্ষ অহ্য আরু নাই। ২০।

ধর্মই অন্ধকারে আলোকস্বরূপ। ধর্মই বিপদ্-বিষের নাশক মণিস্বরূপ। ধর্মই যাচকের পক্ষে কল্লভরুস্বরূপ। ধর্মই পতন কালে
হস্তাবলম্বনস্বরূপ। ধর্মই জগজ্জারের রথস্বরূপ। ধর্মই পথিকের
জ্বলম্বন পাথেয়স্বরূপ। ধর্মই তুঃখ ও ব্যাধির মহৌষধ। ধর্মই
সংলারে ভয়োত্মিয়া জনের আখাসক। ধর্মই তাপনাশক চন্দনকাননস্বরূপ। ধর্ম ব্যতীত সজ্জনের স্থিরপ্রেমা অন্থ বান্ধব আর নাই। ২১।

রাজা মহিনীর এইপ্রকার ধর্মাধবল বাক্য শ্রাবণ করিয়া ভুবন ও জনমধ্যে একমাত্র ধর্মাকেই আশ্রয়রূপে গ্রাহণ করিলেন। ২২।

তৎপরে প্রসবকাল উপস্থিত হইলে মহিষী কান্তিমতী, আকাশ যেরূপ চন্ত্রকে প্রসৰ করে, তদ্রুপ জগতের তিমির নাশক একটী কুমার প্রসেব করিলেন। ২৩।

এই বালকের মস্তকে স্বাভাবিক অলঙ্কারম্বন্ধপ একটা মণি সংষ্কু ছিল। উহা তাহার পূর্ববজন্মসংসক্ত বিবেকের স্থায় নির্মাল ছিল। ২৪।

বালকের মস্তক্ষিত পুণ্যময় সেই স্থন্দর মণিটা এত উজ্জ্বল ছিল বে তাহার প্রভায় বাত্রিকালও দিনের আকার ধারণ করিয়াছিল। ২৫। বালকের মস্তক্ষ্ণিছিত ঐ উফ্টীষমণি হইতে প্রাক্রমত অমৃতবিষ্ণুর সম্পর্কে লৌহ স্থবর্ণ হয় ও তাপের শাস্তি হয়। ২৬।

রাজা জাতিমার ঐ শিশুটীর বাক্যামুসারে ওদীয় উচ্চীয় মণির রসসম্পর্কে উন্তুত সমৃস্ত স্থবর্ণই সর্ববদা অধিদিগকে দান করিতেন। ২৭।

দেবতাগণ ঐ কুমারের জন্মকালে আকাশে পুষ্পা রত্ন ধ্বজ ছত্র পতাকা ব্যঙ্গন ও অংশুকমণ্ডিত একটা পুরী প্রান্তভূতি করিয়া-ছিলেন। ২৮।

রাজা উজ্জ্বলকান্তি ও সর্কবিদ্যায় স্থনিপুণ ঐ কুমারের মণিচূড় নাম রাথিয়াছিলেন। ২৯।

ঐ স্থন্দরাকৃতি কুমার উৎপন্ন হইয়া চন্দ্র যেরূপ জ্যোৎসা ধারা সমুদ্রকে উচ্ছলিত করে, তদ্রপ পিতার মনকে হর্ষামৃত ধারা উচ্ছলিত করিয়াছিল। ৩০।

তদীয় জননী কান্তিমতী ইন্দ্রাণী যেরূপ জয়ন্ত নামক পুত্রের খারা ও পার্বিতী যেরূপ কার্ত্তিকের দ্বারা শোভিত হইয়াছিলেন, তত্ত্বপ ঐ স্কুমার কুমার দ্বারা অধিকতর শোভিত হইয়াছিলেন। ৩১।

কিছুকাল পরে রাজা হেমচূড় পুণ্যময় সোপানবারা স্বর্গধামে আরুঢ় হইলে মণিচুড়ই রাজা হইয়াছিলেন। ৩২।

অর্থীর পক্ষে চিন্তামণিসদৃশ মণিচুড়ের দানপ্রভাবে ভদীর রাজ্য পুণ্যময় ও স্থময় হইয়াছিল। তদীয় প্রজাগণের মধ্যে কেছই আর্ত্ত বা যাচক ছিল না। ৩৩।

রাজা মণিচূড়ের ভদ্রগিরি নামে একটা প্রকাণ্ড হস্তী ছিল। ঐ হস্তীটীও প্রভুর স্থায় দানার্দ্র-কর ছিল অর্থাৎ ভাহার শুশু হইতে অজন্ম মদস্রাব হইত। ৩৪।

একদা ভৃগুবংশীয় ভবভূতি নামক মূনি লাৰণাময়ী সুসুখী মুর্ভিমতী

তদীয় প্রভালক্ষীর স্থায় একটা দিব্যক্তা সঙ্গে ব্হিয়া রাজসভাস্থিত জগতীপতি হেমচুড়ের নিকট উপস্থিত হইয়াছিলেন। ৩৫—৩৬।

ঐ কন্যা তদীয় কুচৰয়ের সমধিক উন্নতিরূপ অবিবেক দ্বারা ও চরণ পদ্মদ্বয়ের সম্ধিক রাগদারা এবং নেত্রদ্বয়ের চপলতাদ্বারা অতি-লজ্জিতা বলিয়া পরিদৃষ্ট হইয়াছিল। ৩৭।

রাজা তপঃশ্রী-সদৃশ ঐ কন্যাসমন্বিত মুনিবর ভবভূতিকে আসন-দানাদি দ্বারা সমাদর করিয়া যথোচিত পূজা করিয়াছিলেন। ৩৮।

ঐ কন্যাটীও ধীর গন্তীর অথচ স্থন্দর রাজাকে অবলোকন করিয়া মনে করিয়াছিলেন যে ইনি সাক্ষাৎ কন্দর্প, পরপীড়া নিবারণার্থে করুণা-পরতন্ত্র হইয়া ধনুর্বাণ ত্যাগ করিয়াছেন। পাপনাশক এতদীয় চূড়ারত্বের কিরণ দ্বারা যেন দশদিকে কুকুমবর্ণে রক্ষালিপি লিখিত হইতেছে। আহা দোছল্যমান চামর দ্বারা কি শোভা হইয়াছে। বোধ হয় যেন জগতের উদ্ধারের নিমিত্ত সোচ্ছ্রাস সম্বন্ধণ বিকীর্ণ করিতেছেন। আহা ইনি কি স্থন্দর হৃদয়গ্রাহী রক্ত্বার পরিধান করিয়াছেন। বোধ হয় নাগরাজ বাস্থকি পাতাল-লোকের বিপৎশান্তি কামনায় ইহার সেবা করিতেছেন। কি স্থন্দর আজামুলন্দ্বিত বাহু! ইনি এই বাহুদ্বারা সসাগরা পৃথিবীকে ধারণ করিয়াছেন এবং চিত্তে প্রচুর ক্ষমাগুণও ধারণ করিয়াছেন। কন্যাটী মনে মনে এইরপ আলোচনা করিয়া বিশ্বিতা হুইলেন এবং তাহার প্রতি অভিলাধিণী হুইলেন। ৩৯—৪৩।

মুনিবর ভবভূতি কুরঙ্গনয়না অনঙ্গের জীবনীশক্তিস্বরূপা ঐ কতাকে ক্রোড়ে করিয়া মহারাজ হেমচূড়কে বলিলেন। ৪৪।

জগজ্জনের নয়নরূপ শতদলপদ্মের বিকাশকারী আপনি ও ভগবান্ সূর্য্য এই সুইজন দারাই জগজ্জনের অধিকতর শোভা হইয়াছে। ৪৫।

ইহা বড়ই আশ্চর্য্যের বিষয় যে আপনি এতই সাধুস্বভাব যে আপ নার এতাদৃশ বিপুল ঐশ্বয় সত্ত্বেও কোনরূপ মোহ বা গর্বব নাই। ৪৬। মহারাজ, আপুনি লোকের প্রতি অত্যন্ত ক্রুণারার্য রাজা। আপনার এই মৈত্রীবৃদ্ধিজনিত কীর্ত্তি অত্যন্ত বিখ্যাত হইয়াছে। ৪৭।

আপনি অতি সরল দাতা ; দানজন্ম আপনার কোন খেদ হয় না। আপনার পুণ্যকর্ম্মে কোনও ছলনা দেখা যায় না; এজন্ম আপনি মনীষি-গণের বিশেষ মাননীয়। ৪৮।

এই ঝমললোচন। কন্যাটী পদ্মগর্ভে উন্তুত হইয়াছে এবং মদীয় আশ্রমে হোমাবশিষ্ট তুগ্ধ আহার করিয়া বৰ্দ্ধিত হইয়াছে। ৪৯।

মহারাজ, আপনি এই কন্যাটীকে প্রধানা মহিষীরূপে গ্রহণ করুন। হে পুরুষোত্তম, লক্ষ্মী যেরূপ বিষ্ণুর যোগ্য, ডক্রপ ইনি আপনারই যোগ্য। ৫০।

যাগযজ্ঞাদি অনুষ্ঠান করিয়া যাহা কিছু পুণ্য সঞ্চয় হইয়াছে, তাহার সম্পূর্ণ ফল যথাকালে তুমি দিবে। মুনিবর এই কথা বলিয়া যথাবিধি রাজাকে কন্যা দান করিয়া প্রস্থান করিলেন। ৫১।

রাজা প্রিয়ম্থিয়া পদ্মাবতীকে লাভ করিয়া, মন্মথ যেরূপ রতিকে পাইয়া আফলাদিত হইয়াছিলেন, তদ্রুপ আফলাদিত হইলেন এবং পুণ্যবান্ লোক যেরূপ পুণ্যকার্য্যে রত হয়, সেইরূপ ইনিও মহিধীর সহিত রমণীয় উদ্যানবিহারে রত হইলেন। ৫২।

কিছুকাল পরে মহিষী পদ্মাবতী বংশবল্লীজাত মৌক্তিকের স্থায় গুণে পিতার আদর্শস্থরূপ পদ্মচূড় নামে একটী কুমার প্রসব করিলেন। ৫৩।

শক্রাদি লোকপালগণ যাঁহার শাসন লজ্বন করেন না এবং স্বয়ং ব্রহ্মাও যাঁহার চরিত্রের প্রশংসা করেন, যদীয় সৌরভে দিগ্দিগস্ত পরিপূর্ণ ও যিনি প্রার্থিগণের অভিলবিত বস্তু-প্রদানকারী কল্পপাদপ-সদৃশ, সেই রাজা মণিচ্ড় মুনিবচন স্মরণ করিয়া যথোচিতকালে বিপুল আয়োজন ও বিপুল দক্ষিণা ছারা অহিংসাযজ্ঞের আহরণ করিয়া-ছিলেন। ৫৪—৫৬। সর্ব্যকামপ্রদ অবারিতদার সেই যজ্ঞন্থলে ভার্মবিপ্রমুখ মুনিগণ ও ফুপ্রসহ প্রভৃতি নুপতিগণ আগমন করিয়াছিলেন। ৫৭।

অসংখ্যধনবর্ষী সেই যজ্জ সমারক্ষ হইলে দেবরাজ ইন্দ্র রাক্ষসরূপ পরিগ্রহ করিয়া অগ্রিমধ্য হইতে সমুখিত হইয়াছিলেন। ৫৮।

কৃশ ও বিকৃতবিগ্রহ রক্ষোরপী ইন্দ্র রাজসন্নিধানে উপস্থিত হইয়া কুধা ও পিপাসায় পীড়িত ভাব জ্ঞাপন করতঃ পান ও ভোজন প্রার্থনা করিয়াছিলেন। ৫৯।

শ্বনন্তর রাজার আজ্ঞানুসারে পরিচিত পরিজনগণ তাহাকে বিবিধ ভোজন দ্রব্য ও পানীয় আহরণ করিয়া দিল। ৬০।

তৎপরে রাক্ষস কিঞ্চিৎ হাস্ত করিয়া রাজাকে বলিল, রাজন্, এসকল আমাদের প্রিয় নহে। আমরা মাংসাশী। ৬১।

সদ্যোহত প্রাণীর মাংস ও প্রচুর রুধির পাইলেই আমাদের তৃপ্তি হয়; অতএব ঐরপ বস্তু যদি আপনার অভিপ্রেত হয় ত দিউন। ৬২।

আপনি সকলের সকল কামনা পূর্ণ করেন শুনিয়া আমি আপনার নিকট আসিয়াছি। আপনিও দিবেন বলিয়া অঙ্গীকার করিয়াছেন। এক্ষণে না বলা আপনার উচিত নহে। ৬৩।

করুণাপরায়ণ রাজা রাক্ষসের এবস্থিধ বাক্য প্রবণ করিয়া এবং অহিংসা নিয়ম বশতঃ অধীর বৈমুখ্য হয় বিবেচনা করিয়া বড়ই ছুঃখিত হইলেন। ৬৪।

তখন রাজা চিন্তা করিলেন যে দৈবাধীন এই ধর্মসংশয় উপস্থিত হইয়াছে। পরস্তু আমি তুঃসহ হিংসা সহু করিতে পারিব না; অথচ অর্থি-বৈমুখ্যও বড়ই তুঃসহ। ৬৫।

হিংসা ব্যতিরেকে কোন প্রকারেই শরীর হইতে নাংস পাওয়া যায় না ; কিন্তু আমি একটা পিপীলিকার পর্য্যস্ত কায়ক্রেশ সহ্য করিতে পারি না । ৬৬। আমি সর্ব্ধপ্রাণীকেই পবিত্র অভয় দক্ষিণা দিয়া কি প্রকারে এখন প্রাণী বধ করিয়া মাংস প্রদান করি। ৬৭।

করুণাকুল রাজা এইরূপ চিন্তা করিয়া রাক্ষসকে বলিলেন, আচ্ছা আমি নিজ শরীর হইতে মাংস ছেদন করিয়া রুধির ও মাংস তোমায় দিতেছি। ৬৮।

রাজা এই কথা বলিলে পয় জগৎশুদ্ধ লোক ব্যাকুল হইয়া পড়িল এবং মন্ত্রিগণ কোন প্রকারেই তাঁহার দেহনাশের উভামে অমুমোদন করিলেন না। ৬৯।

মহারাজ সমাগত নৃপতিগণ ও মুনিগণ কর্ত্তক অতি আগ্রহসহকারে নিবারিত হইয়াও নিজ দেহ কর্ত্তন করিয়া তাহাকে মাংস রুধির ও বসা প্রদান করিলেন। ৭০।

যখন ঐ রাক্ষস মহারাজের রক্ত আকণ্ঠ পান করিয়া মাংস ভক্ষণ করিতেছিল, তখন পুথিবী ক্ষণকাল কম্পিতা হইয়াছিলেন। ৭১।

তৎপরে মহিষী পদ্মাবতী স্বামীর ঈদৃশ অবস্থা অবলোকন করিয়া বিলাপ করতঃ মোহপ্রাপ্ত হইয়া ভূপতিতা হইলেন। ৭২।

রাক্ষসরূপী দেবরাজ মহারাজের এবস্ত_ূত বিপুল সন্ত দেখিয়া রাক্ষস-রূপ পরিত্যাগ পূর্ববক কৃতাঞ্জলি হইয়া রাজাকে বলিয়াছিলেন। ৭৩।

মহারাজ, আপনার এই আশ্চর্য্য ও তুক্কর কর্ম্ম দেখিয়া কোন্ ব্যক্তির দেহ রোমাঞ্চিত না হয়। ৭৪।

মহারাজ, আপনাতে রজোগুণের লেশমাত্রও নাই। আপনার পুণ্য আশ্চর্য্য ও অসামান্ত। আপনার সন্থগুণের উপমা নাই এবং ধৈর্য্যেরও সীমা নাই। ৭৫।

পুণ্যময় সজ্জনগণ এইরূপই পরতুংখে ছু: খত হয় ও ছুল্ল ভবস্তুতেও তাঁহাদের লোভ হয় না এবং শত্রুর প্রতিও তাঁহারা ক্ষমাবান্ হন। ৭৬। মহাত্মগণের কি এক অপূর্ববি সম্বোৎসাহ দেখা যায়, যাহা দ্বারা তাঁহার। এতই করুণার্দ্র হন যে ত্রৈলোক্ষণ্ডন্ধ প্রাণিমাত্রেই তাঁহাদের অমুকম্পাণাত্র হন। ৭৭।

দেবরাজ এই কথা বলিয়া দিব্য ঔষধ দ্বারা মহারাজকে স্কৃষ্ণ ও প্রদন্ধ করিয়া লুজ্জাবনত হইয়া নিজধামে গমন করিলেন। ৭৮।

তৎপরে দেবপূজিত মহীপতি মণিচূড় যথাবিধি যজ্ঞ সমাপ্তি করিয়া সমাগত মুনিগণের পূজা করিয়াছিলেন। ৭৯।

রাজা মণিচূড় যজ্ঞান্তে রত্নবৃত্তি করিয়াছিলেন এবং কন্সা গ্রাম ও পুরী দান করিয়াছিলেন; এবং ব্রহ্মরথ নামক তদীয় পুরোহিতকে একটা স্থবর্ণালঙ্কারভূষিত দেবভোগ্য অহ্ম ও সেই ভদ্রগিরি নামক গজরাজ্ঞতি দান করিয়াছিলেন। ঐ গজটী একদিনে শতবোজন পথ যাইতে পারিত।৮০—৮১।

মহারাজ ঐ গজরাজটী দান করিলেন দেখিয়া সমাগত রাজগণের মধ্যে তুপ্প্রসহ নামক একজন রাজা ঐ গজটীর প্রতি স্পৃহাবান্ হইয়া-ছিলেন। ৮২।

সমাগত রাজগণ যজ্ঞ দর্শন করিয়া বিস্ময় সহকারে প্রস্থান করিলে পর মহীপতি মণিচূড় যজ্ঞের ফল ভার্গবকে প্রদান করিলেন। ইত্যবসরে মরীচিশিষ্য বাহীক নামক মুনি তথায় উপস্থিত হইয়া সমাদরের সহিত আসন পরিগ্রহ করিলেন এবং স্বস্তিবচন সহকারে মহারাজকে বলিলেন। ৮৩—৮৪।

মহারাক্ত আমি অধ্যয়ন সমাপ্ত করিয়াছি; এক্ষণে মদীয় গুরু পরি-চর্য্যার্থী হইয়া সামান্য জনের পক্ষে তুর্ল্ল গুরু দক্ষিণা চাহিতেছেন।৮৫।

ইহ জগতে একমাত্র আপনাকেই বিধাতা ত্রন্ন ভ বস্তুর প্রদানকারী স্পৃষ্টি করিয়াছেন। কল্লবৃক্ষ কখনইত বহু হয় না; উহাচিরকালই এক।৮৬।

অতএব তপঃকৃশ ও রন্ধ মদীয় গুরুর পরিচর্য্যার্থে পুত্র সহিত পদ্মাবতী দেবীকে আপনি দান করুন। ৮৭। বাহীক মুনি এই কথা বলিলে রাজা মনে মনে দয়ি গবিরহজনিত বেদনা সম্যক্রণে স্তম্ভিত করিয়। ধৈর্য্যাবলম্বনপূর্বক তাঁহাকে বলিলেন। ৮৮।

মুনিবর, আমি আপনার অভীপ্সিত গুরুদক্ষিণ। প্রদান করি-তেছি। আমার জীবনাধিক প্রিয়তমাকে যুবরাজের সহিত প্রদান করিলাম। ৮৯।

রাজা এই বলিয়া সপুত্রা পদ্মাবতীকে মূনির পরিচর্য্যার্থে দান করিলেন। সন্ত্রময় মহাজ্মগণের দান এইরূপই নিজজীবনের প্রতি নিঃস্নেহ হয়। ৯০।

বাহীক মুনিও বিরহক্রেশে কাতর। সপুত্রা রাজমহিষীকে গ্রহণ করিয়। আশুনে গমন পূর্ববিক গুরুকে দান করিলেন। ৯১।

ইত্যবসরে বলদৃপ্ত কুরুরাজ তুপ্পদহ দূতমুখে রাজার নিকট ঐ ভদ্রগিরিনামক গজটী প্রার্থনা করিলেন। ১২।

রাজা মণিচুড় গজটী পুরোহিতকে অর্পণ করিয়াছেন বিবেচনায় উহা দিলেন না। তখন তুপ্পাসহ বিপুল সৈত্য সহকারে যুদ্ধার্থে উপস্থিত হইলেন । ৯৩।

বলবান্ কুরুরাজ নগরের মার্গদকল রোধ করিলে পর মণিচূড়েব সৈত্যগণও রণরঙ্গে উন্মন্ত হইয়াছিল। ১৪।

বীরকুঞ্জর রাজা মণিচূড় শত্রুবিদারণে সমর্থ হইলেও লোকক্ষয় ভয়ে উদ্বিগ্ন হইয়া করুণাবশতঃ চিস্তা করিতে লাগিলেন। ৯৫।

অহো রাজা তৃপ্পসহ আমার পরম মিত্র ও অমুকূল; অধুনা এই গজাটীর লোভে সহসা শক্র- হইয়াছেন। ৯৬।

স্থজনের স্নেহ চিরকালই থাকে; মধ্যম লোকের স্নেহ শেষে বিলুপ্ত হয়; এবং তুর্জ্জনের স্নেহ পরিণাগে ঘোর শক্রতায় পরিণত হুইয়া প্রাণনাশক হয়। ৯৭। অহো, সামাত্ত বিভব লোভে এই ক্ষণস্থায়ী জীবনে আমাদের এই-রূপ পরপ্রাণনিপাতের জন্ম উদ্যম হইতেছে। ৯৮।

অহো, কলহ কার্য্যে সমর্থ ও হিংসা দার। অপ্রশান্তচিত্ত এবং রুণরক্তে অভিষিক্ত রাজগণের ভোগের জন্ম এরূপ সমুদ্যম হইয়া থাকে। ১৯।

সেবার জন্ম জীবন বিক্রয় করিয়াছে ঈদৃশ পিণ্ডার্থী কুকুরের সদৃশ ক্রুর ও খল রাজগণের কলহ বড়ই ত্রঃসহ। ১০০।

অহো, বিভবলুক রাজগণের বৃদ্ধি কি নৃশংস যে উহা পরের সন্তাপে শীতল হয় এবং নিজের স্থাখের জন্মই ধাবিত হয়। ১০১।

যাহার। যুদ্ধজয়রূপ সিদ্ধি লাভ করিয়া শোণিতপাতে রঞ্জিতা রাজত্রী ভোগ করে, তাহাদের ক্রুরতর হৃদয়ে কিরূপে করুণালেশ থাকিতে পারে। ১০২।

এই রাজা হুপ্পানহ বিভবলোভে মোহিত হইয়া অপরাধী হইদেও আমার বধ্য নহে, বরং আমার কারুণ্যেরই পাত্র। ১০৩।

রাজা কারুণ্যবশতঃ এইরূপ চিন্তা করিতেছেন ও বনে গমন করিতে ইচ্ছা করিতেছেন, ইত্যবসরে চারিজন প্রত্যেকবৃদ্ধ আকাশ-মার্গে তথায় উপস্থিত হইলেন। ১০৪।

তাঁহারা রাজকর্ত্ব পূজিত হইয়। আসন পরিগ্রহপূর্ববিক প্রশাসশীল রাজার প্রতি প্রসন্ন হইয়। তাঁহার অভিগ্রষিত তত্ত্বজ্ঞানের কথা বলিয়া-ছিলেন। ১০৫।

ে ছেপাল,মোহান্ধকারে অন্ধ সংগারী লোকের প্রতি সন্ধদর্শনজনিত বিবেক-সম্পন্ন ভোমার দয়ালুতা বড়ই শোভা পাইতেছে। ১০৬।

রাজন, আপনি আপনার অভিপ্রেত কার্যাই করুন। বোধিতেই বুদ্ধি নিহিত করুন। সম্প্রতি আপনার নগর শত্রুকর্তৃক অবরুদ্ধ হইয়াছে। আপনি বনেতেই অবগাহন করুন। ১০৭। নিঝ রিণীর মধুর বক্ষার ও শীতলবারিকণায় পরম সম্ভোষপ্রদ নিজ ন কানন-প্রদেশ প্রশান্তচিত্ত ব্যক্তিরই প্রীতিপ্রদ। ১০৮।

প্রত্যেকবৃদ্ধগণ এই কথা বলিয়া আকাশমার্গে রাজার গতি বিধান পূর্ববক প্রভাষারা দিগস্ত আলোকিত করিয়া রাজার সহিত গমন করিলেন। ১০৯।

তাঁহারা নিজ আশ্রম হিমালয়তট-কাননে গমন করিলে পর রাজা মণিচূড় সম্যক্ শান্তি লাভ করিলেন। ১১০।

সম্বসম্পন্ন রাজার বৃদ্ধি বিবেক দারা নির্মান ছিল, এজন্ম তিনি কাননভূমিকে প্রিয় বোধ করিয়াছিলেন। ১১১।

রাজরপ সূর্য্য ভূধরে অন্তরিত হইলে প্রজাগণ মোহান্ধকারে পতিত হইয়া শোক কবিয়াছিল। ১১২।

তৎপরে তাঁহার মন্ত্রিগণ মরীচি মুনির আশ্রমে গিয়া তাঁহার নিকট রাজ্য রক্ষায় সমর্থ রাজপুত্রকে প্রার্থনা করিলেন। ১১৩।

মুনিবর কর্ত্ ক অকপটহাদয়ে অর্পিত রাজকুমারকে গ্রহণ করিয়া
মন্ত্রিগণ স্বনগরে গমনপূর্বকি সৈহ্যগণকে যুদ্ধার্থে উদেযাগী হইতে
আদেশ করিলেন। ১১৪।

তৎপরে সৈন্যগণের উৎসাহদাতা রাজপুক্র সৈন্যগণের অগ্রসর হইয়া যুদ্ধস্থলে কুরুরাজের নিকট উপস্থিত হইলেন। ১১৫।

কুরুরাজ রাজপূত্র কর্তৃক হতবিধ্বস্ত হইয়া এবং রথ ও কুঞ্জরাদিসমস্ত নফ্ট হওয়ায় প্লায়নপরায়ণ হইয়া হস্তিনাপুরে প্রস্থান করিলেন। ১১৬।

রাজা তুম্প্রসহ বলবান্ রাজপুত্র কর্তৃক যুদ্ধে পরাজিত হইলে পর মন্ত্রিগণ তাঁহার হস্তেই রাজ্যভার অর্পণ করিলেন এবং ভূমি ও ধৃতি ছুইই প্রাপ্ত হইলেন। ১১৭।

কিছুকাল পরে কলুষাত্মা রাজা ছুম্প্রসহের নগরে রপ্তির অভাবে ছুভিক্ষ উপস্থিত হইল এবং তৎসঙ্গে মড়কও উপস্থিত হইল। ১১৮। রাজা তুপ্প্রসহ প্রজাগণের ভীষণ আপদ উপস্থিত দেখিয়া অত্যস্ত অনুতপ্ত হইলেন এবং বাহা কিছু মঙ্গল কার্য্য করিলেন তৎসমুদয়ই বিফল হইল দেখিয়া কোনরূপেই পরিত্রাণ পাইবার উপায় খুঁজিয়া পাইলেন না। ১১৯।

রাজা তুপ্পদহ অমাত্যগণকে বিপদের প্রতীকারের কথা জিজ্ঞাদা করিলে তাঁহারা বলিয়াছিলেন, যে মহারাজ, প্রজাগণের এই বিপৎ-পাত বড়ই তুঃসহ। যদি রাজা মণিচূড়ের স্থধাবর্ষী চূড়ামণিটী লাভ করা যায়, তাহা হইলে এ বিপদ হইতে উদ্ধার হয়। ১২০-১২১।

আমরা চারমুখে শুনিয়াছি যে মহারাজ মণিচূড় সংসারে বিমুখ ও বিবেকদারা বিমলাশয় হইয়া হিমবান পর্বতের তটভূমিতে বাস করিতেছেন। ১২২।

ভূমগুলে চিন্তামণিসদৃশ মহারাজ মণিচূড় প্রার্থিত হইলে নিশ্চয়ই তাঁহার মস্তক হইতে মণি দান্ করিবেন। তাঁহার নিকট এমন কি শরীর পর্যান্ত অদেয় নাই। ১২৩।

রাজা তুপ্প্রসহ মন্ত্রিগণের এইরূপ বাক্য শ্রবণ করিয়া তাহাই অবধারণ করিলেন এবং মণিপ্রার্থনার্থে কয়েকটি ব্রাহ্মণকে তাঁহার নিকট পাঠাইলেন। ১২৪।

ইত্যবসরে রাজা মণিচূড় বনে বিচরণ করিতে করিতে মুনিবর মরীচির আশ্রমের নিকট উপস্থিত হইলেন। ১২৫।

তথায় মুনির আজ্ঞানুসারে ফলমুলাশিনী ধৃতব্রতা পদ্মাবতী দেবী বিজ্ঞন বনে ভীতভাবে গমন করিতেছেন, এমন সমন্ত্র মুগয়াপ্রসঙ্গের তথায় সমাগত শবরগণ তাঁহাকে দেখিয়া গ্রহণ করিতে ইচ্ছুক হওয়ায় তিনি কম্পমানকলেবরা হইয়া করুণস্বরে রোদন করিতেছিলেন। ১২৬-১২৭।

রাজা মণিচূড়, "হা মহারাজ মণিচূড়, রক্ষা কর" এইরূপ স্তৃত্বঃসহ কুরঙ্গীকুজিতসদৃশ সকরণ রোদন্ধনি এবণ করিয়া, সবেগৈ ধাবিত হইলেন ও রাহুসন্ত্রাসিত চন্দ্রের নিপতিত ত্যুতির স্থায় নিজকাস্তাকে দেখিলেন। ১২৮-১২৯।

রাজা মণিচূড় অঙ্গরাগবদনাদিঃহিতা, কজ্জলপরিগ্রহবর্জিতা, হার-রহিতস্তনমগুলা ও অশ্রুকধায়নয়না কলহংসগামিনী পদ্মাবতী দেবীকে সস্তোগসংখোগের অনিত্যতার সাক্ষিস্তরূপ অবলোকন করিলেন। তখন তাহার মন সংসারের অনার্য্য আচরণ বিচার করিয়া কর্কশ হইলেও কুপারূপ ছুরিকা দ্বারা যেন ছিন্ন হইয়াছিল। ১৩০-১৩২।

অনাথা দেবী পদ্মাবতী ছত্রচামরবর্জিত লোকনাথ নিজনাথকে একাকী তথায় আগত দেখিয়া তাঁহার বিয়োগবিষে জর্জরিতা ও তদ্দর্শনরসে আপ্লুতহৃদয়া হওয়ায় শোক ও হর্ষ উভয়েই অত্যন্ত বিহবল হইয়া-ছিলেন। ১৩৩—১৩৪।

শবরগণ রাজাকে দেখিয়া শাপভয়ে ভীত হইয়া পলায়ন করিল। সূর্য্যের উদয় হইলে অন্ধকার কোনমতেই অবস্থান করিতে পারে না। ১৩৫।

ইত্যবসরে সর্ববপ্রাণীর আশয়শায়ী শাস্তিবিদ্বেষ্টা কামদেব পুরুষরূপ পরিগ্রহ করিয়া রাজসমীপে উপস্থিত হইলেন ও বলিলেন। ১৩৬।

হে রাজীবলোচন মহারাজ, আপনার এই প্রণয়িনী প্রিয়তমা ভার্য্যাকে এইরূপে বিজন বনে ত্যাগ করা উচিত নহে। ১৩৭।

হে রাজরাজ, ইনি আপনার মনোরত্তি অমুসারেই রাজ্যভোগ-স্থুখ ত্যাগ করিয়াছেন। ইহা ভাল দেখাইতেছে না। ১৩৮।

রাজা এই বাক্য শ্রবণ করিয়া উহাকে বিবেকের অন্তরায় মনোভব বলিয়া চিনিতে পারিলেন ও হাস্ত সহকারে প্রত্যুত্তর দিলেন। ১৩৯।

কামদেব, আমি ভোমাকে জানি। শাস্তি বা সংযমে ভোমার ইচ্ছার লেশও নাই। সস্তোষণীলদিগের মধ্যে কোন ব্যক্তিই ভোমার দ্বারা মোহিত হয় নাই। ১৪০। রাজা এই কথা বলিলে পর কামদেব সহসা অন্তরিত হইলেন। বিরহাগ্রিসম্ভপ্তা দেবী পদ্মাবতীও অত্যস্ত বিহ্বলা হইয়াছিলেন। ১৪১।

কামবিজয়ী রাজ। মণিচূড় পতিবিয়োগিনী অতিকুঃখিত। নিজজায়াকে আশ্বাস প্রদানপূর্ববিক বলিয়াছিলেন। ১৪২।

দেবি, তুমি ধর্মাকর্মো লিপ্ত আছে। ইহাতে কোনরূপ ছঃখ করিও না। ভোগবিলাসাদি সমৃদয়ই পরিণামে বিরস[্]ও ছঃখ-প্রদ।১৪৩।

তরঙ্গসদৃশ-তরল-আয়ু:সম্পন্ন দেহিগণের দয়িতাসঙ্গও পদ্মপত্রস্থ জলবিন্দুর স্থায় অতি চঞ্চল। ১৪৪।

সম্পাদাদি কৃষ্ণবর্ণমেঘে বিহ্যলভার ভায় মুহূর্ত্তকালমাত্র নৃত্য করিয়া লীন হয়। উহা সংসাররূপ সর্পের জিহ্বাস্বরূপ ও অতি চপল। ১৪৫।

ভোগবাসনার ক্ষণকাল পরেই বিয়োগ উপস্থিত হয়। বিভবসম্পত্তি স্বপ্রসময়ে বিবাহসদৃশ। স্থখনী বাতাহত দীপশিখার ভায় চঞ্চলা। যাহা কিছু সংসারের ব্যবহার দেখিতেছ, তৎসমুদয়ই ভূতের নৃত্য জানিবে। ১৪৬।

করুণাই সকলের আশ্রয়ণীয়; লক্ষ্মী নহে। ধর্ম্মই আলোকপ্রদ; দীপ নহে। যশই রমণীয়; থৌবন নহে। তদ্রুপ পুণাই চিরস্থায়ী। জীবন চিরস্থায়ী নহে। ১৪৭।

সত্যত্রত রাজা এইরূপে নিজপত্নীকে সাস্থনা করিয়া মহর্ষির আশ্রমে পাঠাইয়া দিলেন ও নিজে সস্তোষ ও পুণ্যময় সংসার-পরাষ্ম্থ মুনিগণের তপোবনে বিচরণ করিতে লাগিলেন। ১৪৮।

ইত্যবসরে রাজা ত্রপ্রসহকর্তৃক প্রেরিত পাঁচটা ব্রাহ্মণ তথায় উপস্থিত হইয়া অর্থিগণের একমাত্র বন্ধু বিশুদ্ধদম্ভ মহারাজ মণিচূড়কে বনাস্তে দেখিতে পাইলন। ১৪৯।

তাঁহারা ভয়প্রযুক্ত অধীব হইয়া মন্দম্বরে স্বস্তিবাক্য উচ্চারণ

कतिया मोर्च ७ ७३० निःशांत्र भाता जीख दः । छात्रनर्ग्तिक ठाँशांक विलालन । ১৫० ।

মহারাজ, রাজা জ্প্রসহের নগরে ক্রুর উপসর্গনারা শাস্তি নম্ট হইয়াছে; তত্রত্য লোকগণের সমস্ত কামনাই নির্মূল হইয়াছে; কেবল আর্ত্তস্বরমাত্র আছে। ১৫১।

হে দেব, অশেষদোষের শান্তির একমাত্র কারণ ও ুত্রৈলোক্য-রক্ষাকার্য্যে বিখ্যাতপ্রভাব ভবদীয় চূড়ামণিটী যদি দান করেন, তাহা হইলে সমস্ত উপসর্বের শান্তি হয়। ১৫২।

দরাপরায়ণ চন্দনপল্লববৎ শীতল স্বচ্ছাশয় ও চন্দ্রকাস্তমণিবৎ প্রকাশমান ভবাদৃশ মহাজ্মগণই লোকের সন্তাপকালে রক্ষক হইয়া থাকেন। ১৫৩।

ব্রাহ্মণগণ কর্ত্ত্ক এইরূপ প্রার্থিত হইয়া করুণারসে আপ্লবমান রাজা মণিচূড় প্রবণমার্গদারা অন্তঃপ্রবিষ্ট জনগণের সন্তাপের কথা চিন্তা করিয়া বলিলেন। ১৫৪।

আহা রাজা তুপ্পসহ দৈব উপসর্গে নিপীড়িত প্রজাগণের বিয়োগ-তুঃখজনিত মর্ম্মপ্রশী আর্ত্তনাদ কিরূপে সহ্য করিতেছেন। ১৫৫।

এই আমার মস্তকমূলসমূদ্রত মণি সত্বর কর্ত্তন করিয়া গ্রহণ করুন। অস্ত আমি ধন্ত হইলাম; যেহেতু ক্ষণকালের জন্তও অর্থিজনের তুঃখক্ষয়ের কারণ হইলাম। ১৫৬।

রাঙ্গা মণিচূড় এই কথা বলিবামাত্র সসাগরা ধরিত্রী রাজার শির-স্তটের উৎপাটন জনি হ তীত্র হঃখ বশ হই যেন বছক্ষণ কম্পিতা হইয়া-ছিলেন। ১৫৭।

ভৎপরে করুণাকোমলচিত্ত ও (ইদানীং সর্বিকার্য্যবশতঃ) স্থতীক্ষ্ম শস্ত্র অপেক্ষাও তীক্ষচিত্ত রাজা মণিচূড় নিজহন্তে স্থতীক্ষ্ম সম্ভ্রারা মস্তক পাটন করিতে উত্তত্ত হইলেন। ১৫৮। মহারাজ মণিচূড়ের এই ত্বন্ধর কর্মা অবলোকন ক্রিবার জন্ম ব্রহ্মা প্রভৃতি দেবগণ সিদ্ধবিভাধরগণ সমভিব্যহারে আকাশমার্গে আগমন করিয়াছিলেন। ১৫৯।

অর্থিগণের স্থথের নিমিত্ত উত্মক্ত রাজা মণিচূড় মস্তক হইতে মণি উৎপাটনকালে রত্নপ্রভার ভ্রান্তিপ্রদ রক্তপ্রবাহে অভিধিক্তদেহ হইয়া প্রবল ব্যথা সহু করিয়াছিলেন । ১৬০। .

রাক্ষসভাবাপর ব্রাক্ষণগণ সন্ত ও ধৈর্য্যসম্পন্ন রাজা মণিচূড়কে তৎ-কালে তীব্রবেদনায় নিমীলিতনয়ন দেখিয়াও ক্ষণকালের জন্ম নৃশংস ব্যবহার হইতে বিরত হন নাই। ১৬১।

রাজা নিজ শরীরে তুঃখ অন্মুভব করিয়া সংসারিগণের শরীর এবস্বিধ লক্ষ লক্ষ তুঃখে আক্রন্তি হয় বিবেচনা করিয়া অধিকতর তুঃখিত হইয়া-ছিলেন। ১৬২।

রাজা মনে মনে চিন্তা করিয়াছিলেন যে এই দেহসংলগ্ন মণিদানদ্বারা আমি যাহা কিছু পুণ্যফল প্রাপ্ত হইলাম, তদ্বারা আমি কামনা করি যে জনগণের পাপজনিত নরকে যেন উগ্র ছঃখ না হয়। ১৬০।

রক্তলিপ্ত ও বসালিপ্ত সেই মণিটা নিশ্চল তালুমূল হইতে উৎপাটিত হইলে পর রাজা মূর্চ্ছাকুল হইয়াও অর্থীর মনোরথ পূর্ণ হইয়াছে বিবে-চনায় সহর্ষ হইয়াছিলেন। ১৬৪।

রাজা কম্পিতাঙ্গুলিপল্লব নিজ হস্তবার। ঐ মণিটী আক্ষণগণকে দান করিয়া নোহবশতঃ চক্ষু মুদ্রিত করিয়া দ্বিতীয় সূর্য্যের স্থায় ভূমিতে পতিত হইলেন। ১৬:।

সন্ত্রসম্পন্ন রাজা মণিচূড় দেবগণের পুপার্ষ্টির সহিত ভূমিতে পতিত হইলে পর দিজগণ মণি গ্রহণ করিয়া সত্তর রাজ। তুপ্প্রসহের নগরে গমন করিলেন। ১৬৬। রাজা ছম্প্রসহ সেই মণি লাভ করিলে তাঁহার সমস্ত উপসর্গ প্রশমিত হইল এবং তিনি স্বর্গোচিত ভোগ প্রাপ্ত হইলেন। তখন তিনি বোধিসন্থের সমস্ত সন্থসন্তারণের উপযুক্ত সন্বগুণের প্রশংসা করিয়াছিলেন। ১৬৭।

ইত্যবসরে মরীচি, ভার্গব ও গৌতম প্রভৃতি মুনিগণ রত্ত্বদানে বিখ্যাত সংজ্ঞাপ্রাপ্ত রাজা মণিচুড়ের নিকট সমাগত হইলেন। ১৬৮।

মরীচিমুনির অনুগামিনী পদ্মাবতা দেবী রাজাকে পরিক্ষত অবস্থায় বিলোকন করিয়া ক্ষণকাল মোহবেগবশতঃ ছিন্ন বাললতার আয় ভূমিতে পতিত হইয়াছিলেন। ১৬৯।

তৎপরে নভশ্চর চারণগণকর্তৃক রাজার প্রশংসাবাদ দিগস্তে সঞ্চা-রিত হইলে রাজপুত্র ও মন্ত্রিগণ সহ সমস্ত প্রজাগণ রাজার নিকট আগমন করিল। ১৭০।

তাহারা রক্তাক্তকলেবর ও প্রবলবেদনাক্লিফ্ট ভূপভিত রাজা মণি-চূড়কে এত ক্লেশেও অক্ষীণসম্ব অবলোকন করিয়া সকলেই এই অসম্ভব ঘটনার বিষয় জল্পনা করিতে লাগিল। ১৭১।

(তাঁহারা বলিয়াছিলেন) হায় কতকগুলি তুরাত্মা কুঠারিক স্বার্থ-প্রণোদিত হইয়া এই দয়ার্দ্র সরল ও সদাচারী মহারাজরূপ ছায়াতরুকে ছেদন করিয়াছে। ১৭২।

আহা ইনি পরের জন্ম জীবন ত্যাগ করিয়া কি চমৎকার দশাপ্রাপ্ত হইয়াছেন। সহকার বৃক্ষেরই সৌরভযুক্ত দেহ ছিন্ন হয় এবং উহা-কেই উদার বলে। ১৭৩।

লুব্ধ জনের পক্ষে স্বজনও আত্মীয় হয়না এবং কামী ব্যক্তি ধনের অমুরোধ করে না। তদ্রপ প্রাণিগণের হিভোদ্যত দয়ালু ব্যক্তির নিজ দেহও স্লেহপাত্র হয় না। ১৭৪।

অর্থিগণ যে প্রাণের জন্য সর্ববপ্রকারে দীনভাব প্রাপ্ত হয়

সেই প্রাণই দীনজনের উদ্ধরণেচ্ছু মহাত্মগণের পক্ষে তৃণতুল্য বিবেচিত হয়। ১৭৫।

মুনিগণের এইরূপ নানাবিধ কথোপকথন হইতেছে, এমন সময় সাশ্রুনয়ন মরীচিমুনি রাজার নিকট আসিয়া প্রণয়পূর্ববক বলিলেন। ১৭৬।

রাজন্ আপনি দয়াবশতঃ লোকের প্রতি নিন্ধারণ বন্ধুভাব অবলম্বন করিয়া প্রজাগণের পরিত্রাণের একমাত্র উপায়স্বরূপ নিজদেহ তৃণবৎ ত্যাগ করিয়াছেন। ১৭৭।

নিরপেক্ষরত্তি ও অর্থিবন্ধু আপনি কমলার আশ্রেয়ভূত নিজদেহকে বিনাশ পদে নিযুক্ত করিয়াছেন। এই প্রাণপণ পুণ্যব্রতে আপনার কোনরূপ ফলস্পৃহা আছে কি না এবং আপনার চিত্ত অর্থীর জন্য তালু-ভেদ জনিত খেদে বিকার প্রাপ্ত হইয়াছে কি না। ১৭৮—১৭৯।

মুনিগণের সন্মুখে অন্ত্তরসাবিষ্টমানস মরীচিমুনিকর্তৃক এইরূপ জিজ্ঞাসিত হইয়া রাজা মণিচূড় প্রযত্মসহকারে বেদনা স্তব্ধ করিয়া এবং রক্তাক্ত মুখমণ্ডল প্রমার্জিত করিয়া বলিয়াছিলেন। ১৮০।

মুনিবর, আমার অন্থা কোন ফলকামন। নাই। একমাত্র প্রেবল অভিলাষ এই যে ঘোর সংসারে নিমগ্র জন্তুগণের উদ্ধারের নিমিত্তই আমি সংসারে যেন আসি। ১৮১।

অর্থিজনের প্রিয় এই দেহচ্ছেদে আমার কিছুমাত্রও বিকার হয় নাই। যদি আমার এই প্রতিজ্ঞা সত্য হয়, তাহা হইলে আমার এই শরীর সুস্থ হউক। ১৮২।

সত্যধন রাজা এইরূপ সম্বগুণোচিত বাক্য বলিবামাত্র তাঁহার সত্যবলে তৎক্ষণাৎ তাঁহার শরীর আরোগ্য লাভ করিল এবং মস্তকস্থ রত্নও উদ্ভূত হইল। ১৮৩।

তদনস্তর ইন্দ্র ও ব্রহ্মা প্রভৃতি হর্ষান্বিত দেবগণ এবং মুনিগণ কর্ভৃক

পৃথিবী পালনের জন্ম প্রার্থিত হইয়াও রাজা মণিচূড় আর ভোগাভিলাষী হইলেন না। ১৮৪।

প্রাপ্তসংজ্ঞা পদ্মাবতী দেবী মুনিকর্ত্ক প্রযুক্ত। হইয়া রাজপুত্রের সহিত নিজের বিরহবেদনার শান্তির নিমিত্ত প্রজাগণের স্থাকর রাজার সিংহাসনারোহণ প্রার্থনা করিয়াছিলেন। ১৮৫।

তৎপরে ক্বপাপরায়ণ পূর্নেবাক্ত প্রত্যেকবৃদ্ধগণ জগতের হিতার্থে দেহপ্রভাষারা দিগন্ত পূর্ণ করিয়া তথায় আগমন করিলেন ও সহাস্থ বদনে রাজাকে বলিলেন। ১৮৬।

রাজন্, বহুকালের পর বিরহের অবসান হইয়াছে; এখন রাজপুত্র বা দেবী পদ্মাবতী কেহই অসহ্য পরিত্যাগদশা সহ্য করিতে পারিবেন না। দুঃখপরম্পরা বারংবার উপর্যুপরি হইতে পারে না। ১৮৭।

যিনি শরণাগত ব্যক্তির তুঃখনাশার্থে নিজ দেহ অর্থীকে প্রদান করেন, তিনি স্বজনের প্রতি কিরূপে উপেক্ষা করিবেন। ইহাও পরোপকার ধর্ম্ম জানিবে। ১৮৮।

নরেশ্বর প্রত্যেকবুদ্ধগণকথিত এই বাক্য শ্রেবণ করিয়া মনে মনে তথাস্ত নিশ্চয় করিয়া বিমানদ্বারা আকাশমার্গে নিজপুরীতে গমন করিয়া পুজের সহিত নিজ রাজ্যপদ প্রাপ্ত হইলেন। ১৮৯।

এইরূপে বিপুলসম্ব ও সত্যবান্ বোধিসম্ব স্থৃচিরকাল রাজ্য ভোগ করিয়া সৌগতধাম প্রাপ্ত হইয়াছিলেন। তিনি নানাবিধ জিনমন্দির, মনিময় চৈত্য এবং ছত্র রত্ন ও প্রদীপ প্রভৃতি দারা বিপুল কীর্ত্তি স্থাপন করিয়াছিলেন। ১৯০।

ভগবান্ বুদ্ধ দানোপদেশ দারা ভিক্ষুকগণের সম্যক্ সম্বুদ্ধিলাভের জন্ম এইরূপ নিদর্শনস্থরূপ নিজেব পূর্ববিজন্মবৃত্তান্ত বলিয়াছিলেন। ১৯১।

চতুর্থ পল্লব

মান্ধাত্রবদান

योभको भुवनेषु भव्यमनसां यक्यककाक्ताकर-प्रीकृदिश्वितचाक्चामरसितच्छवस्मिताः सम्पदः। यचीत्सपिति तिपितश्वति यथः कपूरिपूरोज्ज्वलं स्वस्यं दानकणस्य तत् फलमहो दानं निदानं श्रियः॥१॥

স্বর্গীয় অপ্সরাগণের বাহুদণ্ড দ্বারা সঞ্চালিত মনোজ্ঞ চামরকলাপ মাহার হাস্তচ্চটা বলিয়া গণ্য হয়, এরূপ অতুল সম্পদ্ এবং কর্পূররাশির স্থায় উজ্জ্বল ও কর্ণের পরিতৃপ্তিজনক যশোগান ত্রিভুবনস্থ পুণ্যশীল গণেরই হইয়া থাকে। এ সকলই তাঁহাদের সামান্যমাত্র দানের স্বল্পমাত্র ফল বলিয়া জানিবে। দানই সকল সম্পদের নিদান। ১।

উপোষধ নামে প্রভাবশালী এক রাজা ছিলেন। দেবগণ তুগ্নোদধির স্থধার স্থায় তদীয় কীর্ত্তিও অতিশয় ভাল বাসিতেন। ২।

বিপুল ঐশর্য্যসম্পন্ন ও তেজস্বী এই পৃথিবীপালের সম্মুখে প্রণান-কালে এমন কোন রাজা ছিল না, যাহার মস্তক স্বয়ং নত হয় নাই। ৩।

বিশুকা বৃদ্ধি যেমন ধর্ম দারা ভূষিত হয়, দয়ালুতা যেমন দানদারা অলঙ্কত হয় এবং ঐশর্য্য যেমন বিনয়দারা শোভিত হয়, তক্রপ
ইহাঁর দারা পৃথিবী ভূষিত হইয়াছিলেন। ৪।

ইনি গুণবান, উন্নতবংশসম্ভূত ও চন্দ্রসদৃশ বিমলকান্তি ছিলেন বলিয়া অস্থাম্ম রাজগণ আতপত্রের ন্থায় ইহাঁকে মন্তকোপরি স্থান দিয়াছিলেন। ৫। গঙ্গাজলের ন্যায় শুল্র ও উজ্জ্বল এতদীয় যশ রাজগণ শিরোধার্য্য করিতেন। উহা ত্রিভুবনের আভরণস্বরূপ হইয়া ত্রিলোকে অনবরত শ্রমণ করিতেছে। ৬।

ইনি দেবরাজ ইন্দ্র অপেক্ষাও অধিক ঐশর্য্যবান্ ছিলেন এবং সহস্র সহস্র যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন। ষষ্ঠি সহস্র স্থানরী ইহার কলত্র ছিলেন। ৭।

একদা ইনি মুনিগণের রক্ষার নিমিত্ত রাক্ষসগণের ধ্বংসসাধন মানসে অখারোহণ করিয়া তপোবনভূমিতে বিচরণ করিতেছিলেন। ৮।

তথায় কতিপয় রাজর্ষি পুজেপ্তি যজ্ঞ করিয়া একটি মন্ত্রপূত জলপূর্ণ কলস রাথিয়াছিলেন। ইনি পথশ্রান্তি বশতঃ পিপাসার্ত হওয়ায় ঐ কলসের সমস্ত জলই পান করিয়াছিলেন। ৯।

মহীপতি বিজনস্থানে প্রাপ্ত কলস হইতে ঐ মন্ত্রপূত জল পান করিয়া যখন রাজধানীতে আসিয়াছিলেন, তখন তাঁহার গর্ভলক্ষণ প্রকাশ পাইয়াছিল। ১০।

স্বপ্ন মায়া ও ইন্দ্রজালাদি যাগার কৌতুকবারির এক একটি বিন্দু স্বরূপ, সেই ভবিতব্যতাই শত শত আশ্চর্য্য কর্ম্মের আকর ও সর্ব্বাপেক্ষা ক্ষমতাশালিনী। ১১।

বিবিধ বিচিত্র কর্ম্মের বিধানকর্ত্ত। বিধাতার আশ্চর্য্য লিপিবিস্থাসের কে অন্যথা করিতে পারে। ১২।

কালক্রমে রাজা উপে: বধের মস্তকে একটি ত্রণ হইল এবং ঐ ত্রণ-স্থান ভেদ করিয়া সূর্য্যসদৃশ তেজস্বী দিব্যকান্তি কুমার জন্মগ্রহণ করিলেন। ১৩।

রাজপত্নীগণ বাৎসল্য বশতঃ প্রক্রতক্ষীরা হইয়া জগৎসাম্রাজ্য রক্ষা উদ্দেশে মূর্ত্তিমান্ পুণ্যসদৃশ ঐ বালককে গ্রহণ করিয়াছিলেন। ১৪। এই শ্লাঘ্য শিশু আমাকে জননী পদে ধারণ করিবে, রাজপত্মীগণ পরস্পর এইরূপ আলাপন করিতেছিলেন বলিয়া ঐ রাজকুমারের নাম মান্ধাতা হইল। ১৫।

ঐ বালক পুণ্যক্রীড়া করিবার জন্ম আক্ষয় আয়ু:কাল লাভ করিয়া বর্দ্ধিত হইতে লাগিল। ছয়জন ইন্দ্রের পতনকাল পর্য্যস্ত ইনি বাল্য-লীলাতেই বর্ত্তমান ছিলেন। ১৬।

অতঃপর ইনি নবযৌবন প্রাপ্ত হইয়া সর্ক্রবিধ বিদ্যায় পারদর্শী হইলেন এবং পিতার স্বর্গারোহণের পর পুরুষক্রমাগত রাজ্য লাভ করিলেন। ১৭।

ইহাঁর পুণ্যবলে দিবৌকসনামক যক্ষ ভৃত্যরূপে ইহাঁর অভিষেকের সমস্ত দিব্য উপকরণ আহরণ করিয়াছিলেন। ১৮।

ইনি উষ্ণীষশেখর ও স্বর্ণমুকুট ধারণ করিলে শরৎকালীন মেঘের উপর স্থামেরু পর্ববতের স্থায় শোভা হইত। ১৯।

ইহাঁর অভিষেক কালে চক্র, অশ্ব, মণি, হস্তী, স্ত্রী, গৃহ ও দেনা এই সাতটি রত্ন প্রাত্মর্ভ ত হইয়াছিল। ২০।

শক্রবিজয়ী রাজা মান্ধাতার সহস্র পুত্র হইয়াছিল এবং সকল পুত্রই পিতার ভায় রূপবান্ ও বলবীর্য্যসম্পন্ন হইয়াছিল। ২১।

রাজা মান্ধাতা চতুঃসাগরমেখলা এই বিপুল বস্থধাকে নিজহস্তে ধারণ করিয়া বাস্ত্রকিদেবের মস্তকের বিশ্রাস্তি সম্পাদন করিয়া-ছিলেন। ২২।

ইনি ত্রিভূবনের সন্তাপনাশে বন্ধপরিকর ছিলেন। লক্ষ্মী ইহাঁকে নূতন আশ্রয় পাইয়া প্রীত হইয়াছিলেন। চক্রবর্তী মান্ধাতা ভগবান্ থিফুর দক্ষিণ হস্তস্বরূপ ছিলেন। ২৩।

ইহাঁর কীর্ত্তি জাহ্নবীর ন্যায় ত্রিভুবনের পবিত্রতাকারিণী ছিল। প্রভাবই ইহাঁর সম্পদের আভরণ ছিল। ইনি পুণ্যলতার প্রথম পুম্পোদ্লম স্বরূপ ছিলেন। ২৪। একদা মান্ধাতা মন্ত্রিগণের সহিত বনাস্তভূমিতে বিচরণ করিতে ছিলেন ও মনোজ্ঞ বিকসিত পুষ্পারাশির শোভা বিলোকন করিতে-ছিলেন। ২৫।

তথায় তিনি কতকগুলি পক্ষহীন পাদচারী পক্ষী দেখিতে পাইলেন। তাহারা যেন আকাশগতির কথা স্মরণ করিয়া তঃখে কৃশ হই-য়াছিল। ২৬।

রাজ। বস্ত্রহীন ও ব্লত্তিহীন দরিদ্রগণের স্থায় পক্ষহীন এবং গতিহীন বিহুগগণকে বিলোকন করিয়া কুপাপরবশ হইয়া বলিয়াছিলেন। ২৭।

আহা এই দীন বিহগগণ কি ত্লব্দ্ম করিয়াছে যে ইহারা পক্ষহীন হুইয়া অতিকটে পদদ্বারা বিচরণ করিতেছে। ২৮।

করুণাকুলিতচিত্ত রাজা এই কথা বলিলে পর তাঁহার সম্মুখস্থ সত্য-সেন নামক মন্ত্রী তাঁহাকে বলিলেন। ২৯।

মহারাজ, আমি বনেচরগণের প্রমুখাৎ শুনিয়াছি, কি কারণে এই সকল পশ্দিগণের পক্ষ-পাত হইয়াছে। ৩০।

এই পুণ্যধাম তপোবনে তপস্বী স্বাধ্যায়নিরত ও দীপ্ততেজা পাঁচ শত মুনি বাস করেন। এই পক্ষিগণ সর্ববদাই বনমধ্যে কোলাহল করিয়া ইহাঁদের অধ্যয়ন ধ্যান ও জপের বিদ্ন সম্পাদন করিত। ৩১—৩২।

মুনিগণ কর্ণজ্বকারী বিহগগণের ধ্বনি শ্রবণ করিয়া ঐ দলবদ্ধ বিহগগণের প্রতি অত্যস্ত ক্রুদ্ধ হইয়াছিলেন। তাঁহাদের শাপানলে অপরাধী পক্ষিগণের পক্ষসকল ক্ষণকালমধ্যে বিশীর্ণ হইয়া পড়িয়া গিয়াছিল। ৩৩—৩৪।

এই সেই বিহুগগণ পক্ষরহিত হইয়া অতিকফে আপনার বিপক্ষ-গণের বনমধ্যে পাদদ্বারা বিচরণ করিতেছে ও অত্যস্ত শ্রম বোধ করি-তেছে। ৩৫। রাজা মাদ্ধাতা অমাত্যকথিত এই বাক্য শ্রাবণ করিয়া করুণা-পরায়ণ হইলেন এবং পক্ষিগণের শাপর্ত্তান্ত শ্রাবণ করিয়া বড়ই তাপিত হইলেন। ৩৬।

আছে। শান্তিপরায়ণ বনবাসী মুনিগণেরও কি ভয়ানক ক্রোধ। অঙ্গারবর্তী অগ্নিও মুনিগণের পরিণত তেজ নিশ্চয়ই দক্ষ করিবে। ইহাঁদিগকে কেহই নিবারণ করিতে পারে না। ৩৭।

যাঁহারা ক্ষমাবারি দারা কোপতপ্ত মনের পরিষেচন করিতে পারেন নাই, তাঁহাদের নিজস্থথের জত্য মিথ্যা তপস্যা করার প্রয়োজন কি। ৬৮।

যাঁহাদের বুদ্ধি প্রসন্ধ ও মন মৈত্রীসম্পন্ধ এবং যাঁহাদের দয়া দান সংযম ও ক্ষম। আছে, তাঁহাদেরই তপস্থা প্রশংসনীয়। তদন্থ ব্যক্তির পক্ষে তপস্থা শ্রীরশোষণমাত্র। ৩৯।

কোপান্বিত ব্যক্তির তপস্থায় কি প্রয়োজন; ভীক্ন ব্যক্তির বলের কি প্রয়োজন; লুক্ক ব্যক্তির ধন নিক্ষল; ছুর্ব্ত ব্যক্তির শাস্ত্রাভ্যাদও নিক্ষল। ৪০।

ঈদৃশ কলুষিত্তিত কোপপরায়ণ তুঃসহ মুনিগণ আমার রাজ্য ছইতে চলিয়া যাউক। ৪১।

রাজা এই কথা বলিয়া তখনই লোকদ্বারা মুনিগণকে বলিয়া পাঠাই-লেন, যে যেপর্যান্ত আমার অধিকার আছে, দেপর্যান্ত ভূমি তোমরা ত্যাগ করিয়া যাও। ৪২।

মুনিগণ বিহঙ্গগণের পক্ষ-পাত দর্শনে কুপিত রাজার এতাদৃশ বাক্য শ্রোবণ করিয়া অতিশয় লজ্জিত হইলেন ও মনে মনে চিস্তা করিতে লাগিলেন। ৪৩।

এই রাজা মান্ধাতা চতুঃসাগরমেখলা পৃথিবীর অধিপতি। আমরা এখন কোন দেশে যাইব যাহা ইহাঁর অধিকারভুক্ত নহে। ১৪। মুনিগণ এইরূপ চিন্তা করিয়া কনকাচলের পার্শ্বে দেরগণে ও দির গণে সমাকার্ণ জন্মুখণ্ডের নিকট গমন করিলেন। ৪৫।

অনন্তর রাজা মান্ধাতার প্রভৃত প্রভাববলে পৃথিবী কর্ষণ না করিলেও প্রচুর শস্ত প্রদান করিতে লাগিলেন ও আকাশ রত্ন ও বন্ধ প্রসব করিতে লাগিল। ৪৬।

রাজা মান্ধাতার শাসনামুনারে সমূহবর্ষী মেঘগণ সপ্তাহকাল ধরিয়া অনবরত স্থবর্ণবৃষ্টি করিয়াছিল। তদ্দর্শনে ইন্দ্র বড়ই লজ্জিত হইয়া-ছিলেন। ৪৭।

ইনি নিজ মহৎ প্রভাব বলে সৈন্তগণের সহিত আকাশমার্গে গমন-পূর্ববক দিব্য লোকের আবাসস্থান পূর্ববিদেহ নামক দ্বীপ নিজবশে আনিয়াছিলেন। ৪৮।

তাঁহার আকাশগমনকালে বলবীর্যাসম্পন্ন অফীদশ কোটি যোদ্ধা সৈত্য অগ্রগামী হইয়াছিল। ৪৯।

ইনি গোদানীয় দ্বীপ ও উত্তর-কুরু প্রদেশ এবং স্থমেরুর পাশ্বর্ত্তী প্রদেশ সকল নিজ শাসনের অধীন করিয়াছিলেন। কুত্রাপি ইহাঁর আজ্ঞার লজ্মন হইত না। ৫০।

চতুর্বীপা পৃথিবীর অধিপতি রাজ। মান্ধাতা বহু ইন্দ্রের ভোগকাল পর্য্যস্ত স্থমেরু পর্ববতের কনকময় সামুপ্রদেশে বিহার করিয়া-ছিলেন। ৫১।

দেবতুল্য রাজা মান্ধাতা একদা দেবগণের সহিত সাক্ষাৎ করিবার মানসে আকাশমার্গে গমন করিতেছিলেন। সে সময় ইহার পার্শ্ব চর হস্তিগণকে দেখিয়া লোকে মনে করিয়াছিল, যে দশদিক্ব্যাপ্ত প্রকাশু নালমেশ্বের উদয় হইয়াছে। ৫২!

তাঁহার হস্তী ও অখগণের পুরীষ আকাশ হইতে মেরুপার্শ্ববর্ত্তী তৃপস্বী পূর্ব্বোক্ত নির্বাসিত মুনিগণের মস্তকে পতিত হইয়াছিল। ৫৩। তৎপরে মুনিগণ ক্রোধরক্ত নয়নে আকাশপথ বিলোকন করায় তাঁহাদের নেত্রপ্রভায় দশদিক্ রক্তবর্ণ হইয়াছিল। ৫৪।

এ কি ? এ লোকটা কে ? এই কথা বলিয়া যেই তাঁহারা । শাপানল ত্যাগ করিতে উচ্চত হইতেছেন, এমন সময় দেবদূত তথায় আগমন করিয়া হাস্তাসহকারে তাঁহাদিগকে বলি-লেন। ৫৫।

সমস্ত রাজগণ যাঁথার আজ্ঞা শিরোধার্য্য করেন, ইনি দেই ইন্দ্রসদৃশ ঐশ্বর্যাবান্ রাজা মান্ধাতা। ইনি সম্প্রতি সৈন্থাগণ সমভিব্যাহারে আকাশমার্গে গমন করিতেছেন। বাণী ইহার পবিত্র নাম কার্ত্তন করিয়া আপনাকে ধন্থা ও পুণ্যা বোধ করেন। সর্ববিধ স্থুখ সম্পদ্ ইহার জন্ম নির্দ্দিষ্ট রহিয়াছে। তথাপি ইহার কখনও বৈভব জন্ম গর্বব দেখা যায় নাই। ৫৬-৫৮।

ইনি ধননানব্যপদেশে কুবেররূপ, শক্তিশালী বলিয়া কার্ত্তিকেয়-রূপ, রুষ (ধর্ম) যোগ বশতঃ মহাদেবরূপ, লক্ষ্মীর আশ্রায় বলিয়া বিফুরূপ, প্রতাপশালী বলিয়া সূর্য্যরূপ, সর্বজনের আহ্লাদক বলিয়া চন্দ্ররূপ এবং গর্বিত জনের দর্পচ্ছেদ করেন বলিয়া ইন্দ্ররূপ, ইত্যাদি নানাবিধ দিব্যরূপ ধারণ করেন। ৫৯-৬০।

বলি রাজা পাতালে গিয়াছেন এবং দধীচি মুনি অন্থিশেষ হইয়া-ছেন। পরস্তু ইহার দানপ্রভাবে অভাপি সমুদ্র ক্ষোভ পরিত্যাগ করেন নাই। ৬১।

দেবদূতের এইরূপ বাক্য শ্রবণ করিয়া মুনিগণের মধ্যবন্তী ভুমুখি নামক মুনি আকাশে শাপজল নিক্ষেপ করিয়াছিলেন। ৬২।

তদ্দর্শনে সেনানায়ক হাস্থ করিয়া ঐ মুনিকে বলিয়াছিলেন, মুনিবর, ক্রোধ সংবরণ করুন, রুথা তপঃক্ষয় করিবেন না। ৬৩।

আপনার এই অভিশাপ মহাপতির নিকট গিয়া বিফল হইবে ও

আপনিও লজ্জিত হইবেন। হায়, আপনারা যাহাদের পক্ষচেছদে সমর্থ হইয়াছিলেন, ইহার। সেই পক্ষিণণ নহে। ৬৪।

সেনাপতি এই কথা বলিলে পর রাজা সম্মুখবর্ত্তী নিজ সৈত্য-গণকে অভিশাপ বশতঃ স্তর্ধ দেখিয়া বিস্মিত হইলেন ও বলিলেন, এ কি ? ৬৫।

অনন্তর সেনাপতি কুপিত হইয়া রাজার নিকট উপস্থিত হইলেন এবং বলিলেন, মহারাজ, সেই সকল মহর্ষিগণের শাপে আমাদের সৈত্য স্পান্দহীন হইয়াছে। ৬৬।

এই আপনার চক্ররত্ন শাপবশতঃ আকাশে বিঘূর্ণিত হইয়া মেঘ দ্বারা সংরুদ্ধ সূর্য্যের সাদৃশ্য প্রাপ্ত হইয়াছে। ৬৭।

রাজা সেনাপতির এই বাক্য শ্রবণ করিয়া এবং সম্মুখে তজ্ঞপই দেখিয়া একবারমাত্র দৃষ্টিক্ষেপ করিয়াই প্রচণ্ড শাপকে বিফল করিলেন। ৬৮।

মহারাজ ক্রপাপরবশ হইয়া মহর্ষিগণের দেহনাশ করিলেন না, কেবল তাঁহাদের জটাভার ভূমিতে পাতিত করিলেন। ৬৯।

যাঁহারা ক্রোধ ও মোহকে জয় করিতে পারেন নাই, তাঁহাদের মস্তকে বৃথা ভারভূত হইয়া থাকা আমাদের উচিত নহে, একারণ লজ্জিত হইয়াই যেন জটাভার ভূমিতে লীন হইয়াছিল। ৭০।

তৎপরে রাজ। মান্ধাতা দেবগণের আবাসস্থান মেরুপর্বতের শিখরে গমন করিয়া স্থদর্শন নামক একটি প্রিয়দর্শন পুরী দেখিতে পাইলেন। ৭১।

বিখ্যাত নাগগণ সমুদ্র-জল হইতে নির্গত হইয়া তথায় রক্ষাকার্য্যে নিযুক্ত আছে। স্থরমালাধর-নামক যক্ষগণ করোটাস্ত্র হস্তে ধারণ করিয়া নগররক্ষা করিতেছে। অত্যাত্য মহার জকায়িক-নামক বলবত্তর দেবগণ ও কবচায়ুধধারী চারিজন মহারাজও ঐ কার্য্যে নিযুক্ত আছেন। রাজা মান্ধাতা নিজপ্রতাবে ইহাঁদিগকে জয় করিয়া নিজ সেনার অগ্রগামী করিয়া লইলেন। ৭২-৭৪।

তৎপবে কল্পক্রম ও কোবিদার ব্লক্ষে মনোরম পারিজাতনামক দেবগণের আশ্রয় স্থান দেখিয়াছিলেন। এবং মেরুপর্ববতের মন্তকে শুজ্রবর্ণ মালার স্থায় বিদ্যমান স্থধর্ম। নামে দেবসভায় উপস্থিত হইয়াছিলেন। ৭৫-৭৬।

যে সভায় স্থবর্ণ বিদ্রুম ও বৈদুর্য্য মণি দ্বাং। নিশ্মিত স্তম্ভ-সম্ভারে উঙ্গল বৈজয়ন্ত নামক বিখ্যাত প্রাসাদ শোভিত হইতেছে। পদ্মিনীগণ বদনসদৃশ পদ্মধারাও অলকসদৃশ ভূকধারা স্থরনারীগণের তুল্য া প্রাপ্ত হইয়াছে এবং স্থরনারীগণও পদ্মিনীগণের তুল্যতা প্রাপ্ত হইয়াছে। যেখানে মণিময় ভূমি, স্তম্ভ ও ভিত্তিতে দেবগণের প্রতিবিদ্ধ পতিত হওয়ায় এক স্কুরলোককেই অনেক স্কুরলোকের স্থায় বোধ হইতেছে। যেখানে দিক্-সকল রত্নময় তোরণ ও প্রাসাদের কিরণজালে চিত্রিত হইয়া শত শত ইন্দ্রায়ধ দারা চিত্রিত বলিয়া বোধ হইতেছে। যেখানে আনন্দদায়িনী নন্দনবনশ্ৰী মন্দ পবন দারা চালিত কল্লবক্ষের পল্লবরূপ হস্ত উত্তোলন করিয়া যেন নৃত্য করিতেছে। যেখানে চৈত্ররথ নামক মনোরম দেবগণের উন্থান কাম ও বসস্তের নিত্য উৎসব স্থান হওয়ায় প্রেমিকগণের কামনা পূর্ণ করিতেছে। সেই সর্ববিকামপ্রদ, সর্বাস্থ্যর আগার ও সকল ঋতুর কুস্থমে উজ্জ্বল সর্ববাতিশায়ী দেবগণের আশ্রয় অবলোকন করিয়া রাজা বিস্ময়বশতঃ মুহূর্ত্তকাল নির্নিমেষলোচনে দেখিয়া আনন্দ অনুভব করিয়াছিলেন এবং চিন্তা করিয়াছিলেন যে ইহাই পুণ্যবান্গণের পুণ্যফলভোগের স্থান। ৭৭—৮৪।

তিনি তথায় উজ্জীয়মান অলিকুলে পরিব্যাপ্ত মদগন্ধে আমোদিত মূর্তিমান নন্দনকাননের ভায় ইন্দ্রের ঐরাবত হস্তী দেখিয়াছিলেন। ৮৫। দেবরাক ইন্দ্র পৃথিবীক্র মান্ধাতা সমাগত হইয়াছেন জানিতে পারিয়া অত্যন্ত হর্ষসহকারে সমস্ত দেবগণের সহিত প্রত্যুদ্গমন করিয়াছিলেন। ৮৬।

নিরহঙ্কার রাজরাজ মান্ধাতা দেবরাজ কর্তৃক পূজিত হইয়া রত্মরাজি বিরাজিত সভাভূমিতে গমন করিলেন। ৮৭।

অন্তান্ত দেবগণ রত্নময় পর্য্যঙ্ক শ্রেণীতে উপবিষ্ট হইলে পর রাজা মান্ধাতা ইন্দ্রের আসনার্দ্ধে উপবেশন করিলেন। ৮৮।

স্থরেন্দ্র ও নরেন্দ্র উভয়ে একাসনে উপবিষ্ট হইলে তখন উভয়ের উদার গুণ ও রূপের কোনরূপ বিভেদ পরিলক্ষিত হয় নাই। ৮৯।

তৎপরে সভাস্থ সমস্ত দেবগণের নয়নভৃঙ্গ রাজা মান্ধাতার মুখপদ্মে আসিয়া মধুপানাসক্ত হইলে পর ইন্দ্র রাজাকে বলিয়াছিলেন। ১০।

হে তেজোনিধে, তোমার পদমর্যাদা কি প্রশংসনীয়। ভগবান্ সূর্য্য যেরূপ স্বর্গরাজ্য ভূষিত করিতেছেন, তদ্রপ তুমিও ভূমিরাজ্য ভূষিত করিতেছ। ১১।

অত্যুন্নত ও প্রভাবসম্পন্ন তৃতীয় সাম্রাজ্যের বিজয়ধ্বজা স্বদীয় শুভ্রবশোরপ অংশুক মস্তকে ধারণ করিয়া ত্রিভুবনমধ্যে শোভিত হইতেছে। ৯২।

মদীয় কর্ণ ও নেত্র স্থদীয় কথামৃতপানের নিমিত্ত এবং স্থদীয় দর্শনিরসের আস্বাদের জন্ম সরস্বতীকে (বাণীকে) প্রেরণ। করিতেছে। ৯৩।

তুমি স্থকৃত বশতঃ মহাবিভব প্রাপ্ত হইয়া লোকসমাজে কর্ম-ফলের নিশ্চয় প্রমাণ প্রদর্শন করিয়াচ, লোকের আর এবিষয়ে কোন সংশয় নাই। ৯৪।

হে পুণ্যোচিতাচার, যেহেতু ভবাদৃশ ব্যক্তিকে পুণ্যবশতঃ চক্ষারাই দেখিতে পাওয়া যায়, একারণ ইন্দ্রিয়গণের মধ্যে চক্ষ্ই প্রধানতঃ স্পৃহণীয়। ৯৫। দেবরাজ এই কথা বলিলে পর যশোনিধি মান্ধাত। নতানন হইয়া বলিলেন, ইহা সমস্তই আপনার প্রসাদ প্রভাবে হইয়াছে। ৯৬।

এইরূপ দেবগণকর্তৃক নিত্য সমাদরসহকারে পূজ্যমান রাজা মান্ধাতা বড়িন্দুভোগকাল পর্যান্ত স্বর্গে বাস করিয়াছিলেন। ৯৭।

দেবগণ তাঁহার পরাক্রমে বিশ্বাস স্থাপন করায় দেবরাজের জয়সমৃদ্ধি হইয়াছিল; তাঁহাদের কোনরূপ অপায় হয় নাই। ৯৮।

প্রচণ্ড দানবগণের সংগ্রামের সময় দেবগণ শৌর্য্যসম্পন্ন মহাতরু-স্বরূপ রাজা মান্ধাতার ভুজন্ছায়া আশ্রয় করিয়া বিশ্রামন্ত্রখ ভোগ করিয়াছিলেন। ৯৯।

রাজা মান্ধাতা যে কালপ্রবাহে তাঁহার নিজ পুণ্যপণে ক্রীত অক্ষয় সুখ ভোগ করিতেছিলেন, সেই কালপ্রবাহমধ্যে ছয়জন ইন্দ্রের পতন হইয়াছিল। ১০০।

নির্মাল মনই সৎকর্ম্মের ফলভোগের চিহ্নস্বরূপ। মন কলুষিত হইলেই পতন নিকটবর্তী হয়। ১০১।

অনন্তর কালক্রমে রাজা মান্ধাতার মন কলুষিত হইয়াছিল। তিনি অভিমানে ও লোভে অভিভূত হইয়াইচছা করিয়াছিলেন যে এই দেব-গণের সমৃদ্ধি আমারই বাহুবলে রক্ষিত হইয়াছে। আমি অর্দ্ধাসন গ্রহণ করিয়া আর বিড়ম্বিত হইবনা। অতঃপর আমি একাকী ত্রিভূবনের রাজা হইব। অন্য কাহাকেও লক্ষ্য করিব না। আমার এই বাহুই ত্রিজগতের ভারগ্রহণে সমর্থ। আমি ইন্দ্রকে স্বর্গচ্যুত করিয়াও স্বয়ংবরার স্থায় এই স্বর্গসামাজ্যলক্ষীকে গ্রহণ করিয়া ত্রিভূবনমধ্যে একাতপত্রভিলক রাজ্য করিব। ১০২-১০৫।

রাজা মান্ধাতা এইরূপ চিন্তা করিয়া ইন্দ্রদ্রোহে অভিলাষী হইলে শুভবর্ণা তদীয় প্রভাবশ্রী পয়ু বিত মালার হ্যায মানতা প্রাপ্ত হইয়াছিল। ১০৬। লক্ষ্মীরূপ নদী অভ্যুদয়রূপ মেঘোদয়ে উদ্রিক্ত হইয়া সৌজগুরূপ তটকে পাতিত করে এবং লুর্রমনোরূপ জলকে কলুষিত করিয়া থাকে। ১০৭।

পাপাকুলিত চিত্ত বিপদের অগ্রদূতস্বরূপ। ইহা বড়ুই ছুঃসহ। ইহা মহৎব্যক্তিরও স্কৃতের উন্মূলনে সমর্থ হয়। ১০৮।

রাজা মান্ধাতা পূর্বেবাক্ত পাপবুদ্ধির কল্পনা করায় ক্ষণকাল মধ্যে ছিল্লমূল তরুর তার ভূমিতে পতিত হইলেন। ১০৯।

অনভ্যাস বিদ্যা নফ করে; গর্বব সম্পত্তি নফ করে; বিধেষ সাধুতা নফ করে; লোভ অভ্যাদয় নফ করে। ১১০।

হায়, বিভবমদে মত্ত জনগণের অভ্যুদয় কিরূপ উৎকর্ষের শিখরে আরোহণ করিয়া হঠাৎ অধঃপতিত হয়। ১১১।

মান্ধাতা পূর্ববজন্ম সর্ববময় বিভুকে পূজা করিয়াছিলেন। তাহারই ফলে ইন্দ্রেরও স্পৃহণীয় রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন। ১১২।

ইনি প্রচুরভোজ্যবস্তু সংবলিত পূর্ণপাত্র দান করিয়াছিলেন; তাহারই প্রভাবে এইরূপ বিম্ময়াবহ ইন্দ্রাধিক প্রভাব হইয়াছিল। ১১৩।

ইনি পূর্বজন্মে বন্ধুমতীনামক নগরীতে উৎকরিক নামক শুচি-স্বভাব বণিক্রূপে জন্ম গ্রহণ করিয়াছিলেন। ১১৪।

সর্বব্রপাণীর উদ্ধারের জন্ম উদ্যত সম্যক্সম্বুদ্ধভাবাপন্ন বুদ্ধ বিপশ্যী ভিক্ষার জন্ম ইহাঁর গৃহে প্রবেশ করিয়াছিলেন। ১১৫।

ইনি প্রসন্নচিত্তে তদীয় ভিক্ষাপাত্রে একমুষ্টি মুদ্গ ও চারিটি ফল নিক্ষেপ করিয়াছিলেন। কয়েকটি মুদ্গ অসাবধানতা বশতঃ ভূমিতে পতিত হইয়াছিল। ১১৬।

সেই দানপ্রভাবে পৃথিগীপতি মান্ধাতা সমস্ত দ্বীপের অধিপতি হইয়া ইন্দ্রের অর্দ্ধাসন প্রাপ্ত হইয়াছিজেন। ১১৭।

বেহেতু অন্যমনক হওয়ায় কয়েকটি অবশিষ্ট মুদ্গ ভূমিপতিত

হইয়াছিল, একারণে ইনি স্থভোগের শেষকালে স্বর্গ হইতে পতিত হইয়াছিলেন। ১১৮।

স্কল্পরম্পরা থেখানে বিকলাঙ্গবৎ লুঠিত হয় অর্থাৎ যেখানে বিচরণ করিছে সমর্থ হয় না, এবং যাহা স্বপ্ন বা ইন্দ্রজালমধ্যে কদাপি ক্যুরিত হয় না, ঈদৃশ দানরূপ কল্পদ্রুমের অতুলনীয় ফলসম্ভতি ভাগ্যবান্ গণের বিভবভোগের সাধন হয়। ১১৯। '

ভগবান্ বুদ্ধ ভিক্ষুগণের অমুশাসনসময়ে নিজ জন্মান্তর-ব্নতান্ত কহিবার সময় জন্মান্তরীয় দানফলের বিষয়ে এই কথা বলিয়া-ছিলেন। ১২০।

পঞ্চম পল্লব

চন্দ্রপ্র ভাবদান

दुग्धास्विविद्धार्थनातिविध्रः चुस्ययकम्ये निरं कम्पन्ते च निसगैतः किस फलोत्सर्गेषु कल्पद्रैमाः। एकः कोऽपि स जायते तनुग्रतेरभ्यस्तदानस्थितिः निष्कम्पः प्लकोत्करं वहति यः कायप्रदानिष्वपि॥

ক্ষীরসাগর দেবগণ কর্ত্বক (মন্থনের নিমিন্ত) প্রার্থিত হইলে অতিশয় বিষয় ও ক্ষুদ্ধ হইয়া বহুক্ষণ কম্পিত হইয়াছিলেন। কল্পপ্রকাগণও স্বভাবতঃ ফলদানকালে কম্পিত হইয়া থাকে। পরস্তু এতাদৃশ অনির্বচনীয় ধৈর্য্যসম্পন্ধও কেহ কেহ উৎপন্ন হন যাহাঁরা শত শত বার অবিচলিত ভাবে দেহ দান করিতে অভ্যাস করিয়াছেন এবং তৎকালে তাঁহারা আননদে পুলকিত হইয়া থাকেন। ১।

কৈলাস পর্বতের শুভকান্তি দারা হাস্তময় উত্তরাখণ্ডে ত্রিভূবনের আভরণ স্বরূপ ভদ্রশিলা নামে একটা অপূর্বব নগরী আছে। ২।

সেখানে সর্ববিধ সম্পত্তিই দানরূপ উদ্যানের ফলশালিনী লতার আকার ধারণ করিয়া শুভ্রযশোরূপ পুষ্পবিকাশবারা পুরবাদিগণের প্রীতি সম্পাদন করিতেছে। ৩।

ঐ নগরীতে অবলাগণ চঞ্চল জ্রুভঙ্গবারাই মহাদেবের নেত্রাগ্নি হইতে ভীত কন্দর্পকে রক্ষা করিতেছে। ৪।

সেখানে মুক্তাজালে উচ্ছল, স্থবর্ণময় গৃহাবলী উচ্ছলভারকামণ্ডিত স্থানেরুপর্বতের শিখরমালার স্থায় শোভিত হইতেছে। ৫।

এই নগরীতে চন্দ্রপ্রভ নামে একজন প্রধান রাজা ছিলেন, যিনি কৈলাস পর্বতের স্থায় নিজ কাস্তিরারা দিবাভাগে জ্যোৎস্নার বিকাশ করিতেন। ৬। পূর্ণ চন্দ্রের জ্যোৎস্নার ন্যায় মনোহর তদীয় দেহপ্রভায় রাত্রিকালে দীপে তৈল ও বর্ত্তিকার আবশ্যক হইত না। ৭।

তারকাগণ ইহাঁর দর্শনে কামজর প্রাপ্ত হন (অর্থাৎ বিবর্ণ হন), একারণ (তারকাপতি) চক্ত ছত্ররূপ ধারণ করিয়া ইহাঁর উপরিস্থ আকাশ আচ্ছাদন করিতেন। ৮।

ইনি কোশসংশ্রয়া লক্ষ্মীকে সত্তই বিতরণ করিয়া থাকেন। একারণ পদ্মিনী ইহাঁর দর্শনে (লক্ষ্মীনাশভয়ে) সঙ্কোচ প্রাপ্ত হইতেন। ৯।

ইনি অহঙ্কারজনক সেনা না রাখিয়া কেবলমাত্র দানের শুভ্রকান্তি দ্বারা রাজলক্ষ্মীর ছত্র ও মুকুট পুরবাসিগণের নিকট প্রকট ক্রিয়াছিলেন। ১১।

ইনি পুণ্যকর্ম অমুষ্ঠানেই উদ্যত ছিলেন, একারণ ইহাঁর বৈভব অত্যন্ত শোভিত হইয়াছিল। ধনুনত হইলেই তাহার গুণ উৎকর্ষের পরাকাষ্ঠায় আরোহণ করে। ১১।

কলিবিদ্বেণী রাজা চন্দ্রপ্রভের রাজ্যকালে তদীয় প্রজাগণ চল্লিশ হাজার ও চল্লিশ শত বৎসর আয়ুঃকাল প্রাপ্ত হইয়াছিল। ১২।

লোকপালাপেক্ষা অধিক ঐশ্বর্যাসম্পন্ন লোকপাল চন্দ্রপ্রভের রাজ্যমধ্যে ধনসম্পদে পরিপূর্ণ যাটি হাজার পুরী বিদ্যমান ছিল। ১৩।

ইহাঁর কীর্ত্তিই রাজলক্ষীর তিলক স্বরূপ ছিল। ইহাঁর পুণ্যকর্মই রাজলক্ষীর বিভূষণস্থরূপ ছিল। যজ্ঞীয় ধূমলত।ই লক্ষীর অলকের স্থায় শোভিত হুইত। ১৪।

চক্রলোকের ভায় উজ্জ্বল মহাচক্র নামক মন্ত্রী ইহাঁর সম্পদ্রপ কুমুদিনীর বিকাশের সহিতই উদিত হইয়াছিলেন। ১৫।

বিপুল রাজ্যসাগরের কর্ণধারস্বরূপ, স্থিরমতি মন্ত্রী বুদ্ধিরূপ পোতকের ঘারা প্রভুর যশকে পারে উত্তীর্ণ করিয়াছিলেন। ১৬। মহীধর নামে ইহাঁর আরও একটা শ্রেষ্ঠ অমাত্য ছিলেন। তিনি এই বিপুল রাজ্যভার মস্তকে ধারণ করায় পঞ্চম দিগ্গজের স্থায় প্রতীয়মান হইতেন। ১৭।

ইনি মন্ত্রণাকার্য্যে বৃহস্পতিসদৃশ ছিলেন। ইহাঁর মন্ত্রণা প্রভাবে প্রতিপক্ষ সামস্তরাজগণ, সর্প যেরপ (বাধ্য হইয়া) বিষ ত্যাগ করে, তদ্রপ বিপক্ষতা ত্যাগ করিয়\ছিল। ১৮।

রাজা ঐ অমাত্য দারা এবং অমাত্যও ঐ রাজান্বার। পরস্পর শোভিত হইয়াছিলেন। গুণ সৎপুরুষের আশ্রয়েই শোভিত হয় এবং সজ্জনও গুণের দারা শোভিত হন। ১৯।

প্রভু কৃতজ্ঞ ও সরল হওয়া এবং ভূত্য সং ও ভক্তিমান্ হওয়া, এই চুইটীর একত্র যোগ পুণ্যপ্রভাবে ও বহুভাগ্যবশতঃ হইয়া থাকে।২০।

গুণজ্ঞতা দ্বারা প্রভু ও সংপুরুষের প্রভেদ যে জানিতে পারা যায়, ইহাই সম্পদের চির ভ্রান্তির বিশ্রাম। ২১।

পূর্বেবাক্ত মন্ত্রিবয় ও অন্যান্য মন্ত্রিগণ একদা একটা স্বপ্ন দেখিয়া-ছিলেন। তাহার ফল এই যে দানে অত্যাসক্তি বশতঃ রাজার দেহক্ষয় হইবে। ২২।

মন্ত্রিবরম্বর তুর্লক্ষণ প্রাত্নভূতি হইয়াছে দেখিয়া শঙ্কিত হইয়াছিলেন এবং সতত শাস্তি স্বস্তায়ন কর্ম্মে ব্যগ্র হইয়াছিলেন। ২৩।

বিশামিত্র প্রভৃতি তপোবনগত মহর্ষিগণও চুর্নিমিত্ত দর্শনে উদ্বিগ্ন হইয়া তুঃখ প্রকাশ করিয়াছিলেন। ২৪।

ইত্যবসরে রোজাক্ষনামা এক ত্রাক্ষণ, যে পূর্ববজন্মে ত্রক্ষরাক্ষণ ছিল এবং মাৎসর্য্য ক্রুরতা ও দৌর্জন্যে অতি তৃংসহ ছিল, সেই নিগুণি ও গুণদ্বেমীরোজাক্ষ রাজা চন্দ্রপ্রভের দানজনিত উজ্জ্বল কীর্ত্তির কথা প্রবণ করিয়া সম্ভপ্ত হইল এবং মনে মনে চিম্ভা করিতে লাগিল। ২৫-২৬। আহো রাজা চন্দ্রপ্রভের যশঃ সর্ববদাই গগনমার্গে সিদ্ধ গন্ধর্বি ও গীর্ববাণললনাগণ কর্ত্বক গীত হইতেছে। সর্ববদাই ড়দীয় গুণস্থতি সূচীর স্থায় আমার কর্ণে বিদ্ধ হইতেছে। কি করিব, আমি স্বভাবতই পরের গুণ ও উৎকর্ষ সহু করিতে পারিনা। ২৭-২৮।

অতএব আমি তথায় গমন করিয়া সেই দানশীল রাজার দানার্জিত যশ নষ্ট করিব। আমি তাঁহার মস্তক প্রার্থনা করিয়া প্রতিষেধবাক্য শ্রোবণে তাঁহার সমস্ত যশ নষ্ট করিব। ২৯।

যদি তিনি মস্তক প্রদান না করেন, তাহা হইলে তাঁহার দানজনিত যশ নফ হইবে, এবং যদি প্রদান করেন, তাহা হইলেও আমার (হৃদয়স্থ) বিষেষের শাস্তি হইবে। ৩০।

গন্ধমাদন পর্বতের তলদেশবাসী, ক্রুর ও শঠ ঐ রোজ্রাক্ষ অনেক-ক্ষণ এইরূপ চিস্তা করিয়া ভদ্রশিলা নগরীতে গমন করিল। ৩১।

ইন্দ্রজাল-প্রয়োগ-নিপুণ রৌদ্রাক্ষ নিজ পাপ সংকল্পের সাধন জন্য প্রশমোচিত বেশ বিধান করিয়া রাজধানীতে প্রবেশ করিল। ৩২।

এই গুণদোষময় সংসারকাননে কল্লব্লক ও বিষব্ধক উভয়ই উৎপন্ন হইয়া থাকে।৩৩।

খলগণ ছুর্নিমিত্তের ত্থায় সর্ববিশাশসূচক ও ঘোরভয়জনক হইয়া সকলকেই খেদ প্রদান করে। ৩৪।

খল ও সন্ধারের মধ্যে কোন প্র'ভেদ নাই। ইহারা স্বভাবতই গুণীকে বিদ্বেষ করিয়া থাকে। অন্ধকার প্রকাশ অর্থাৎ আলে কের রিরোধী এবং খলও প্রকাশ অর্থাৎ যশের বিরোধী; অন্ধকার দোষাশ্রুর (দোষা অর্থাৎ রাত্রির আশ্রেয়), খলও দোষের আশ্রয়। ৩৫।

খলরপ ভীষণ ও দীর্ঘ পক্ষশালী সর্প কে নির্মাণ্ড করিল ? ইহাদের বিবেষবিষ অত্যন্ত তুঃসহ। ইহারা সচ্ছেন্দে সাধুজনকে হত্যা করে। ৩৬। এই ব্রহ্মগাক্ষস নগরে প্রবেশ করিবামাত্র পুরদেবতা নিজ্ঞরপ ধারণ করিয়া ভয়চকিতনয়নে রাজসকাশে উপস্থিত হইয়া বলিয়া-ছিলেন। ৩1।

এই ব্রহ্মবন্ধু তোমার মস্তক প্রার্থনা করিবার জন্ম তোমার নিকট উপস্থিক হইতেছে। তুমি জগতের জীবনস্বরূপ; এ ব্যক্তি তোমার জীবনের উচ্ছেদ কামনা করিয়াছে, অত্তাব ইহাকে বধ করিবে। ৩৮।

আমি এই পাপাশয়কে নগরবারে নিরুদ্ধ করিয়াছি। ইহাকে, দেখিয়া আমার মন অভ্যস্ত ভীত হইয়াছে; আমি ধৈর্য্য ধারণ করিতে পারিতেছি না। ৩৯।

রাজা নগর-দেবতার মুখে এই কথা শ্রাবণ করিয়া, যাচককে রুদ্ধ করা হইয়াছে, এজন্ম লজ্জাবশতঃ নতানন হইলেন। পরে পুরদেবতাকে বলিলেন। ৪০।

দেবি, এব্যক্তি যাচ্ঞা করিবার জন্ম আসিতেছে। অবারিত-ভাবে প্রবেশ করুক। আমি যাচকের আশার বৈফল্যজনিত দীর্ঘ নিঃশাস সহ্য করিতে পারি না। ৪১।

যাচকের জন্ম দেহ নাশ হওয়া বহুপুণ্যফলে ঘটিয়া থাকে। দেহি-গণ যুগান্তকাল পর্যান্ত থাকিলেও নিশ্চয়ই তাহাকে মরিত হইবে। ৪২।

ইহ জগতে স্কাভগণের এরূপ জাবনই প্রশংসনীয় হয় যে ইহাঁদের সন্মুখে যাচক কথনও ভগ্নমনোরথ হয় না। ৪৩।

আপনি আমার প্রতি আমুক্ল্য করুন। ইহা আমার পক্ষে কুশল। সত্বর ঐ যাচকের আশানাশজনিত সন্তাপ নিবারণ করুন 188।

পুরদেবতা রাজার এইরূপ নিশ্চল ও নিশ্চিত বাক্য শ্রাবণ করিয়া চিদ্যাসম্ভপ্তহৃদয়ে অন্তর্ধান করিলেন। ৪?।

অনন্তর সেই স্বয়ং উদ্যত দারুণ করবালের আয় কুটিল ও খল

ব্রহ্মরাক্ষস সরলপ্রকৃতি রাজার ছেদনের ।জন্ম তথায় উপস্থিত হইল। ৪৬।

ঐ ব্রহ্মরাক্ষদ অর্থিগণের পক্ষে অবারিতদ্বার রাজভবনে উপস্থিত হইলে পর্ববতগণসংবলিত ভূমি রাজনাশভয়ে কম্পিত হইয়াছিল। ৪৭।

রাহুসনৃশ তুমুখি ঐ ব্রহ্মরাক্ষস রাজচন্দ্রের নিকট উপস্থিত হইয়া প্রথমে অমঙ্গলার্থক আশীর্বাদ প্রয়োগ পূর্বক বলিয়াছিল ।৪৮। রাজন, আপনার মঙ্গল হউক। আমি ব্রাহ্মণ বিজন দেশে সিন্ধির জন্ম সাধনা করিতেছি। আমি অভীষ্ট লাভের জন্ম অর্থিগণের কল্পাদপ্সদৃশ আপনার নিকট আসিয়াছি। ১৯।

আপনার দৃষ্টি অমৃতর্ষ্টির ন্যায়। মন সৌজন্যাস্পদ। আপনার ক্ষমাগুণ ক্রোধরূপ ধূলির বিনাশকারিণী নদীস্বরূপ। আপনার মতি ছুঃখিতজনের মাতাস্বরূপ। আপনার রাজ্যসম্পদ্ দানজলের অভিষেকে বিমল হইয়াছে। আপনার বাক্য সত্যের উপযুক্ত। এতাদৃশগুণসম্পন্ন ও জগজ্জনের বান্ধবস্বরূপ একমাত্র আপনিই উৎপন্ন হইয়াছেন। ৫০।

কতকগুলি লোক আমাকে বলিয়াছেন যে চক্রবর্তীর মস্তক আনিতে পারিলে আমার সিদ্ধি হইরে। আপনি ভিন্ন কে আমাকে উহা দিতে সমর্থ হইবে। ৫১।

চিন্তামণি ও কল্পক্রম প্রভৃতি অনেক অর্থদাতা আছে ; পরস্তু চুর্লভ বস্তু প্রদানকারী ভবাদৃশ ব্যক্তি অতি বিরল। ৫২।

ঐ ব্রহ্মরাক্ষস এই কথা বলিলে পর মহামনা রাজা যাচক দর্শনে আনন্দে নির্ভর হইয়া অবিচলিতভাবে তাহাকে বলিয়াছিলেন। ৫৩।

দ্বিজবর, আমি ধন্ম হইকাম। যেহেতু আমার এই নিপ্প্রয়োজন জীবন অস্ম যাচকের প্রার্থনা পূরণের জন্ম ক্ষয়প্রাপ্ত হইবে। ৫৪।

কবে আমার প্রাণ পরোপকারার্থে গত হইবে। এইটা আমার

বহুকালের অভিলাষ ছিল। আপনি যখন ইহাকে প্রার্থনা করিয়াছেন, তখন নিশ্চয়ই আমার মহাপুণ্য প্রমাণিত হইতেছে। ৫৬।

আপনার সিদ্ধির উপকরণ স্বরূপ অত এব প্রশংসনীয় আমার মস্তক আপনি গ্রহণ করুন্। ইহলোকে বাহা কিছু অর্থিকে সমূর্পণ করা যায়, তাহাই স্থির বলিয়া জানি। ৫৬ i

সম্বসম্পন্ন রাজা হর্ষসহকারে এই কথা বলিলে পর অমাত্যপ্রবর মহাচন্দ্র ও মহীধর রাজাকে বলিয়াছিলেন। ৫৭।

মহারাজ, আপনার নিজ জীবন রক্ষাই প্রধান ধর্ম। যেহেতু আপনি জীবিত থাকিলে সমস্ত প্রাণী জীবিত থাকিবে। ৫৮।

আপনি মস্তক দান করিতে পারেন না। আপনার দেহই সকলের আধারস্বরূপ। অভএব ব্রাহ্মণকে হেনরত্ন্ময় মস্তক দান করুন। ৫৯।

যাহাঁরা সর্ববরূপ প্রয়োজন দ্বারা অর্থিগণের মনোরথ পূর্ণ করেন, তাঁহাদিগকে রক্ষা করিলেই সমস্ত রক্ষিত হয়। ৬০।

এই পাপাশয় ব্রাক্ষণের সংকল্প অভ্যন্ত ক্রুর। কল্পতরু কখনও মূলোচেছদ দ্বারা অর্থীর মনোরথ পূর্ণ করেন না। ৬১।

এ ব্যক্তি হেমরত্নময় মস্তক লাভ করিয়া চলিয়া যাউক। মস্তক লইয়া ইহার কি হইবে। বুভুক্ষিত ব্যক্তি কখনও তুর্নিরীক্ষ্য চিন্তামণি আহার করে না। ৬২।

মন্ত্রিবর্বয় এই কথা বলিলে পর ঐ আক্ষাণ বলিল যে হেমরত্নময় মস্তক আমার নিদ্ধির উপযোগী হইবে না। ৬৩।

অনন্তর রাজা মস্তক হইতে মুকুট উন্মোচন করিলেন। ঐ মুকুটের মুক্তাজাল রাজার মস্তকবিয়োগতৃঃখজনিত অশ্রুতিন্দুর ভায়ে পরি-লক্ষিত হইয়াছিল। ৬৪।

ভৎকালে দিগদাহকারী অগ্নিশিখার তায় উদ্ধাপাত হইতে লাগিল।

এবং পুরবাসীগণের মস্তক হইতেও মুকুটসকল ভূতলে পতিত হইল। ৬৫।

রাজা নিজ মস্তকদানে দৃঢ় সংকল্প হইলে মন্ত্রিবরদ্বয় উহা দেখিতে নিতান্ত অক্ষম হইয়া অগ্রেই দেহত্যাগ করিয়াছিলেন। ৬৬।

অনন্তর রাজা রত্নগর্ভ উভানে প্রবেশ করিয়া উৎফুল্ল চম্পক বৃক্ষের তলদেশে নিজ মস্তক ছেদন করিতে উদ্যুত্ত হইয়াছিলেন। ৬৭।

উদ্যানদেবত রাজাকে নিজ মস্তক ছেদনে উদ্যত দেখিয়া অত্যস্ত শোকাকুল হইয়া বলিলেন, মহারাজ এরূপ তুঃসাহ্স করিবেন না। ৬৮।

নবোদগ চ লতাগণ অলিকুলের ঝঙ্কারে প্রলাপিনী হইয়া লোল-পল্লবরূপ পাণি উত্তোলন করিয়া রাজাকে নিবারণ করিয়াছিল। ১৯।

রাজা স্থিরসংকল্প হইয়া উদ্যানদেবতাকে প্রদন্ধ করিয়া বিমলা বোধি অবলম্বন পূর্ববিক প্রণিধানপরায়ণ হইলেন। ৭০।

রাজা চক্রপ্রভ মনে মনে এইরপ চিস্তা করিলেন যে এই রত্নময় উদ্যানে প্রাণিগণের উর্নারের জন্ম ভগবানের একটা স্কৃপ হউক। আমি এরপ সংকল্প করায় যাহা কিছু পুণ্য অর্জন করিয়াছি, ভাহা দ্বারা সংসারস্থ সর্বব প্রাণীর সংসার মোচন হউক। এইরপ চিস্তা করিয়া চম্পক রক্ষে কেশ দ্বারা নিজ মস্তক বন্ধন করিয়া ছেদন পূর্ববক বাহ্বাণকে দান করিলেন। ৭১—৭৩ 1

অতঃপর রাজার অলোকিক সম্বস্তুণ, উৎসাহ ও প্রণিধানবশতঃ অনির্বিচনীয় দিগন্ত প্রসারী নির্মাল পুণ্যালোক দারা জনগণের মহা-মোহান্ধকার বিনষ্ট হইয়াছিল, এবং লোকে স্থিররূপে বুঝিয়াছিল যে এ সংসারে পুনঃপুনঃ আগমন করা বড়ই ক্রেশকর। ৭৪।

ভগবান্ নিজ নিজ পূর্ববজনার ভাস্ত দারা ভিক্ষুগৃণ সমক্ষে বিশুদ্ধ দান ও সন্ধর্মের এইরূপ উপদেশ করিয়াছিলেন। ৭৫।

ষষ্ঠ পল্লব

বদরদ্বীপ-যাত্রাবদান

दानोद्यतानां पृथुवीर्यभाजां श्रुहात्मनां सत्त्वमहोदधीनाम् । श्रुहो महोत्साह्यतां परार्थे भवन्तराचिन्तरानि समोहितानि ॥ १ ॥

অহো, মহোৎসাহসম্পন্ন মহাশক্তিশালী ও সন্বগুণের সাগর-স্বরূপ দানোদ্যত শুদ্ধাত্মা জনগণের চরিত্র কিরূপ অচিন্তনীয় ! ১।

মহাত্মগণের সর্বাতিশায়ী ও সন্ধ্ঞণসংবলিত প্রভাবের বিকাশ এইরপ হইয়া থাকে, যে উহা বহদাকার মেঘরাজিমণ্ডিত অত্যুদ্ধত পর্বতগণকেও গৃহসোপানবৎ জ্ঞান করিয়া অবলীলাক্রমে লজ্জন করে, জলরাশির প্রবল তরঙ্গে উদ্ধত সাগরগণকেও গোপাদ জ্ঞানে উত্তীর্ণ হয়, এবং অতি তুর্গম মহারণ্যস্থলও গৃহপ্রাঙ্গণজ্ঞানে অতিক্রম করে। ২।

পুরাকালে ভগবান বুদ্ধ শ্রাবস্তী নগরীতে পুরবাসী জনগণের সমক্ষে ধর্মোপদেশ প্রকটন পূর্ববক উহাদের অজ্ঞানাদ্ধকার দূর করিয়াছিলেন। ৩।

একদা ভিক্মগণপরিবেপ্তিত ভগবান্ ধণিক্জনামুগত হইয়া স্বয়ং পাদচারিকা দারা মগধ হইতে যাত্রা করিয়াছিলেন। ৪।

মহাধনসম্পন্ন বণিক্গণকত্ত্বি অনুগত, বনমার্গগামী ভগবান্কে দেখিয়া গালবনবাসী তস্করগণ মনে মনে চিন্তা করিতে লাগিল। ৫।

সর্বব্রোণীর হিতে রত ভগবান্ বুদ্ধ অত্রো চলিয়া যান, পশ্চাৎ আমন্না ধনরাশিপূর্ণ এই বণিক্গণকে আক্রমণ করিব। ৬। সর্ববিজ্ঞ ভগবান্ উহাদের মনোভাব অবগত হইয়া নির্বিকারে ও সহাস্থাবদনে উহাদিগকে বলিলেন, তোমরা এ কি করিতেছ ? ৭।

তক্ষরগণ ভগবানের প্রসাদযুক্ত হাস্তচ্ছটায় আলোকিত হওয়ায় উহাদের অজ্ঞানান্ধকার দূরীভূত হইল। তখন উহারা ক্রুরতা ত্যাগ করিয়া মিষ্টবাক্যে ভগবান্কে বলিতে লাগিল। ৮।

ভগবন্, আমাদিগের পূর্ববকর্মার্জিত এই জীবিধা অত্যস্ত ,নিন্দনীয়। সেবা কৃষি রক্ষা বা প্রতিগ্রহ কিছুই আমাদিগের জন্ম নির্দ্দিষ্ট হয় নাই। ১।

আমরা স্বভাবতই পাপাত্মা; ক্রুরতাও আমাদের স্বাভাবিক। হে দেব, স্বভাবের কি কখনও ব্যত্যয় করা যাইতে পারে। ১০।

অতএব আপনি গমন করুন। আমাদের স্বতিলোপ করা আপনার কর্ত্তব্য নহে। আপনি গমন করিলেই আমরা এই বণিক্গণের সর্ববস্ব হরণ করিব। ১১।

করুণাপূর্ণমনা ভগবান তস্করগণের এইরূপ বাক্য শ্রেবণ করিয়া ক্ষণকাল সন্দেহদোলায় আরু হইয়া চিস্তিত হইলেন। ১২।

তৎপরে ভগবান বণিক্দিগের স্মুদ্য ধনসম্পদ্ গণনা করিয়া তৎক্ষণে আবিভূতি নিধি হইতে চৌরগণকে উক্তপরিমাণে ধন দান করিলেন। ১৩।

ভগবান্ এই প্রকারে ছয়বার পথে গমনাগমন কালে বণিক্দিগের মুক্তির জন্ম চৌরগণকে অর্থ প্রদান করিয়াছিলেন। ১৪।

পুনরায় যখন ভগবান পারিষদগণের সহিত তথায় আগমন করেন, তখন চৌরগণের ভগবান্কে ভোজনের জন্ম নিমন্ত্রণ করিবার অভিপ্রায় হইয়াছিল। ১৫।

সজ্জনগণ দৃষ্টিপাত দারা বিমলতা সম্পাদন করেন ও সম্ভাষণ দারা

মঙ্গল বিধান করেন এবং পুনঃ পুনঃ সমাগম দারা কুশল মার্গের সেতু স্বরূপ হন। ১৬।

তখন ভগবান্ বুদ্ধ সরল দৃষ্টিপাত দ্বারা চৌরগণের সমস্ত অমঙ্গল বিনাশ পূর্ববিক উহাদিগের বিশুদ্ধ মনোভাব বিধান করিয়া দিলেন। ১৭।

যাঁহারা নিয়তাত্মা এবং ষাঁহাদের অর্থচিয়া, সমানার্থভাব, ত্যাগ ও প্রিয় বাক্য এই চারিটি বস্তু সংগৃহীত আছে, যাঁহারা সন্ধালী এবং যাঁহাদের মৈত্রী, করুণা, মুদিতা ও উপেক্ষা এই চারিটি বিষয় পরিগৃহীত হইয়াছে, যাঁহারা মহাত্মা এবং যাঁহাদের চিত্তে কুশলের মূলভূত অলোভ, অদ্বেষ ও অমাহ এই তিনটি বস্তু সততই সংসক্ত রহিয়াছে, যাঁহারা দান শীল ক্ষমা বীর্যা ধান ও প্রজ্ঞা সম্পন্ন ও সততই উপায় প্রাণিধি ও জ্ঞানবল দারা লোকের চিত্ত আশ্রয় করিয়াছেন, যাঁহারা লোকগণের পরিত্রাণকার্য্যে মহাবীর, সর্ববদা অন্বয়বাদী, বিদ্যাত্রয়ে উক্ষল ও চতুর্বিধ বিমলতাশালী, যাঁহারা (তুংখজনক অবিদ্যাদি) পঞ্চ ক্ষম্ম হইতে বিমূক্ত এবং যজির আয়তন ভেদ করিয়াছেন, যাঁহারা সন্তবিধ বোধির অঙ্গ সম্যক্ আয়ন্ত করিয়াছেন ও অফাঙ্গ যোগ উপদেশ করেন। যাঁহারা নববিধ আসক্তি বর্জিত এবং দশবলাত্মা, উদৃশ মহাপুরুষ জিনগণের নিকট কাহারও মনোভাব অবিদিত থাকে না। ১৮—২৪।

তৎপরে চৌরগণ ভগবানের চরণে নতমস্তক হইলে ভগবান্ তথাস্ত। বলিয়া উহাদের নিমন্ত্রণ গ্রহণ করিলেন। ২৫।

ভগবানের সন্দর্শনে ক্ষীণপাপ চৌরগণ যথাবিধি ভোক্ষ্যন্তব্য সমর্পন করিলে ভিক্ষ্গণপরিবেম্থিত ভগবান্ তৎ সমস্ত গ্রহণ করিলেন। ২৬।

তৎপরে চৌরগণ প্রণিধান বশতঃ জ্ঞানালোকরূপ শলাকাদ্বার। উন্মীলতনয়ন হইয়া প্রকাশরূপ বৃদ্ধপদ দর্শন করিয়াছিল। ২৭।

চৌরগণ সদ্যঃ প্রবল বৈরাগ্যে পরিপক ও প্রসন্নচিত্ত হইয়া প্রব্রজ্যা গ্রহণ করিলেন এবং তদৰধি জগতে পূজ্য হইলেন। ২৮। চৌরগণের ঈদৃশ সহলা উপনত কুশল সন্দর্শন করিয়া ভিক্ষুগণ বিশ্মিত হইয়া ভগবান্কে কারণ জিজ্ঞাসা করিলে ভগবান বলিয়া-ছিলেন। ২৯।

পূর্বজন্মেও দ্বীপযাত্রা কালে বণিক্গণের রক্ষা বিনিময়ে ইহাদিগের সহিত আমার সম্বন্ধ হইয়াছিল। ৩০।

বিস্তীর্ণ ভূমগুলের স্মষ্টিকর্ত্তা বিধাতার, স্মষ্টির সীমাস্বরূপ, কোশল রাজ্যের উৎকর্বভূত, আনন্দধান বারাণসী নামে এক পুরী আছে। ৩১।

বেখানে স্থরনদী গঙ্গা ঐপুরীর অলকের স্থায় লোলতরঙ্গে প্রবাহিত হুইতেছেন এবং দয়ার স্থায় সদ। সর্ব্বজনের হৃদয় প্রসন্ধ করিতেছেন।৩২।

ঐ পুরী অহিংসার ভায় সজ্জনের সেব্যা, বিভার ভায় পণ্ডিতগণের সম্মতা ও ক্ষমার ভায় সর্ববভূতের বিশ্রস্ত ও স্থাধর আশ্রয় বলিয়া বিদিত। ৩৩।

কমলার চিরনিবাসন্থান ব্রহ্মকল্প রাজা ব্রহ্মদন্ত ত্রৈলোক্যরাজ্যবৎ বিস্তীণ বারাণসী পুরী যখন শাসন করেন, সেই সময়ে সমুদ্রবৎ ধন-সম্পদের নিধানভূত কুবেরোপম প্রিয়সেন নামে এক বণিক্ তথায় বিভ্যমান ছিল। ৩৪-৩৫।

প্রেয়সেনের পুত্র স্থপ্রিয় অত্যস্ত সৌজন্যবান্ ছিলেন। গুণগণ তাঁহাকে আশ্রয় করিয়া ক্বভার্থতা লাভ করিয়াছিল। ৩৬।

দান, শীল, ক্ষমা, বীর্ঘ্য, ধ্যান ও প্রজ্ঞা সমন্বিত স্থপ্রিয় পুণ্যশ্রীর প্রলোভনের নিমিত্তই যেন বিধাতা কতু কি স্ফট হইয়াছিলেন তেও।

নদীগণ যেরূপ বিপুলোদর মহোদধিতে প্রবেশ করে, তজ্ঞপ সর্ববিধ বিশাদ বিছা ও কলাবিছা সরস ও উদারভাব পূর্ণ বিপুলাশয় স্থপ্রিয়ে প্রবেশ করিয়াছিল। ৩৮।

পুরুষোত্তমলুদ্ধা লক্ষ্মী গুণালক্ষতচরিত্র ও লক্ষণযুক্ত আকৃতি-সম্পন্ন প্রশংসনীয় স্থপ্রিয়কে আত্রায় করিয়াছিলেন। ৩৯। কালক্রমে স্থপ্রিয়ের পিতা প্রিয়সেন নিজ পুণ্যবলে স্বর্গগমন করিলে তাঁহার বাণিজ্য কার্যাভার স্থপ্রিয়ের স্কন্ধে আশ্রয় করিল। ৪০।

স্থপ্রিয় মনে মনে চিন্তা করিলেন যে যদিও এই বিপুল সম্পত্তি আমার হস্তগত হইয়াছে, তথাপি আমি ইহা সকল অর্থিগণের মনোরথ পূরণে পর্য্যাপ্ত বলিয়া বোধ করি না । ৪১।

যে সম্পদ পূর্ববাগত যাচকের ভুক্ত হওয়ায় শেষাগত যাচকের পক্ষে নিক্ষল হয়, এরূপ স্থবিপূল সম্পত্তি সৎপুরুষের হস্তগত্ত্ব হওয়ার প্রয়োজন কি। ৪২।

বিধাতা রত্নাকরের বিপুলতা রথা স্থান্তি করিয়াছেন; যেছেতু রত্নাকর অদ্যাপি তদীয় অর্থী বাড়বের উদর পূর্ণ করিতে পারিলেন না। ৪৩।

অথবা বিপুল আশাশালী যাচকের মনোরথ কেহই পূরণ করিতে পারে না। ভগবান্ অগস্ত্য সমুদ্রকেও একগগুত্ব পান করিয়া-ছিলেন। ৪৪।

কি করিব! ইহা অত্যন্তই ছঃখের বিষয় যে সম্পত্তি একটি এবং প্রার্থী বছতর। এরূপ ধনসম্পদ কখনই পাওয়া যাইতে পারেনা, যাহাদারা সকল অর্থীর প্রার্থনা পূর্ণ হয়। ৪৫।

রত্নাকর লক্ষ্মী ও কৌস্তুভ প্রভৃতি দ্বারা পাঁচ ছয়টি মাত্র ষ্মর্থীর মনোরথ পূর্ণ করিয়াছেন। অস্থান্ত বহুলোকেরই মনোরথ পূর্ণ করিতে পারেন নাই। এই জন্মই অদ্যাপি রত্নাকরের অস্তরে (ছু:খময়) বাডবান্ধি প্রস্থালিত রহিয়াছে। ৪৬।

অতএব আমি যত্ন সহকারে অসংখ্য ধন অর্জন করিব। অর্থী বিমুখ হইয়া দীর্ঘনিঃখাস ত্যাগ করিলে আমি উহা সহ্য করিতে পারি না। ৪৭।

স্থপ্রিয় মনে মনে এরূপ চিস্তা করিয়া বছবণিক পরিবেষ্টিত হইয়া

রত্ববীপ নগরে গমন করিলেন ও তথায় প্রচুর রত্ন সংগ্রহ করিলেন। ৪৮।

তৎপরে যখন তিনি প্রচুর অর্থ সংগ্রহ করিয়া ফিরিয়া আসেন, তখন পথিমধ্যে দেখিলেন যে দস্থাগণ তাহাঁর সার্থগণের অর্থ হরণ করিতে উদ্দৃত হইয়াছে। ৪৯।

স্থৃপ্রিয় নিজ অনুচর সার্থগণের অর্থ হরণ করিবার জন্ত দ্যুদিগের সাহস ও উদ্যম অবলোকন করিয়া নিজের সর্ববন্ধ দানদ্বারা অনুযায়ী-দিগকে রক্ষা করিয়াছিলেন। ৫০।

এইপ্রকার পুনঃপুনঃ ছয়বার রত্নদ্বীপে গমনাগমন কালে স্থপ্রিয় নিজ অমুচরগণের রক্ষার নিমিত্ত চৌরদিগকে ধন দিয়াছিলেন। ৫১।

তথাপি দস্ত্যগণ পুনরায় সার্থগণের অর্থ হরণে উদ্যোগী হইয়াছে দেখিয়া স্থপ্রিয় মনে মনে চিন্তা করিলেন, অহো আমি বিপুল অর্থ দান করিয়াও ইহাদের আশা পূর্ণ করিতে পারিলাম না। ইহারা পরের অর্থ হরণ করিতে এখনও উদ্যম ত্যাগ করে নাই। ৫২-৫৩।

আমি অর্থনারা জগৎ পূর্ণ করিব এই কথা বার বার লোকসমক্ষে বলিয়াও এই সামান্ত দস্ত্যুগণের মনোরথও পূর্ণ করিতে পারিলাম না। ৫৪।

আমি সমূচিত উৎসাহহীন; আমি যাহা বলি, তাহা উত্তরকালে ব্যাহত হয়; আমি মিথ্যা-প্রতিজ্ঞ ও আত্মশ্লাখী; আমার জন্মেই ধিক্। ৫৫।

স্থৃপ্রিয় এইরূপ চিন্তায় ও অনুতাপদহনে অধিকৃতর সন্তপ্ত হইয়া সেই বিজন প্রদেশে শতবৎসরবৎ দীর্ঘ এক রাত্রি অতিবাহিত করিয়া-ছিলেন। ৫৬।

স্থার শোকপক্ষে মগ্ন ও নিশ্চল গজেন্দ্রের ভায় দীর্ঘ নিঃশাস ত্যাগ করিতেছেন, এমন সময়ে মহেশাখ্যা দেবতা স্বপ্নে তাঁহাকে বলিলেন। ৫৭। হে স্থমতি, তুমি র্থা শরীরশোষণকারী শোক করিও না। তুমি সাধু সকল্প করিয়াছ, তোমার মনোরথ সিদ্ধ হইবে। ৫৮ 1

স্বপ্নকালীন সংকল্পের ন্যায় তৃর্নভ এইরূপ কোন বস্তুই জগতে নাই, যাহা উদ্যমশীল ধারগণের যত্নে সিদ্ধ হয় না।৫৯।,

সেই একটি ব্রাহ্মণের কি অনুপম ও অনির্বচনীয় শক্তি, যাঁহার আজ্ঞামাত্রেই অভ্রংলিহশিশর বিদ্ধ্যপর্বত পৃথিবীর স্থায় অচল হইয়া রহিয়াছে। ৬০।

মহাত্মগণের কার্য্যকালে বিষম স্থলও সম হয়, দূরও নিকট হয়, এবং জলও স্থল হয়। ৬১।

তুমি পরোপকারার্থে এইরূপ সংকল্প করিয়াছ, ইহা নিশ্চয়ই সফল হইবে। সম্বশুণের কার্য্য কখনও বিসংবাদী বা সন্দিশ্ধ হয় না। ৬২।

দেবগণসেবিত বদরদ্বীপে বহুরত্ন বিদ্যমান আছে। উহার একটি রত্নের প্রভাবে ত্রিজগতের আশা পূর্ণ হইতে পারে। ৬৩।

এই মর্ত্ত্য ভূমি অতিক্রম করিয়া দেই পুণ্যময়ী মহীয়দী ভূমিতে বাওয়া বায়; পরস্ত সম্বপ্তণবর্জিত ও অসংযতাত্মা ব্যক্তি তথায় বাইতে পারে না। ৬৪।

হে পুত্র, বিষাদ ত্যাগ কর, বুদ্ধি স্থির কর এবং মত্নক্ত বদরদ্বীপে যাত্রা করিতে উদ্যোগী হও। ৬৫।

আমি সামান্যরূপে বদরদ্বীপ যাত্রার ক্রম বলিতেছি, শ্রবণ কর। তুমি প্রভৃত সম্বগুণের প্রভাবে সংসারসাগর উত্তীর্ণ হইতে পারিবে। ৬৬।

সপ্তশত দ্বীপ ও সপ্ত মহাচল এবং সপ্ত মহানদী উল্লজ্জ্বন করিয়া পশ্চিম দিগ্ভাগে অন্মুলোমপ্রতিলোম নামক এক সাগর আছে। পুণ্য-বান্ ব্যক্তি অনুকূল বায়ু দারা উহা পার হইতে পারেন। ৬৭—৬৮।

তৎপরে ঐ অমুলোম প্রতিলোম নামে এক পর্ববত আছে। গ্রেখানে

বায় এত প্রবল যে মনুষ্য তথায় দিশাহারা হয়। সেখানে অমোঘাখ্য এক মহৌষধি আছে, উহাঘারা চকুদ্বয়ের স্বাস্থ্য সম্পাদন করিতে হয়। ৬৯।

অতঃপর, আবর্ত্তনামক সাগর। সেখানে প্রাণিগণ বৈরম্ভ নামক বায়ুকভূ কি সপ্ত আবর্ত্তনধ্যে মগ্ন ও উন্মগ্ন হইয়া পরে ুউন্নীত হয়। ৭০।

ে তৎপরে আবর্ত্তাখ্য শৈল। তথায় ভীষণ প্রাণহারী শব্দনাভনামা দেবগণেরও ত্রাসকারী এক নিশাচর বিদ্যমান আছে। ৭১।

তথায় শন্ধনাভি নামে মহৌষধি আছে, উহা কৃষ্ণসর্পে সর্ববদা বেষ্টিত থাকে। ঐ মহৌষধি নেত্রে ও মস্তকে অর্পণ করিলে পুণ্য-বান্কে রক্ষা করে। ৭২।

তৎপরে নীলোদনামা সাগর। তথায় রক্তাক্ষ নামে রাক্ষস আছে। ঐ রাক্ষস বুদ্ধবিদ্যায় অভিজ্ঞ। সে তোমার বশে আসিবে। ৭৩।

তৎপরে নীলোদ নামা পর্ববত। তথায় নীলগ্রীব নামক প্রজ্বলিড-নেত্র একটি নিশাচর পঞ্চশত রাক্ষসের সহিত বাস করে। ৭৪।

তথায় অনোঘাখ্য ওষধি আছে। উহা সুর্পগণ সর্বাদা রক্ষা

করে। ঐ সকল সর্পের দৃষ্টি নিশাস সংস্পর্শ ও দক্তে বিষ উদগীর্ণ

হয়। ৭৫।

যিনি উপোষধ-ত্রতবান্ করুণাসম্পন্ন ও সর্ব্রভূতে মিত্রতাকারী, তিনিই ঐ কৃষ্ণসর্পকে অপস্ত করিয়া ঐ ওষবি লাভ করিতে পারেন। ৭৬।

পুণ্যবান্ লোক ঐ ওষধি দারা অঞ্জন ধারণ করিয়া এবং শিখায় ধারণ করিয়া ঐ রাক্ষসসঙ্কুল স্থল্পর মস্থ কন্দর শোভিত নীলোদ্ধ পর্বত অভিক্রম করিতে পারেন। ৭৭। অনস্তর বরান্ত: নামক সমুদ্র। উহার উত্তরতটে অভিভীষণ ও প্রকাণ্ড শালবনাচ্ছাদিত তাম্রাটবী নামে মহারণ্য আছে। ৭৮।

ঐ অরণ্যমধ্যে তাম্রাক্ষনামে অতি তঃসহ প্রকাণ্ড অজগর আছে। বায়ুকত্বি চালিত উহার উগ্রগন্ধে তথায় কোন প্রাণীই জীবিত থাকিতে পারে না। ৭৯।

ঐ অজগর ছয় মাস নিদ্রা যায়। তখন উহার মুখনিঃস্ত লালা যোজন পর্য্যন্ত পরিব্যাপ্ত হয়। পুনশ্চ যখন ছয়মাস জাগিয়া থাকে তখন লালা কম হয়।৮০।

তথায় বেণুগুলা ও শিলাখণ্ডে আচ্ছাদিত একটা গুহা আছে। উহার আচ্ছাদনটা উৎপাটন করিয়া তথা হইতে দিবারাত্রি সমভাবে প্রজ্বলিত অঞ্জনোপযুক্ত ওষধি লাভ করিয়া অবৈরাখ্য বুদ্ধবিদ্যা জপ করিলে ঐ অজগর বা অভাভ ভয়ন্কর প্রাণী হইতে ভয় হয় না ১৮১-৮২।

তৎপরে বেণুকণ্টকব্যাপ্ত সপ্ত মহাশৈল অতিক্রম করিতে হয়। বীর্য্যশালী ব্যক্তি তাত্রপটে নিজ পদ আচ্ছাদিত করিয়া ঐ পর্ব্বতগুলি পার হন।৮৩।

তৎপরে শাল্মলিবন ও সপ্তসংখ্যক লবণ নদী উত্তীর্ণ হইয়া অত্যুত্মত ত্রিশঙ্কু নামক পর্বতে দেখিতে পাওয়া যায়। ৮৪।

তথায় ত্রিশঙ্কু নামে বজ্রভেদী কণ্টকসকল আছে। যাহাদের পদম্বয় তাত্রপটাচ্ছাদিত ঐসকল কণ্টক তাহাদিগের পদে বিদ্ধ হয় না।৮৫।

তৎপরে ত্রিশঙ্কুনামে নদী ও অয়ঃশঙ্কু নামে পর্ববত। পুনরায় উপঙ্কিল নামে দ্বিধা বিভক্ত নদী। ৮৬।

অতঃপর অফীদশচক্র নামে পর্ববত ও ততুল্যনান্নী নদী এবং শ্লুক্ষ নামা পর্ববত। ৮৭।

অনস্তর ধূমনেত্র নামে পর্ববত। উহার ধূমে চতুর্দ্দিক অন্ধুকারময়

হইয়াছে। তথায় ক্রুবসভাব দৃষ্টিবিষও স্পার্শবিষ সর্পাণ বাস করে।৮৮।

ঐ ধৃমনেত্র পর্বতের শিখরে সরোবরের মধ্যে শিলাবন্ধ একটা মহাগুহা আছে। তথার জ্যোতারস মণি ও জীবনী মহৌষধি আছে।৮৯।

ঐ গুহা ভেদ করিয়। উক্ত জ্যোতীরস দারা মন্তক, পদ, কর
স্থ উদর লেপন করিয়া মন্তবলান্বিত হইয়া গমন করিলে ক্রুরসর্পগণ
বাধা দিতে পারে না। ১০।

অতঃপর উগ্রপ্রাণি সমাকুল সাতটি পর্বত ও তদ্রপ সাতটা নদী আছে। সেই নদীগণের জল অগাধ। ১১।

পরহিতোদ্যত ব্যক্তি পুণ্যবলে এই সকল উত্তীর্ণ হইয়া অভ্রংলিহ-শৃঙ্গ স্থধশৈলে আরোহণ করেন। ১২।

তৎপরে ঐ স্থাশৈনের অপর পার্শে কল্পর্কে শোভিত, স্বর্গতুল্য রোহিতক নামক পুরী দেখা যায়। ৯৩।

তথায় মঘ নামে ইন্দ্রের ন্থায় বিখ্যাত, মহাদম্ভ ও সর্বব-প্রাণিহিতে রত এক সার্থবাহ আছেন। দেই দেশজ্ঞ ও নির্মল-বৃদ্ধি সার্থবাহ তোমাকে বদরদ্বীপে যাত্রার পথের বিষয় সমস্ত উপদেশ ক্রিবেন্। ৯৪-৯৫।

দেবী এইরূপ স্থান্সল বাক্য দারা স্থপ্রিয়কে উৎসাহিত করিয়া সহসা অন্তর্হিত হইলেন। ৯৬।

স্থপ্রিয় প্রবৃদ্ধ হইয়া দেবকথিত সমস্ত কথাই সত্য বলিয়া স্থির করিয়া মহোৎসাহ সহকারে নিজ সম্বন্তণ আশ্রয় পূর্ববক প্রস্থান করিলেন। ৯৭।

স্থপ্রিয় দেবনির্দ্ধিষ্ট পথে অনায়াসে গমন পূর্ববক দাদশ বর্ষ মধ্যে রোহিতকপুরে গমন করিলেন। ৯৮।

ইত্যবসরে তথায় বণিক্শ্রেষ্ঠ মঘ কর্শ্মফলামুসারে তুরারোগ্য ব্যাধি-গ্রস্ত হওয়ায় অস্তর্ম্ব হইয়াছিলেন। ১৯।

একারণ স্থপ্রিয় রাজপ্রাসাদসদৃশ তদীয় গৃহে প্রবেশ লাভ করিতে না পারিয়া নিজকার্য্যসিদ্ধির জন্ম কিছুক্ষণ অপেক্ষা করিয়া-ছিলেন। ১০০।

তৎপরে বৈদ্য বলিয়া পরিচয় প্রদান দারা প্রবেশলাভ করিয়াছিলেন। উপযুক্ত কথায় অভিজ্ঞ জন সকলেরই আদরপাত্র হন। ১০১।

আয়ুর্বেদবিধানজ্ঞ স্থপ্রিয় তাঁহার অরিষ্ট ও লক্ষণ দারা ছয়মাস মাত্র আয়ুঃকাল জানিতে পারিয়া অতিশয় চিস্তাকুল হইলেন। ১০২।

স্থাপ্রিয় ঔষধ ও পরিচর্য্য। বিধান করিয়া অল্পকাল মধ্যেই তাঁহার অত্যন্ত প্রিয় হইয়াছিলেন। এবং তাঁহার প্রীতিপাত্র হওয়ায় তৎপ্রযুক্ত ঔষধও মঘের মনোনীত হইয়াছিল। প্রিয়ঙ্গনের উপনীত সকল বস্তুই মনের প্রীতিপ্রদ হয়। ১০৩, ১০৪।

মনোমত পরিচর্ব্যা দারা তাঁহার ব্যাধির অনেকটা ব্লাস হইয়াছিল। সৎসঙ্গ দারা মনঃকফ দূর হয় এবং তাহাতেই ব্যাধিও প্রশমিত হয়। ১০৫।

তদনন্তর স্থপ্রিয় তাঁহার পরম বিশাসভাজন হইয়া প্রণয় পূর্ববক নিজ পরিচয় দান দ্বারা তাঁহাকে নিজ বুতান্ত জ্ঞাপন করিয়াছিলেন। ১০৬।

বণিক্প্রবর মঘ মহাত্মা স্থপ্রিয়ের পরোপকারার্থে বদরদ্বীপ যাত্রায় নিশ্চল উৎসাহ জানিতে পারিয়া তাঁহাকে বলিয়াছিলেন। ১০৭।

আহা। এই অসার সংসারমধ্যেও পরচিন্তাপরায়ণ সাররূপী কয়েকটী পুরুষমণি জন্মগ্রহণ করিয়া থাকেন। ১০৮।

তোমার এই তরুণ বয়স, স্থন্দর আফুতি ও মন পরোপকার প্রবণ। এই সকল গুণসমাগম তোমার পুণ্যের সমুচিতই হইয়াছে। ১০৯। তুমি পরোপকারার্থে এতদূর পথ অতিক্রম করিয়া এখানে আসি-য়াছ। আমি নিশ্চয়ই তোমার সাহায্য করিব কিন্তু এখন আমি অচ্যস্ত পীড়িত। ১১০।

প্রাণিগণের প্রাণের একটা সামা আছে উহা নিশ্চয়ই বিনষ্ট ইবে। অতএব সামার ইচ্ছা যে তোমার কার্য্য সিদ্ধির জন্ম আমার প্রাণ যায় যাউক। ১১১।

় এইরূপ কার্ন্যে ব্যয় করাই যথার্থ ব্যয় বলিয়া পরিগণিত। পরের উপকারার্থে জীবন ব্যয় শত শত লাভের সমান। ১১২।

আমি বদর দ্বীপ দেখি নাই কিন্তু আমি শুনিয়াছি। মহাসমুদ্রে কোনু দিক দিয়া যাইতে হয় তাহার লক্ষণ আমি জানি। ১১৩।

মঘ এই কথা বলিয়া স্থক্ষদ্ ও বন্ধুগণের নিষেধ বাক্য সন্থেও উহা অগ্রাহ্য করিয়া স্থাপ্রিয়ের সহিত মঙ্গলময় প্রহবণে আরোহণ করিলেন। ১১৪।

তৎপরে তাঁহারা তুইজনে প্রবহণার্র্ড হইয়া বায়্র আমুক্ল্যে শত যোজন পথ অতিক্রম করিলেন। ১১৫।

স্থপ্রিয় স্থানে স্থানে নানাবর্ণের জল প্রবলোকন করিয়া কোতুক বশতঃ মঘকে জিজ্ঞাসা করিয়াছিলেন "এ কি প্রকার!"। ১১৬।

এই সমুদ্রের জলের মধ্যে পাঁচটা লোহাচল ও কয়েকটা তাদ্রময় ও রোপ্যময় পর্বত এবং কয়েকটা স্থবর্ণ ও রত্মময় পর্বত আছে। ঐ সকল পর্বতের নানাবর্ণ কিরণে বিচ্ছুরিত হওয়ায় স্থানে স্থানে সমুদ্রের জলও নানাবর্ণ দেখা যায়। এবং সমুদ্রের অভ্যন্তর হইতে নানাবর্ণ ওষ্ধিও উদগীর্ণ হয়। মঘ এই কথা বলিয়া ব্যাধিকর্তৃক বিশেষরূপে আক্রান্ত হইলেন এবং তাঁহার আয়ুংকাল শেষ ইওয়ায় প্রাণত্যাগ করিলেন। তাঁহার এই কীর্তিই তাঁহাকে চিরজীবা করিয়া রাখিল। ১১৭-১১৯। মহাত্মাগণের সন্ধ যেরূপ বজুলেপ অপেক্ষাও দৃঢ় তাঁহাদের প্রাণও যদি সেরূপ দৃঢ় হঁইত তাহা হইলে ইহজগতে কিছুই অসাধ্য হইত না। :২ ।

স্থপ্রিয় প্রবহণ কূলে সংলগ্ন করিয়া এবং মঘের বিয়োগন্ধঃখ স্তম্ভিত করিয়া তাঁহার দেহের সৎকার বিধান করিলেন। ১২১।

সবে। শোহসম্পন্ন মহাত্মাগণের এইটীই উন্নত লক্ষণ যে উঁহার নিজ আলম্বন বিচ্ছিন্ন হইলেও কর্ত্তব্য কার্য্যে মন দৃঢ় করিতে পারেন। ১২২।

স্থপ্রিয় পুনরায় প্রবহণে আরোহণ করিয়া সমুদ্র পার হইলেন এবং রত্নপর্বতের পার্শ্ব দিয়া বিকট বনমধ্যে প্রবেশ করিলেন। ১২৩।

বিয়োগ, উদ্বেগ, শত্রুর অভিযোগ, রোগ বা ক্লেশভোগ কিছু-তেই মহাপুরুষের মতি হীন করিতে পারে না। ১২৪।

স্থাপ্রিয় (কিছু দূর গিয়া) তুরারোহ, গগনস্পর্শী এক পর্বত দেখিতে পাইলেন, উহা চতুর্দ্দিক রোধ করিয়া থাকায় উহাকে মূর্ত্তিমান্ বিদ্ধ-স্বরূপ জ্ঞান করিয়াছিলেন। ১২৫।

স্থাপ্রিয় ঐ মহোন্নত পর্ববত অবলোকন করিয়া উহা উত্তীর্ণ হইবার কোন উপায় দেখিতে না পাওয়ায় তটদেশে পল্লব শয্যায় শয়ন করিয়া কিছক্ষণ চিন্তা করিয়াছিলেন। ১২৬।

অহো কত কাল গত হইল আমি গৃহ হইতে প্রস্থান করিয়াছি কিন্তু এখনও বদরদ্বীপের নাম পর্য্যন্ত কোথায়ও শুনিতে পাইতেছি না। ১২৭।

আমি পুণ্যবলে ঘাঁহাকে আমার অধ্যবসায়ের একমাত্র সহায়রূপে লাভ করিয়াছিলাম তিনিও মদীয় কর্মারূপ তরঙ্গাঘাতে ভগ্নপ্লবের স্থায় অকালে নফ হইয়াছেন। যদিও আমি উপায়হীন তথাপি আমি এই মহৎ উদ্দেশ্য হইতে নিব্নত হইব না। ইহাতে আমার হয় কার্য্য সিদ্ধি না হয় নিধন যাহা হয় হইবে। ১২৮, ১২৯। যে জন্মে পরোপকারার্থে জীবন ব্যয় ঘটে জন্মপরম্পরার মধ্যে একমাত্র সেই জন্মই ত্রিজগতে পূজ্য। ১৩০। '

সন্তুসাগর স্থপ্রিয় এইরূপ ব্যাকুল হইয়া চিন্তা করিতেছেন এমন সময় ঐ পর্বতবাসী নীলনামা এক যক্ষ তথায় আসিয়া তাঁহাকে বলিল। ১৩১।

এই পর্ববৈতের পূর্বব পার্ম দিয়া যোজন পথ অতিক্রেম করিয়া বেত্র-লতা সোপান দারা পর্ববতের শৃঙ্গে আরোহণ পূর্ববক তিনটী শৃঙ্গ অতি-ক্রেম করিয়া গমন কর। ১৩২।

যক্ষের এইরূপ উপদেশানুসারে স্থপ্রিয় সেই মহাপর্বত লজ্জ্বন করিয়া সম্মুখে অত্যুন্ধতশুঙ্গ স্ফটিক পর্বত দেখিতে পাইলেন। ১৩৩।

সেই একখণ্ড প্রস্তরময়, অতিমস্থা এবং পক্ষিগণেরও তুর্গম স্ফটিক পর্বতে উপস্থিত হইয়া মুহূর্ত্তকাল নিশ্চল হইয়া রহিলেন এবং তাঁহার মনোরথের স্ফুর্ব্তি হয় নাই। ১৩৪।

অত্যুশ্নত, নিরালম্ব ও নিজসংকল্পের স্থায় নিশ্চল ঐ স্ফটিক পর্বত বহুক্ষণ পর্য্যবেক্ষণ করিয়া তিনি চিত্রপুত্তগীর স্থায় হইয়া রহিলেন। ১৩৫।

অনস্তর চক্রপ্রভনামা পর্ববতগুহাবাসী এক ফক্ষ তথায় আগমন করিয়া বিস্ময় ূসহকারে সন্ত্বসম্পন্ন স্থুপ্রিয়কে বলিয়াছিলেন। ১৩৬।

এখান হইতে এক ক্রোশ মাত্র গমন করিয়। অপূর্ব্ব শোভাশালী চন্দন্বন দেখিতে পাইবে। তথায় লতাগণ বালানিল দারা চালিত হইতেছে দেখিবে। ১৩৭।

তথায় গুহামধ্যে লীন প্রসরা নামে মহৌযদি আছে। গুহামুখের মহাশিলা উত্তোলন করিয়া দেহরক্ষার নিমিত্ত উহা গ্রহণ করিবে। ১৩৮।

ঐ ওষধি প্রভাবে ক্ষটিকাচল আলোকিত হইবে ও সোপান দ্বারা সহস। পর্ববেত আরোহণ করিয়া অভিলবিত প্রাপ্তির নিমিত্ত গমন করতিত পারিবে। ১৩৯। তোমার কার্য্য সমাধা হইলেই ঐ ওষ্ধি তৎক্ষণাৎ অপগত হইবে।
তুমি তাহাতে কোনরূপ খেদ করিও না। প্রিয়বস্তলাভ বিত্যুতের
ন্যায় চঞ্চল। ১৪০।

যক্ষের এইরূপ উপদেশাসুদারে তিনি ঐ পর্বত অক্তিক্রম করিয়া স্থবর্ণময় গৃহ শোভিত একটী নগর সম্মুখে দেখিতে পাইলেন। ১৪১।

ঐ নগরটী যেন স্থমের পর্বতের স্থবর্ণময় শৃঙ্গে পরিব্যাপ্ত ও সর্ববাশ্চর্য্যময় এবং কান্তিময়। ঐ নগর অবলোকন করিয়া তিনি • বিস্মিত হইয়াছিলেন। ১৪২।

স্থপ্রিয় স্থবর্ণময় প্রকাণ্ড কপাট দ্বারা রুদ্ধদ্বার ও নির্জ্জন ঐ নগর বিলোকন করিয়া বনপ্রাস্তে উপবেশন করিলেন। ১৪৩।

ইত্যবসরে আকাশময় অনন্ত পথের পথিক সূর্য্যদেব যেন পরিশ্রান্ত হইয়া অস্তাচলের উপাত্তে গমন করিলেন। ১৪৪।

সূর্য্য অন্তগত হইলে রজনীরমণী ছভিসারিকার ভায় তারাপতির অম্বেষণ করিবার জন্ম শনৈঃ শনৈঃ নির্গত হইলেন। ১৪৫।

অনন্তর বোধিদত্বসদৃশ সচছ চন্দ্রমা জ্যোৎসারপ বিভব দারা চতুর্দ্দিক্ পুরিত করিয়া উদিত হইলেন। ১৪৬।

সম্বর্ত্তর তার মানসোল্লাসিনী ও অন্ধকারসমূহের নিঃশেষরূপে বিনাশকারিণী স্ফীতা জ্যোৎস্না বিকাশ পাইতে লাগিল। ১৪৭।

চন্দ্র দিথধূগণের সমস্ত দিন বিরহজ্বনিত মোহান্ধকার হরণ করিলেন। মহাত্মাগণ পরোপকারের জন্মই দূরদেশে আরোহণ করেন। ১৪৮।

স্থপ্রিয় চন্দ্রকিরণে প্লাবিতদেহ হইয়া ওদীয় কার্য্যরূপ সমুদ্রের তরস্কের ক্লোভবশতঃ কিছুক্ষণ নিদ্রাপ্রাপ্ত হইয়াছিলেন। ১৪৯।

রাত্রি প্রভাতপ্রায় হইলে গুণ ও সরলতার পক্ষপাতিনী মহে-শাখ্যা দেবতা তথায় সমাগত হইয়া স্বপ্নে তাঁহাকে বলিয়াছিলেন। ১৫০। হে মহাসন্ত তুমি সৎকার্য্যে অভিনিবেশ করতঃ পরোপকারের জন্ম এই বিপুল ক্লেশ স্বীকার করিয়াছ। তুমি যথার্থ ই পুণ্যবান্। ১৫১।

তোমার প্রথাসের সল্পমাত্র অবশিষ্ট আছে এখন আর উদিগ্ন হইও না। মাঁহাদের সৰগুণ পর্যুষিত হয় নাই তাঁহাদের সর্ববিদিদ্ধিই স্বাধীন জানিবে। ৫৫২।

এই যে স্থাপনিয় নগর দেখিতেছ এরূপ আরও তিনটী রত্নময় নগর আছে। ঐগুলি উত্তরোত্তর আরও বিচিত্র। তুমি ঐ নগবের দ্বার বিঘট্টিত করিলেই তথা হইতে যথাক্রমে চারিটী, স্মাটটী, যোলটী ও বত্রিশটী কিন্নরী নির্গত হইবে। ১৫৩, ১৫৪।

তুমি জিতেন্দ্রিয়, তদর্শনে গোমার কখনই প্রমাদ হইবে না। অচিবেই তোমার অভিলবিত বস্তু লাভ হইবে। ১৫৫।

স্থাপ্র দেনী কর্তৃক এইরূপ অভিহিত হইয়া জার্গরিত হইলেন এবং নগরদারের নিকট আসিয়া হস্ত দারা তিনবার আঘাত করিলেন। ১৫৬।

তৎপরে তরলনয়না লীলাময়ী আশ্চর্য্য পুপ্পমঞ্জরীর স্থায় চারিটী কিন্নরী নির্গত হইল। ঐ কিন্নরীগণকে দেখিয়া মন উল্লসিত হয়। উহাদের নয়ন হইতে অমৃত রপ্তি হইতেছে। এবং উহাদের মুখচন্দ্রের বিকাশে দিনেই জ্যোৎস্নার স্থায় বোধ হয়। ১৫৭, ১৫৮।

প্রিয়দর্শন কিন্নরীগণ কামভাব সহকারে স্থপ্রিয়কে পূজা করিয়া তাঁহার অভিলাষামুরূপ প্রণয় দারা আতিথ্য ক্রিয়াছিল। ১৫৯।

স্থাপ্রিয় চন্দ্রকান্তমণিময় আসনে উপবিষ্ট হইলে মূর্ত্তিমতী কন্দর্পের জীবনৌষধি স্বরূপ কিন্নরীগণও আসন গ্রহণ করিলেন। এবং বিলাসযুক্ত হাস্থাকিরণ দ্বারা প্রেমোপটোকনভূত কর্পুর দান করিয়া তাঁহাকে
বলিয়াছিলেন। ১৬০, ১৬১।

অহো আমরা ধন্ম ! আপনি সদ্গুণালস্কুত, আপনার বাড়ীতে গিয়াই

আপনার সহিত দেখা করা আমাদের কর্ত্তব্য। কিন্তু আপনি স্বয়ংই এখানে আসিয়াছেন। ১৬২।

অমৃতে কাহার বিদ্বেষ আছে। চন্দনে কাহার অরুচি। চন্দ্রকে কে না আদর করে। সাধুজন কাহার সম্মত নহে॥ ৩৬৩॥

যদিও স্ত্রীলোকের পক্ষে স্বয়ং প্রণয়প্রার্থনা করা সৌভাগ্য ভঙ্গেরই জ্ঞাপক তথাপি আমরা আপনার সন্দর্শনে মুগ্ম হইয়া প্রকাশ করিতেছি।১৬৪।

হে সাধো। এই কিন্নরপুরী ও প্রণয়বতী আমরা এবং সৌভাষণিক । রত্ন এসবই আপনার অধীন জানিবেন। ১৬৫।

স্থপ্রিয় কিন্নরীগণের এবন্ধিধ প্রণয়োচিত বাক্য শ্রবণ করিয়া সন্ধ্রপ্তণে ধবল দশনকান্তি বিকীরণ পূর্ববিক বলিলেন। ১৬৬।

আপনাদের এই সম্ভাষণামূত কাহার বহুমানাম্পদ নহে। আপনারা যাহাকে আদর করেন সে নিজেরও আদরপাত্র হয়। ১৬৭।

আপনাদের দর্শন পাওয়াই সৌভাগ্যের কথা। তাহার উপরও আপনাদের এত অমুগ্রহ। মুক্তালতা স্বভাবতই তাপহারী হয়, তাহার উপর যদি উহা চন্দনোক্ষিত হয় তাহলে ত কোন কথাই নাই । ১৬৮।

আপনাদের ব্যবহার এবন্ধিধ জ্যোৎস্নাসদৃশ স্বচ্ছ আঙ্কৃতির সমুচিত ও অত্যস্ত মনোহর। ১৬৯।

ঔচিত্যে স্থন্দর আচরণ, প্রসাদগুণে বিশদ মন এবং বাৎসল্য প্রযুক্ত মনোহর বাণী কাহার আদরণীয় না হয়। ১৭০।

আমি আপনাদের নিকট এইরূপ সমাদরোচিত আচরণ শিক্ষা করিলাম। যেহেতু আপনারা পরাধীন দ্রীলোক একারণ আপনারা স্বয়ং আস্কুসমর্পণ করিতে পারেন না। ইহা কুলধর্মা নহে। ১৭১।

আপনারা কন্যাভাব অতিক্রম করিয়া পরের পরিগ্রহ হইয়াছেন। আপনারা আমাকে যেরূপ বিশ্বাস ও স্নেহ করিলেন ভাহাতে আপনারা আমার ভগিনী বা জননী হইতেছেন। ১৭২। যাহারা পরধন বিষবৎ জ্ঞান করে ও পরন্ত্রীকে জননীবৎ জ্ঞান করে এবং পরহিংসাকে আত্মহিংসা বলিয়া জ্ঞান করে তাহাদের কোন প্রকার বাধাই হয় না। ১৭৩।

যাহাঁদের মুখের বাক্য খলতা, অসত্য ও কঠোরতা বর্জিত তাঁহারা সকলেরই আশীর্বাদ ভাজন হন্। ১৭৪।

যাহাঁদের চিত্ত কুচিন্ডারহিত ও মিথ্যাদৃষ্টিহীন তাহাঁরাই যথার্থ সৎপথ আশ্রয় করিয়াছেন। ১৭৫।

যাহাঁরা স্বভাবতঃ দশারূপ কুশলমার্গ হইতে নির্গত হইয়াছেন তাহাঁদের পক্ষে এই সকল কুশলমার্গ স্বর্গের পক্ষে নির্গল। ১৭৬।

বৃদ্ধিই উন্নত ব্যক্তির প্রধান ধন। বিদ্যাই জিতেন্দ্রিয় ব্যক্তির চক্ষু: স্বরূপ। দয়াই মহাপুরুষগণের প্রধানপুণ্য। এবং আত্মাই শুদ্ধ-চিত্ত ব্যক্তির তীর্থ স্বরূপ। ১৭৭।

পুরুষ এবম্বিধ গুণসন্ধিবেশেই সংস্বভাব দ্বারা বিমলতা লাভ করে। সংস্বভাবই সজ্জনের পক্ষে রত্ন ও মুক্তাপেক্ষা অধিক আভরণ বলিয়া পরিগণিত হয়। ১৭৮।

কিমরীগণ সম্বসম্পন্ন ও জিতেন্দ্রিয় স্থাপ্রের এইরূপ গুণানুরূপ বাক্য শ্রবণ করিয়া অতিশয় তুষ্ট হইলেন। এবং মুখদ্বারা ভূলোকে চন্দ্রলোক স্থান পূর্ববিক তাহাঁকে বলিতে লাগিলেন। ১৭৯।

হে সাধো! আমরা অমূল্য, গুণোজ্জ্বল ও মণিসদৃশ তোমার দেহকান্তি দেখিলাম। এই জন্মই তুমি সজ্জ্জনগণকুর্তৃক মন্তকে, হৃদয়ে ও কর্ণে আভরণ স্বরূপ সর্ববদাই স্থাপিত হইয়াছ। ১৮০।

এই মহামূল্য প্রথিতপ্রভাব মণিটী গ্রহণ কর। ইহা তোমারই উপযুক্ত। এই মণি উচ্চধ্বজার স্থাপিত হইলে সহস্রযোজন পর্য্যন্ত প্রার্থীগণের মনোরথামূরূপ দ্রব্য বর্ষণ করে। ১৮১।

তরুণীগণ এই কথা বলিয়া মুর্ত্তিমান্ প্রসাদসদৃশ ঐ মহামূল্য মণিটী

দান করিলেন। স্থপ্রিয়ও উহা গ্রহণ করিয়া রৌপ্যময় দিতীয় পুরীতে উপস্থিত হইলেন। '১৮২।

তথায় কিন্নরকামিনীগণ কর্ত্ক বিগুণ আদরে পৃক্তিত হইয়া ক্রমে বিশুদ্ধবৃদ্ধি হইলেন এবং পূর্ববাপেক্ষা বিগুণ প্রভাবসম্পন্ন একটী মণি লাভ করিলেন। ১৮৩। #

তৎপরে সর্বাপেক্ষা অধিকতর শ্রীসম্পন্ধ, রতুময় চতুর্থ পুরীতে উপস্থিত হইয়া কিন্তরস্থলরীগণ কর্ত্ত্ তদপেক্ষা দিগুণ আদরে অভ্যর্থিত হইলেন। ১৮৫।

স্থান্থত স্থাপ্রিয় সদ্ধর্মার্থক কথাপ্রাসঙ্গ দারা কিন্নরীগণকে পরিভূষ্ট করিলে উহারাও উৎফুল্ল নীলোৎপল সদৃশ কটাক্ষপাত পূর্বক হস্তো-তোলন করিয়া বলিল। ১৮৬।

কিন্নররাজবংশরূপ সমুদ্রের চন্দ্রসদৃশ বদর নামে আমাদের এক ভ্রাতা আছে। এই সমুদ্ধিশালী দ্বীপ তাঁহারই রাজ্য ও তাহাঁরই নামে ইহার নাম বদরদ্বীপ হইয়াছে। ১৮৭।

এই উজ্জ্বলকিরণ রত্নটী নিয়মপূর্ববক পোষধব্রতচারী পুণ্যবান্ লোকের ধ্বজ্বাগ্রে বিশুস্ত হইলে জমুদ্বীপে জনগণের অভীপ্সিত অর্থ বর্ষণ করিবে। তুমি পরহিত সম্পাদনার্থে ইহা গ্রহণ কর। ১৮৮।

স্থন্দরীগণ এই কথা বলিয়া সাদরে অমরতরুর ফলস্বরূপ সেই রত্নটী উৎপাটিত করিয়া প্রদান করিলেন। স্থপ্রিয় ঐ রত্নটী ও বায়ুবিজয় বলাহ নামক একটা তুরঙ্গ লাভ করিয়া তাহাতে আরোহণ পূর্বক ভাঁহাদের কথিত পথামুসারে স্বনগরাভিমুখে যাত্রা করিলেন। ১৮৯।

তৎকালে শুভ্রযশাঃ রাজা ব্রহ্মদন্ত নিজ বিপুল পুণ্যফলে স্বর্গ গমন করিলে বারাণসী পুরবাসী জনগণ প্রণয়িজনের কামনাপ্রদ ও সর্ববপ্রাণির রক্ষার জন্ম কুতনিশ্চয় স্থপ্রিয়কেই ধর্মরাজ্যে অভিষিক্ত করিলেন।১৯০।

^{+ &}gt;৮৪ मर झाकन भाषता यांत्र मा छेरा मुख स्टेबार ;

তৎপরে স্থপ্রিয় পঞ্চদশী তিথিতে যথাবিধি স্নান করিয়া এবং পোষধত্রত ধারণ করিয়া ধ্বজাগ্রে ঐ রত্নটী স্থাপনপূর্ববক বিশ্ববাসীকে পূর্ণকাম করিয়াছিলেন। ১৯১।

স্থাপ্রিয় পরহিতার্থে শতবৎসরব্যাপী দেশভ্রমণ করিয়া পরে মহৎ রাজ্যভার গ্রহণ পূর্ববিক সমস্ত লোককে পূর্ণকাম করিয়া অবশেষে নিজ পুত্রকে রাজ্য পদে স্থাপন পূর্ববিক তম্বজ্ঞান দ্বারা শাস্তি লাভ করিয়া ত্রন্ধভাব প্রাপ্ত হইয়াছিলেন। ১৯২।

আমিই স্থপ্রিয়জন্মে রত্নদ্বীপ গমনকালে ঐ সকল দস্যাদিগকে পূর্ণমনোরথ করিয়া ছিলাম। ১৯৩।

বুদ্ধদেব কথাপ্রসঙ্গে দানবীর্য্যোপদেশ দারা এইরূপ নিজবৃত্ত ভিক্ষুগণকে অমুশাসন করিয়া ছিলেন। ১৯৪।

সপ্তম পল্লব।

মুক্তালতাবদান।

कुग्गलप्रिष्मानश्रद्धधान्तां विमलाकोकाविवेकवोधकानाम् । परिकोर्त्तनमानमेव येषां भवमोद्यापद्धरं तएव धन्याः ॥ १ ॥

যাঁহাদের চিত্ত কুশলকার্য্যে প্রণিধান দ্বারা বিশুদ্ধ হইয়াছে। যাঁহারা জনগণকে বিমলালোকসম্পন্ন বিবেক বুঝাইয়া দেন। এবং যাঁহাদের নামোচ্চারণে লোকের ভবমোহ অপহত হয়। তাঁহারাই এ সংসারে ধহা। ১।

পুরাকালে অগ্রোধোপবনবাসী ভগবান্ কপিলাখ্যনগরে ভিক্ষুস্হ্স্র-সভায় ধর্মদেশনা করিয়াছিলেন। ৩।

সভাস্থ জনগণ কৃতাঞ্জলিপুটে পরমানন্দদায়ক ও চন্দনবৎ শীতল তদীয় বাক্যামৃত পান করিয়া ধন্য হইয়াছিলেন। ৩।

ঐ ধর্ম্মোপদেশসভায় রাজা শুদ্ধোদন ভগবানের পবিত্র উপদেশ ঘারা (ধৌত হইয়া) বিমলতা ও নির্রুতি লাভ করিয়াছিলেন। ৭।

অনন্তর ঐ সভায় শাক্যকুলসম্ভূত মহান্ ভগবানের ধর্ম্মোপদেশ শ্রবণ করিয়া স্বগৃহে গমন পূর্বক মনে মনে ভাবিতে লাগিলেন। ৫।

আহা ! ভগবান বুদ্ধ, তদীয় ধর্ম্মোপদেশ এবং তাঁহার পার্ষদগণ সবই আশ্চর্য্যময়। আমাদের নির্ব্বাণ লাভের জন্মই ভগবানের আবি-ভাব হইয়াছে ইহাপেকা মহাফলদায়ক আর কি আছে। ৬।

ভগবানের উপদেশ দ্বারা নির্কৃতিপ্রাপ্ত মহানের পত্নী শশিপ্রভা তদীয় বাক্য শ্রবণ করিয়া প্রণয়সহকারে তাঁহাকে বলিয়াছিলেন। ৭। পুরুষেরাই পুণ্যবান্ যেহেতু জাঁহারা ভগবানের অন্ধুগ্রহভাজন হইয়াছেন। আমরা জ্রীলোক অত্যস্ত নিন্দনীয় যৈহেতু আমরা ভগ-বানের উপদেশের অযোগ্য। ৮।

মহান্ স্থীয় পত্নীর এইরূপ বাক্য শ্রেবণ করিয়া বলিলেন হে ভজে জগদ্গুরু ভগবানের কারুণ্যপ্রদর্শন বিষয়ে কোন ভেদজ্ঞান নাই। ১।

সূর্ব্যের কিরণ সর্ববত্রই সমান। মেঘের রঞ্জি সর্ববত্রই সমান। সর্বব্রপ্রাণির প্রতি করুণাপরায়ণ ভগবানের দৃষ্টিও (স্ত্রীপুরুষ নির্ব্বিশেষে) সর্বব্রই সমান। ১০।

রাজা শুদ্ধোদন মহাপ্রজাপতির বাক্যামুসারে (প্রতিদিন) অপরাহ্ন কালে ভগবানের নিকট গিয়া তপস্থা করিয়া থাকেন্। ১১।

শশিপ্রভা নিজ পতির এই কথা শুনিয়া ভগবানের নিকট প্রার্থনা করিবার জন্ম শাক্যললনাগণসহ পুণ্যোপবনে গিয়াছিলেন। ১২।

তিনি তথায় ভগবান্কে সন্ধরূপ কুস্মশোভিত, মহাফলসম্পন্ন ও শান্তিবারিসিক্ত করুণারসের কল্পরক্ষস্বরূপ দেখিয়াছিলেন। ১৩।

শশিপ্রভা বায়ু দারা আনতা লতার ন্যায় দূর হইতেই ভগবান্কে প্রণাম করিলেন। (প্রণামকালে) তাঁহার কর্ণোৎপল কর্ণ হইতে চ্যুত হওয়ায় বোধ হইল যেন লোভ তাঁহাকে পরিত্যাগ করিয়া গেল। ১৪।

আনন্দনামা ভিক্নু রত্নভূষণে ভূষিত ও সমুব্দ্দলকান্তি শশিপ্রভাকে দেখিয়া স্বতঃপ্রব্রত হইয়াই তাঁহাকে বলিলেন। ১৫।

মাত: । তোমার এইরূপ বেশভ্ষা প্রশমের উপযুক্ত নহে প্রভ্যুত দর্পযুক্ত। মুনিগণের তপোবনে তোমার দর্প প্রকাশ করা উচিত নহে। ইহা বিরক্তলোকেরই স্থান। ১৬।

তোমার এই মুখর আভরণগুলি যেন ঝকারচ্ছলে তোমাকে উপদেশ দিতেছে যে এখানে আমাদের গ্রহণ করা উচিত নহে। ১৭। শশিপ্রভা আনন্দ কর্তৃক এইরূপ অভিহিত হইয়া লজ্জার নতাননা হইলেন এবং সমস্ত আভরণ উন্মোচন করিয়া নিজগৃহে পাঠাইরা দিলেন। ১৮।

তৎপরে সকলে উপবিষ্ট হইলে ভগবান্ কুশল নির্দেশ পূর্ব্বক অনিত্যতা বিষয়ে উপদেশ করিতে আরম্ভ করিলেন। ১৯।

ইহা মহামোহেরই প্রভাব যে ইহজগতে মূঢ় ব্যক্তিগণ সভতই অনিত্য বস্তুকে নিত্য বলিয়া জ্ঞান করিয়া থাকে। ২০।

সকল লোকেই অসত্যে সত্যপ্রতায় দারা মোহিত হইয়া উহাতে রত হয়। উহারা জানেনা যে সমস্ত বস্তুর স্থিতিই অভাবাসুভবের দারা হইয়া থাকে। ২১।

কেহবা ব্যাকরণে, কেহবা তর্কশান্ত্রে, কেহবা তন্ত্রশান্তে কেহ বা অত্যাত্য বিবিধ কলাকৌশলে আসক্ত হইয়াপুনঃ পুনঃ জন্মগ্রহণ করিতেছে এবং ঐ সকলের সহিতই ক্ষয়প্রাপ্ত হইতেছে। মৃগ্ধ জনগণ ঐ সকল অনিত্যকেই নিতা জ্ঞান করিয়া তাহাতেই অবস্থান লাভ করিতেছে।২২।

এই প্রপঞ্চময় আশা দারা বিষয়বিষে জর্জ্জরিত হইয়া কায় অপায় প্রাপ্ত হইতেছে। মোহ হইতেই সংসারের উদ্ভব। উহা প্রথর মরুস্থলীর ন্থায় ভীষণাকার। বিবেকী ব্যক্তি হিত্তবিষয়ে সেইরূপ কার্য্য করিবে যাহাতে এই অসীম ব্যাধি নির্ত্ত হয়। ২৩।

ভগবান ইত্যাদি অনিত্য, সংসারমুক্ত ও যুক্তিযুক্ত ধর্মোপদেশবাক্য স্বয়ং বলিতে উদ্যত হইলে রূপ ও সৌভাগ্যে গর্বিতা, শৈশব ও যৌবনের সন্ধি বয়সে বর্ত্তমানা একটা শাক্যবংশীয় বধূ স্বকীয় স্তনতটে বিদ্যমান রতিপতির যশঃসারভূত মুক্তাহারটা লোলাপাঙ্গ দারা বিলোকন করিল। ২৪, ২৫, ২৬।

মহানের পত্নী শশিপ্রভা হারাবলোকিনী ঐ শাক্যবধৃকে দেখিয়া বিরক্ত হইয়া মনে মনে চিস্তা করিলেন। ২৮। আমি আমার নিজ হার দেখাইয়া উহার হারের গর্ব্ব হরণ করিব। নিজ অপেক্ষা অধিক দেখিলেই লোকের গর্বব খর্বব হয়। ২৯।

শশিপ্রভা মনে মনে এইরূপ স্থির করিয়া নিজ দাসী রোহিকাকে বলিলেন। রোহিকে তুমি সম্বর গিয়া আমার গৃহ হইতে হারটা লইয়া আইস। ৩০।

শশিপ্রভা কত্ত্ ক এইরূপ অভিহিতা রোহিকা ধর্ম্মকথা শ্রাবণ ত্যাগ ক্রিয়া অসময়ে যাইতে হইবে ভাবিয়া দীর্ঘনিখাস ত্যাগ পূর্ববিক ক্ষণকাল চিন্তা করিয়াছিল। ৩১।

হায় আমার ধর্ম্মকথা শ্রবণে একটা বিদ্ধ উপস্থিত হইল। আমি পরায়ন্তজীবন বশতঃ ইহা শুনিতেও পাইলাম না। ৩১।

হাস্তরূপ সৌরভে পরিপূর্ণ ও কারুণ্যরূপ কেশরে ব্যাপ্ত ভগবানের মুখপদ্ম হইতে তদীয় বাক্যরূপ মধু ধন্য ব্যক্তিই প্রাপ্ত হয়। ৩৩।

হায় দাস্যবৃত্তিতে কিছুমাত্র স্বাধীনতা থাকে না। ইহাতে শরীর ভগ্ন হয়। স্থাখের লেশও থাকে না। কেবল হুঃখের উপর হুঃখই হইয়া থাকে। ৩৪।

দাস্তর্ত্তিরূপ প্রয়াস দারা লব্ধ ধন ও মানকণা বা অভ্যুদয়, দীর্ঘ ও উষ্ণ নিশ্বাস দারা তপ্ত করিয়া অতি কষ্টে ভোগ করিতে হয়। ৩৫।

ভূত্যগণের প্রভূর সহিত দর্শনকালে প্রথমতঃ মাননাশ, গুণগ্লানি, তেজোনাশ ও পরিশ্রম এইগুলিই ফললাভ হয়। ৩৬।

দাসুর্ত্তি চরণন্ধয়ের একটা লোহময় বন্ধনশৃঞ্জলা স্বরূপ এবং অবহেলা ও অবমাননার আম্পদ। উহা নিজকার্য্যের নিষেধক অকাট্য নিয়তিস্বরূপ এবং নিদ্রাস্থখের দ্রোহকারক। উহা আশামূগের একটা প্রকাণ্ড জাল ও সাধুসঙ্গের একাস্ত বিরোধী। দেবার্ত্তি মুগ্ধ-জনের মরীচিকাময় মরুভূমিস্বরূপ। উহাতে শরীরের ক্ষয় হইয়া থাকে। ৩৭। রোহিকা মনে মনে এইরূপ চিস্তা করিয়া শশিপ্রভার আজ্ঞামুদারে গমন করিল। যাহাদের দেহ দাস্যব্বত্তি ছারা বিক্রীত, তাহাদের স্বাচ্ছন্দ্য কোথায়। ৩৮।

ভগবান্ দিব্যচক্ষ্য স্বারা দাসীকে ছঃখিত দেখিয়া কুপাবশতঃ ক্ষণকাল চিস্তা করিয়াছিলেন যে ইহার জীবনকাল প্রায় শেষ হইয়া আসিল; এক্ষণে আমি স্বয়ং ইহাকে সংসার হইতে উদ্ধার করিব। ৩৯-৪০।

অনস্তর তাহার কর্মফলামুসারে সহসা পথে নবজাতবৎসা একটি গাভী তাহাকে শুঙ্গদ্বারা আঘাত করিল। ৪১।

রোহিকা ভগবানের প্রসাদে তন্ময় হইয়া জন্মান্তরীণ সংস্কারবলে বুদ্ধে মন স্থাপন পূর্বক চিন্তা করিয়াছিল, হায়, সংসারসাগরের কর্মময় তরক দারা প্রাণিগণ জন্মরূপ আবর্ত্তে মগ্ন হয়। ৪২-৪৩।

মনুষ্যের ললাটরপ বিপুল প্রস্তরফলকে অশুভকর্ম বারা ঘটিত কঠিন টক্ক বারা খোদিত জন্ম ও মরণ বিষয়ক যে অক্টরবিন্যাস আছে, ভাহা হস্তবারা মার্জ্জনা করিয়া প্রোঞ্জিত করা যায় না। ৪৪।

মসুষ্যগণের কর্মাধীন এই পরিণতিচিত্র ময়ূরপুচেছর স্থায় নানা বর্ণে চিত্রিত। উহার বলে গর্ভারম্ভকালে রিদ্ধিসময়ে বা নিধনকালে ঐ চিত্রের সম্প্রমাত্রও অস্থা করা যায় না। ৪৫।

রোছিকা এইরূপ চিন্তা করিয়া প্রণিধানাস্পদ শুল্র সন্ধর্মে বুদ্ধি স্থাপন পূর্বক ইহ সংসারে নিন্দনীয় ও মলিন জীবন ত্যাগ করিল। সে বেন অগ্রবর্ত্তী শুভদশা প্রাপ্ত হইয়া তুঃসহ দাসভাবজনিত লজ্জায় নিস্পান্দ হইল। ৪৬।

তৎপরে রোহিকা দিব্যত্নাতিসম্পন্ন হইয়া চুগ্ধান্ধিতে চক্রলেখার ন্থায় স্বর্গসম্পদের সন্ধিকট সিংহলগীপে জন্মগ্রহণ করিল। ৪৭।

তাহার জন্মকালে আকাশ হইতে মুক্তার্ম্বি হওয়ায় তাহার নাম

মুক্তালতা রাখা হইল। রোহিকা সিংহলাধিপতির কন্তা হইয়া জন্মিয়া-ছিল। ৪৮।

মুক্তালতা পুণ্যামুরপ লাবণ্য ধারণ করিয়া ক্রেনে বৃদ্ধিপ্রাপ্ত হইতে লাগিল। বিবেকের ঘারা সস্তোধের স্থায় তাহার অঙ্গসকল ক্রেনে যৌবন লাভ করিল। ৪৯।

একদা শ্রাবন্তীপুরবাসী কতকগুলি বৃণিক্ সমৃদ্র পার হইয়া সিংহল
ু.দ্নীপে আসিয়াছিল। তাহারা শেষরাত্রে বিশ্রামস্থস্চক ধর্মার্থগাধাময় ভগবান্ বুদ্ধের বাক্য গান করিয়াছিল। ৫০-৫১।

অন্ত:পুরহর্ম্মন্থিতা রাজকন্ম। মুক্তালতা শ্রবণস্থকর ঐ গান শ্রবণ করিয়া তাহাদিগকে আহ্বানপূর্বক, ইহা কি, এই কথা জিজ্ঞাসা করিয়াছিলেন। ৫২।

তাঁহারা রাজকভাকে বলিলেন, ইহা সর্ব্বপ্রাণীর প্রতি অমুকপ্পাকারী ভগবান্ বুদ্ধের স্বভাবসিদ্ধ বাক্য। ৫৩।

রাজকন্যা বুদ্ধের নাম শ্রবণমাত্র পুলকিতাক হইয়াছিলেন, এবং তাঁহার জ্ঞানাপুভবের উদয় হইয়াছিল। ৫৪।

তখন রাজকন্তা মেঘের গর্জ্জন শ্রবণে ময়ুরীর ন্তায় উন্মুখী হইয়া, ভগবান্ বুদ্ধ কে, এই কথা তাঁহাদিগকে জিজ্ঞাসা করিলেন। ৫৫।

তৎপরে তাঁহারা রাজকতার অধিকতর শ্রন্ধায় সমাদৃত হইয়া পুণ্যময় জগবানের চরিত ও স্থিতি বর্ণনা করিলেন। ৫৬।

অনস্তর রাজকন্য। তাঁহাদের কথাশ্রবণে পূর্ববজনাত্ত্বপ্রতান্ত স্মরণ করিয়া তাঁহাদের হস্তে ভগবানের নিকট একটি বিজ্ঞাপন পত্র পাঠাইলেন। ৫৭।

কিছুদিন পরে তাঁহার। সমুদ্র পার হইয়া নিজ পুরীতে গেলেন এবং ভগবানকে প্রণাম করিয়া সিংহলরাজকভার ব্রভাস্ত নিবেদন পূর্বক বিজ্ঞাপন পত্রটি দিলেন। ৫৮। সর্ববজ্ঞ ভগবান্ও প্রথমেই তাহা জানিতে পারিয়া মুক্তালতার প্রতি কৃপাবশতঃ স্বয়ং পত্রটি পাঠ করিয়াছিলেন। ৫৯।

আপনার শ্বরণ কি আশ্চর্য্য পুণাজনক। ইহা ব্যসন তাপ ও ভৃষ্ণার নাশক মহৌবধি স্বরূপ। আপনার কথাপ্রসঙ্গে আমার পূর্ব্বশ্বভির অসুভব হইয়াছে; হে ভগবন, আপনিই আমার মহান্ অমৃতসংবিভাগ স্বরূপ। ৬০।

ভগবান্ এইরূপ সংক্ষিপ্ত পত্রার্থ অবগত হইয়া **ঈষৎ হাস্ত দার**া দিম্মগুল আলোকিত করিলেন। ৬১।

তৎপরে ভগবান্ চিত্রকরের অসাধ্য তাঁহার প্রভাবপূর্ণ একটি প্রতিমাপট মুক্তালতার নিকট পাঠাইয়া দিলেন। ৬২।

ভগবানের আজ্ঞানুসারে বণিক্গণ পুনরায় প্রবহণারত হইয়া সিংহলদ্বীপে গমন করিয়া মুক্তালতাকে প্রতিমাপটটি দেখাইলেন। ৬৩।

তত্রত্য জনগণ হেমিদিংহাসনে শুস্ত পটে ভগবানের প্রতিক্বতি দেখিয়া এবং তাঁহার ধ্যান দ্বারা তন্ময় হইয়া একতা প্রাপ্ত হইয়া-ছিল। ৬৪।

ঐ চিত্রের অধোভাগে পুণ্যপ্রাপ্ত ত্রিবিধ গতিবিধি, পঞ্চবিধ শিক্ষা-পদ, অমুলোম ও বিপর্যায় সহিত প্রতীত্যসমূৎপাদ এবং পরমামৃতনির্জর অফ্টাঙ্গমার্গ লিখিত ছিল। ৬৫-৬৬।

তাহার উপর ভগবানের স্বহস্তলিখিত স্থবর্ণাক্ষরময় ভাবনা-লীন স্তভাষিত শোভা পাইতেছিল। ৬৭।

বিষয়রূপ বিষম সর্পসঙ্কুল ও অন্ধকারময় এই মোহসন্তুত গৃহ হইতে নিজ্ঞান্ত হইয়া জন্ম মরণ ও ক্লেশাবেশ বশতঃ মহা কফ অনুভব পূর্বক বৌদ্ধধর্ম্মের শরণাগত হও। ইহাতে সংসারভয় নাই। ৬৮।

রাজকন্যা মুক্তালত। পবিত্র জিনপ্রতিকৃতি দর্শন করিয়া জনাদি-কাল সঞ্চিত অজ্ঞান বাসনা ত্যাগ করিলেন। ৬৯। পুণাবতী রাজকন্ম। প্রাংশু, তপ্তকাঞ্চনদেহ, স্থক্ষ, আজাতুলন্ধিতবাহ, ধ্যানে একাগ্রতা বশতঃ নিমীলিতলোচন, লাঘণ্যধারাকার, উন্নতনাসাভূষিত, স্বভাবস্থন্দর, শোভমান, এবং প্রলন্ধিত ও ভূষণরহিত
কর্ণপাশ শোভিত, বালারুণবর্ণ বক্ষলচিহ্নিত, সন্ধ্যাত্রকর্তৃক আক্রাম্ভ
অদ্রিরাজ হিমালয়ের হ্যায় দৃশ্যমান, দেহকান্তি দ্বারা যেন চতুর্দিকে
স্থালিতার উপদেশকারী, চক্রবৎ আনন্দদায়ক মুখমণ্ডিত এবং
পৃথিবীরও ক্ষমাগুণের শিক্ষক ভগবানের মূর্ত্তি অবলোকন করিয়া
ভূপামকালে অধোনমিত কপোলন্থিত কর্ণোৎপলের অপসারণ দ্বারা
সংসার ও শরীরের ভৃপ্তি নিরাশ করিয়া পরম সত্যামুভব প্রাপ্ত
হইয়াছিলেন। ৭ - ৭৩।

রাজকন্যা তৎক্ষণেই বোধি লাভ করিয়া স্রোতঃসমাপত্তি ফল প্রাপ্ত হইলেন এবং ভগবানের প্রভাব চিন্তা করিয়া বিস্ময় ও হর্ষ সহকারে বলিলেন। ৭৪।

অহো, ভগবান তথাগত দুরস্থিত হইয়াও মহামোহান্ধকার নাশ করিতেছেন। তাঁহার দেহকাস্তি দারা আমার কুশলপদ্মের বিকাশ-শোভা হইয়াছে। ৭৫।

আমি ভবসাগর উত্তীর্ণ হইয়াছি ও সংপ্রণিধান প্রাপ্ত হইয়াছি। ক্ষণকালমধ্যেই আমার অন্তঃকরণ প্রসন্ন হইয়াছে। অহা, প্রশমামূচ প্রবাহ তৃষ্ণা ও পরিতাপ শাস্তির জন্ম যেন সমুচ্ছলিত হইতেছে। ৭৬।

রাজকন্তা এই কথা বলিয়া সজ্বপূজার জন্ত প্রচুর মুক্তারত্ব ভগ-বানের উপহার স্বরূপ প্রদান করিয়া বণিক্দিগকে বিদার দিলেন। ৭৭।

তাঁহারা সমুদ্র পার হইয়া ভগবানের নিকট উপস্থিত হইলেন এবং তাঁহাকে প্রণাম করিয়া মুক্তা ও রত্মরাশি ভগবানুকে প্রদান করি-লেন। ৭৮।

বণিৰ্গণ কর্তৃক কথিত রাজকন্মার কথা শ্রাবণ করিয়া তত্রস্থ

আনন্দনামা ভিকু ভগবান্কে জিজ্ঞাসা কঁরায় ভগবান্ জিন বলিয়া-ছিলেন। ৭৯।

পূর্বের শাক্যকুলে রোহিকা নামে যে দাসী ছিল, সে সৎকর্ম্মে প্রণিধান বশতঃ মূক্তালভারূপে জন্মগ্রহণ করিয়াছে। ৮০।

পুরাকালে বারাণসী নগরীতে মহাধন নামে এক বণিক্ ছিল। তাহার পত্নী রত্নবতী অভিশয় পুণ্যবতী ছিল। ৮১।

ঐ রত্ববতী স্বীয় পতি মৃত হইলে অপুত্রক অবস্থায় এক স্ত*ু*পের উপর পূজা করিয়া ভক্তি সহকারে নিজ মহামূল্য হারটি নিবেদন করিয়াছিল। ৮২।

সেই পুণ্যপ্রভাবে সে সিংহলাধিপতির কন্যা হইয়া পরিনির্ববাণ পাইয়াছে। ৮৩।

সেই রত্নবতীই অন্ম জন্মে ঐশ্বর্যামদে মত্ত হইয়া প্রজার নিন্দা-পরায়ণা হইয়াছিল ; সে জন্মই সে কয়েক বৎসর দাসী হইয়াছিল। ৮৪। লোকে জন্মগ্রহণ করিয়া যাহা কিছু শুভাশুভ কর্ম করে, তাহার

ঠিক অমুরূপ পরিণত ফল ভোগ করিয়া থাকে। ৮ে।

নিখিল কুশলকার্য্যই যাহার মূল ও কীর্ত্তিপুষ্পেই যাহার শ্রী উচ্ছল, সেই মনুষ্যগণের ধর্ম্মবল্লীই সমস্ত শুভফলের প্রসব করে। পাপ ওব্রেশ যাহার মূল, সেই বিষলতাই ভ্রমনিপাত মোহ ও অনস্ত সন্তাপের হেতু। ৮৬।

হে জনগণ, সম্ভপ্ত প্রথর মরুভূমি সদৃশ এই সংসারমার্গে তীব্রামুতাপ-জনক পাপ পরিত্যাগ কর ও সতত পুণ্য বর্জন কর। পুণ্যবান্গণের পক্ষে পবিত্র ছায়াসম্পন্ন ও শীতল তরুতলভূমি পুণ্যামৃত ছারা সিক্ত হয়। ৮৮।

ভগবান্ স্বয়ং এইরূপ সংপ্রণিধানের ফল বলিয়া ভিক্ষ্ণণের ভক্তি বর্দ্ধনের জগ্য উপদেশ করিয়াছিলেন। ৮৮।

অফ্টম পল্লব শ্রীগুপ্তাবদান

क्ततापकारेऽपि कपाकुलानि क्रूरेऽप्यलं पत्नवकोमलानि। हेषोषातमे ऽप्यतिशीतलानि भवन्ति चित्तानि सदाशयानाम् ॥ १॥

সদাশয়গণের চিত্ত অপকারীর প্রতিও কুপাকুল, খলের প্রতিও পল্লববৎ কোমল এবং বিদেষোম্মায় প্রতপ্ত ব্যক্তির প্রতিও অত্যস্ত শীতল হইয়া থাকে। ১।

পুরাকালে ইন্দ্রপুরী সদৃশ উদার রাজগৃহ নামক নগরে কুবেরসদৃশ ধনবান্ শ্রীগুপ্ত নামে এক গৃহপতি বাস করিত। ২।

শ্রীগুপ্ত অত্যন্ত গর্বিত, স্থজনের বিছেফা ও গুণবানের প্রতি হতাদর ছিল। সে সর্ববদাই ধনমদে মত্ত হইয়া সঙ্জনগণকে উপহাস করিত। ৩।

কঠিনহৃদয় বক্রস্বভাব অস্তঃসারশৃত্য ও মুধর খলজনের প্রতিই লক্ষ্মীর দয়া হয়; যথা পূর্বেবাক্ত গুণসম্পন্ন শুম্বেতে লক্ষ্মীর দয়া দেখা যায়। ৪।

একদা ঐতিপ্তের গুরুবংশোভূত খলস্বভাব এক ক্ষপণক পরস্পর কথাপ্রসঙ্গে পুণ্যবিধেষবশতঃ তাহাকে বলিয়াছিল। ৫।

গুএকট পর্বতে শত শত ভিক্সুগণপরিবৃত সর্ববঞ্জকীর্ত্তি নামে যে স্থগত আছে, সে ড ত্রিজগতের পূজ্য হইয়া উঠিয়াছে। উহার ত কোনরূপ প্রতিভা দেখিতে পাই না, কিন্তু'লোকে ভগবান্ ভগবান্ বলিয়া উহাকে উন্নত করিয়া তুলিয়াছে। ৬-৭।

প্রায় সকলকেই গতামুগতিক দেখা যায়। তাছারা কোনরূপ বিচার না করিয়াই লোকপ্রবাদসিদ্ধ পথেই গমন করে এবং পরের কথারই অমুবাদ করে। ৮।

উহার যাহা কিছু ত্রতাদি নিয়ম আছে, তাহা সবই দম্ভ বলিয়া বোধ হয়। সে গোপনে মংস্থ ভক্ষণ করে, আবার মৌনত্রত ও একপাদত্রত হইয়া আছে। ওটা বকধার্মিক। ৯।

অতএব উহাকে উপহাস করিবার জন্ম একটা প্রবঞ্চনা করা যাউক। ধূর্ত্তগণের মায়ায় মোহিত হইয়া সঙ্গদ্ধনও পরিতৃষ্ট হয়। ১০।

কর্মমোহিত শ্রীগুপ্ত ক্ষপণকের এইরূপ বাক্য শ্রবণ করিয়া পাপগর্ত্তে পড়িবার জন্ম তাহার পরামর্শানুসারে প্রদীপ্ত খদিরাঙ্গার-পূর্ণ একটা গুপ্ত খদা (অর্থাৎ পীঠ) ও বিষ মিশ্রিত অন্ধ প্রস্তুত করিয়া ভগবানের নিকট গিয়াছিল। ১১-১২।

শ্রীগুপ্ত মিধ্যা ভক্তি প্রদর্শন পূর্ববক তাঁহাকে ভোজনের নিমন্ত্রণ করিল। সর্ববিজ্ঞ ভগবান্ সমস্ত জানিতে পারিয়া হাস্থ সহকারে তথাস্ত্র বলিয়াছিলেন। ১৩।

শ্রীগুপ্ত বিষাগ্নিপ্রয়োগ দর্শনে কুপিত। সদর্থবাদিনী নিজপত্নীকে মন্ত্রণা প্রকাশ ভয়ে গৃহে বাঁধিয়। রাখিয়াছিল। ১৪।

জগবন্দ্য চতুর্মা, খ প্রভৃতি দেবগণেরও বন্দনীয় ভগবান্ সমস্ত রুত্তান্ত জানিতে পারিয়াও স্বয়ং আগমন করিয়াছিলেন। ১৫।

নগরবাসী কছলোক শ্রীগুপ্তের এই বৃত্তান্ত জানিতে পারিয়াছিল। পাপীদিগের পাপ স্থপ্ত হইলেও চতুর্দ্দিকে প্রকাশ হইয়া খাকে। ১৬।

্তৎপরে একজন উপাসক তথায় আগমন করিয়া অগ্নি ও বিষের

বিষয় চিস্তা করিতে করিতে ভগবানের চরণালীন হইয়া তাঁহাকে বলিয়াছিল। ১৭।

ভগবন, এবাক্তি অতি কুর্জন। এ মিধ্যা নম্রতা দেখাইতেছে ও প্রিয়ালাপ করিতেছে। অতএব প্রয়ত্ম সহকারে ইহাকে পরিহার করাই উচিত। ১৮ ।

অনার্য্য ব্যক্তি মাধুর্য্য অবলম্বন ক্রিলেও তাহাকে বিশ্বাস করা উচিত নহে। মধুমাখা ক্লুর গিলিয়া খাইলেও পেটের নাড়ী কাটিয়া যায়।১৯।

খলজন গুণিগণের গুণের দ্বেষ করে ও অন্সের প্রশংসা সহ্য করিতে পারে না। সজ্জনগণ যাহাতে তুষ্ট হয়, তুর্জনেরা ভাহাতেই কুপিত হয়।২০।

লোকত্রয়ের নেত্ররূপ শতপত্রের বিকাশকারী আপনি এই রাস্তর কবলে পতিত হইলে জগৎ কি অন্ধ হইবে না। ২১।

ভগবান্ এই কথা শুনিয়া হাস্তরশ্মি দ্বারা শ্রীগুপ্তের পরিভবরূপ গাঢ়ান্ধকারকে যেন দুরে পরিহার করিয়া উপাসককে বলিলেন। ২২।

অগ্নি আমার অঙ্গ স্পর্শ করিতে পারে না; বিষও আমার কিছু করিতে পারে না। যাহারা পরের প্রতি দ্বেষ করে না, তাহাদের পক্ষে কোন উপদ্রবই দোষাবহ নহে। ২৩।

যাহার চিত্ত ক্রোধে তপ্ত নছে এবং শাস্তি দ্বারা সিক্ত, এরূপ বিষয়া-নাসক্ত ব্যক্তির পক্ষে অনল বা বিষ কিছুই করিতে পারে না। ২৪।

যাহারা বিধেষপরায়ণ তাহাদের পক্ষে অমৃতও বিধের ভায় হয়, কোমল কুন্তমও বজ্জের ভায় হয় এবং চন্দনও অগ্নির ভায় হয়।২৫।

অগ্নি বোধিসম্বপদে বর্ত্তমান কারুণ্যসম্পন্ন ও মৈত্রীসম্পন্ন তির্ব্যক্ত জাতিরও দেহ দক্ষ করিতে পারে না।২৬। পুরাকালে কলিসরাজ মৃগজাতির সংখ্যা অল্প করিবার জন্য উদ্ভঙ হইয়া খগুদীপ নামক বন দথ্য করিয়াছিলেন। ২৭।

ঐ কানন প্রজ্ঞলিত হইলে পর একটি তিত্তিরিশাবক মৈত্রীদারা বোধি অবলম্বন করিয়া ঐ অগ্নির প্রশম বিধান করিয়াছিল। ১৮।

অতএব অদ্রোহমনা জনগণৈর কোথায়ও ভয় নাই। তোমাদের সম্বস্প্রদের জন্ম আমি আরও একটি কৌতুককর কথা বলিভেছি, প্রাবণ কর। ২৯।

একদা অনার্দ্ধিবশতঃ চুর্ভিক্ষকালে কোন এক মুনির আশ্রামে মমুষ্যের ত্যার কথা কহিতে সমর্থ এক শশক বহুকাল বাস করিয়াছিল। ৩০।

ঐ মৃগ মূনিকে ফলমূলাদির অভাবে ক্ষ্ধায় কাতর বিলোকন করিয়া ও তাঁহার কষ্টে ব্যথিত হইয়া দৃঢ়তার সহিত তাঁহাকে বলিয়া-ছিল। ৩১।

ভগবন্, 'সম্প্রতি আপনি আমার মাংস দ্বারা প্রাণরক্ষা করুন।
ধর্ম্মসাধন ভবদীয় শরীর রক্ষা করাই একাস্ত কর্ত্ব্য। ৩২।

শশক এই কথা বলিয়া মূনিকর্তৃক প্রণয়বশতঃ যত্নসহকারে নিবারিত হইলেও দাবাগ্নিতে নিজদেহ নিক্ষেপ করিয়াছিল। ৩৩।

ঐ শশকের সম্বগুণপ্রভাবে প্রজ্বলিতশিখাসকুল অগ্নি মনোজ্ঞ গুন্গুন্-ধ্বনিকারি-জ্রমরশোভিত একটি পল্মের আকার ধারণ করিল। ৩৪।

শশক দিব্যদেহ ধারণ করিয়া ঐ মহাকমলের উপর উপবেশন পূর্বক মুনিগণ কর্তৃক প্রণম্যমান হইয়া ধর্ম্মদেশনা করিয়াছিল। ৩৫। ভগবান এইরূপে বোধিপ্রব্রত্ত জনগণের পক্ষে বহ্নি বা বিষ হইতে

ভন্ন নাই এই কথা বলিয়া শ্রীগুপ্তের গৃহে গমন করিলেন। ৩৬।

্বাবান্ ঐগুপ্তের গৃহে প্রবেশ করিয়া দক্ষিণ পদ নিক্ষেপ

করিবামাত্র ঐ অগ্নিগর্ভ খনা (পীঠ) মঞ্জুগুঞ্জিত ভূঙ্গশোভিত একটা রমণীয় সরোজিনী হইল। ৩৭।

শ্রীগুপ্ত ভগবান্কে পদ্মাসনে উপবিষ্ট দেখিয়া এবং তাঁহার দৃষ্টি-পাতেই নিষ্পাপ হইয়া তদীয় চরণে প্রণিপাত পূর্বক বলিয়াছিল। ৩৮। ভগবন, আমি পাপাচারী। আমায় এই অপরাধ ক্ষমা করিবেন। মোহান্ধকারে পতিত জনগণের প্রতি সক্ষনগণের অধিকতর করুণা হইয়া থাকে। ৩৯।

অকল্যাণমিত্র প্রমোহ আমাকে যে পাপপথে যাইতে উপদেশ দিয়াছে, একমাত্র আপনার অমুগ্রহই তাহা হইতে পরিত্রাণের উপায়। ৪০।

আমি যে বিষমিশ্রিত বস্তু ভোজন করাইতেছি, তজ্জন্য পশ্চান্তাপরূপ বিষ আমাতেই সংক্রান্ত হইয়াছে। ৪১।

কুপানিধি ভগ্বান্ শ্রীগুপ্তকে সাশ্রুনয়নে এইরূপ কথা বলিতে দেখিয়া ভিক্ষুগণের সম্মুখেই তাহাকে বলিয়াছিলেন। ৪২।

হে সাধো তুমি বিষাদ করিও না। আমরা তোমার প্রতি বিরূপ নহি। ঘোর বৈররূপ বিষকে পরিত্যাগ করায় বিষ আমাদিগকে তাপ দিতে পারে না। ৪৩।

পুরাকালে বারাণসীতে ত্রহ্মদত্তনামে এক রাজা ছিলেন। তদীয় পত্নী অমুপমা তাঁহার প্রাণসমা প্রিয়া ছিলেন। ৪৪।

একদা অমুপমা নগরোপান্তে বনন্থিত স্থবর্ণভাস নামক মরুররাজের কেকারব শুনিতে পান। ৪৫।

তিনি বেণু ও বীণাস্বরসদৃশ ঐ ময়ুরের কণ্ঠধনি শ্রবণ করিয়া কৌতুকাবেশ বশতঃ রাজাকে জিজ্ঞাসা করিয়াছিলেন । ৪৬।

রাজা বলিলেন এই বনপ্রান্তে রত্বখচিত পক্ষশালী একটি মরুর আছে। উহার মধুর কণ্ঠধবনি একবোজন পর্য্যন্ত শুনা যায়। ৪৭। রাজা এই কথা বলিলে পর মহিবী ঐ ময়্রটি দেখিবার জন্ম প্রার্থনা করিলেন। তখন রাজা প্রেয়সীর প্রেমযুক্ত প্রার্থনায় হাস্থ করিয়া বলিয়াছিলেন। ৪৮।

হে মুখে, ঐ অভ্তরপী মর্রের দর্শন লাভ অত্যন্ত তুর্লভ। ভথাপি যদি নিতান্ত আগ্রহ কর, তাহা হইলে চেফটা করা যাউক i ৪৯।

রাজা এই কথা বলিয়া ঐ ময়ুরটি ধরিবার জন্ম জালজীবিগণকে নিযুক্ত করিলেন। এমন কি ময়ুরটি বধ করিবারও অভিপ্রায় প্রকাশ করিলেন। ৫০।

যে ব্যক্তি স্ত্রীলোকের কটাক্ষের বশীভূত, তাহার কর্ত্তব্যাকর্ত্তব্য বোধ থাকেনা। স্ত্রীগণ অমুরাগাক্ষ্ট ব্যক্তিকে কুকর্মণ্ড করাইয়া থাকে।৫১।

যাহারা প্রণয়বশতঃ প্রোঢ়া পত্নীর পাদপীঠবৎ হইয়া থাকে, ধী ধৃতি শ্বতি ও কীর্ত্তি ঈর্য্যাবশতই তাহাদিগকে ত্যাগ করে। ৫২।

ভৎপরে শাকুনিকগণ স্থানে স্থানে জাল পাতিল, কিন্তু ময়্ররাজের প্রভাবে ভৎসমুদয়ই বিশীর্ণ হইয়া গেল। ৫৩।

ময়ূররাজ শাকুনিকদিগকে প্রযন্ত্রকিল্য হেডু ছঃখিত ও রাজ্ঞাজ্ঞা ভয়ে ভীত দেখিয়া করুণাকুল হইলেন। ৫৪।

ময়ুররাজ মনে মনে ভাবিলেন যে, আহা এই জালজীবিগণ আমাকে বন্ধন করিতে না পারায় রাজার ক্রুর শাসন ভয়ে ভীত হইয়াছে। ৫৫।

কুপাপরায়ণ ময়ূররাজ এইরূপ চিস্তা করিয়া স্পষ্ঠ বাক্য দারা তাহাদিগকে বিদায় দিয়া রাজাকে তথায় আনাইলেন ও তাঁহার সহিত গমন করিলেন। ৫৬।

ময়ুররাজ সপত্মীক রাজা কর্তৃক সতত পূজামান হইয়া অস্তঃপুর মধ্যে সমাদর সহকারে বাস করিতে লাগিলেন। ৫৭।

न्निक ७ ग्रामवर्ग भाषममृग कांखिमानी ख्नीन मनिमय गृहर

প্রতিফলিত ময়ুরের চিত্রধর্ণ পক্ষকান্তি ছারা ইন্দ্রায়ুধের ভ্রম হইত। ৫৮।

একদা রাজা দিখিজয় যাত্রাকালে রাজ্ঞীকে মরুরের সেবার জন্ম আদেশ করিয়া গিয়াছিলেন। ৫৯।

রাজপত্নী অনুপমা পতি প্রবাসগামী হইলে প্রমাদবশতঃ রূপ ও যৌবন গর্বেব অন্ধ হইয়া কুলমর্যাদার প্রতি দৃষ্টিক্ষেপ করিলেন না ।৬০।

অমুপমা একটি যুবা পুরুষকে দেখিয়া অমুরাগবতী হইয়াছিলেন। তথন কন্দর্পবিপ্লবকালে লজ্জা প্রলম্ভভয়ে ভীত হইয়া দূরে পলাইল। ৬১।

যাহারা মলিনস্বভাব কুটিল ও তীক্ষ এবং যাহাদের নামও কর্পে প্রবেশ করাইতে ইচ্ছা হয় না, এতাদৃশ চপল ব্যক্তিই চপলনয়না কামিনীগণের প্রিয় হয়। ৬২।

সংসার সাগারে নানাবিধ উন্মাদকারিণী ও প্রাণহারিণী বিষময় স্ত্রী বিচরণ করে। কুস্তম হইতেও কোমল অথচ ক্রকচ হইতে ক্রুর স্ত্রীগণের বিচিত্র চিত্তের পরিচেছদ করিতে কেহই জানেনা। ৬৩-৬৪।

যাঁহারা প্রচরস্থী প্রিয়াকে কঠে ধারণ করিয়া নির্নৃতি লাভ করেন, ভাঁহারা শীতল বিমল ও স্নিশ্ব খড়গ-ধারা পান করিয়া থাকেন। ৬৫।

অনুপমা মনে মনে চিন্তা করিল যে এই অন্তঃপুরবর্তী মরুরটিই আমার পক্ষে শল্যভুল্য হইয়াছে। এ আমার স্বভাব জানে এবং মনুষ্যের স্থায় কথা কহিতেও পারে। এ নিশ্চয়ই আমার ব্যবহার রাজার নিকট বলিয়া দিবে। আমি একটা নিন্দনীয় কর্ম্ম করিয়া কেলিয়াছি, এখন কি করিব। ৬৬, ৬৭।

এ ময়ুয়টি ত স্থচতুর মর্ম্মজ্ঞ ও আমার বিষয়ে সবই জানে; ইহা হইতে আমার শঙ্কা ত হইবেই। এক্ষণে আমি যেরূপ পাপচারিণী হইয়াছি, তাহাতে অচেতনেতেও আমার শঙ্কা হইয়াছে। ৬৮। অমূপমা এইরূপ চিন্তা করিয়া ময়ুরকে বিষমিশ্রিত অর দিয়াছিল।
অমুরাগমত ও খলের আয়ত স্ত্রীগণ কি না করিয়া থাকে। ৬৯।

বিষমিশ্রিত পান ও ভোজন হারা অমুপমা কন্তৃ কি পরিচর্য্যমাণ ঐ ময়ুরের স্থন্দর কান্তি আরও বর্দ্ধিত হইয়াছিল। ৭০।

অনুপ্ৰমা ময়ূরকে স্থান্থ দেখিয়া রহস্যভেদশঙ্কায় ভীতা এবং শোকে ও বোগে গ্রস্তা হইয়া জীবন ত্যাগ করিল। ৭১।

এইরূপে বিষের দারাও ঐ মর্রের কিছুই গ্লানি হয় নাই। মহা-জনের চিত্তের নির্মালতা বিষকেও নির্বিষ করে। ৭২।

রাগ একটি বিষ, মোহ একটি বিষ, ও বিদেষ একটি মহাবিষ।
বুদ্ধ ধর্ম সজ্ব ও সত্য এই কয়টিই পরমামূত। ৭৩।

মোহরূপ মহাসাগর ঘোর বিষের স্থান্তি করে; অন্মুরাগরূপ মহাস্প ঘোর বিষ স্থান্তি করে; এবং শক্রভারূপ বন ঘোর বিষ স্থান্তি করে। এ ছাড়া বিষম বিষের উৎপত্তি স্থান আর নাই। ৭৪।

শ্রীগুপ্ত ্এইরূপ অস্তজন্মেও অধর্মপরায়ণ হইয়া অগ্নিখদা করিয়াছিল এবং এই অনুপ্রমাই ইহার সহধর্মিণী হইয়াছিল। ৭৫।

ভগবান্ এই কথা বলিয়া করুণাদৃষ্টি দারা ধর্মাশাসন-শ্রাবণোশুখ শ্রীগুপ্তকে রজোগুণবর্জিত করিয়াছিলেন। ৭৬।

অনন্তর শ্রীগুপ্ত জ্ঞানালোক প্রাপ্তির জন্ম ত্রিবিধ শরণমার্গ স্মরণ করিয়া বিমল স্মৃতি বশতঃ কুশল লাভ করিয়াছিলেন এবং ভগবা-নের সহিত পরিচয় হওয়ায় পুণ্য লাভ করিয়াছিলেন। মহাজনের দর্শনে মহাকল্যাণ ও প্রমোদস্থখ হইয়া থাকে। ৭৭।

ভগবান্ নিকাররূপ মহাপাপকারী শ্রীগুপ্তের অজ্ঞানমোহ দূর করিয়া তাহার প্রতি অনুগ্রহ বশতঃ কারুণ্য প্রকাশ করিয়াছিলেন। ভিক্স্-গণের সংসারক্ষয়ের জন্ম এইরূপ নির্বৈরতা বিষয়ে অনুশাসন করিয়া-ছিলেন। ইহা শ্রাবণ করিলে ভিক্ষ্গণের আর ভববন্ধন হয় না। ৭৮।

নব্ম পল্লব

জ্যোতিকাবদান

धन्यानामियवं विभक्ति ग्रुभतां भव्यस्त्रभावोज्ञवां मूर्खाणां कुण्रलं प्रयात्यहिततामित्येष लच्चः क्रमः। नैण्णीयं तिमिरान्यमीषिवनस्यात्यन्तकान्तिप्रदं तचीलूककुलस्य दृष्टिइतये सर्व्वत्र मैत्रं महः॥ १

অশিব বস্তুও ধত্যগণের সংস্বভাব বশত: শুভ হইয়া থাকে।
মূর্খগণের পক্ষে মঙ্গলও অহিতে পরিণত হয়। এইরূপ নিয়মই
দেখা যায়। অর্দ্ধরাত্রের গাঢ় অন্ধকার ঔষধিবনের অধিকতর কান্তিপ্রদ হয়। সূর্য্যকিরণ আবার পেচকগণের দৃষ্টিশক্তি নাশ করে। ১।

পুরাকালে রাজা বিষিসারের রাজধানী রাজগৃহ নগরে স্বভন্ত নামে একজন অবস্থাপন্ন গৃহস্থ ছিল। ২।

মূর্থতা বশতঃ মোহপ্রপন্ন ও সর্ববদর্শীর বিদ্বেষ্টা ঐ গৃহস্থের ক্ষপণকগণের প্রতিই অত্যধিক আদর ছিল। ৩।

কালক্রমে আভিজাত্যসম্পন্না তদীয় পত্নী সত্যবতী, পূর্ববিদিক্ ষেরূপ পূর্ণ চন্দ্রকে ধারণ করে, তত্রপ গর্ভধারণ করিয়াছিলেন । ৪।

একদা বেণুকাননবাসী ভগবান কলন্দকনিবাস নামক বুদ্ধ পিশু-পাতের জন্ম তাহার গৃহে গিয়াছিলেন। ৫।

স্থভদ্র ভার্য্যাসহ সমাদর সহকারে তাঁহার পূজা করিয়া গর্ভস্থিত সন্তানটি কিরূপ হইবে জিজ্ঞাসা করিয়াছিলেনু। ৬।

ভগবান্ বলিলেন, তোমার পুত্র দৈব ও মানুষ সম্পাদ ভোগ করিয়া অবশেষে আমার শাসনে নিষুক্ত হইবে ও মোক্ষ লাভ করিবে। ৭। ভগবান্ এই কথা স্পষ্টরূপে আর্দেশ করিয়া নিজাশ্রামে গমন করিলে পর ভূরিক নামক ক্ষপণক ঐ গৃহস্থের বাটীতে আসিয়াছিল।৮।

ঐ ক্ষপণক স্থভদ্রকথিত ভগবানের বাক্য শ্রবণ করিয়া সহসা বিষেববিষে আকুলিত হইয়াছিল এবং বহুক্ষণ গণনা কুরিয়া এবং গ্রহগণের স্থান পরিশ্রমপূর্ব্ধক বিচার করিয়া ভগবান্ যাহা বলিয়াছেন ভাহাই দেখিল। ৯-১০।

ক্ষপণক মনে মনে ভাবিল যে ভগবান্ সত্যই বলিয়াছেন, তাহাতে কোন সংশয় নাই; কিন্তু আমি তাঁহার প্রভাব ক্ষুণ্ণ করিবার জন্ম অসত্য কথাই বলিব। ১১।

স্থভদ্র যদি আমার কথায় তাঁহার সর্ব্বজ্ঞতা জানিতে পারে, তাহা হইলে শ্রমণের প্রতিই আদর করিবে; ক্ষপণকদিগকে আর শ্রদ্ধা করিবে না। ১২।

ক্ষপণক এইরূপ চিস্তা করিয়া ক্রোধসহকারে স্থভদ্রকে বলিল, যে সর্ববজ্ঞতাভিশান বশতঃ তিনি এটা মিথ্যা কথা বলিয়াছেন। ১৩।

মনুষ্য কিপ্রকারে দেবভোগ্য দিবাসম্পদ্ লাভ করিবে। ইহার প্রব্রজ্যা কিন্তু সভ্য বলিয়া বোধ হইতেছে, কিন্তু তিনি কিরূপে বুঝিলেন। ১৪।

যাহারা ক্ষীণ ও কুধার্ত্ত এবং যাহাদের অন্ত কোন গতি নাই, তাহারাই স্থৃভিক্ষ শ্রমণত্রতের শরণাপন্ন হয়। ১৫।

আমি কিন্তু দেখিতেছি, যদি তুমি আমাদের কথা প্রমাণ বলিয়া মান, তাহা হইলে এই শিশুটি জন্মিয়াই বংশের সন্তাপজনক হইবে। ১৬।

ক্ষপণক এই কথা বলিয়া চলিয়া গেলে পর গৃহপতি বছক্ষণ ভাবিয়া পরিশেষে গর্ভপাত করিবার চেন্টা করিতে লাগিল। ১৭।

যখন দেখিল ঔষধি প্রয়োগেও গর্ভপাত হইল না, তখন সে নিভূত স্থানে বলপূর্বক মর্দ্দন করিয়া পত্নীকে বধ করিল। ১৮। তৎপরে মহাপাপী স্বভর্ষ তাহাকে শীতবল নামক শাশানে লইয়া-গেলে পর ক্ষপণকগণ ঐ কথা শুনিয়া মহানন্দে উপহাসচ্ছলে বলিতে লাগিল, আশ্চর্য্য, সর্ববজ্ঞ বালকসন্থন্ধে যাহা বলিয়াছেন, তাহা সত্যই বটে; শিশু না জন্মাইতেই তাহার মা পঞ্চত্ব পাইল। ১৯-২০।

শিশুর দিব্য ও মামুষ সম্পদের কথা যাহা বলিয়াছিলেন, তাহা কি এই। এই কি প্রব্রজ্যা যে পেটের ভিত্রেই নিধন প্রাপ্ত হইল। ২১।

ক্ষপণকগণের এইরূপ উপহাসসহ প্রবাদ শ্রবণ করিয়া শাশান দেখিবার জন্ম বছতর জনসমাগম হইয়াছিল। ২২।

ইত্যবসরে ভৃতভাবন ভগবান্ বুদ্ধ দিব্যদৃষ্টি দ্বারা সমস্ত জ্বানিতে পারিয়া ঈষৎ হাস্থ পূর্ববিক চিন্তা করিলেন। ২৩।

অহো, মেঘ যেরূপ দূরস্থিত হইয়াও সূর্যোর আলোক আচ্ছা-দিত করে, তদ্ধেপ মূর্থগণও দূরে থাকিয়াও বিষেষবশতঃ বিক্কৃত হইয়া লোকের জ্ঞানালোক আচ্ছাদিত করে। ২৪।

হায়, মৃঢ়বুদ্ধি গৃহপতি ঐ মঙ্গলনাশক ক্ষপণককর্ত্ব প্রেরিত হইয়া পাপজনক অকার্যাও করিল। ২৫।

করুণাকুল ভগবান্ এই রূপ চিস্তা করিয়া স্বয়ং ভিক্ষুগণ সহ সন্থর ঐ শীতবন শাশানে গমন করিয়াছিলেন। ২৬।

রাজা বিদ্বিসারও ভগবান্স্বয়ং শাশানে যাইতেছেন জানিতে পারিয়া অমাত্যগণসহ তথায় গিয়াছিলেন। ২৭।

তৎপরে হুভদ্রের জায়াকে চিতানলে প্রক্ষেপ করিলে পর পদ্মাসীন শিশুটি কুক্ষি ভেদ করিয়া সূর্য্যের স্থায় উদিত ইইল। ২৮।

যখন প্রজ্বলিত হুতাশন মধ্যন্ত বালককে কেহই গ্রহণ করিল না, তখন জনগণের মধ্যে একটা মহানু হাহাকার শব্দ উঠিল। ২৯।

তৎপরে জগবানের আজ্ঞামুসারে রাজকুমারের ভৃত্য জীবক সম্বর গিয়া বালককে গ্রহণ করিল। ৩০। ঐ চিতানল রালকগ্রহণসময়ে জিনের দৃষ্টিপাতখারা ছরিচন্দ-নের স্থায় শীতল হইয়াছিল। ৩১।

ক্ষণাকগণ প্রস্থালিত অগ্নি হইতে উদ্ধৃত জীবিত ও ক্লচিরাক্সতি বালককে দেখিয়া লজ্জাবশতঃ, ক্ষণকাল মৃতবং হইয়া দাঁড়াইয়া-ছিল। ৩২।

তৎপরে সর্ব্ব প্রাণীর হিতে'র হ ভগবান্ বিম্ময়ে উদ্ভাস্ত স্বভদ্রকে বলিলেন, তোমার এই পুত্রটি গ্রহণ কর। ৩৩।

স্থান্ত কি করিবে নিশ্চয় করিতে না পারিয়া সন্দিয়াচিত্তে ক্ষপণক-গণের পরামর্শ লইবার জন্ম তাহাদের মুখের দিকে দৃষ্টিপাত করিল। ৩৪।

ক্ষণণকগণ তাঁহাকে বলিল যে, এই শ্মশানবহ্নিজাত বালককে গ্রহণ করা বিধেয় নহে। এ যেখানে থাকিবে, দে গৃহ উৎসন্ন হইবে। ৩৫।

মূর্থ স্থভদ্র যখন ক্ষপণকগণের বাক্যামুসারে বালককে গ্রহণ করিল না, তখন ভগবানের আজ্ঞামুসারে রাজা তাহাকে গ্রহণ করিলেন। ৩৬।

ভগবানু স্বয়ং অগ্নিমধ্য হইতে প্রাপ্ত ও অগ্নিসদৃশকান্তি ঐ বালকের জ্যোতিক এই নাম রাখিয়াছিলেন। ৩৭।

রাজভবনে প্রবর্দ্ধমান ঐ বালকের মাতুল দেশান্তরে গিয়াছিলেন;
ভিনি যথাকালে তথা হইতে ফিরিয়া আসিলেন। ৩৮।

তিনি ভগিনীর পুত্রজন্ম ও নিধনবৃদ্ধান্ত জানিতে পারিয়া ক্রোধে কম্পিতকলেবর হইয়া স্থভদ্রের নিকট আসিয়া বলিয়াছি-লেন। ৩৯।

রে মূর্থ ক্ষপণকভক্ত, তুমি একটা ক্ষপণকের কথা শুনিয়া নিজ-পত্নীকে হত্যা করিয়াছ ও নিজপুত্রকে ত্যাগ করিয়াছ, ইহা কি ভাল করিয়াছ ? ৪০। বেতালগণ যেমন স্বভাবতঃ নিশ্চেতন হইয়াও পরের মন্ত্রপ্রভাবে সম্থিত হয় হাস্য করে ও মারিয়া ফেলে, সেরূপ ছুর্জনেরাও নিজে অচেতন অথচ পরের মন্ত্রণায় উদ্যুক্ত হইয়া মহাজনকে উপহাস করে ও হিংসা করে। ৪১।

তুমি যদি এখনই রাজবাটী হইতে নিজ পুত্রকে গ্রহণ না কর, তাহা হইলে আমি তোমার স্ত্রীবধ ঘোষণা করিয়া অর্থদণ্ড ও নিগ্রহ করাইব। ৪২।

স্বভদ্র তৎকর্ত্বক এইরূপ আক্রুফ হইয়া ভয়প্রযুক্ত রাজবাটী হইতে নিজপুত্র লইয়া আসিল। রাজা অনেক অমুরোধের পর বালকটি দিয়াছিলেন। ৪৩।

তৎপরে স্থভদ্র কালগ্রাসে পতিত হইলে জ্যোতিন্দ, সূর্য্য যেরূপ তেজের নিধি, তদ্ধপ সম্পত্তির নিধি হইয়াছিলেন। ৪৪।

অর্থিগণের পক্ষে কল্পক্রমসদৃশ জ্যোতিক দিব্য ও মানুষ সম্পদ্ লাভ করিয়া পরে বুদ্ধ ধর্ম ও সঞ্জের আশ্রয় লইবার জন্ম কামনা করিয়াছিলেন। ৪৫।

ইনি পুণ্যরত্ন অর্জ্জন করিবার জন্ম ভক্তিসহকারে ভিক্ষুসঙ্গকে অন্তত দিব্যরত্ন দান করিয়াছিলেন। ৪৬।

নদীগণ বেমন স্বভাবতঃ মহাসাগরে যায়, তদ্ধপ আশ্চর্য্য বিবিধ সম্পদ্ দেবলোক হ**ই**তে আপনা আপনি তাঁহার গৃহে আসিত। ৪৭।

তৃণে ও রত্নে সমানবৃদ্ধি ভগবান্ও তাঁহার অনুরোধে তাঁহার গৃহে রত্নপাত্র গ্রহণ করিয়াছিলেন। ৪৮।

জ্যোতিক নিজ পুণ্যরূপ পণ দারা ক্রীত, ধবলতায় যশের সহিত উপমার যোগ্য ও নিজগৃহবৎ নির্মাল দিব্য বস্ত্রযুর্গল লাভ করিয়াছিলেন।৪৯

একদা স্নানাত্র ও আতপে হাস্ত ঐ বস্ত্র বায়ু দারা অপহত হইয়া রাজার মস্তকে গিয়া পড়িয়াছিল। ৫০। রাজা অপূর্ব্ব ও মনোজ্ঞ জ্যোতিকের এ বস্ত্র বিলোকন করিয়া দিব্য শোভা দর্শনে বিশ্মিত হইলেন এবং নিজসম্পদ্ ভূণবৎ জ্ঞান করিলেন।৫১।

একদা রাজা নিমন্ত্রিত হইয়া জ্যোতিকের রত্নময় গৃহে গিয়াছিলেন। তিনি যতক্ষণ তথায় ছিলেন, ততক্ষণ স্বর্গ বলিয়া জ্ঞান করিয়াছিলেন।৫২

কিছুকাল পরে ধর্মশীল রাজা রাজ্যলুক নিজপুত্র অজাতশত্রুক ছলপুর্ববক নিহত হন। ৫৩।

সত্যযুগোপম সদ্গুণসম্পন্ন রাজা অতীত হইলে অধর্মপরায়ণ, তদীয় পুক্র রাজ্যলাভ করিল। ৫৪।

অজাতশক্র জ্যোতিকের গৃহে রাজগণের তুর্নভ সম্পদ্ দেখিয়া তাঁহাকে বলিল যে, তুমি আমার পিতাকর্ত্ত্ব বিবর্দ্ধিত হইয়াছ, অতএব ধর্মামুসারে তুমি আমার জ্রাতা হইতেছ; এক্ষণে ভোমার সম্পত্তির অর্দ্ধেক আমায় প্রদান কর; নহিলে ভাগজ্যোহে ভোমার সহিত বিবাদ হইবে। ৫৫-৫৬।

ক্রুরকর্মা অজাতশক্র কুটিলভাবশতঃ এইরূপ বলিলে পর জ্যোতিক্ষ রত্নপূর্ণ নিজগৃহ তাহাকে দিয়া অভাগৃহে গমন করিলেন।৫৭।

দিব্যরত্বরুচিরা স্ফীতা ও লোকোপকারিণী তদীয় সম্পদ্, প্রভা যেরপ দিবাকরের অনুসরণ করে, তদ্রপ জ্যোতিক্ষেরই অনুগমন করিয়াছিল। ৫৮।

ঐ প্রভাবতী সম্পদ্ পুনঃ পুনঃ সাতবার পরিত্যক্ত হইয়াও, সাধনী স্ত্রী বেরূপ অন্তকে স্পর্শ না করিয়া পতিকেই আশ্রয় করে, তদ্রূপ রাজাকে স্পর্শ না করিয়া জ্যোতিষ্ককেই আশ্রয় করিয়া-ছিল। ৫৯।

জ্যোতিক রাজাকে কুপিত ও দম্মাচৌরাদি দারা তাঁহার সম্পত্তি-হরণে উদেযানী দেখিয়া অত্যন্ত হুঃখিত হইলেন ও মনে মনে চিন্তা করিলেন। ৬০। প্রজাগণের অপুণ্যপারপাঁক বশতঃ তাহাদিগের পিতৃত্ব্য বাৎসলা-বান্ রাজা স্মরণাব্দা প্রাপ্ত হইলেন। হে মহারাজ, তোমার ছায় আর কে হইবে ? তুমি অকপট ও সরল এবং পিতার স্বরূপ ছিলে। প্রজাগণ তোমার উপর নির্ভর করিয়া রাত্রিকালে স্থাধে নিশ্রা ঘাইত। ৬১-৬২।

ধনিগণ তৃণের স্থায় সর্ববদাই সুখপ্রাপ্য হয়। কিন্তু পণ্ডিতগণ রত্নের স্থায় অত্যন্ত কফ্টপ্রাপ্য। স্থান ও সরল জন অমৃত অপেক্ষাও চুষ্প্রাপ্য।৬৩। অকপট বিদগ্ধ সাবধান সরলাজ্মা অনুদ্ধত ও উন্নতসভাব জন-গণের জন্ম অতি বিরল। ৬৪।

এখন প্রজাগণের পাপফলে বিদ্বেষ্টা তুর্ববৃত্ত পরাভবকারী ও সাক্ষাৎ কলিস্বরূপ রাজা আসিয়াছেন। ৬৫।

জগন্মিত্র ও সূর্য্যসদৃশ সেই রাজা অন্তগত হইয়াছেন, এখন সকল দোষের আকর তৎপুত্ররূপ রাত্রি অন্ধকার করিবার জন্ম আসিয়াছে।৬৬।

খলজন নিশ্চয়ই অতীত সজ্জনের অকারণ স্থহং। যেহেতু উহারাই নিজের অসম্ব্যবহার দ্বারা তাঁহাদের যশ প্রকাশ করে। ৬৭।

অতএব এই কুরাজাধিষ্ঠিত পৃথিবী পরিত্যাগ করাই উচিত। একে কলিকাল, তাহার উপর রাজা কলহপরায়ণ হইলে প্রজাগণের জীবন কিরূপে রক্ষা হয়। ৬৮।

রাজা গুণবান্ হইলে সকল প্রজাগণই নিম্পাপ হয়; সজ্জনের উদার পরিচয় হয়; গুণিগণের গুণ থাকে; বংশমর্যাদার রক্ষা হয়; সমূদ্ধি হয়; চক্রতুল্য শুভ যশ হয়; লোকের মর্যাদাসুরূপ ব্যবহার হয় এবং সকলের সম্পত্তিও নিরাপদ্ থাকে। ৬৯।

ধনরূপ মূল হইতে সমুদরত ও নির্দ্ধোব কামরূপ কুসুমন্বারা উজ্জ্বল ধর্মক্রেম যদি কুনৃপতির তুর্ব বিহাররূপ বায়ুর আঘাতে হত না হয়, তাহা হইলে লোকে তাহার পুণ্যকল ভোগ করিতে পারে। ৭০। একে কাল কলি; রাজা বালক; তাঁহার প্রতাপ চিতানলের স্থায় তুঃসহ; তাহার উপর অকালবিপ্লবরূপ প্রকাণ্ড ও খল বেতালগণ বিচরণ করিতেছে। ৭১।

প্রীতি বিষয়া ইইয়াছে, বুদ্ধি খিয়া ইইয়াছে; সুখঞ্জীরও যৌবন গত ইইয়াছে। এখন আর বিভবভোগে আমার রুচি নাই। ৭২।

ধন ভূমি গৃহ দার পুত্র ভৃত্য ও পরিচ্ছদ এ সকলই মনুষ্যের নিরবধি আধি ও ব্যাধির কারণ। ৭৩।

গ্রীমতাপের ভায় বিষম সম্পদ্ যতই বর্দ্ধিত হয়, ততই মনুষ্যের তৃক্ষাজনিত সন্তাপ প্রস্থানত হয়। ৭৪।

মসুষ্যের আজন্ম উপার্জিত বিভব যতই বর্দ্ধিত হউক না, কিন্তু লবণ সমুদ্রের জলের স্থায় উহাদারা তৃষ্ণা দূর হয় না। ৭৫।

ধনিগণ অসন্তোষবশতঃ কেবল নাই নাই শব্দ উচ্চারণ করে। ইহাই তাহাদের পুনর্জন্মের কারণ। এরূপ না করিয়া যদি তাহাদের শান্তি হইত, তাহা হইলে বড়ই সুখের বিষয় হইত। ৭৬।

কলহ মহামোছও লোভের অনুগত, অতএব তুর্নিমিন্তবৎ বিত্তে প্রয়োজন কি ? পুনঃপুনঃ বিয়োগও নানা বিপৎসঙ্কুল ভোগেরই বা প্রয়োজন কি ? রাজার গৃহে সেবা ঘারা অপমানপ্রাপ্ত ব্যক্তির মিধ্যা অভিমান কেন ? মরণভয়যুক্ত এই সংসারে একমাত্র বৈরা । ।ই আরোগ্যযোগ্য উষধ। ৭৭।

স্বজন ও স্থাক্জনের সমাগম খারা বিমল কাল অভিক্রোস্ত হইলে এবং প্রবলতর কলুষ খারা মলিন মোহ উপস্থিত হইলে শান্তিসলিল খারা স্নাতমনা জনগণের পক্ষে আয়াসবিরহিত বিজন বনবাসে পরিচয়ই স্থাকর ও আখাসপ্রদ। ৭৮।

জ্যোতিক মনে মনে এইরূপ চিস্তা করিয়া অতিশয় বৈরাগ্যপ্রাপ্ত হইরাছিলেন। তুঃখ মূর্খ জনের মোহজনক, পরস্ত ধীমান্দিপের পক্ষে উহা বিবেকজনকই হইয়া থাকে। ৭৯। জ্যোতিক সমস্ত সম্পদ্ অর্থিগণকে দান করিয়া স্থগতাশ্রামে প্রস্থান করিলেন। সম্পদ্রপ শৃত্যলায় আকৃষ্টমনা জন সত্যস্থথে উন্মুখ হয় না। ৮০।

রাজহংস, যখন স্বচ্ছ মানস সরোবর স্মারণ করে, তখন তাহার অন্য সরোবর ভাল লাগে না। তজ্ঞপ রাজারও নিত্যস্থখের বিষয় মনে হইলে পৃথিবীরাজ্য আর ভাল লাগে না।৮৮১।

তুঃসহ মোহরূপ ধ্মন্বারা মলিন ভোগ ও অমুরাগরূপ অনল নির্বাণ হইলে এবং মন সস্তোষরূপ অমৃতনির্বরন্ধারা ক্রেমে ক্রেমে শীতল ভাব প্রাপ্ত হইলে পানমদে উত্তরঙ্গ চঞ্চল বারাঙ্গণার জ্রভঙ্গের স্থায় ভঙ্গুরসমাগমা সম্পদ্ শাস্তিসম্পন্ন ব্যক্তিদিগের কিছুমাত্র বিদ্ন ক্রিতে পারে না। ৮২।

সর্ববজ্ঞের শাসন দারা তাঁহার সংসারক্রেশ বিনষ্ট হইল। তিনি প্রব্রজ্যা গ্রহণ করিয়া বিমলপদে প্রবিষ্ট হইলেন। সর্ব্বভূতে সমজ্ঞান দারা অনুপম জ্ঞান উদয় হইলে লক্ষ্যরহিত মোক্ষপথে যাইবার জগ্য তিনি মুনি হইলেন। ৮৩।

জ্যোতিক্ষের এইরূপ বোধিসিদ্ধি বিলোকন করিয়া বিস্মিত ভিক্সুগণ ভগবান্কে জিজ্ঞাসা করায় তিনি তাঁহার পূর্ববজন্ম রুত্তান্ত বলিয়াছিলেন।৮৪।

জনগণ জন্মরূপ শত শত ক্ষেত্রে উপ্ত বীজসদৃশ নিজ কর্ম্মের যথো -চিত অবিসংবাদী ফল নিশ্চয়ই ভোগ করে। ৮৫।

পুরাকালে রাজা বন্ধুমানের রাজধানী বন্ধুমতী নগরীতে অনঙ্গন নামে মহাযশস্বী এক গৃহস্থ বাস করিত। ৮৬।

একদা বিপশ্সী নামক সম্যক্সমুদ্ধ শাস্তা ভ্রমণ করিতে করিতে তত্রতা সম্জনের পুণাফলে ঐ নগগতে উপস্থিত ইইয়াছিলেন।৮৭।

অনঙ্গন শ্রেদ্ধাপূর্বক তথায় আসিয়া দ্বিষন্তিসহস্র সংখ্যক তিক্ষুগণে পরিবেন্তিত বিপশ্রীকে প্রণাম করিয়া নিমন্ত্রণ করিয়াছিলেন। ৮৮। অনঙ্গন তিনমাস কাল সর্ববিধ উপক্ষরণ দারা তাঁহাদের পরিচর্ব্যা করিয়াছিলেন। তৎপরে রাজাও প্রণাম করিয়া তাঁহাদিগকে নিমন্ত্রণ করিয়াছিলেন। ৮৯।

অনঙ্গন ও রাজা উভয়েই স্পর্দ্ধাসহকারে বিপশ্যীর পরিচর্য্যা করিয়া-ছিলেন। অনঙ্গন গ্রাম্যবস্তু দারা ও রাজা রাজভোগ্য বস্তু দারা সেবা করিয়াছিলেন। ৯০।

অনঙ্গন রাজকর্তৃক গজ ধ্বজ মণি ছত্র ও চামরাদি সম্পদ্ ধারা, । পূজিত ভগবান্ বিপশ্যীকে দেখিয়া চিন্তার্ত্ত হইয়াছিলেন। ১১।

অনঙ্গনের নির্দ্মল সম্বগুণের পক্ষপাতী দেবরাজ ইন্দ্র দিব্যসম্পদ্ দান করিয়া অনঙ্গনকে জিনপূজায় সাহায্য করিয়াছিলেন। ৯২।

অনঙ্গন ঐ দিব্য সম্পদ্ দ্বারা ভগবান্কে পূজা করিয়াছিলেন। তাহা দেখিয়া চক্রবর্তী রাজার সম্পদ্ লঙ্জাভাজন হইয়াছিল। ৯৩।

অক্ষত এবং চন্দ্র ও সূর্য্য সদৃশ কান্তিসম্পন্ন রত্ন অস্পান বস্ত্র গন্ধ ও মাল্য এবং কল্পরক্ষের ফল দারা অনঙ্গন কর্তৃক পূজিত ও ভক্তিবিন্দ্র শচীপতি কর্তৃক আন্দোলিত চামরদারা বীজ্যমান ভগবান্কে দেখিয়া রাজা লজ্জায় নত হইয়াছিলেন। ১৪।

পুণ্যবান্ অনঙ্গন এইরূপ শাস্তার প্রতি ভক্তি দারা শুভ পরিণামের বহুতর ফল প্রাপ্ত হইয়াছিলেন। ভগবানে প্রাণিধান বশতঃ বিমলমনা অনঙ্গনই দ্বিতীয় সূ্র্যসদৃশ জ্যোতিকরপে আবিভূতি হইয়া-ছিলেন। ৯৫।

বিমলজ্ঞান দ্বারা ত্রিজগতের প্রকাশকারী ভগবান জিন ভিক্নুগণের প্রাণিধান উপদেশ দিবার জন্ম এই কথা বলিয়াছিলেন। ৯৬।

দশম পলব

श्रुमत्रीनमां वर्गान

ते केऽपि सस्वहितसिविहितानुकम्या
भव्या भवन्ति सुवने भवभौतिभाजाम् ।
वात्सस्वपेशसिवः ज्ञुश्रसाय पुंसां
कुर्वन्ति ये वरमनुषद्वमाग्रहेण ॥

ৰাঁহারা স্বভাবতঃ স্নেহপ্রবণহাদয়, ও লোকের মঙ্গলের জন্য আগ্রহঙ্গহকারে সমধিক অনুগ্রহ করিয়া থাকেন, এতাদৃশ প্রাণি-হিভার্থে অনুকম্পাবান্ ও মহানুভাব ভব্যজনও এই ভয়াবহ ভুবনে জন্ম গ্রহণ করিয়া থাকেন। ১।

পুরাকালে শাক্যরাজপুত্র নন্দ কপিলবাস্ত নগরে ন্যগ্রোধারামে অবস্থিত ভগবান্কে দর্শন করিবার জন্য গিয়াছিলেন। ২।

তখন ভগবান্ প্রব্রজ্যা উপদেশ করিতেছিলেন। তাঁহার উপ-দেশ শেষ হইলে তিনি পুরোবর্তী নন্দকে প্রীতিসহকারে প্রব্রজ্যা গ্রহণ করিতে বলিলেন। ৩!

নন্দ ভগবান্কে ভক্তি প্রদর্শন ধারা প্রদন্ধ করিয়া প্রভাতর দিলেন, ভগবন্, প্রব্রজ্যা পুণ্যজনক হইলেও আমার উহা অভিপ্রেত নহে। ৪।

আমি সকলের সেবক হইয়া যথাভিলষিত সর্ববিধ উপকরণ বারা ভিক্সসভ্বের ভিক্ষাপরিচর্ষ্যা করিব। ৫।

রাজপুত্র এই কথা বলিয়া রত্মমুকুট দারা ভগবানের পাদপদ্ম স্পর্শ করিলেন; পরে জায়াদর্শনে ঔৎস্ক্যবশতঃ নিজালয়ে গমন করিলেন। ৬।

রাজপুত্র নন্দ মুহূর্ত্তকালও বিরহ সহ্য করিতে পারিতেন না। তিনি স্থন্দরী নিজদয়িতা রতিস্থন্দরীকে লাভ করিয়া রমণীয় উত্থানে বিহার করিতে লাগিলেন। ৭।

কিছুকাল পরে স্বভাবতঃ গুণিপ্রিয় ভগবান্ ভিক্ষ্সভ্রের সহিত স্বয়ং নন্দের ভবনে আগমন করিলেন।৮।

নন্দ আনন্দসহকারে ভগ্বানের পাদবন্দনা করিয়া তাঁহাকে মহার্হ আসনে উপবেশনপূর্বক পূজা করিয়া বিজ্ঞাপন করিলেন। ৯।

ভগবন, আপনি যে স্বয়ং দর্শন দিয়া অমুগ্রহ করিলেন, ইহা আমার কোন্ পুণ্যের ফলে ঘটিল, তাহা জানিতে ইচ্ছা করি। ১০।

মহাত্মগণের স্মরণ বা তাঁহাদের নামশ্রবণ অথবা দর্শনলাভ, এ সমস্তই কুশলরূপ লতার মহাফল বলিয়া গণ্য। ১১।

সূর্য্যসদৃশ মহনীয় ভগবানের জ্যোতির দর্শনে কাহার হৃদয়পদ্মের বিকাশশোভা না হয়! ১২।

মহাজনের দর্শন দানাপেক্ষাও অধিক প্রিয়, পুণ্য অপেক্ষাও মহা-ফলজনক এবং সদাচার অপেক্ষাও শ্লাঘনীয়। ১৩।

নন্দের ঈদৃশ ভক্তিযুক্ত ও প্রণয়যুক্ত বাক্য অভিনন্দন করিয়া এবং পূজা গ্রহণ করিয়া ভগবান্ যাইতে উন্থত হইলেন। ১৪।

নন্দ স্বচ্ছ কনকপাত্রে নিজের মনোনীত মধুর ও উত্তম উপচার লইয়া তাঁহার অমুগম্ন করিলেন। ১৫।

নন্দপত্মী স্থন্দরী নন্দকে ভক্তিসহকারে ভগবানের অমুগমন করিতে দেখিয়া বিরহবেদনা সহু করিতে না পারায় পথের দিকে কটাক্ষ নিক্ষেপ করিলেন। ১৬।

নন্দপত্নী গুরু জনের সমুখে চঞ্চল লোচন নিক্ষেপ করিয়া সভয়ে নয়ন মুদিত করিলেন এবং অলক্ষ্যভাবে নিরীক্ষণ করিয়া ক্ষণকাল অধিকতর নত হইয়াছিলেন ; ওাহাতে তিনি নিঃশব্দে এই কথাই বলিয়া-ছিলেন যে, হে নাথ তুমি যাইওনা ।>৭।

নন্দ প্রণয়িনীকে বিচলিত দেখিয়া উচ্ছ্বাসসহকারে বলিয়াছিলেন, যে আমি এই অল্লক্ষণ মধ্যেই আসিতেছি। ১৮।

তৎপরে ভগবান্ নিজ আশ্রামে উপস্থিত হইলে বিরহাসহ নন্দ কৃতাঞ্জলি হইয়া ভগবান্কে বলিলেন, তবে আমি এবার গৃহে গমন করি। ১৯।

ভগবান্ আসনাসীন হইয়া হাস্থাপূর্ববক প্রণত ও পুরোবর্তী নন্দকে বলিলেন, যাইবার জন্ম এত ত্বরা করিতেছ কেন? ২০।

বিষয়াস্থাদে সৌহার্দ্দবশতঃ সংমোহে পীড়িতমনা জনগণের মতি কেবল গৃহস্থাইে রত থাকে। বড়ই আশ্চর্য্য যে উহা নির্বেদে একেবারেই পরাধার্থ। ২১।

গুণই আয়ুর আভরণ; গুণের আভরণ বিবেক; বিবেকের আভ-রণ প্রশম ও প্রশমের আভরণ বৈরাগ্য। ২২।

ৈ বৈরাগ্যবর্জিত ও বিবেকবর্জিত এবং লক্ষ্যরহিত পশুতুল্য জন-গণের আয়ুংকাল চক্রনেমিগতিক্রমে বিফলই যাইতেছে ও আসিতেছে। ইহাই জড়তা। ইহাই স্থহন জনের চিত্তে ন্যস্ত অসহ্য শল্য। প্রাজ্ঞগণ বিচার করিয়া ইহাকেই আয়ুর বৈফল্য বলিয়া গণ্য করিয়া-ছেন। ২৩।

সন্ধালী ব্যক্তির পুণ্য, বুদ্ধিনান্ ব্যক্তির শ্রান্তজ্ঞান, বিছাবান্ ব্যক্তির সংস্থভাব, ভাগ্যবান্ ব্যক্তির সকল বস্তু ও শাস্তিসম্পন্ন ব্যক্তির স্থ হয়। উহাদের পক্ষে এ সকল কিছুই চুর্লভ নহে। কিন্তু সকল বস্তুর হেতুভূত আয়ুংকালের স্বল্পনাত্র অংশও চুম্প্রাপ্য। এই চুর্লভ আয়ুং যাহার বিফলে অভিবাহিত হয়, সে অভীব শোচনীয়। ২৪। বামাগণই যাহার আবর্ত্তস্বরূপ, গূর্ণলাবণ্যই যাহার সার এবং সভত বিদ্যমান প্রবিল বিরহই যাহার প্রস্থালিত বাড়বাগ্নিস্বরূপ, সেই বিষয়রূপ জলধি দর্প ও কামরূপ মকর দারা সতত ক্ষোভপ্রাপ্ত হইতেছে। এই সমুদ্র পার হইবার জন্ম একমাত্র তীব্র বৈরাগ্যই সেতৃস্বরূপ।২৫।

অতএব হে রাজপুত্র, তুমি জিতেন্দ্রিয় হইয়া প্রবজ্যা গ্রহণ কর। স্ত্রীগণ ও সম্পদ্ সবই সমাগমকালেই স্থখকর। ২৬।

তুমি নিজ কুশলের জন্ম ব্রহ্মচর্ষ্য গ্রহণ কর। অসার সংসারে আগ্রহ ত্যাগ কর। ২৭।

নন্দ ভগবানের এবংবিধ করুণাযুক্ত বাক্য শ্রাবণ করিয়া পূর্ববপ্রশন্ম দ্বারা আকৃষ্ট হইয়া প্রত্যুত্তর করিলেন। ২৮।

ভগবন্, আমার প্রব্রজ্যার উপায় আপনিই করিয়া দিবেন। কিন্তু আমি ভিক্সজ্বের উপকারার্থে গৃহস্থাশ্রমকেই অধিক আদর করি। ২১। '

নন্দ এই কথা বলিয়া ভগবানের বাক্য অতিক্রম করিতে অসমর্থ এবং প্রিয়ার প্রেমে আকৃষ্যমাণ হইয়া দোলাকুলচিত্ত হইয়া-ছিলেন। ৩০।

ভগবান্ পুন:পুন: নন্দকে ব্রতগ্রহণে উপদেশ দিয়াছিলেন। সাধুগণ উপকার করিতে উদ্যত হইয়া যোগ্যতার বিষয় চিন্তা করেন না। ৩১।

অন্ধিতেন্দ্রিয় নন্দ যখন কোন প্রকারেই প্রব্রজ্যা ইচ্ছা করিল না, তখন ভগৰানের বাক্য স্বয়ং আসিয়া নন্দের গাত্রে পতিত হইল। ৩২।

নন্দ তৎক্ষণাৎ কাষায়বস্ত্রপরিধায়ী ও পাত্রপাণি হইলেন। ভাঁহার দেহের আভা তপ্ত কাঞ্চনের ন্যায় হইল এবং মহাপুরুষের লক্ষণ প্রকাশ পাইল। ৩০। ভগবানের আজ্ঞায় নন্দ অরণ্যবাসী পিগুপাত্রিক হইলেন। তিনি পাংশুক্লিক হইয়াও আকারে অনুগারিকভাব প্রাপ্ত হইলেন। ৩৪।

নন্দ প্রব্রজিত হইয়াও চন্দ্র যেরূপ নিজ লাঞ্চন হাদয়ে ধারণ করেন, তদ্রুপ স্থান্দরী প্রিয়াকে হাদয়ে বহন করিয়াছিলেন। ৩৫।

বিষয়াসুরাগ কোন্পথ দিয়া স্ফটিকরৎ স্বচ্ছ মনের ভিতর প্রবেশ , করে তাহা জানা যায় না। ঐ রাগ ক্ষালন করিলেও অপগত হয় না। ৩৬।

বিরহচিন্তার পাণ্ডুররুচি ও কাষায়বস্ত্রপরিহিত নন্দ সন্ধ্যাকালীন অরুণবর্ণ মেঘ সংবলিত চন্দ্রের শোভা হরণ করিয়াছিলেন। ৩৭।

বিরহচিন্তায় ক্ষীণ ও বিশ্মৃতধৈর্য্য নন্দ বনে বিচরণ করিতে করিতে অনঙ্গের জন্মবিদ্যাস্থরূপ স্থন্দরীকে বিশ্মরণ করিতে পারেন নাই। ৩৮।

তিনি শিলাতলে উপবিষ্ট হইয়া নিশ্চলভাবে পূর্ণচক্তমুখী স্থান্দরীর বদন বছক্ষণ ধরিয়া চিস্তা করিতেন। ৩৯।

অহো, ভগবান ্যত্নপূর্বক আমাকে অমুগ্রন্থ করিয়াছেন। পরস্ত আমার চিত্ত রাগাধিষ্ঠিত হওয়ায় এখনও বিমল হইতেছে না। ৪ ।

আমি সংসারচরিত্র শুনিয়াছি ও নিঃসঙ্গুত্রত অবলম্বন করিয়াছি, তথাপি আমার মন সেই মুগনয়নাকে বিস্মরণ করিতেছেনা। ৪১।

বে গাত্র কাস্তার কুকুমরাগ লাগিয়া স্থভগ হইত, সেই গাত্রে চীবর ধারণ করিয়াছি। বে পাণি কাস্তার স্তনমগুলের প্রণয়ী ছিল, তাহাতে পাত্র ধারণ করিয়াছি। তথাপি সভত বোধির ব্যবধানভূত কাস্তার ধান করায় আমার এই অনুরাগ কেবলই বন্ধিত হইতেছে। ৪২।

আমি আসিবার সময় পুরোবর্তিনী কাস্তাকে বলিয়াছিলাম যে, মুগ্ধে আমি ক্ষণকাল মধ্যেই আসিতেছি। কিন্তু হায় আমি পুনর্কার দর্শনের বিম্নভূত এই কৃতম্বত পরে গ্রহণ করিলাম। ৪৩। প্রকম্পবশতঃ তরলা সুন্দরী গুরুজন সমুখে ছিলেন বলিয়া যদিও ব্যক্ষন ত্যাগপূর্ববক বাইওনা একথা বলে নাই ও হস্তাঞ্চল গ্রহণ করে নাই, তথাপি পাদ দ্বারা ক্ষিতিতল খনন করিতে করিতে অলক্ষিত ভাবে স্মামাকে যে অবলোকন করিয়াছিল, তাহাতেই নিষেধ করু। ইইয়াছিল এবং আমার মনও তাহাতেই বন্ধ করিয়াছে। ৪৪।

হরিণলোচনা স্থন্দরী নিশ্চয়ই মদ্বিযুক্ত হইয়া পুলিনে চক্রবাকীর ন্থায় একাকিনী হর্ম্ম্যে শয়ন করে না এবং সভত শোকে প্রলাপ করিয়া থাকে।

হা প্রিয়ে, আমি ধূর্ত্তের স্থায় তোমার চিত্ত চুরি করিয়া কেবল সত্য ত্যাগ পূর্বক এই মিথ্যাত্তত আশ্রয় করিয়াছি। ৪৬।

আমি এই ব্রত ত্যাগ করিয়া দয়িতার নিকট গমন করিব। যাহারা অমুরাগাগ্নি ঘারা সন্তপ্ত, তাহাদের পক্ষে তপস্থার তাপ অতি ছঃসহ। ৪৭।

রাজপুত্রী আমাকে বছকাল পরে সমাগত ও নৃশংস অবলোকন ক্ষিয়া নবজাত ক্রোধে কি করিবে জানিনা। ৪৮।

প্রেমধ্যে লীন কণামাত্র রজোগুণও চুর্নিবার হয় । ৪৯।

যখনই আমি দেখিব যে ভগবান্ এই বন হইতে অন্যত্র গিয়াছেন, তখনই আমি গৃছে গমন করিব। ইহাই আমার স্থির নিশ্চয়। ৫০।

এই শিলাপট্টেই রুচির গিরিধাতু ধারা শশিমুখী দয়িতার চিত্র অঙ্কন করি। ইহাতেই আমি ধৈর্য্য লাভ করিব। ৫১।

অথবা স্থা কুবলয় ও ইন্দু যাহার সৌন্দর্য্যের এক এক বিন্দু বলিয়া গণ্য, সেই পরমা স্থন্দরী প্রিয়াকে কিরূপে চিত্রে অন্ধিত করিব। ৫২। যাহার দৃষ্টি মুখ কুরক্ষ ও সঞ্চারশীল ভ্রমরব্যাপ্ত উৎপল অপেক্ষাও অধিক স্থন্দর, বাহার বিদ্বাধরের কান্তি লাবণাসাগরের কূলজাত বিদ্রুমবনের স্থায় রমণীয়। এবং যাহার বদনকান্তি নিক্ষলক চন্দ্রের শালার স্থায়, সেই আশ্চর্য্য স্থন্দর দেহ কিরূপে চিত্রে অন্ধিত হইবে। ৫৩।

নন্দ মনে মনে এইরূপ চিস্তা করিয়া অশ্রুদ্বারা স্নাত ও কম্পান্থিত অঙ্গুলি দ্বারা শিলাতলে স্থুন্দরীর চিত্র অঙ্কিত করিলেন। ৫৪।

নন্দ নিজ কল্পনামুসারে প্রিয়তমার প্রতিবিম্ব সম্মুখে অক্কিত করিয়া বাষ্পাগদ্গদ স্বরে এই কথা বলিয়াছিলেন । ৫৫।

আমি নয়নন্বয়ের স্থর্প্তিস্বরূপ শরচ্চন্দ্রবদনা প্রিয়াকে অন্ধিত করিয়া বাম্পোদ্গম বশতঃ দেখিতে পাইতেছি না। আমি যে তথীর বিরহের মুখাপেক্ষা না করিয়াই এই ব্রত ধারণ করিয়াছি, সেই পাপ-বশতই এই সম্ভাপপ্রদ শাপ উপস্থিত হইয়াছে। ৫৬।

স্থানরি, সক্তাশ্রুণ মদীয় নয়ন প্রফুল্লপদ্মসদৃশ থদীয় দেহ দেখিতে স্পৃহা করিতেছে; সেই সময়ে দর্শনের বিদ্ন হওয়ার কোপ এখন ত্যাগ কর; আমার কথার প্রত্যুক্তর দেও; কেন মৌনাব-লম্বন করিয়াছ; আমি সত্য বলিতেছি, এই চীবর তোমারই অমুরাগে রঞ্জিত হইয়াছে এবং তোমার চিত্তব্রতই আমার ব্রত। ৫৭।

ভিক্ষুগণ দূর হইতে নন্দকে চিত্র অঙ্কন পূর্ববক এইরূপ বলিতে দেখিয়া অসুয়াবশতঃ ভগবানের নিকট আসিয়া তাঁহাকে বলিয়া-ছিলেন। ৫৮।

ভগবন্, আপনি কেবল বাৎসল্যবশতঃ কুর্নের গলায় পুস্পানাল্য দেওয়ার স্থায় ঐ মুর্বিনীতকে প্রব্রুষ্যা দিয়াছেন। ৫১।

নন্দ এক শিলাতলে স্থল্মরীর চিত্র অঙ্কিত করিয়া প্রলাপ করিতে করিতে ধ্যানে তন্ময় হইয়াছে। ৬,। ভগবান্ এই কথা শুনিয়া প্রিয়াবিরহে মোহপ্রাপ্ত নন্দকে কানন হইতে আহ্বান করাইয়া এ কি বলিয়া জিজ্ঞাসা করিলেন। ৬১।

নন্দ বলিলেন, ভগবন, সতাই আমি নিতান্ত কাস্তাসক্ত। এই বন ভিক্ষ্ণাণের সম্মত হইলেও আমার মন এখানে রভ হইতেছে না। ৬২।

ভগবান্ জিন নন্দের এইরূপ বাক্য প্রবণ করিয়া মুখচন্দ্রের কান্তি দ্বারা রাগরূপ পদ্মকে মুদিত করিয়া তাঁহাকে বলিলেন। ৬৩।

হে সাধু, অনুরাগবশতঃ তোমার এরপ বিপরীত বৃদ্ধি হওয়া উচিত নহে। কল্যাণে অভিনিনিফ জনগনের চিত্ত বিম্নকর্তৃক আকৃষ্ট হয় না। ৬৪।

কোথায় তুমি যোগাবলম্বন করিয়া বিষয়াভিনিবেশকে তুচ্ছতৃণ জ্ঞানে ত্যাগ করিবে, তাহা না করিয়া এই নিন্দনীয় ক্ষণস্থায়ী সামাগ্য স্থাম্বাদের জন্ম লালায়িত হইতেছ। এই ফুপ্সরিহার্য্য কামমার্গ স্বভাবতই কুশলের বিনাশকারী। ইহা প্রেমানন্দের পক্ষে তুঃসহ বন্ধনরক্ষ্যমূর্পা ৬৫।

ভগবান্ এইরূপে বহুক্ষণ ধরিয়া নন্দকে বৈরাগ্য উপদেশ করিয়া, এই খানেই ভোমায় থাকিতে হুইবে, এই কথা বলিয়া নিজ কার্য্যে চলিয়া গেলেন। ৬৬।

নন্দ এই সময়ই পলাইবার উপযুক্ত বিবেচনা করিয়া স্থন্দরীকে দর্শন করিবার জন্ম অত্যন্ত উৎস্থক হইয়া প্রস্থান করিলেন। ৬৭।

তিনি বস্তুক্ষণ ধরিয়া যাইতে যাইতে অনেকগুলি বিহার অতিক্রম করিয়া দ্বারদেশে অতিক্ষে নগরগামী মার্গ পাইয়াছিলেন। ৬৮।

অনস্তর সর্ববজ্ঞ ভগবান্ নন্দকে অমুরাগবশতঃ যাইতে উদ্যাত জানিয়া সম্বর তথায় আসিয়া বলিলেন, নন্দ কোথায় যাইতেছ ? ৬৯। নন্দ বলিলেন, জগবন্ বজে থাকিতে আমার ইচ্ছা নাই। যাহা-দের চিত্ত বিশ্রাস্ত হয় নাই, তাহাদের কোন কার্য্যই'সফল হয় না। ৭০।

সেই দেবগণেরও উপহাসকারিণী সম্পত্তি, সেই মণিময়ী রমণীয় হর্ম্মাবলী, সেই মন্দমারুতে আন্দোলিত স্থন্দরলতাশোভিতা নূতন উদ্যানভূমি, সেই কন্দর্পের কার্ম্ম কলতার স্থায় স্কুশোদরী স্থন্দরী, এই সকল রমণীয় বস্তু জন্মান্তরীণ বাসনার স্থায় আসক্ত মদীয় মনকে ত্যাগ করিতেছে না। ৭১।

আমি বিহক্ষের ভায় ব্রভরূপ পঞ্চরে বন্ধ হইয়া রাগযুক্ত মনে কি করিয়া ব্রহ্মচর্য্য আচরণ করিব। ৭২।

আমি প্রব্রজ্যা ত্যাগ করিয়া গমন করিব। আমার অক্ষয় নরক হয় হউক। মঞ্জিষ্ঠারাগ রঞ্জিত অংশুক কখনই বীতরাগ হয় না। ৭৩।

নন্দ বারংবার এই কথা বলিয়া নিজ গৃহে যাইতে উদ্ভত হইলে ভগবান জিন অনুগ্রহবৃদ্ধিবশতঃ তাহাকে নিবারণ করিয়া বলিলেন। ৭৪।

নন্দ, তুমি বিপ্লব করিও না। শাস্ত্র বাক্য শ্রাবণ না করা নিন্দনীয়। তুমি পৃথক্ জনের স্থায় বিদক্জনের উপদেশ অগ্রাহ্য করিও না। ৭৫।

বিবেক দারা যাহাদের দোষ বিক্ষিপ্ত হইয়াছে, তাদৃশ শীলবান্ বিশ্বজ্ঞানের বৃদ্ধি অসার স্থখলাভের জন্ম অকার্য্যে প্রব্নুত হয় না। ৭৬।

তুমি গাঢ় অসুরাগ দারা আকৃষ্ট হইয়া নিন্দনীয় ও লজ্জাজনক জঘ্য কার্য্যে কেন আসক্ত হইতেছ। ৭৭।

বাহারা যোনি হইতেই জন্ম গ্রহণ করিয়া আবার যোনিতেই সংসক্ত হয়, স্তনপান করিয়া আবার স্তন মর্দ্দন করে, ভাহারা কেন লজ্জিত হয় না। বড়ই আশ্চর্য্য যে ভাহারা জন্মস্থানেই লয় প্রাপ্ত হয়। ৭৮।

সজ্জনগণ সভত জননীর জঘনে আসক্তি বর্জন করেন। ইহা কেবল সম্মোহমুগ্ধ পশুদিগেরই দেখা যায়। ৭৯। তুমি রামারমণে অভিলাষ ত্যাগ কর, ও বিরত হও। সংসারগর্ত্তে ভুজক্সগণই ভোগের'সহিত লয় প্রাপ্ত হয় দেখা যায়। ৮০।

লোকে পর্যান্তকালেও যাহাতে পরাধাুখ হয় না, সেই জঘস্থা রতি কাহার না বিরতি সম্পাদন করে। ৮১।

তুমি গৃহজাল হইতে মুক্ত হইয়াছ, আবার কেন দেইখানেই দৌড়িয়া যাইতেছ। মৃগ জাল হইতে নির্গত হইয়া পুনরায় তথায় প্রবেশ করে না।৮২।

নন্দ ভগবানের এইরূপ বাক্যামুসারে তাঁহার শাসনে নিযন্ত্রিত হইয়া স্থান্দরীকে চিন্তা করিতে করিতে পুনর্বার আশ্রমে প্রবেশ করিলেন। ৮৩।

তৎপরে একদিন ভগবান নন্দকে আশ্রম মার্জনকার্য্যে নিয়ুক্ত করিয়া আসন গ্রহণ করিবার জন্ম ব্যগ্র হইয়া পুনরায় চলিয়া গিয়াছিলেন। ৮৪।

তাঁহার আজ্ঞামুদারে নন্দ আশ্রমমার্জনে প্রবত্ত হইলেন; কিন্তু অমুরাগ যেরূপ আশয় হইতে অপগত হয় না, তদ্রপ ভূতল হইতে ধূলি অপগত হইল না। ৮৫

তখন নন্দ জল ছিটাইবার জন্ম জল আনিতে গমন করিলেন, কিন্তু বারংবার জলপূর্ণ ঘট উৎক্ষিপ্ত হইয়াই জলশূন্ম হ্ইতে লাগিল। ৮৬।

এইরূপে বিদ্ন হওয়ায় অত্যন্ত খিন্নমানস হইয়া নন্দ কলসী ত্যাগ পূর্বক স্থন্দরীদর্শনোৎস্থক হইয়া প্রস্থান করিলেন। ৮৭।

সর্ববজ্ঞ ভগবান্ দিব্যচক্ষ্বারা নন্দকে যাইতে দেখিয়া সহসা তথায় আগমন পূর্ববক ভাহার মনোরথ স্তম্ভিত করিয়া বলিলেন। ৮৮।

অহে।, দীপ যেরূপ পাত্রযোগে তপ্ত হইয়া শ্রামবর্ণ হইতে রক্তবর্ণ হয় এবং তাহা হইতে তৈলের দাগ আর অপগত হয় না, সেইরূপ তোমার স্নেহকলম্ব অপগত হইতেছে না। ৮৯। ভূমি বামাভিলাষ করিও না। ইহা নীলীরাগের স্থায় ভোমার হাদয়ে সংসক্ত হইয়াছে; যেহেতু তুমি এখনও বিরক্ত হইতে পারিতেছ না। ৯০।

রতি প্রারম্ভকালে তৎকালে কাতর ব্যক্তিকে অন্ধ করে। পরে মৃখ্যাঙ্গসঙ্গম সমাপ্ত হইলে জুগুপনার তায় তাহাকে আলিঙ্গন করে। ১১।

লোক বিষয়াস্বাদে আসক্তিবশতঃ পাপমিত্র ইন্দ্রিয়গণকর্তৃক হুঃসহ ছুঃখরূপ আবর্ত্তময় নরকে পাতিত হয়। ৯২।

কুসক্ষম পচ। মাছ হইতে উলগত পৃতিগন্ধের ভায় লেশমাত্র স্পর্শবারাই লোককে অধিবাসিত করে। ৯৩।

কল্যাণমিত্রের সম্পর্ক সর্ব্যপ্রকারেই মঙ্গলজনক। উহা স্থগন্ধের গ্রায় ব্যাপ্ত হইয়া মহার্হতা সম্পাদন করে। ১৪।

ভগবান্ স্বয়ং সৎ ও অসৎ পথের বিষয় নন্দকে বলিয়া স্থাণ ও স্পর্শ দৃষ্টান্তে তাহাকে সঙ্গদেশনা করিয়াছিলেন। ৯৫।

অনন্তর ভগবান্ নন্দকে সঙ্গে লইয়া গন্ধমাদন পর্বতে গমন করিলেন। তথায় বিরিঞ্চি চমরীবালব্যজন দ্বারা তাঁহাকে বীজিত করিতে লাগিলেন। ৯৬।

তথায় ভগবান্ জিন নন্দকে দাবানলে দগ্ধদেহ ও অত্যন্ত ক্লিফ একটী কাণা মৰ্কটীতে দেখাইয়া বলিয়াছিলেন। ৯৭।

নন্দ, এই নিন্দনীয়াক্কৃতি মর্কটীকে দেখিতেছু কি পু এই মর্কটীও কোনও ব্যক্তির নিকট প্রিয়দর্শনা ও ক্রচিপাত্র। ৯৮।

ইহ জগতে ভাল বা মন্দ কিছুই নাই। অনুরাগই রমণীয় দেখে। যে যাহার প্রিয়, সেই ভাহার নিকট স্থানর। নন্দ তুমি পক্ষপাত না করিয়া সভ্য কথা বল। এই মর্কটী ও ভোমার স্থান্দরীর লাবণ্যের প্রভেদ কি ৭ ৯৯—১০০। আমরা প্রার্থনা না ধাকায় সৌন্দর্য্যের কিছুই প্রভেদ দেখি না। যে বস্তু প্রার্থিত হয়, তাহাই প্রার্থীর নিকট প্রিয় ও রমণীয় হয়। ১০১।

আমি ইহাতে ও স্থন্দরীতে কিছুমাত্র প্রভেদ দেখিনা। মাংস চর্দ্ম ও অস্থি জড়িত দেহে প্রার্থনা মাত্রই রমণীয়তা। ১০২।

নন্দ ভগবান্ কর্তৃক এইরূপে জিজ্ঞাসিত হইয়া প্রত্যুত্তর করিলেন, আপনি আমাদের গৌরবের পাত্র, এরূপ প্রশ্ন করা আপনার উচিত নহে। ১০৩।

ভগবন্ আপনি এ কি বলিতেছেন! শোকের সময় এ বিভূম্বনা করিতেছেন কেন। আপনারা বিশ্বগুরু প্রভূ। আমরা কি আপনাদের শিক্ষা দিতে পারি। ১০৪।

স্থানর রতিই অধিক রমণীয়। তাহাতেই আমি অত্যন্ত অন্মরক্ত। জগৎক্ষেতা কন্দর্পও তাহাকে দেখিয়া রতিকে আর স্মরণ করেন না। ১০৫।

কুমুদাকর জ্যোৎসা দেখিয়া যত আনন্দিত হয়, তদপেকা অধিক নিজকান্তি ঘারা তত আনন্দিত হয় না। লোকে বিদিত বিষয়ই অবলম্বন করিয়া থাকে, গুণের তারতম্য জানে না। ২০৬।

স্থানদরী পুষ্পনিচয়কে নিজবদনের সৌরভসার অপহরণ করিতে দেখিয়া নিজকেশপাশে বাঁধিয়া রাখিয়াছেন। হংস ও হরিণগণ তাঁহার বিলাসযুক্ত গতি ও লোচনকান্তি অপহরণ করিয়া ভয়প্রযুক্ত যেন বনে ও জলে পলাইয়াছে। ১০৭।

পরিচিত জনেরাও বহুতর চিন্তা ও তর্ক বিতর্ক হার। সেই অমুপমা মুগনয়নার চিত্র অঙ্কন করিতে পারে না। তারাপতি চন্দ্র তাহার বদন-সৌন্দর্য্যের পরিমাণ পরীক্ষা করিবার জ্বন্ত তুলাদণ্ডে অধিকাচ হইয়া লঘুতা প্রযুক্ত গগনে অধিকাচ হইয়াছেন। ১০৮। ললিত জলতার লাস্যলীলায় রমণীয় পুণ্যময় ও আনন্দজনক স্ন্দরীর বদন যদি লাভ করিতে পারা না যায়, তাহা হইলে এই ভুচ্ছ প্রব্রুগ্য আমার কি অধিক পুণ্য সম্পাদন করিবে! কিজগুই বা এই ভারভূত ব্রভসম্ভার বহন করিতেছি! ১০৯।

ভগবান্ নন্দের এইরূপ অনুরাগপূর্ণ বাক্য শ্রবণ করিয়া নিজ প্রভাববলে তাহাকে স্থরালয়ে লইয়া গেলেন। ১১০।

তথায় ইন্দ্রের লীলোদ্যানমধ্যে নন্দকে সমুদ্রমন্থনদ্বারা সমৃদ্ভূত কমনীয় দেবকন্থাগণ দেখাইলেন। তাহাদের পাদপদ্মোদিত অরুণবর্ণ কান্তিসন্তান দেখিয়া সমুদ্রকূলজাত বিক্রমবনের অম হয়। তাহাদের বিলাসযুক্ত পদ্মাধিক স্থন্দর পাণি দেখিয়া বোধ হয় যেন সহজাত পারিজাতের পল্লব সংসক্ত হইয়াছে। তাহাদের কান্তি ও মাধুর্য্যে স্থললিত মদনানন্দদায়ক চন্দ্রবং স্থন্দর বদন হেলায় পদ্মবনকে মুদিত করিয়াছে। সম্মোহজনক ও জীবনাধায়ক তাহাদের কৃষ্ণসার নয়ন কালকুট মিশ্রিত অমৃতধারার ভাষা। ১১১—১১৫।

নন্দ সহসা ঐ সকল লাবণ্যবতী যুবতী দেবকন্যাগণকে দেখিয়া আনন্দিতবদন ও ঘৰ্মস্মাত হইয়াছিলেন। ১১৬।

নন্দের মন পদ্মাননা বিপুলোৎপললোচনা কুন্দস্মিতা ও নিবিড়-স্তবকস্তনী ঐ সকল দেবকস্থাগণের উপর যুগপৎ পতিত হইয়া দোলা-বিলাসে তরল জমরের তুল্য হইয়াছিল। ১১৭।

তৎপরে ভগবান্ তদ্গতচিত্ত নন্দকে বলিলেন, নন্দ, এই সকল দেবক্সাগণকে তুমি দেখিতে ভালবাস কি ? ১১৮।

এই দেবকভাগণের ও তোমার স্থন্দরীর লাবণ্যের প্রভেদ কি ? ভাল বস্তু দেখিলে উৎকর্ষ স্পষ্টরূপে বুঝা যায়। ১১৯।

এই অপ্সরাগণের রূপ যদি স্থন্দরী অপেকা অধিক হয়, তাহা হইলে কালে আমি ইহাদিগকে তোমার আঞ্রিত করিব। ১২০। ভূমি রাগবিরহিতমনে প্রসন্নবৃদ্ধি ইইয়া ব্রহ্মচর্ব্য অনুষ্ঠান কর; আমি এই সকল অপ্সরাগণ তোমায় দান করিব। ১২১।

নন্দ ভগবানের এবংবিধ বাক্যে দৃঢ়নিশ্চয় হইয়া স্বর্গাঙ্গনার প্রত্যাশায় ভগবানের বাক্য স্বীকারপূর্ব্যক জ্রতে, মন স্থাপন করিলেন। ১২২।

নন্দ স্থরাঙ্গনাসঙ্গমেচছায় নিজদারে মন্দাদর হইলেন। স্লেহ গুণরূপ পণ্যের তুলাদণ্ডের গ্রায়। উহার সত্যতা নাই। ১২৩।

অহো মনুষ্যের আভ্যাসিকী প্রীতি প্রবাস দারা পরিশোধিত হইয়া পূর্ব্বসংবাস বিস্মৃত হয় এবং সহসা অম্যত্র ধাবিত হয়। ১২৪।

প্রেম ক্ষণস্থায়ী যৌবনেই রমণীয়। পরে উহা থাকে না। উহা সত্যও নহে, চিরস্থায়ীও নহে। ১২৫।

তৎপরে ভগবান ক্ষণকালমধ্যেই নন্দকে নিজ আশ্রমে লইয়া গেলেন। নন্দও তাঁহার বাক্যে দৃঢ়নিশ্চয় হইয়া নিয়তভাবে ত্রন্নাচর্য্য করিয়াছিলেন ১২৬।

নন্দ অন্তবৃদ্ধি হইয়া স্থান্দরীকে একেবারে ভূলিয়া গেলেন। প্রীতি ক্ষণকালেই প্রমূষিত হয় এবং গুণেও দোষ দর্শন করে। ১২৭।

তৎপরে একদা নন্দ বিচরণ করিতে করিতে একস্থানে ভীষণ নরক-ময় কুম্ভীব্যাপ্ত ভূমি দেখিতে পাইলেন। ১২৮।

ঐ স্থান দেখিয়াই তাঁহার হৃৎকম্প হইল; এবং ছু:খিত হইয়া নরকাসক্ত ব্যক্তিদিগকে এ কি, এরূপ ঘোরতর নরকের কারণ কি, এই কথা জিজ্ঞাসা করিলেন। ১২৯।

তাহারা বলিল, এই তপ্ত কুস্তীশতব্যাপ্ত নরকভূমি স্থাসুরাগী রাজ-পুত্র নন্দের জন্ম কল্লিভ হইয়াছে। ১৩০।

সে মিধ্যাত্রত আচরণ করিতেছে। এখনও তাহার বৈরাগ্য হয় নাই। সে স্বর্গাঙ্গনাসঙ্গনের আশায় ত্রন্ধার্য্য করিতেছে। ১৩১। যাহারা মিথ্যাত্রতচারী, পুরু ও রাগবেষে ক্যায়িত্তিত, তাহাদেরই এই নিত্য প্রতপ্ত কুস্তামধ্যে ক্ষয় পাইতে হয়। ১৩২।

নন্দ এই কথা শ্রেবণ করিয়া রোমাঞ্চিতকলেবর হইলেন এবং অমুতাপবশতঃ নিজদেহ তথায় চ্যুত বলিয়া মনে করিলেন। ১৩৩।

তখন স্বয়ং অমুরাগ ও বাসনা ত্যাগ,করিয়া অমুত্তর ব্রহ্মচর্য্যের জন্ম পর্য্যাপ্তভাবে সংঘমী হইলেন। ১৩৪।

তৎপরে তাঁহার গাঢ় মোহ ক্ষয় হওয়ায় সংশয় ছিন্ন হইলে শ্রৎ-কালে জলধির জলের ন্যায় মন প্রসন্ন হইল। ১৩৫।

নন্দ নিষ্কাম ও শান্তিপ্রাপ্ত হইয়া উৎক্রফ নিষ্ঠাবান্ হইলেন এবং বিশুদ্ধ হইয়া ভগবানের নিকট আগমন পূর্ববক বলিলেন। ১৩৬।

ভগবন্, অপ্সরোগণে বা স্থন্দরীতে আমার কিছু প্রয়োজন নাই। এই সমস্ত বিষয়সম্পদ্ অস্তে বিরুষ ও পাপজনক। ১৩৭।

যতই পদার্থের নিঃস্বভাবতা ভাবনা করিতেছি, ততই নিরাবরণ বৃত্তি-সকল প্রসাদ প্রাপ্ত হইতেছে। ১৩৮।

ভগবান, ক্রমে ক্রমে আর্ত্রপদপ্রাপ্ত এবংবাদী নন্দের নির্ব্বাণশুদ্ধা দিদ্ধি হইয়াছে, স্থির করিলেন। ১৩৯।

নন্দ কিরূপ পুণ্যের ফল প্রাপ্ত হইল, এই কথা ভিক্ষুগণ জিজ্ঞাসা করিলে ভগবান জিন বলিয়াছিলেন। ১৪০।

নন্দ জনান্তরার্জিত পুণাবলে সৎকার্য্য অভ্যাস করিতেছিল এবং সেই পুণোরই ফল প্রাপ্ত হইয়াছে। ১৪১।

নির্দাল মহাবংশে জন্ম, কন্দর্পতুল্য দেহ, স্থাকর ও লোকবল-সমন্বিত সমৃদ্ধি, সভত স্থানের প্রীতিকর ব্যবহার, প্রাণমসলিলে স্নাভ মন ও স্বভাবাসুযায়িনী গতি এসমস্তই মনুষ্যের কুশলরূপ পুষ্পের মহাফলস্বরূপ। ১৪২। পুরাকালে অরুণাবতীনগরীতে অরুণনামে এক রাজা সম্যক্-সমুদ্ধ বিপশ্চীর স্তৃপে সমাদর করিয়াছিলেন। মৈত্রনামে এক প্রান্ধা এই পুণাকার্য্যে প্রাণ্ধানবশতঃ তিনি এক গৃহস্থকুলে জন্ম গ্রহণ করিয়া ভিক্ষুণণের বাসস্থান ও সত্র প্রস্তুত করিয়া দিয়াছিলেন। ঐ পুণাবান ব্যক্তি পূর্বের শোভন নামে প্রত্যেকবৃদ্ধের স্বেক ছিলেন। ইনি একটি মালাদিভ্ষতি উচ্ছেল স্তৃপ নির্মাণ করিয়াছিলেন। সেই পুণাফলে কুকি নামক কাশীরাজের পুত্র দিব্যলক্ষণসম্পন্ন ত্যুতিমান্ নামে জন্মগ্রহণ করেন। কাশীরাজ সম্যক্ষম্মুদ্ধ কাশ্যপের দেহান্ত হইলে সপ্তরত্মময় একটা স্তৃপ নির্মাণ করিলে পর তদীয় পুত্র ত্যুতিমান্ একটি উচ্ছেল স্থবর্ণময় ছত্র তাহাতে আরোপিত করিয়াছিলেন। সেই পুণাফলে স্বর্ণময় ছত্র তাহাতে আরোপিত করিয়াছিলেন। সেই পুণাফলে তিনি এখন শাক্যকুলে নন্দনামে উৎপন্ন হইয়াছেন।১৪৩-১৪৯।

এইরূপ পূর্বজনাক্রমানুসারে অর্জিত পুণ্যফলে নন্দ নির্মাল কুল, স্থানর রূপ, প্রধান ভোগ্যবস্তু ও অন্তে শান্তিসহ সৌগতপদ প্রাপ্ত হইয়াছেন। ১৫০।

ভগবান্ এইরূপ নন্দের কল্যাণলাভের কারণ উল্লেখ করিয়া ভিক্ষু-সঙ্গের স্থক্তদেশনা ৮ র্থাৎ পুণ্যোপদেশ করিয়াছিলেন । ১৫১।

একাদশ পলব

বিরুত্কাবদান

भारोहित पदमुद्दतममलमितिर्विमलकुणलसोपानै:। नरककुहरेषु निपतित मलिनमितिर्घरितिमिरेषु॥

নির্মলমতি ব্যক্তি নির্মল কুশলকর্ম্মরপসোপানদার। উন্নত পদে আরোহণ করেন। মলিনমতি ব্যক্তি ঘোর অন্ধকারময় নরককুহরে পতিত হয়। ১।

পুরাকালে শাক্যবংশের রাজধানী কপিলবাস্ত নামক বিস্তৃত নগরে শান্তে কৃতশ্রমা, সর্ববিধ কলাবিদ্যায় স্থানিপুণা, স্থামুখী, গুণোচিত। কন্দর্পের মালিকার স্থায় মালিকা নাম্নী শাক্যমুখ্য মহতের দাসক্সা প্রভুর বাক্যামুসারে উদ্যানমধ্যে পুষ্পাচয়ন করিতে করিতে সম্মুখে সমাগত ও বিচরণশীল ভগবান্ স্থাতকে দেখিয়াছিল। ২-৪।

পুষ্পাচয়নান্তে ভগবান্কে দর্শন করিয়া ঐ দাসক্সার মন অত্যন্ত প্রসন্ন হইয়াছিল। শরৎকাল যেরূপ মানসসরোবরকে নির্মাল করে, তক্রপ স্বচ্ছলোক দেখিলেই মন প্রসন্ন হইয়া থাকে। ৫।

দাসকতা। তাঁহার দর্শনে প্রীতিবশতঃ দৃঢ়তার সহিত দাঁড়াইয়া মনে মনে চিন্তা করিল যে ভগবান্ যদি পুণ্যবলে আমার পিগুপাত গ্রহণ করেন। ৬।

সর্বজ্ঞ ভগবান্ তাহার মনের সংকল্প বুঝিতে পারিয়া পাত্র প্রসারণ পূর্বকে, ভদ্রে ভিক্ষা দাও, এই কথা তাহাকে বলিয়াছিলেন । ৭।

দাসকন্তা প্রণাম পূর্ববক তাঁহাকে দান করিয়া পূর্ণমনোরও হাল এবং দাস্তত্বংখ নিব্বন্তির জন্ম প্রণিধান করিল। ৮। তৎপরে একদিন তাহার পিতৃবন্ধু এক দৈবজ্ঞ ব্রাহ্মণ ঐ স্থানে আসিয়া ও তাহাকে দৈখিয়া বিম্ময় সহকারে বলিয়াছিলেন। ১।

অহো, তুমি গৃহপতি শ্রীমানের কন্যা। তুমি বন্ধুহীন হইয়া দাসী-ভাব প্রাপ্ত হইয়াছ এবং ধনভোগবিবর্জিত হইয়াছ। ১০।

অহে।, সংসাররূপ সর্পের রসনাবিলাসের স্থায় টপলা সম্পদ মোহরূপ ঘনারম্ভক্ষণে ক্ষণকালের জন্ম বিদ্যোতিত বিদ্যুতের স্থায় ।১১।

যাও, তুমি চিন্তা করিওনা। আমি হন্তলক্ষণ দ্বারা জানিতেছি তুমি অল্লকাল মধ্যেই রাজমহিলা হইবে। ১২।

লক্ষার বাসস্থান কমলের স্থায় কোমল স্থদীয় হস্তে এই মালা চক্রণ ও অঙ্কুশের রেখা দেখিতেছি। ব্রাহ্মণ এই কথা বলিয়া চলিয়া গেল। ১।

অনন্তর মন্মথসন্তোগের স্থক, মধুপগণের বান্ধব এবং লতাবধ্র আলিঙ্গনে সৌভাগ্যবান্ বসন্ত দৃষ্টিগোচর হইল। ১৪।

কাস্তাগণের মানরূপ হস্তার বিধ্বংসকারা বসন্তরূপ সিংহের জিক্ষাবশতঃ প্রকাশমান জিহ্বার ভায় অশোকমঞ্চরী শোভিত হইল।১৫।

বালাগণের কপোললাবণ্য চুরি করার জন্য চম্পকপুপেসমূহ স্থনয়না-দিগের কেশপাশে বন্ধনদশা প্রাপ্ত হইল। ১৬।

বসস্ত সহকারমঞ্জরা দ্বারা বিরহিণীগণের নিধন বিধান করিলেন। প্রভুগণ নিজ হস্তে পরকে বধ করিতে চাহেন না। ১৭।

স্থন্দর বস্তু যেরূপ সৌখীন লোকের ভোগ্য হয়, তদ্রূপ চূতলতাও ভ্রমরগণের হঠাৎ একাস্ত ভোগ্য হইয়া উঠিল। ১৮।

চূতমঞ্জরীরূপ আয়ুধধারী কোকিল চূতলতারূপ চাপে ভ্রমরক্ষপ বাণ আরোপিত করিয়া বন্দীর স্থায় যেন কন্দর্পের জয়গান করিতে লাগিল। ১৯। এমন সময়ে কোশলরাজ প্রসেনজিৎ মৃগরার্থ নির্গত হইয়া অশ্ব কর্তৃক সেই স্থানে আনীত হইলেন। ২০।

ধনুর্ধারী ও কন্দর্পের ন্যায় স্থন্দরাকৃতি প্রসেনজিৎ অশ্ব হইতে অবতীর্ণ হইয়া অনুপম লাবণ্যবতী দিতায় রতির ন্যায় ঐ কন্যাকে দেখিলেন। ২১।

মনোভব কামদেব ঐ কম্মার বিলোকন জন্ম বিস্তবিধ এবং মহাস্মা প্রসেনজিতের মনে বিশ্বয় বশতঃ বিস্ফারিত লোচনমার্গ দ্বারা প্রবেশ করিয়াছিলেন। ২২।

নরপতি সহসা লজ্জাবনতা ও ভয়ভীতা কন্মাকে দেখিয়া তাহার কান্তিকল্লোলিনা কর্তৃক আকুষ্ট হইয়া মনে মনে চিন্তা করিলেন। ২৩।

নবীনা শশিবদনা শ্রামা ও তরলনয়না এই কন্যাটি কে ? ইহার কান্তি মদীয় নেত্রপত্মকে অনিশ বিকাসিত করিতেছে। ২৪।

পাটলবর্ণ অধরশোভিত ইহার মুখের স্বাভাবিক গন্ধ বকুলের তায়, এজন্য ভ্রমরগণ মুখের নিকট উড়িয়া বেড়াইতেছে। কমনীয়াকৃতি কুস্থুমায়ুধ কন্দর্প ইহার মুখে বাস করিতেছেন দেখিতেছি। ২৫।

আহা ইহার দেহের যৌবনসম্বলিত কি অমান লাবণ্য। আমি ধীর হইলেও আমার ধৈর্য্য যেন গলিত হইয়াছে। ২৬।

আহা এই মধুমঞ্জরীর প্রারম্ভকালেই কি অদ্ভূত গুণ যে ষট্পদও একপদ যাইতে সমর্থ ছইতেছে না। ২৭।

রাজা মনে মনে এইরূপ চিস্তা করিয়া তাহাকে বনদেবতা বলিয়া জ্ঞান করিলেন। পরে জিজ্ঞাসা করিয়া কন্যাকথিত রুত্তাস্ত জানিতে পারিলেন। ২৮।

তৎপরে রাজা পল্লববীজন এবং স্বচ্ছ ও শীতল জলদারা আতিথ্য সৎকার লাভ করিয়া তথায় স্থুখ লাভ করিলেন। ২৯। কন্যা তাঁহার পাদপদ্ম সংবাহন করিলেপথশ্রাস্ত রাজা সহসা কন্যার করম্পার্শস্থাথ নিদ্রাগত হইলেন। ৩০।

ক্ষণকাল পরেই জাগরিত হইয়া মৃগয়াশ্রম আপনোদন পূর্ববক দিব্যস্পর্শহেতুক কন্তাকে রূপান্তরগতা রতির ন্তায় মনে ক্রিলেন।৩১।

তৎপরে শাক্যবংশীয় মহান্ কোশলেশর আসিয়াছেন শুনিতে পাইয়া তথায় আগমন পূর্ব্বক পূজার্হ রাজাকে যথোচিত সমাদর করিলেন। ৩২।

প্রসেনজিৎ সমাদরপূর্বক প্রার্থনা করায় মহান্ কন্দর্পের মঙ্গল-মালাস্থরূপ ও নিজক্তার তায় প্রতিপালিতা মালিকাকে রত্নার্থ রাজাকে সম্প্রদান করিলেন। ৩৩।

রাজা কন্দর্পের বিজয়বৈজয়ন্তীস্বরূপ। ও শুভ্রহাস্তশালিনী মালিকাকে গ্রহণ করিয়া গজারোহণপূর্ববক নিজরাজধানীতে গমন করিলেন। ৩৪।

নগরে আগমনকালে ঐ কন্থা বসস্তরাজের সহিত সঙ্গতা ও লোল-অলকরূপ যট্পদশোভিতা নবমালিকার ন্থায় শোভিতা হইয়া-ছিল। ৩৫।

প্রসেনজিৎ ঐ স্থন্দরী কন্সার সহিত রাজধানীতে আসিয়া রত্নকিরণ-মন্ডিত উদার প্রাসাদে স্থথে বিহার করিতে লাগিলেন । ৩৬।

রাজার প্রথমা মহিধী দেবী বর্ধাকারা পৃথিবী যেমন রাজলক্ষ্মীকে অভিন্নবৃত্তি জ্ঞান করেন, তদ্ধপ ইহাকে অভিন্ন জ্ঞান করিতেন। ৩৭।

মহিষী বর্ধাকারা মালিকার দিব্যস্পর্শে ও মালিকা বর্ধাকারার পরম সৌন্দর্য্যে পরস্পার পরস্পারের গুণোৎকর্ষহেতু বিশ্মিত হইয়া-ছিলেন। ৩৮।

জেষ্ঠা মহিষী দিব্যরূপবতী ও কনিষ্ঠা মহিষা দিব্যস্পর্শবতী ছিলেন। ভাঁহাদের এইরূপ সাশ্চর্য্য প্রবাদ ত্রিলোকে বিশ্রুত হইয়াছিল। ৩৯। এই অবসরে ভিক্ষুগণ ভগবানের নিকট তাঁহাদের দিব্যরূপ ও দিব্য-স্পর্শের বিষয় জিজ্ঞাসা করায় তিনি বলিয়াছিলেন । ৪০।

পুরাকালে শ্রুতবর নামক এক ব্রাহ্মণগৃহন্থের কান্তা ও শিরীষিকা নামে চুইটি প্রিয় ভার্য্যা ছিল। ৪১।

কাস্তার ভাতা প্রবজ্যাদারা ক্রমে প্রত্যেকবৃদ্ধতা প্রাপ্ত হইয়া একদা তাঁহার ভগিনীর গৃহে আসিয়াছিলেন। ৪২।

কাস্তা পতির আজ্ঞামুসারে তাঁহাকে নিমন্ত্রণ করিয়া তিনমাস কাল ভক্তিপূর্বক সপত্নীর সহিত তাঁহাকে সেবা করিয়াছিলেন। ৪৩।

তাঁহারা তুইজনে স্থন্দর ও কোমল ভোগদারা প্রত্যেকবুদ্ধকে অর্চনা করিয়া অধুনা চারুরূপা ও দিব্যস্পর্শবিতী হইয়া জন্ম গ্রহণ করিয়াছেন। ৪৪।

প্রথমে বিনয়যুক্ত বাক্যরূপ বলীবর্দ্দধারা দেহরূপ সংক্ষেত্র কর্মণ করিয়া তৎপরে তপস্থারূপ তাপদারা উহা তাপিত করিয়া ক্ষেত্রটি স্বাত্নতা প্রাপ্ত হইলে যথাকালে সংকর্মাশক্তির উচিত শুভবীজ যাহা বপন করা হয়, স্থমতিগণ তাহারই পরিপক ফলসম্পদ ভোগ করিয়া থাকেন। ৪৫।

ভিক্ষুগণ সর্বব্দ ভগবানের এইরূপ বাক্য শ্রাবণ করিয়া উহাই যথার্থ নিশ্চয় করিলেন ও ঐ বাক্যে পরম শাস্তি লাভ করিলেন। ৪৬।

কালক্রমে ঐ মালিকার গর্ভে রাজার এক পুত্র হইল। তাহার নাম বিরুত্ক। বিরুত্ক বিভায় বহুশ্রম করিয়াছিলেন। ৪৭।

বিরুদ্দের তুলাবয়ক পুরোহিতের এক পুত্র হইয়াছিল। সে মাতার বহুত্বংখে জন্মাইয়াছিল বলিয়া তাহার নাম তুঃখমাতৃক রাখা হইয়া-ছিল। ৪৮।

একদা বিরুত্ক ত্রংখমাতৃকের সহিত অখারোহণ করিয়া মৃগয়ার্থ বহির্গত হইয়া শাক্যরাজের উভানে গমন করিয়াছিলেন। ৪৯। শাক্যগণ দর্প করিয়া আয়ুধ উত্তোলন পূর্ব্বক তাঁহাকে দেখিয়া ঘুণা প্রকাশ করিয়াছিল এবং বলিয়াছিল যে ইনি আমাদের দাসীর পুত্র। ৫০।

বিরুত্ব নিজনগরে গমন করিয়া শাক্যগণের দর্পযুক্ত শত্রুতার বিষয় চিন্তা করিতে লাগিলেন।' কেহ দর্পপূর্বক বংশের অপবাদ করিলে উহা সকলেরই অসহ,শল্যের স্থায় হইয়া থাকে। ৫১।

বিরুত্ক ঐ শত্রুতার প্রতীকার চিন্তায় দহুমান হইয়া পিতা জীবিত থাকিতেই রাজ্য গ্রহণে স্পূহা করিয়াছিলেন। ৫২।

তিনি চারায়ণ প্রভৃতি পাঁচশত মন্ত্রিগণকে পিতা হইতে আকৃষ্ট করিয়া ভেদযুক্তি দারা নিজবশে আনিয়াছিলেন। ৫৩।

তৎপরে একদা রাঙ্গা প্রসেনজিৎ বিবেক উদিত হওয়ায় ধর্ম্মোপদেশ শ্রাবণে সমাদরবান্ হইয়া চারায়ণকে অখারোহণে নিয়োগ পূর্বক রথে আরোহণ করিয়া সর্ববজ্ঞ ভগবান্কে দর্শন করিতে গিয়াছিলেন। ৫৪-৫৫।

রাজা ভগবানের আশ্রামে গমন করিয়া তাঁহার পাদবন্দনা পূর্ববক প্রসন্ত্রবৃদ্ধি হইয়া ধর্ম্মোপদেশ শ্রাবণ করিয়াছিলেন। ৫৬।

চারায়ণ এই স্থযোগে সম্বর নগরে গিয়া রাজপুত্রের অভিষেক সমাধা করিলেন। ৫৭।

এদিকে রাজা ভগবানের নিকট বিদায় লইয়া যাইতে উদ্যুত হইলেন, পরস্তু রথ মন্ত্রী বা ভৃত্যগণ কাহাকেও দেখিতে পাইলেন না। ৫৮।

রাজা দূর হইতে দেখিলেন যে মহিষী বর্ষাকারা মালিকার সহিত ধীরে ধীরে হাঁটিয়া আসিতেছেন। ৫৯।

রাজা তাঁহাদিগকে জিজ্ঞাসা করিয়া জানিতে পারিলেন যে বিরুত্ক অভিষিক্ত হইয়াছেন। তখন তিনি মালিকাকে পুত্রের ঐশ্ব্য ভোগ করিবার জন্ম পাঠাইয়া দিলেন। ৬০। রাজা প্রসেনজিৎ মহিনী বর্যাকারাকে সঙ্গে লইয়া পরমমিত্র রাজা অজাতশক্র রাজধানী রাজগৃহে গমন করিলেন। ৬১।

রাজা ছত্রাভাবে তাপপ্রাপ্ত এবং ক্ষুধা পিপাসা ও পরিশ্রমে আতুর হইয়া চামরমারুতের ভায় দীর্ঘনিখাস বমন করিতে করিতে তথায় গিয়াছিলেন। ৬২।

কেই বা ধারাবাহিক স্থুখ লাভ করিয়াছে! কাহারই বা আয়ু অধিক দীর্ঘ হইয়াছে! কাহারই বা সম্পদের পরেই ক্ষয় না দেখা যায়! ৬৩।

রাজা নিজকর্মমূলের স্থায় আয়ত একটি জার্ণ মূলক ভোজন করিয়া এবং কদর্য্য পানীয় জল পান করিয়া বিসূচিকারোগে প্রাণত্যাগ করিলেন। ৬৪।

লোকে সংসারের অনিভাতা বুঝিতে না পারিয়া মোহবশতঃ অকার্য্যে যত্মবান্ হয়। ঐ মোহ বিনশ্বর দেহের উপরে তৃঞ্চাবশতঃ ছইয়া থাকে। ৬৫।

অজাতশক্ত কোশলেশ্বর আদিয়াছেন শুনিয়া তথায় আগমনপূর্বক তাহাকে ধূলিপূর্ণবদন মৃত অবস্থায় দেখিলেন। ৬৬।

তিনি জায়ামুগত কোশলেশরের দেহ সৎকার করিয়া ছঃখশান্তির জন্ম ভগবান্ স্থগতকে দর্শন করিতে গিয়াছিলেন। ৬৭।

তিনি ভগবান্কে প্রণাম করিয়া বলিলেন—ভগবন্ মদীয় স্থকৎ কোশলেশর নির্ধন অবস্থায় আমার নগরে আসিয়া নিধন প্রাপ্ত হইয়াছেন। আমি পাপী ও আমার সম্পদ্র্থা। আমায় ধিক্! আমি মোহবশতঃ তুর্যশের আশ্রয় হইলাম। যেহেতু আমার এই বিভব মিত্রের কোনই উপকারে লাগিল না। ৬৮-৬৯।

স্থ হাজন হান্ত্রে একটা আশা করিয়া আপংকালে যে স্থহাদের গৃহে আসিয়া সফলকাম হয় না, তাহার জীবনে প্রয়োজন কি ? ৭০।

যাহাদের বিভব মিত্রের উপকারে লাগে, থাহাদের ধন দানজনে । উপকারে লাগে এবং যাহাদের প্রাণ ভীতজনের উপকারে লাগে, তাহাদেরই জীবন স্থজীবন। ৭১।

ভগবন, কোশলেশর পূর্বজন্মে কি কুকর্ম করিয়াছিলেন, যাহার ফলে তিনি শেষে অত্যস্ত তুর্দ্দিশাপ্রাপ্ত হইলেন ? ৭২।

রাজা সাঞ্রনয়নে এই কৃথা জিজ্ঞাসা করিলে ভগবান্ সস্তাপ-নাশিনী দশনকান্তি বিকিরণ করিয়া ভাঁহাকে বলিলেন। ৭৩।

মহীপাল, তুমি শোক করিও না ; সংসারের এইরূপই স্বভাব। অসত্য পদার্থসকলের অনিত্যতা এইরূপই হইয়া থাকে। ৭৪।

এই বিস্তৃত সংসাররূপ বনমধ্যে স্বভাবতঃ চঞ্চল কালভূক্ষ স্বচ্ছন্দজাত পুষ্পস্থরূপ জনগণের জাবরূপ কিঞ্জন্মপুঞ্জ অনবরত কবলিত করিতেছে। ৭৫।

এই দৃশ্যমান ভোগসকল চকিতহরিণীর লোচনের স্থায় চঞ্চল। রাজ্যলক্ষ্মী নিবিড় মেঘের বিদ্যোতিনী বিত্যুতের স্থায় ক্ষণকাল মধ্যেই অলক্ষ্যা হন। এই নূতনবয়স্ক শরীর পদ্মে বালাতপরাগের স্থায় ক্ষণস্থায়ী। জীবনরূপ জলবিন্দু সংসাররূপ মরুস্থলে সম্বর শুকাইয়া ধায়। ৭৬।

মৈত্রীযুক্ত মন, পরহিতেচছা, ধার্ম্মিক্তা, গর্বের উচ্ছেদে সমর্থ শান্তিতে পরিচয়, এই চারিটিই বিষয়স্থপে পরাদ্মুখ স্থাখি-গণের তন্ধামুসন্ধান এবং ইহাই অসার সংসারে বিকারবর্জ্জিত পরিভব। ৭৭।

তুঃখ উপস্থিত হইলে লোকে হঠাৎ যেন প্রস্তরখণ্ড দ্বারা আহত হইয়াছে মনে করিয়া শোক করে, কিন্তু ঐ তুঃখাগমের প্রতীকার করে না। ৭৮।

লোকের সংসারক্রেশ দেখিয়াও বিবেক হয় না। তথাপি সে মোহবশতঃ পাপ কার্য্য করে। ইহার কি করা যাইতে পারে। ৭৯। পুরাকালে স্থশর্মা নামে,এক ব্রাহ্মণ কোথা হইতে একটি মূলক পাইয়া তাহা জননীর নিকট রাখিয়া স্থান করিবার জন্ম নদীতটে গিয়াছিল।৮০।

ইত্যবসরে তাহার মাতা একজন সমাগত পাত্রপাণি প্রত্যেকবুদ্ধকে প্রণাম করিয়া ভক্তিসহকারে ঐ মূলকটি দিয়াছিলেন। ৮১।

অনন্তর স্থশর্মা স্নান করিয়া ক্ষুধাবশতঃ শাঘ্র সমাগত হইলেন এবং ভোজনারস্তে জননীর নিকট নিজের মূলকটি চাহিলেন। ৮২।

জননী বলিলেন, হে পুত্র, পুণ্যকর্ম অমুমোদন কর, আমি ঐ মূলক অতিথিকে সমর্পণ করিয়াছি। স্থশর্মা মাতার এই কথা শুনিয়াই বাণবিদ্ধের স্থায় হইয়াছিলেন। ৮৩।

এখনই তোমার অতিথির বিসূচিকা হউক এবং আমার ঐ মূলকটি উহার কুক্ষি ভেদ করিয়া প্রাণসহ নির্গত হউক। ৮৪।

স্থশর্মা এইরূপ বাক্পারুষ্য ধারা পাপী হইয়াছিল, এ কারণ ভাহার অপর জন্মে শেষে বিসূচিকাই হইয়াছিল। ৮৫।

স্থশর্মা পূর্বকৃত পুণ্যবলে প্রসেনজিৎরূপে জন্ম লাভ করিয়া বিপুল রাজ্যভোগের পর অস্তে বিস্চিকা রোগে ক্ষয়প্রাপ্ত হইয়াছেন। ৮৬।

সংসারপথের পথিকদিগের হস্তন্থিত পাথেয়স্বরূপ এই সকল শুভাশুভ কর্ম্ম ভোগের জন্ম উপস্থিত হয়। ৮৭।

রাজা ভগবানের এইরূপ যথার্থ ও হিতক্র বাক্য শ্রবণ করিয়া ইহাই সভ্য মনে মনে স্থির করিলেন এবং ভগবান্কে প্রণাম করিয়া প্রস্থান করিলেন। ৮৮।

ইত্যবসরে প্রাপ্তরাজ্য বিরুত্ক পুরোহিতপুত্রকর্তৃক শাক্য-গণের শক্রতা স্মারিত হইয়া শাক্যকুল ধ্বংসের জন্ম উদ্যত হইলেন। ৮৯। তিনি যেরূপ মোহদারা বৃদ্ধি আচ্চুন্ন হয়, তক্রপ গজ অশ্ব ও রথোথিত রেণুদারা দিঙ্মগুল অন্ধকারাচ্ছন্ন করিয়া শাক্যনগর আক্রমণ করিতে গিয়াছিলেন। ৯০।

সর্ববজ্ঞ ভগবান্ বিরূচ্কের এই ছুফ চেফা জানিতে পারিয়া শাক্য-নগর প্রান্তে গমন পূর্ববক একটি শুষ্কতরুর অধোদেশে অবস্থান করিয়াছিলেন। ৯১।

বিরূত্ক দূর হইতেই ভগবান্কে তথায় অবস্থিত দেখিয়া রখ হইতে ু অবতরণ করিয়া তথায় আগমন পূর্বকে প্রণাম ক্রিয়া বলিলেন। ৯২।

ভগবন্, স্নিশ্বপত্রশোভিত ও নিবিড় ছায়াশালী বছ রক্ষ থাকিতে এই শুক্ষতরুতলে কি জন্ম বিশ্রাম করিতেছেন ? ৯৩।

ভগবান জিন ক্ষিতিপাল কর্ত্ব এইরপ কথিত হইয়া বলিলেন, হে নরপতি, জ্ঞাতির ছায়া চন্দন অপেক্ষাও শীতল। জ্ঞাতিতুল্য বিত্ত নাই। জ্ঞাতিতুল্য ধৃতি নাই। জ্ঞাতিতুল্য ছায়া নাই ও জ্ঞাতিতুল্য প্রিয় নাই। হে ভূপতি, শাক্যগণ আমার জ্ঞাতি এ কারণ শাক্য-নগরের উপাত্তে উৎপন্ন এই শুক্ষতরুও আমার প্রিয়। ১৪—১৬।

বিরুত্ক এই কথা শুনিয়া ভগবান্কে শাক্যগণের পক্ষপাতী জানিয়া ক্রোধ পরিহার পূর্ববক নিব্নন্ত হইলেন। ৯৭।

ভগবান্ও বিরূচ্ক হইতে শাক্যগণের ভবিষ্যৎ ভয় জানিতে পারিয়া শুদ্ধসন্থদিগের মঙ্গলের জন্ম ধর্ম্মদেশনা করিয়াছিলেন। ১৮।

ভগবানের উপদেশে কেহবা স্রোতাপত্তি ফল, কেহবা সরুদাগামি ফল, কেহবা অনাগামি ফল প্রাপ্ত হইয়াছিল। ৯৯।

অবশিষ্ট মূঢ়মতি শাক্যগণ ঐ পদ প্রাপ্ত হয় নাই। কতকগুলি পক্ষী আছে তাহাদের দিবাকালেও অন্ধকারোদয় হয়। ১০০।

রাজ। নির্ত্ত হইলে পর পুরোহিতপুত্র প্রস্তুও বৈরসর্পের পুনর্ববার প্রতিবোধন করিয়াছিলেন। ১০১। বিরুত্ন তৎকর্ত্ব প্রেরিত হইয়া পুনরায় শাক্যকুল ক্ষয় করিতে প্রবৃত্ত হইয়াছিলেন। খলরূপ বায়ু বৈরবহ্নিকে পুনঃপুনঃ প্রজ্বলিত করে। ১০২।

বোরতর তুর্জনের মন্ত্রণায় উত্থাপিত খলস্বভাব রাজগণ ও বেতালগণ কাহার না প্রাণহরণ করে। ১০৩।

তৎপরে গজ ও রথে উদগ্র সৈম্মগণ প্রচলিত হইলে শাক্যগণ রুদ্ধমার্গ হইলেন এবং নগরে মহা সংক্ষোভ উপস্থিত হইল। ১০৪।

তখন শাক্যগণের পক্ষপাতী মহামৌদ্গল্যায়ন তাহাদিগকে রক্ষ। করিতে উদ্যুত হইলে ভগবান বলিলেন। ১০৫।

শাক্যগণের সর্ব্বপ্রকার কর্ম্মদোষ উপস্থিত হইয়াছে। এস্থলে তোমার রক্ষাবিধান আকাশে সেতৃবন্ধনের ন্যায় নিক্ষল হইবে। ১০৬।

পুরুষগণের শুভ ও অশুভ কর্ম্মের বৈভব চিস্তা করিয়া স্থির করা যায় না। উহা অবাধে আসিতেছে ও যাইতেছে কেহ তাহা রোধ করিতে পারে না। নিজের জন্মস্থানে স্বহস্তে বিশুস্ত কর্ম্মাক্ষর কখনও নির্থিক হয় না। ১০৭।

মহামৌদ্গল্যায়ন ভগবানের এইরূপ বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে প্রণাম করিয়া চলিয়া গেলে এবং বিরুত্ক নিকটস্থ হইলে শাক্যগণ প্রতিজ্ঞা করিলেন যে আমরা কোনও প্রাণীর হিংসা করিব না। শক্রপ্রেরিত শরগণ আমাদের শরীরে প্রবেশ করুক। ১০৮-১০৯।

শাক্যগণ এইরূপ প্রতিজ্ঞাবন্ধ হইয়া যপ্তি পর্য্যস্ত হস্তে গ্রহণ না করিয়া শত্রুর উদ্যুমে কোনরূপ বাধা দিলেন না এবং স্থিরভাবে বসিয়া রহিলেন। ১১০।

ইত্যবসরে কর্মামুরোধে বিদেশগত শাক্যবংশীয় সম্পাক শাক্যগণের প্রতিজ্ঞার কথা কিছুই না জানিয়া তথায় উপস্থিত হইলেন। ১১১। শম্পাক নগরে যুদ্ধার্থ বন্ধোদ্যম বিরুত্তককে দেখিয়া একাকী সক্রোধে যুদ্ধে প্রস্থান্ত হইয়া বহুযোদ্ধার প্রাণনাশ করি-লেন। ১১২।

পুরুষসিংহ শম্পাক কর্তৃক যুদ্ধে নিহত বীরকুঞ্জরগণ যশোরূপ মুক্তামালা দ্বারা স্পৃহণীয়তা প্রাপ্ত হইয়াছিলেন। ১১৩।

শক্রগণ কর্তৃক কোপিত শৃম্পাকের অসি অনির্বচনীয়ভাবে প্রস্ত্র-লিত হইতেছিল। শম্পাক উহারই প্রতাপে বিপুল সৈম্মধ্যে প্রবেশ করিয়াছিলেন। ১১৪।

শম্পাক শত্রুগণকে বধ করিয়াছেন বলিয়া শাক্যগণ তাঁহাকে নগরে প্রবেশ করিতে দিলেন না। তিনি স্বজন হইয়াও খড়্গ চালনা করার জন্ম শাক্যগণ কর্ত্তক পরিত্যক্ত হইয়াছিলেন। ১১৫।

ধর্মপরায়ণ সাধুগণ ক্রুরস্থভাব আত্মীয় জনের প্রতিও বিমুখ হন। ধন হইতেও বদায়তা প্রিয়, স্বজন হইতে স্তক্ত প্রিয়, * * * * এবং আয়ু অপেক্ষাও যশ প্রিয় হয়। ১১৬-১১৭।

শম্পাক শাক্যগণ কর্তৃক নির্বাসিত হইয়া থীরে ধীরে ভগবানের নিকট গমন করিয়া নিজ অভ্যুদয়ের জন্য ভগবানের কোনরূপ চিহ্ন চাহিলেন। ১১৮।

তিনি ভগবৎপ্রদত্ত নিজকেশ ও নথাংশ গ্রহণ করিয়া বাকুড় নামক মগুলে গমন করিলেন। ১১৯।

তথায় নিজ প্রজ্ঞাপ্রভাবে ও শৌর্য্য এবং উৎসাহগুণে তথাকার রাজত্ব লাভ করিলেন। ধীরগণ যেখানেই যান সেইখানে তাঁহাদের সম্পদ স্থলভ হয়। ১২০।

দক্ষদিগের লক্ষণই লক্ষ্মী। পণ্ডিতদিগের যশ স্বাভাবিকই হইয়া থাকে। যাহারা ব্যবসায়বান, তাহাদিগের সকলপ্রকার সিদ্ধি লাভ হয়। ১২১। শম্পাক তথায় থাকিয়া ভগরানের কেশ ও নখাংশের উপর একটি রত্নবিরাজিত স্তৃপ প্রতিষ্ঠা করিয়াছিলেন। ১২২। '

এদিকে বিরুত্তক শাক্যগণের প্রতি বৈরনির্যাতনেচছায় পুনরায় যুক্তিদ্বারা পুরদ্বার ভেদ করিয়া সহসা পুরমধ্যে প্রবেশ করিলেন।১২৩

তথায় স'গুসপ্ততিসহস্র শাক্যগণকে হত্যা করিয়া সহস্র সহস্র কন্মা ও কুমারকে বাঁধিয়া লইয়া গেলেন। ১২৪।

পঞ্চশত শাক্যগণকে হস্তী ও লৌহদগুদারা মর্দ্ধন করিয়া ঐ নগরীকে কুতান্ত পুরীর স্থায় করিলেন। ১২৫।

ভগবান্ শত্রুকর্তৃক সম্পাদিত শাক্যগণের কর্ম্মানুগত হত্যা জানিতে পারিয়া ক্ষণকাল বিমনা হইয়াছিলেন। ১২৬।

ভিক্ষুগণ করুণাকুল হইয়া ভগবানের নিকট আসিয়া জিজ্ঞাসা করিলেন, যে শাকাগণ কি কর্মা করিয়াছিল যেজন্য এরূপ ভীষণ ফল হইল। ১২৭।

সর্বাক্ত ভগবান ভিক্ষুগণকর্তৃক এইরূপ জিজ্ঞাসিত হইয়া তাঁহা-দিগকে বলিলেন যে শাক্যগণের নিজকর্ম্মেরই বিপাকে এইরূপ ক্ষয় হইয়াছে। ১২৮।

পুরাকালে কতকগুলি ধীবর নদীমধ্য হইতে চুইটি প্রকাশু মৎস্থ টানিয়া তুলিয়াছিল এবং উহাদিগকে কাটিয়া পুনরায় শল্যদ্বারা ব্যথিত করিয়াছিল। ১২৯।

কালক্রমে পরজন্মে ঐ ধীবরগণই চারুত। প্রাপ্ত হইয়া তুইজন গৃহন্থের ধন অপহরণ পূর্ববিক অগ্নিঘারা তাহাদিগকে দগ্ধ করিয়া মারিয়াছিল। ১৩০।

ঐ মৎস্যাদ্বয় এবং ঐ গৃহস্থদ্বয় বিরুত্ক ও পুরোহিতরূপে জন্ম গ্রহণ করিয়া শাক্যকুলে উৎপন্ধ ঐসকল ধীবর ও তক্ষরগণের মৃত্যুর কারণ হইয়াছে। ১৩১ । ভিক্ষুগণ সকলেই ভগবানের মুখে এই কথা শুনিয়া কর্ম্মের ফল-সন্ততিকে অবিসম্বাদিনী বলিয়া বুঝিয়াছিলেন। ১৩২।

অনন্তর বিরুঢ়ক বিজয়গর্নেব গর্বিত হইয়া নিজপুরীতে গমন করিলে তদীয় পুত্র জেতা বালস্বভাববশতঃ প্রণয়সহকারে বলিয়াছিল। ১৩৩।

দেব, শাক্যগণকে কেন নিহত করিলেন ? তাহারা তৈ আমাদের কোন অপরাধ করে নাই। এই কথা বলিবামাত্র বিরুত্তক নিজপুত্রকে বধু করিল। ১৩৪।

তুর্জন মাতক্ষের ন্যায় মদপ্রযুক্ত বধোদ্যত হুইলে কি না করে। সে নিজের পতন লক্ষ্য না করিয়াই যাহাকে তাহাকে হত্যা করে। ১৩৫।

বিরুত্ক সভায় আসীন হইয়া নিজ ভুক্তদ্বয় বিলোকন পূর্ববক বলিয়াছিল, অহো, আমার প্রতাপাগ্নিতে শত্রুগণ পত্তকর ন্যায় দক্ষ হইয়াছে। আমার এই বিপুল হস্তদ্বয় কৃতান্তের তোরণস্তন্তের ন্যায়। এই হস্তদ্বয়ই শাক্যগণের নিঃশেষরূপে বধকার্য্যে দীক্ষাগুরু হইয়াছে। ১৩৬-১৩৭।

বিরূত্ককর্তৃক হতা শাক্যকন্তাগণ বিরূত্কের ঈদৃশ পরাক্রম ও শ্লাঘা শ্রবণ করিয়া তীব্র উদ্বেগে নতাননা হইয়া বলিয়াছিলেন। ১৬৮।

পক্ষিগণ যেরূপ পক্ষবান্ হইয়াও পাশবদ্ধ হইলে আর তাহাদের উল্লভ্যনের শক্তি থাকে না, তদ্ধেপ নিজ কর্মপাশে বদ্ধ প্রাণিগণেরও নিধন উল্লভ্যন করিবার কোন ক্ষমতা নাই। ১৩৯।

ষে জল দ্বারা অগ্নি নির্দ্ধাপিত হয়, বাড়বাগ্নি সেই জলই আহার করে। সূর্য্য যাহাকে অবলীলায় বিনাশ করিতে পারে, সেই রান্ত সময়ে সূর্য্যকে গ্রাস করে। সমস্তই কর্ম্মতন্ত্রে নিয়ন্ত্রিত আশ্চর্য্যময়! ইহা পর্য্যালোচনার বিষয় হইতে পারে না। কে কাহার কি করিতে পারে? ১৪০। রাজা এই কথা শুনিয়া পদাহত সর্পের তায় বিষম ক্রোধরূপ বিষে পরিপূর্ণ হইয়া তাহাদিগের হস্তচ্ছেদ আদেশ করিলেন। ১৪১।

যে পুন্দরিণীর তটে ইহাদের হস্তচ্ছেদ করা হইয়াছিল, উহা এখনও হস্তগর্ভা নামে পৃথিবীতে খ্যাত আছে। ১৪২।

নির্মণ লোকেরা লভাতেও কুকূলাগ্নি প্রয়োগ করে। নলিনীভেও ক্রুকচাঘাত করে এবং মালাভেও শিলা বৃষ্টি করে। ১৪৩।

তথায় শাক্যকভাগণ পাণিচ্ছেদবশতঃ তীব্রব্যথায় আতুর হইয়া মনে মনে ভগবান্কে ধ্যান করিয়া তাঁহারই শ্রণাগত হইয়াছিল। ১৪৪।

সর্ববজ্ঞ ভগবান্ তাহাদের তীব্র মর্ম্মব্যথা জানিতে পারিয়া তাহাদের সমাখাসনের জন্ম শচীদেবীকে চিন্তা করিয়াছিলেন। ১৪৫।

শচীর সংস্পর্শে ভাহাদের হস্তাব্ধ পুনরায় উদিত হইল এবং দিব্য বসনাবৃত হইয়া ভাহারা চিত্তপ্রসাদবলে দেহত্যাগ করিয়া স্বর্গে গমন করিল। ১৪৬।

তাহারা দেবকন্যাত্ব প্রাপ্ত হইয়া ও দিবাপদ্মান্ধিত হইয়া শাস্তার ধর্মোপদেশ দ্বারা বিমল পদ প্রাপ্ত হইয়াছিল। ১৪৭।

ভিক্ষুগণ ভগবান্কে জিজ্ঞাসা করায় তিনি উহাদের কর্ম্মফল বিষয়ে বলিয়াছিলেন যে ইহারা ভিক্ষুগণকে বিভূষনা করিবার জন্ম পাণিচাপল্য করিয়াছিল। ১৪৮।

সেই কর্মফলে মহাকষ্টে পতিত হইয়া পরে আমাতে চিত্ত প্রসাদ-বশতঃ ইহারা শুভগতি পাইয়াছে। ১৪৯।

ভগবান্ এইরূপ কর্মফলের বিচিত্রতার কথা বলিয়া এই প্রাসক্ষে ভিক্ষুগণের ধর্মোপদেশ বিধান করিয়াছিলেন। ১৫০।

ইত্যবসরে রাজা কর্তৃক প্রেরিত এক গৃঢ় চর ভগবানের আচরণ জানিয়া বিরুঢ়কের নিকট উপস্থিত হইল। ১৫১। সে বলিল দেব, ভগবান ভিক্ষুগণের সম্মুখে এই কথা বলিলেন যে সেই রাজার নিজ কর্মফল নিকট হইয়াছে দেখিতেছি। ১৫২।

সেই পাপাত্মা পুরোহিত সপ্তাহমধ্যে অগ্নিদারা দশ্ধ হইয়া অবীচি নামক ত্রঃসহ নরকে নিপতিত হইবে। ১৫৩।

রাজা ভগবানের এই কথা শ্রবণ করিয়া পুরোহিতসহ['] যত্নসহকারে জলপূর্ণ গৃহমধ্যে সপ্তাহকাল বাস করিয়াছিলেন। ১৫৪।

সপ্তাহের ক্ষণমাত্র অবশেষ থাকিতে রাজা অন্তঃপুরে গেলে পর , সূর্য্যকান্তমণি ও সূর্য্যতাপযোগে অগ্নি জলিয়া উঠিল। ১৫৫।

পুরোহিত সেই প্রলয়াগ্নিসদৃশ উদ্ভূত অগ্নিদারা তৎক্ষণাৎ ধক্ শব্দে নির্দিশ্ব হইয়া নারক বহ্নি প্রাপ্ত হইল। পাপিগণের পাপামুরাগ ইহলোকে অগ্নির স্থায় জটিল। পুণ্যবান্ জনের জন্ম সর্ববত্রই স্থির স্থুখময় শীতল ভূমি বিদ্যমান আছে। ১৫৬।

দ্বাদশ পল্লব

श्रीकिना-ममनावनान दु:खं नुदन्ति सुखसम्पदमादिशन्ति सञ्जोवयन्ति जनतां तिमिरं हरन्ति। सन्मानसस्य कलयन्ति विकाशहासं सन्तः सुधार्द्रवदनाः श्रशिनः करास॥

স্থার্দ্রবিদন সাধুজন ও চন্দ্রকিরণ উভয়েই লোকের ছুঃখ অপনোদন করেন, স্থখ সম্পদ্ সম্পাদন করেন ও জনগণকে সঞ্জীবিত করেন। উভয়েই অন্ধকার নাশ করেন এবং সজ্জনের মানসের বিকাশ ও হাস বিধান করেন। ১।

পুথিবীর সারভূত রাজগৃহনামক নগরে সমস্ত রাজগণের শ্রেষ্ঠ পৃথিবীন্দ্র বিশ্বিসারনামক এক রাজা ছিলেন; পৃথিবীর আধারস্বরূপ যদীয় হন্তে এবং ক্ষমাগুণের আধারস্বরূপ বদীয় চিত্তে সমস্ত ভার অর্পন করিয়া জনগণ কোন বিষয়েই চিস্তিত হইত না। ২-৩।

যে হস্ত দান দারা লোকের আশা ও শোর্যা দারা দিঙ্মগুল পূর্ণ করিয়াছিল, বিদ্বিসারের সেই রজৌঘবর্ষী হস্তে খড়্গ দৃঢ়রূপে বন্ধ ছিল। ৪।

একদা তাঁহার নগরে একটা মহা বিপ্লব হইয়াছিল। তাঁহার প্রজাগণ নৃতন অভ্যুদয়ে দর্পিত হইয়াও ব্যাকুলের ভায় হইয়াছিল। ৫।

প্রজাগণ সভাসীন ও জনগণের মঙ্গলচিস্তার নিমগ্ন পিতৃতুল্য রাজা বিশ্বিসারকে নিবেদন করিয়াছিল,—মহারাজ, আপনি দিব্য প্রভাবসম্পন্ন। আপনার শাসনগুণে প্রজাগণ সমুদ্রের ভায় মর্য্যাদা লজ্বন করে না। প্রজাগণ সদৃত্ত ও সমার্গগামী হইলেও কিজন্য অকস্মাৎ তাহাদের এই উপসর্গ উপস্থিত হইল १ ৬-৮।

প্রজাগণের কি অশুভকার্য্যের জন্ম স্বধর্মবর্তী সুরাজার পালিত জনগণের এরূপ বিপত্তি উপস্থিত হইতেছে। সংঘ্য অভাবে সৎকায্যের ফল যেরূপ লুপ্ত হয় তদ্ধ্রপ আমাদিগের গৃহিণীগণের শিশু সন্তানগুলি প্রসৃতিগৃহ হইতে কে হরণ ক্রিতেছে। ১-১ ।

হে রাজন্, হরণকারী ভূত বা কোনরূপ মায়া তাহা কিছুই জানিতে। পারিতেছি না। উহার প্রভাবে আমাদের বংশ নিঃসন্তান হইয়া উঠিল। ১১।

রাজা তাহাদের এইরূপ বাক্য শ্রেবণ করিয়া অত্যন্ত ব্যথিত হই-লেন। সজ্জনের অন্তঃকরণে পরের ছঃখ কেদারস্থ বারির স্থায় হঠাৎ প্রবেশ করিয়া থাকে। ১২।

রাজা বিষবৎ অতিকন্টপ্রদ ও সর্ববাঙ্গব্যাপী প্রজাগণের ঐরূপ প্রবল তঃখে ক্ষণকাল উদ্ভান্তহন্য হইয়াছিলেন। ১৩।

তিনি বলিলেন যে যাহা নিজের হস্তাধীন নহে এবং পুরুষকারেরও অতীত, সে বিষয়ে আমি কি করিব। যাহা লক্ষ্য করা যায় না, সে বিষয়ে প্রতীকারও করা যায় না। ১৪।

আপনারা একদিন অপেক্ষা করুন এবং নিজালয়ে গমন করুন।
আমি ত্রত ধারণ পূর্বক আপনাদের এই প্রসক্ষয়ের রক্ষার বিষয় চিস্তা
করিতেছি। ১৫।

পুরবাসী মহাজনগণ রাজার এই কথা শ্রবণ করিয়া হৃষ্টাস্তঃকরণে পূজাব্যঞ্জক প্রণামাঞ্জলি প্রদর্শনপূর্ববক তাঁহাকে বলিলেন। ১৬।

দেব, আপনার এরপ অবধান দর্শনে ও সপ্রণয় বাক্য শ্রাবণে আমরা সমস্ত চিস্তাই আপনাতে বিশুস্ত করিয়াছি; এখন আর আমাদের কোন শ্রাম নাই। ১৭।

আপনার অনুদ্ধত, উদার ও প্রসন্ধ ভাব বিলোকন করিয়াই লোকে জীবন লাভ করে। আপনার এই প্রিয় বাক্য অমৃতসদৃশ স্বাত্ন, তাপ-নাশক ও কোমল। ইহা কি না করিতে পারে ? ১৮—১৯।

কৃতী কৃতজ্ঞ করুণাবান্ স্থলভদর্শন স্থজন ও সরল রাজা সৌজাগাফলেই লাভ হয়। ২০। '

সজ্জনের সহিত পরিচয় পীযূষ অপ্রেক্ষাও অতি মনোরম। তাঁহা-দের বাক্য অতীব শ্রুতিমধুর এবং আচরণ শরচ্চন্দ্রবাশির জ্যেৎস্না-পেক্ষাও আনন্দদায়ক। সজ্জনের মন পুষ্পাপেক্ষাও কোমল। অধিক কি তাঁহাদের সৌজন্ম হরিচন্দন অপেক্ষাও অধিকতর সন্তাপ-নাশক। ২১।

পুরবাসিগণ রাজাকে এই কথা বলিয়া প্রসন্ন করিলেন এবং প্রণাম করিয়া তাঁহার গুণকীর্ত্তন দ্বারা দিঙ্মগুলে কুস্থমমালা সম্পাদন করিতে করিতে প্রস্থান করিলেন। ২২।

রাজাও নগরমধ্যে ভূতপূজার বিধি ও ক্রম সম্পাদন করিয়া নিয়ত ত্রতী হইয়া শাস্তি স্বস্তায়নের আয়োজন করিলেন। ২৩।

তৎপরে রাজ। পুরদেবতাকথিত বাক্য শ্রেবণ করিলেন যে এই পুরবাসিনা হারীতিকা নামে এক যক্ষা বালকগণকে হরণ করিতেছে। ২৪।

তখন তিনি অমাত্য ও পৌরজন সহ দোষশাস্তির জন্য কলন্দকনিবাসাখ্য বেণুবনাশ্রমে অবস্থিত ও সর্ববিধ তুঃশ্বতাপে সন্তপ্ত জনের
পক্ষে স্থসাত্র ঔষধস্বরূপ ভগবান্ স্থগতকে দর্শন করিবার জন্য গমন
করিলেন। ২৫-২৬।

নৃপতি তাঁহাকে দেখিয়া দূর হইতেই প্রণাম পূর্বক সন্মুখে উপবিষ্ট হইলেন এবং তাঁহার নিকট পৌরগণের ছঃখের কথা নিবেদন করিলেন। ২৭। করুণানিধি ভগবান পৌরগণের সন্ততিক্ষয়ের কথা জ্ঞাত হইয়া ক্ষণকাল চিন্তায় স্থিরভাব ধারণ করিয়াছিলেন। ২৮।

জগদস্ধ ভগবান্ পোরমগুলসহ রাজাকে বিদায় দিয়া পাত্র ও চীবর গ্রহণ পূর্বক স্বয়ং ঐ যক্ষীর গৃহে গমন করিলেন। ২৯।

ভগবান্ জিন ঐ যক্ষারগৃহে গমন করিয়া ভাষাকে গৃহে দেখিতে না পাওয়ায় প্রিয়ন্ধর নামক তাহার একটি পুত্রকে লুকায়িত করিলেন। ৩০।

তিনি চলিয়া গেলে কিছুক্ষণ পরে বহুপুত্রবতী ঐ যক্ষী সত্তর নিজগৃহে আসিয়া প্রিয় পুত্র প্রিয়ঙ্করকে দেখিতে না পাওয়ায় হাতবৎসা ধেনুর ন্যায় বিবশা হইয়া তাহাকে অশ্বেষণ করিতে লাগিল এবং সংভ্রমে উদ্ভান্ত হইয়া জনপদ ও বনমধ্যে ভ্রমণ করিতে লাগিল। ৩১-৩২।

হা পুত্র প্রিযক্ষর, কোথায় তোমার মুখ দেখিতে পাইব, এইরূপ তারস্বরে প্রলাপ করিতে করিতে ঐ যক্ষী সমস্ত দিকেই গমন করিয়াছিল। ৩৩।

যক্ষী সমস্ত দিকে অশ্বেষণ করিয়া অবশেযে পুত্রদর্শনে নিরাশ হইয়া আক্রোশ করিতে করিতে সমুদ্রবৈষ্ঠিত পর্ববিতদীপে গমন করিল। ৩৩।

প্রাণিঘাতিনী যক্ষী মর্ত্ত্যভূমি অতিক্রম করিয়া স্বর্গসন্ধিকট-বর্ত্তী বিমান ও উদ্যানমণ্ডিত সমস্ত নগরে অম্বেষণ করিয়া কোথাও বিশ্রাম না করায় অত্যন্ত পরিশ্রান্ত হইয়াছিল এবং লোকপালগণের নগরমধ্যেও পুত্রকে দেখিতে পায় নাই। ৩৫-৩৬।

অনস্তর কুবেরের বাক্যানুসারে বিয়োগান্তা যক্ষী স্থগতাশ্রমে গমনপূর্বক ভগবানের শরণাগতা হইল। ৩৭।

ভগবান্ যক্ষীকথিত তদীয় তুঃখবার্ত্তা শ্রবণ করিয়া কিঞ্চিৎ হাস্য দারা অধরকান্তি শুভ্রতর করিয়া শোককারিণী যক্ষীকে বলিয়া-ছিলেন। ৩৮। হারীতি, তোমার ত পঞ্চশত পুত্র আছে। জগবানের এই কথা শ্রবণ করিয়া যক্ষী অধিকতর ছু:খিত হইয়া বলিয়াছিল। ৩৯।

ভগবন্, লক্ষপুত্র থাকিলেও একটি পুত্রক্ষয় সহ্য করা যায় না। পুত্র অপেক্ষা প্রিয়তর আর কিছু নাই; পুত্রনাশ অপেক্ষা অধিক তুঃখও কিছু নাই। ৪০।

পুত্রবান্ ব্যক্তিই পুত্রমেহরূপ বিষের বেদনা জানে। পুত্রপ্রীতি মমুষ্যের স্বাভাবিক ও অনিবন্ধন। নিজপুত্র মলিন বিকলাঙ্গ ও ক্ষীণ হইলেও কাহার না চন্দ্রভুল্য বলিয়া জ্ঞান হয়। ৪১-৪২।

সর্ববভূতে দয়াবান্ ভগবান্ যক্ষীর এইরূপ বাৎসল্যযুক্ত ও বিহবল বাক্য শ্রেবণ করিয়া হাস্থসহকারে তাহাকে বলিয়াছিলেন। ৪৩।

ভূমি বহুপুত্রবতী হইয়াও যদি একটি পুত্রবিরহে এত শোকাকুল হও, তাহা হইলে যাহাদের একটি মাত্র পুত্র সেটিকে ভূমি হরণ করিলে তাহাদের কিরূপ ব্যথা হয়। ভূমি পুত্রমাতা হইয়াও ব্যাদ্র যেরূপ মৃগশাবকগণকে ভক্ষণ করে, তদ্রুপ অলক্ষিতভাবে জ্রীগণের গৃহে প্রবেশ করিয়া শিশুগুলিকে ভক্ষণ করিয়া থাক। ৪৪-৪৫।

যে কার্য্যে নিজদেহের ছঃখভোগ হয়, পরের প্রতিও সেই সকল কার্য্য করিবে না। শোকামুভব সকলেরই সমান। তুমি যদি হিংসা-বিমুখী হইয়া বৃদ্ধ-ধর্ম্ম-সঞ্জের তিনটি শিক্ষাপদ গ্রহণ কর তাহা হইলে নিজ প্রিয়পুত্রকে পাইবে 1৪৬-৪৭।

যক্ষী ভগবান কর্তৃক এইরপ কথিত হইয়া শিক্ষাপদ গ্রহণ করিল এবং হিংসাবিরাম স্বীকার করায় তদীয় পুত্র প্রিয়ঙ্করকে পুনঃ প্রাপ্ত ছইল। ৪৮।

ভিক্ষুগণ যক্ষীর পূর্বজন্মহ্বতান্তও কর্মফলযোগের কথা জিজ্ঞাসা করায় ভগবান তাহার হ্বতান্ত বলিয়াছিলেন। ৪৯। পুরাকালে এই নুগরেই কতকগুলি উপ্প্রেভাগশীল পৌরগণ পর্বত-শিখরে ও উদ্যানমালায় নর্ত্তনাদি দ্বারা বিহার করিতেছিল। ৫০।

অনস্তর হরিণনয়না ঘনস্তনী এক গোপরমণী বিক্রয়ার্থ মাখন
লইয়া ঐ পথ দিয়া যাইতেছিল। গর্ভভারে অলমুগতি গজগামিনী রমণী শনৈঃ শনৈঃ তথায় উপস্থিত হইয়া সম্পৃহভাবে
তাহাদিগকে বিলোকন করিয়াছিল। ৫১-৫২।

পৌরগণ গোপরমণীর বনমূগীসদৃশ মুগ্ধ বিলোকনে আকৃষ্ট হইয়া • আবেগ সংবরণ করিতে না পারায় সোৎকণ্ঠ হইয়াছিল। ৫৩।

গোপরমণা পৌরগণকত্ত্ কি নিমন্ত্রিত হইয়া মদনমত্তা হইয়াছিল।
প্রমাদিনী গোপরমণী নিজ শীল ভ্রম্ট হইল, তাহা বুঝিতে পারে নাই। ৫৪।

তৎপরে পৌরজন চলিয়া গেলে রতিশ্রামবশতঃ গোপরমণীর গর্ভ ধৈর্যাসহ পতিত হইল। উহা যেন কোপবশতই অরুণবর্ণ হইয়া-ছিল। ৫৫।

ইত্যবসমে গোপরমণী তাহার পুণ্যবলে সেই পথ দিয়া সমাগত দেহ ও মনের প্রসন্ধনারী প্রত্যেকবৃদ্ধকে দেখিতে পাইল এবং তাঁহাকে দূর হইতে প্রণাম করিয়া নবনীতমূল্যে প্রাপ্ত পাঁচশত আত্র-ফল মনে মনে নিবেদন করিল। ৫৬-৫৭।

সেই পুণ্যে সে সমৃদ্ধিশালী যক্ষকুলে জন্ম গ্রহণ করিয়াছে। পঞ্চ শত আত্র দান করায় ইহার পঞ্চশত পুত্র হইয়াছে। শীল ভ্রষ্ট হও-য়ায় হিংসাবতী হইয়াছে এবং প্রত্যেকবৃদ্ধকে প্রণাম করায় এখন শিক্ষাপদ লাভ করিল। ৫৮-৫৯।

সর্বলোকশাস্তা ভগবান এইরূপ বিবিধ বিপাকপূর্ণ যক্ষাঙ্গনার বিচিত্র কর্ম্মতন্ত্রবার্ত্তী বলিয়া সংসারসাগরে কুশলসেতু নির্মাণ পূর্বক জনগণের পুণ্যচিত্ত বিধান করিয়াছিলেন। ৬০।

ত্ৰয়োদশ পল্লব

প্রাতিহার্য্যাবদান

यः सङ्गल्यपथा सदैव चरित प्रोक्तृश्वमाणोहुतं स्वप्नैर्यस्य न सङ्गतिः परिचयो यस्मिनपूर्व्वक्रमः। वाणी मौनवती च यत्र हि तृणां यः स्रोत्रनेत्रातिथि-स्तं निर्व्याजजनप्रभावविभवं मानैरमेयं नुमः॥

যিনি সদাই অদ্ভূত কার্য্য প্রকটন পূর্ববক সংস্কল্পমার্গে বিচরণ করেন, যাঁহার সহিত স্বপ্নের সম্পর্ক নাই, যাঁহার পরিচয় অপূর্বব প্রকার, এবং যাঁহার বিষয়ে মন্তুষ্যের বাণী মৌনবতী হয়, সেই অপরিমেয় অকপটজনের প্রভাববিভবকে নমস্কার করি। ১।

রাজগৃহ নামক নগরে রাজা বিশ্বিসার কর্তৃক পূজ্যমান বেণুবনাশ্রম-স্থিত ভগবান জিনকে দেখিয়া কতকগুলি সর্ববিজ্ঞমানী মূর্থ মাৎসর্য্য বিষে সম্ভপ্ত হইয়াছিল এবং পেচক যেরূপ আলোক সহিতে পারে না, সেইরূপ তাহারা ভগবানের উৎকর্ষ সহিতে পারে নাই। ২-৩।

দিবাবসানে সমূদিত নৈশ অন্ধকার মলিন হুইয়াও যে দিনের সহিত স্পর্দ্ধা করে. তাহা উহার নিজের নাশের জন্মই হুইয়া থাকে। ৪।

মস্করী, সঞ্জয়ী, অজিত ও ককুদ প্রভৃতি ক্ষপণ্কগণ এবং কয়েকজন পূরণজ্ঞাতিপুত্র কামমায়ায় মোহিত ও ধূমবৎ মলিন বিদেষদোধে অস্ক্রী-কৃত হইয়া রাজার নিকট আসিয়া বলিয়াছিল। ৫-৬।

মহারাজ, এই যে সর্ববজ্ঞতাভিমানী শ্রমণ বেণুবনে অবস্থান করিতেছেন, ইহাঁর ও আমাদের মধ্যে কাহার কতদুর প্রভাব ভাহা আপনারা দর্শন করুন। ৭। প্রভাববলে লোককে আবর্জিত করিয়? যাহা কিছু মহৎ ও আশ্চর্য্য বিষয় দেখান হয়, তাহাকে প্রাতিহার্য্য বলে । ৮।

এই সভাতে তাঁহার বা আমাদের যাহারই প্রাতিহার্গ্য অর্থাৎ অলোকিক বিষয় দেখাইবার সামর্থ্য আছে, তাহারই জগৎক্রয়ে সমাদব হউক। ৯।

রাজা তাহাদের এইরূপ কথা শ্রাবণ করিয়। এবং উহাদের দর্প দর্শনে বিমুখ হইয়াই বলিলেন, তোমরা পঙ্গু হইয়া কেন পর্বত লঞ্জনে * বাঞ্জা করিতেছ। ১০।

তোমাদের বাক্য নিতান্ত অসঙ্গত। পতঙ্গের আবার অগ্নির সহিত স্পর্দ্ধা কেন ? এরূপ কথা আর মুখে আনিও না। পুনরায় বলিলে রাজ্য হইতে নিন্ধাশিত করিব। ১১।

গুণজ্ঞ রাজা কর্তৃক এইরূপে প্রত্যাখ্যাত ও ভগ্নোতম হইয়া খলগণ যেন নিরালম্ব আকাশে লম্বমান হইয়া চলিয়া গেল। ১০।

তাহারা মনে মনে স্থির করিল যে রাজা বিস্থিসার মূর্যতার পক্ষ-পাতী: আমরা অন্য রাজার আশ্রয়ে যাইব। ১৩।

ইত্যবসরে ভগব।ন্ শ্রাবস্তা নগরা সমাপে ক্ষেত্রনারামে গমন করিলেন এবং ইহারাও সেই দিকেই গিয়াছিল। ১৪।

তাহারা তথায় কোশলরাজ প্রসেনজিতের নিকট উপস্থিত হইয়া তাঁহার নিকট স্পর্দ্ধাপূর্বক প্রাতিহার্য্য প্রদর্শনের কথা নিবেদন করিল। ১৫।

্গুণজ্ঞ রাজ। উহাদিগের দর্পক্ষয়বাঞ্ছায় এবং ভগবানের সমৃদ্ধি সন্দর্শনমানসে ভগবানের নিকট গমন করিলেন। ১৬।

তিনি তথায় গিয়া বিনয়সহকারে প্রণামপূর্বক ভগবান্কে বলিলেন, ভগবন, আপনাকে কতকগুলি ক্ষপণকের দর্পদলন করিতে হইবে। ১৭। তাহারা আপনার প্রভাব দেখিবার জন্ম নিজপ্রভাবের স্পর্দ্ধাপূর্বক আত্মশ্রাঘা করিয়া আমাদের কর্ণ বধির করিয়া তুলিতেছে। ১৮।

হে বিভু, আপনি সজ্জনের প্রীতিপ্রদ নিজতেজ প্রকাশ করুন।
ঐ সকল ক্ষপুণকগণের সমস্ত গর্বব বিলয় প্রাপ্ত হউক। ১৯।

নির্বিকার মহাশয় ও অমর্ধবর্জিত ভগবান্ রাজার এইরূপ বাক্য শ্রাবণ করিয়া হর্ষসহকারে তাঁহাকে বলিলেন। ২০।

রাজন্, অন্যতে পরাভব করিবার জন্ম বা বিবাদ করিবার জন্ম অথবা অহঙ্কার করিবার জন্ম গুণ সংগ্রাহ করিতে নাই। উহা বিবেকের আভরণের জন্মই সংগ্রাহ করা হয়। ২১।

যে গুণ স্পর্দ্ধা প্রকাশের জন্ম প্রসারিত হইয়া পরের উৎকর্ষ হরণ করে, ঈদৃশ বিচারবিগুণ ও মাৎসর্য্যমলিন গুণে প্রয়োজন কি। ২২।

যে ব্যক্তি নিজগুণ প্রকাশ দারা অন্সের গুণ আচ্ছাদন করে, সেই অপ্রশংসিত জন স্বয়ং ধর্মকে নিপাতিত করে। ২৩।

সদ্গুণের পরীক্ষা করাই পরের লঙ্জাজনক। অতএব বিশুদ্ধ বস্তুকে তুলায় আরোহণ দারা বিড়ম্বনা করা উচিত নহে। ২৪।

যে ব্যক্তি গুণবান্ হইয়াও পরের প্রতি প্রসন্ধ না হয়, সে ব্যক্তি নিজ হত্তে দীপ ধারণ করিয়াও নিজে দীপছায়ান্ধকারে পতিত হয়। ২৫।

তাহারাই ইহলোকে সর্ববজ্ঞ, আমরা অধিক আর কি জানি। পরের অভিমানকে পরাভব করিবার জন্ম প্রগল্ভতাই নিজের পরাভব। ২৬।

রাজা ভগবানের এইরূপ শাস্তিসম্মত বাক্য শ্রাকণ করিয়া আশ্চর্য্য দর্শনে আগ্রহবশতঃ অতিশয়রূপে প্রার্থনা করিলেন। ২৭।

তৎপরে অতিকক্টে ভগবান্ স্বীকার করিলেন এবং সপ্তাহ কাল মধ্যে যাইবেন স্থির করিয়া হুন্টমনে রাজধানীতে গমন করিলেন। ২৮।

এই সময়ে রাজার এক বৈমাত্রেয় জাতা অন্তঃপুর সন্নিকটে প্রাসাদ-ভলমার্গে বিচরণ করিতেছিলেন। রাজপত্নীর কর হইতে বিচ্যুত কুস্থমালা কর্ম্মবাতদারা চালিত হইয়া ,ঐ বিচরণকারী রাজভাতার ক্ষমে পতিত হইয়াছিল। ২৯-৩০।

কতকগুলি খলজন সাক্ষিদ্বারা রাজভাতার দোষ সপ্রমাণ করিয়া ঐ কথা রাজার নিকট উপস্থিত করিয়াছিল। ৩১।

সকলের অপকারক ক্ষুদ্রস্থভাব খলজন সামান্ত ছিদ্র পাইয়াই রাজগণের শূন্ত আশয়ে প্রবেশ করে। ৩২।

রাজা খলকর্ত্বক প্রেরিত হইয়া ভ্রাতার প্রতি ঈর্যাবিষে জ্বলিত ও মূর্চিছত হইয়া তাহার হস্ত ও পদ ছেদন করিতে আদেশ করিলেন।৩৩ কুমার নিজ কর্মাদোধে ছিন্নপদ ও ছিন্নহস্ত হইয়া বধ্যভূমিতেই শয়ন করিয়া রহিলেন এবং বিষম আপদে পতিত হইলেন।৩৪।

ক্ষপণকগণ তীত্রব্যথায় ব্যথিত এবং শোককারী মাতৃগণ ও বন্ধুগণ দারা বেপ্তিত কুমারকে ক্ষণকাল নয়ন চালনা করিয়া দেখিয়াছিল। ৩৫।

শোকার্ত্ত রাজপুত্রের বান্ধবগণ তাঁহার পরিত্রাণের জন্ম ঐ ক্ষপণক-গণের নিকট আসিয়া বলিয়াছিলেন। এই কালনামক রাজপুত্র বিনাদোষে নিগৃহীত হইয়াছে। আপনারা সর্ববিজ্ঞ বলিয়া প্রকাশ করেন, অভএব ইহার প্রতি প্রদন্ম হইয়া ইহার প্রতিবিধান করুন। ৩৬-৩৭।

তাহারা প্রলাপ করিতে করিতে সজলনয়নে এইরূপ প্রার্থন। করিলে ক্ষপণকগণ লঙ্জায় নিষ্প্রতিভ ও মৌনী হইয়া অন্যদিকে চলিয়া গেল। ৩৮।

অনন্তর ভগবানের আজ্ঞামুসারে সেই পথে সমাগত আনন্দনামক ভিক্ষু সভ্যযাচন দ্বারা তাহার অঙ্গসকল বিধান করিলেন। ৩৯।

রাজপুত্র হস্তপদ লাভ করিয়া প্রসন্নচিত্তে জিনের শরণাগত হই**না** তাঁহার উপাসক হইলেন। ৪০।

সপ্তরাত্র অতীত হইলে রাজা ভগবানের ঋদ্ধি দেখিবার জন্য একটি প্রকাণ্ড প্রাতিহার্য্য দর্শনোপযুক্ত গৃহ নির্ম্মাণ করিলেন। ৪১। রাজা ক্ষপণকাদির সহিত্ তথায় উপবিষ্ট হইলে স্থগতেচছায় ঐ ভূমি কল্লৱক্ষস্ত্রপ হইয়াছিল। ৪২।

তৎপরে দেবগণ ভগবানের প্রভাব দেখিবার জন্ম উপস্থিত হইলে ভগবান্ রত্নপ্রদীপ নামক মহাসিংহাসনে উপবেশন করিলেন। ৪৩।

তেকোধাতুপ্রপন্ন ভগবানের গও হইতে সমুদগত পাবকসজ্বাত-দারা ভুবনমগুল পরিব্যাপ্ত হইয়াছিল। ৪৪।

কমলবনের বিকাশকারী ঐ বহ্নি ত্রিভুবনের স্থিতিভঙ্গভয়ে ক্রমে প্রশাস্ত হইলে করুণানিধি ভগবানের দেহ হইতে পূর্ণচন্দ্রের অমূত-তরঙ্গের স্থায় শীতল কান্তি প্রস্তুত হইতে লাগিল। ৪৫।

নাগনায়কগণের বিলোচনসকল লাবণ্যময় চন্দ্রসহস্রাধিককান্তি তেজঃপ্রভাবে সূর্য্যমণ্ডলের বৈফল্যকারী পুণ্যলব্ধ ও অপূর্ববহর্ষজনক ভগবান্কে প্রীতিপূর্বক বিলোকন করিয়াছিল। ৪৬।

ভগবানের সমীপে ক্ষিতিতল হইতে বৈত্র্য্যনালমণ্ডিত বিপুল রত্ত্র-পাত্রের স্থায় কমনীয় স্থবর্ণময় কেশর শোভিত ও কর্ণিকাশোভিত এবং সৌরভে সমাকৃষ্ট ভ্রমরগণের দ্বারা মণ্ডিত পদ্মরাশি অভ্যুদিত হইয়াছিল। ৪৭।

অনন্তর ঐ সকল পদামধ্যে উপবিষ্ট কাঞ্চনবং স্থন্দরকান্তিও স্থিনায়ন ভগবান্ সমীপে পরিদৃশ্যমান হইলেন। ভাঁহার অমৃত্যয় ও জ্যোৎস্মার ন্যায় শীতল উদয়ের দ্বারা লোকে অসাধারণ স্থ্য প্রাপ্ত হইয়াছিল। ৪৮।

পর্বতিগণমধ্যে স্থানের পর্বতের স্থায় ভগবান্ ঐ সকল লোকমধ্যে স্কর্বাপেকা অধিক প্রভাববৈত্ব ধারণ করিয়াছিলেন। স্থাক্ষর, উন্নতানত ও গাঢ়কান্তি সম্পন্ন ভগবান্ দেবতরুমধ্যে পারিজাতের স্থায় সর্ববাপেকা উন্নত দৃশ্যমান হইয়াছেন। ৪৯।

স্বর্গাঙ্গনাগণের করপন্ম দারা বিকীর্য্যমাণ অমানমাল্যবলয় দারা

শোভিতমস্তক এবং ভগবানের মুখপদ্ম বিলোকনার্থ * নির্নিমেষনয়ন তত্রত্য জনগণ মর্ত্ত্য হইয়াও ক্ষণকাল অমর্ত্ত্যভাব প্রাপ্ত হইয়াছিল। ৫০।

আকাশপ্রাঙ্গণে দেবত্ননুভি শহাও তূর্য্যঘোষসমন্বিত এবং পুষ্পার্মন্তিও অট্টাস মিশ্রিত গন্ধর্বব কিন্নর মুনীশ্বরও চারণগণের স্তুতিবাদ-শব্দ স্ফীত হইয়া বিচরণ করিয়াছিল।৫১।

সেখানে অরুণবর্ণ অধর্দলসমন্বিত ও দশনাংশুরূপ শুল কেশর বিকীর্ণকারী ভগবানের বদনারবিন্দ হইতে সংসৌরভময়, স্থের ও পুণ্যজনক মধুর বাক্যরূপ মধু পান করিয়া লোকে ধন্য হইয়াছিল। ৫২।

তোমরা পাপ পরিত্যাগ কর। পুণ্যবীজ নিষিক্ত কর। শক্রতা ত্যাগ কর। শান্তিস্থ ভজনা কর। মৃত্যুবিষাপহারক জ্ঞানামৃত পান কর। কুশলকর্ম্মের সহায়ভূত এই দেহ চিরকাল থাকিবে না। ৫৩।

লক্ষ্মী চঞ্চলা। যৌবনও জরার অমুগত। দেহত রোগরাশির নিবাসস্থান। প্রাণ পথিকের তায় দেহকুটীরে কিছুক্ষণের জত্ত অবস্থান করে। অতএব নিত্য অভ্যুদয়সম্পন্ন ধর্ম্মপথে যাইতে প্রযত্ন কর। ৫৪।

ইত্যাদিপ্রকার স্থাপ্সফ জ্ঞানময় বিবেককোমল ও বজ্রসদৃশ ভগ-বানের কুশলোপদেশদারা তত্রত্য জনগণের সৎকায়দৃষ্টিরূপ বিংশতি-শুঙ্গ শৈল তৎক্ষণাৎ বিদলিত হইয়াছিল। ৫৫।

ক্ষপণকগণ ভগবানের ঋদ্ধিপ্রভা বিলোকন করিয়া মন্ত্রাহত বিষধরের ন্থায় ভগ্নদর্প হইল এবং সূর্য্যকিরণপ্রভায় অভিভূত দীপের ন্যায় নিপ্প্রভ হইয়া চিত্রার্পিতবৎ চির্নিশ্চলভাব প্রাপ্ত হইল। ৫৬।

ইত্যবসরে সতত ভগবানের পক্ষপাতী পৃথিবীক্র নবধর্মের বিপক্ষ হইয়া বর্ষবরগণ দারা ক্ষপণকগণের কর্ণচ্ছেদ করিয়া তাহাদিগকে রন্ধাশ্রয়ী করিলেন। ৫৭।

অনস্তর শ্রণ্য এবং পর্বত ও বনস্থলীর মণিস্বরূপ ভগবান্

কুপাবশতঃ আহাদিগকে সমস্ক বিষয় উপদেশ দিয়াছিলেন। ভয়কালে কাতর জন পর্ববিতগুহাদি আশ্রয় করে বটে; কিন্তু যাহারা বুদ্ধিকে উদুদ্ধ করিয়া মদীয় আশ্রয়ে বৃদ্ধি স্থাপন পূর্ববিক সমজ্য ধর্ম্মের শরণপ্রপন্ন হয়, তাহারা জগ্ৎক্ষয় হইলেও নির্ভয় থাকে এবং অশ্যত্র কুত্রাপি তাহাদের আশ্রয় লইবার আবশ্যক হয় না। ৫৮-৫৯।

পরলোকের গাঢ় ও তুর্ববার অন্ধকারমধ্যে প্রবন্ধ ধর্মই সূর্যাস্বরূপ।
তঃসহ পাপতাপের উদ্গমে দানই বারিদস্বরূপ। মোহরূপ মহাগর্ত্তে
পতিত হইলে প্রজ্ঞাই করালম্বনস্বরূপ হয় এবং পুণ্যই সর্ববদা মনুষ্যের
দৈন্যবর্জিত মহানু আশ্রেম্বরূপ হইয়া থাকে। ৬০ ।

চতুৰ্দশ পল্লব

দেবাকতারাবদান

जयित मह्तां प्रभावः पश्चादग्रे च वर्त्तमानो यः। जनकुश्चलकम्भसरिणः प्रकाशरुद्धदीपो वः॥

যাহা অত্যে ও পশ্চাৎ উভয়ত্রই বর্ত্তমান আছে, যাহা জনগণের কুশলকর্ম্মের উপায়স্বরূপ এবং জ্ঞানবিকাশের রত্নপ্রদীপস্বরূপ, সেই মহাজনগণের প্রভাবের জয় হউক। ১।

পুরাকালে স্থরপুরে পাণ্ডুকম্বলনামক শিলাতলে পারিজাত ও কোবিদার রক্ষসমীপে ভগবান দেবগণকে ধর্ম্মোপদেশ দিয়া মনুষ্যগণের প্রতি অনুগ্রহার্থ জমুদ্বীপে অবতীর্ণ হইয়াছিলেন। ২-৩।

দেবগণকর্ত্বক অমুষাত ভগবান্ পৃথিবীতে অবতীর্ণ হইলে পৃথিবী-প্রাঙ্গণ দেবগণের বিমানে পরিব্যাপ্ত হইয়াছিল। ৪।

ব্রহ্মা ভগবানের দস্তকিরণে পরিব্যাপ্ত উপদেশাক্ষরবৎ পরিদৃশ্য-মান ও চন্দ্রবৎ স্থান্দর চামর গ্রহণ করিয়াছিলেন। ৫।

ইন্দ্র শতশলাকাসমন্বিত রঙ্কুরোমবৎ পাণ্ডুবর্ণ মূর্ত্তিমান্ ভগবানের প্রসাদের ন্যায় পরিদৃশ্যমান নিরঙ্ক ছত্র ধারণ করিয়াছিলেন। ৬।

স্কৃতী জনগণ উত্তম্বরকানন সমীপে সান্ধান্তনগরের প্রান্তদেশে অবতীর্ণ ভগবানকে আনন্দ সহকারে বন্দনা করিয়াছিল। ৭।

ঐ জনসমাগমমধ্যে উৎপলবর্ণানান্ধী ভিক্ষুকী ভগবান্কে দর্শন করিতে না পারায় রাজরূপ গ্রহণ করিয়াছিলেন। ৮।

প্রদীপ্ত রত্নমুকুটমণ্ডিত ও গণ্ডে দোচ্ল্যমান কুণ্ডল দারা ভূষিত

ভিক্কীর নৃতন রূপ দেখিয়া তদীয় উষ্ণীষপল্লব বিকাশদারা হাস্য করিয়া ছিল। ৯।

ভিক্ষুকী মনে মনে ঢিন্তা করিয়াছিল যে ভগবানের সম্মুখ স্থান জনসমাগমে নিশ্ছিক্ত হইয়াছে। আমার রাজরূপ দেখিয়া লোকে সমাদরসহকারে পথ ছাড়িয়া দিবে। ১০।

এরপ না করিলে ভগবান্কে প্রণাম করা আমার পক্ষে ছলভি হইবে। গুণের গৌরব নাই। লোকে প্রায়শঃ ঐশ্বর্য্যই ভালবাসে। ১১।

আহো, জনগণ বাসনাভ্যাসবশতঃ তৃণতুল্য বিনশ্বর অসার ও বিরস ধনেই আকৃষ্ট হয়। তাহাদের বিচার শক্তি নাই। ১২।

জনগণ রাজগৌরবে পথ ছাড়িয়া দিলে পর ভিক্ষুকী কণ্ঠস্থ হার ভূমিতে লুঠাইয়া ভগবান্কে প্রণাম করিলেন। ১৩।

এই সময়ে উদায়ী নামক ভিক্ষু ঐ জনসমাজমধ্যে নৃপরূপধারিণী ভিক্ষুকীকে দেখিয়া হাস্তসহকারে বলিয়াছিলেন। ১৪।

ইনি উৎপলবর্ণানাম্মী জনবন্দিতা ভিক্ষুকী, নৃপরূপ ধারণ করিয়া সমৃদ্ধি ধারা ভগবানের পদবন্দনা করিতেছেন। আমি উৎপলসদৃশ গন্ধ ও উৎপলসদৃশ বর্ণে পূর্বেই জানিতে পারিয়াছি। উদায়ী.এই কথা বলিয়া বিরত হইলে ভগবান্ও বলিয়াছিলেন। ১৫-১৬।

ভিক্ষুকীর দর্প করিয়া ঋদ্ধি প্রকাশ করা যুক্তিযুক্ত নহে। অভিমান-জুর প্রশমের হানি করে। ১৭।

ভগবান্ এই কথা বলিয়া নির্মাল উপদেশ প্রদান পূর্ববক দেবগণকে বিদায় দিয়া ভিক্ষুগণসহ নিজস্থানে চলিয়া গেলেন। ১৮।

ভিক্ষুগণ তথায় উপবিষ্ট ভগবান্কে প্রণাম করিয়া ঐ ভিক্ষুকীর বিষয় জিজ্ঞাসা করিলে সর্ববজ্ঞ ভগবান্ তাহার পূর্ববজন্মর্ত্তান্ত বলিয়াছিলেন। ১৯। পূর্বের বারাণদী নগরীতে মহাধন নামে এক সার্থবাহ ছিলেন। তদীয় পত্নী ধনবতী তাঁহার প্রাণদম প্রিয় ছিলেন। ২০।

পাণিরূপপল্লবমণ্ডিতা ও ফলপুপ্রশোভিতা যৌবনোভানের মঞ্জরী-স্বরূপা তদ্বী ধনবতী কালক্রমে গর্ভধারণ করিয়াছিলেন। ২১।

ইত্যবসরে মহাধন জলনিধিন্বীপে গমনোগ্যত হইলে বিরহভয়ে তুঃখিতা ধনবতী নিজ বল্লভকে বুলিয়াছিলেন। ২২।

এখনও আর কত ধনসম্পদ বর্দ্ধিত করিতে হইবে, যে জন্ম ভীষণ ও গন্ধীর মকরাকর সমুদ্র পার হইতেছ। ২৩।

ধনার্চ্ছন কর। বহুকফীসাধ্য; গুণার্জন করায় কোন ক্লেশ নাই। ধনের জন্মই লোকে স্বদেশ ত্যাগ করিয়া পরদেশে গমন করে।২৪।

কেহ কেহ অতি দূরে গমন করিয়াও নিম্ফল হইয়া ছঃখ সহকারে প্রত্যাত্বত হয়। কেহ কেহ ধনী হইয়া নিশ্চল হইয়াই থাকে। এই রূপেই এ কার্যোর নিশ্চয় করা হয়। ২৫।

সার্থবাহ এইরূপ প্রিয়ার বাক্য শ্রবণ করিয়া বলিলেন, মুগ্নে, ধনোপার্জনে সমুক্তত ব্যক্তি এইরূপই সম্ভাবনার পাত্র হয়। ২৬।

ধনার্জনবিহান ধনিজন পঙ্গুর তায়ে মূলধন ভক্ষণ করিয়া অল্পদিন মধ্যেই ভোগের সহিত ক্ষয় প্রাপ্ত হয়। ২৭।

. দরিদ্রগণের নিজ গৃহস্থ লোকও ক্রকচের তায় নিষ্ঠুর হয়। ধনি-গণের পরলোকও প্রেমস্মিগ্ধ হয়। ২৮।

বেণু ক্ষীণ হইলেও যদি সে ব্লব্ধির জন্য উদ্যত হয়, তাহা হইলে লোকে তাহাকে বাঁধিয়া রাখিতে পারে না; কিন্তু উহা ক্ষয়োন্ম্থ হইলে আর পূর্ণতা প্রাপ্ত হয় না। ১৯।

অভ্যুদয়সম্পন্ন লোক মূখ হইলেও পণ্ডিতগণের বন্দনীয় হয়। বৃদ্ধ হইলেও স্ত্রীগণের বল্লভ হয় এবং ক্লীব হইলেও শূরগণের সেব্য হয়। ৩০। বিচক্ষণ হইলেও কোন ,্ব্যক্তি অন্তের উপার্জন ভোগ করিয়া এবং কাব্যামৃত পান করিয়া ক্ষুৎপিপাসা ত্যাগ করিতে পারে না। ৩১।

যাহার অর্থ আছে, গুণোন্নত জনেরাও তাহাকে প্রণাম করে। অর্থবান্ ব্যক্তি কোন্ গুণ ধারণ না করে? দারিদ্র্য দোষে হীনপ্রভ জনের গুণসকল নির্মাল্যবৎ অগ্রাহ্য । ধনেতেই সকল গুণ হয়। ধনী জন গুণী না হইলেও ধহা। গুণী ধনী না হইলে ধহা হয় না। ধনই গুণোর হৃত্ত্বপাতের প্রশমনকারী ও দেহের আয়ুঃস্বরূপ। ৩২।

ধনবতী প্রাণাপেক্ষাও অর্থপ্রিয় পতির এইরূপ বাক্য শ্রবণ করিয়া কজ্জলসহ অশ্রুকণা বিকিরণ করিতে করিতে ভ্রমরব্যাপ্ত লতার স্থায় হইয়াছিলেন। ৩৩।

অনস্তর সার্থবাহ ধনবতীর সহিত প্রবহণে আরোহণ করিলেন। যাহারা তীব্র ভৃষণায় ভৃষিত, তাহাদের নিক্ট মহোদধিও হস্তস্থিত পাত্রবৎ গণ্য হয়। ৩৪।

কর্ম্মবাতপ্রেরিত জারাসমন্থিত সার্থবাহের ঐ প্রবহণ তাহাদের মনোরথ ও জীবনের সহিত ভগ্ন হইয়াছিল। ৩৫।

তৎপরে নিজ কর্ম্মের অবশিষ্ট ফলভোগের জন্ম সার্থবাহ এক কাষ্ঠফলক গ্রহণ করিয়া কশেরু দ্বীপে গমন পূর্ববিক বিপন্নই ইইয়াছিলেন। ৩৬।

ধনবতী তথায় অনাথা হইয়া হস্তপদ বিক্ষেপ পূর্ববক শোক করিতে-ছিলেন, ইত্যবসরে স্বর্ণকুলসম্ভূত পুরুষাকৃতি এক-বিহন্ন তাঁহার নিকট উপস্থিত হইল। ৩৭।

স্থমুখ নামক ঐ পক্ষী, ধনবতীর রূপে আকৃষ্ট হইয়া তাহাকে বলিল, হে লোলাক্ষি, সমাখস্ত হও। এই স্থানে তুমি নির্ভয়ে আশ্রয় লইতে পারিবে। ৩৮।

এই দিবাভূমি অতি মনোহর। আমরা তোমার প্রণয়াভিলাষী।

হে কল্যাণি। তুমি পুণাবলে এখানে, আদিয়াছ। এই সমুদ্র পার হওয়া অতি ভীষণ ব্যাপার। ৩৯।

বিহঙ্গম এই কথা বলিয়া শনৈঃ শনৈঃ তাহাকে রক্নালয় গৃহে লইয়া গেল। তথায় সম্পূর্ণগর্ভা ধনবতা স্থালর একটী পুত্র প্রাসব করিলেন। ৪১।

শিশুটী তথায় ক্রমে ক্রমে বর্দ্ধিত হইতে লাগিল। বিদগ্ধ বিহঙ্গম প্রিয়বাক্য স্বারা ক্রমে মুগ্ধা ধনবতীকে সম্ভোগাভিমুখী করিয়া- । ছিল ।৪১।

ন্ত্রীগণ সরলতা ও মৃত্তাবশতঃ লতা যেরূপ সমীপন্থ পাদপকে আশ্রয় করে তজ্ঞপ সমীপবর্তী প্রাণয়বান্ জনকে স্বয়ং আলিঙ্গন করিয়া থাকে। ৪২।

ঘনস্তনী ধনবতী দিব্য উদ্যানে বিহঙ্গমসহ রমণ করিয়া কালক্রমে পিতৃসদৃশ স্থান্দরাকৃতি একটা পুত্র প্রসব করিল। ৪৩।

পত্মমুখ নামক ঐ বিহঙ্গপুত্র যৌবনালক্বত হইলে পক্ষিরাজ স্থমুখ লোকান্তর প্রাপ্ত হইল। ৪৪।

তৎপরে পদ্মমুখ পিতার পদ প্রাপ্ত হইলেন। পুত্র গুণী হইলে বংশসমৃদ্ধি নির্বিবাদেই আয়ত্ত করিতে পারে। ৪৫।

পদ্মমুখ ঐশ্বর্যা প্রাপ্ত হইলে ত্রীয় জননী ধনবতী তাহার প্রতাপের সর্ব্যতোমুখী ক্ষমতা সম্ভাবনা করিয়া তাহাকে বলিয়াছিলেন। ৪৬।

পুত্র! তুমি নিজ কুলোচিত সমৃদ্ধি পাইয়াছ কিন্তু তোমার এই ভাতাটী সার্থবাহ হইতে আমার গর্ভে জন্মিয়াছে ইহার ত তোমার সম্পতিতে কোন অংশ নাই। অতএব তুমি নিজ প্রভাবে ইহাকে বারাণসীর রাজা করিয়া মধ্যে মধ্যে প্রীতিসংবাদ গ্রহণপূর্বক নিজ-দেশে সম্পদ ভোগ কর। ৪৭-৪৮।

প্রিকরাজ পল্পমুখ জননীর এইরূপ কথা শুনিয়া অত্যন্ত পক্ষপাত-

সহকারে ভাতাকে স্কন্ধে লইয়া আকাশমার্গে বারাণসী নগরে গমন করিলেন। ৪৯।

একদা অমিতপরাক্রম পদ্মমুখ অবসর বুঝিয়া সিংহাসনাসীন রাজা ব্রহ্মদত্তকে বজ্রবৎ প্রথর নখরবারা হত্যা করিলেন এবং ঐ সিংহা-সনে অগ্রজকে অভিষিক্ত করিয়া ভয়বিহবল অমাত্যগণকে বলিয়াছিলেন। ৫০-৫১।

আমি ইহাকে রাজিসিংহ।সনে অভিষিক্ত করিলাম যে ব্যক্তি পূর্ণব-প্রভুব প্রতি ভক্তিবশতঃ ইহাঁর অনিষ্ট করিবেন তিনিও তাঁহার প্রভুর অমুগমন করিবেন। ৫২।

বিহঙ্গরাজ প্রধান অমাত্যগণকে এই কথা বলিয়া ভাতার সহিত-প্রীতিদস্তাঘণপূর্বক পুনর্দর্শনের সময় নির্দেশ করিয়া স্বস্থানে গমন করিলেন। ৫৩।

নন্ত্রিগণ ইনিই সেই ব্রহ্মদত্ত এই কথা প্রচারিত করায় তিনি স্বজন-মধ্যে ও জনসমাজে ব্রহ্মদত্ত নামেই খ্যাত হইলেন। ৫৪।

ইত্যবসরে একটা সগর্ভা হস্তিনা বন হইতে আনীতা হইয়াছিল। ঐ হস্তিনী অর্দ্ধনির্গত গর্ভ কোনরূপেই মোচন করিতে পারিতেছিল না উহা যেন ভিতরে বন্ধ ছিল। ৫৫।

মন্ত্রী রাজার নিকট বলিয়াছিলেন যে আমি দৈবজ্ঞমুখে শুনিয়াছি যে এই হস্তিনী সাধনী স্ত্রীর হস্তস্পর্শে গর্ভমোচন করিবে। ৫৬।

অনস্তর রাজার আজ্ঞামুসারে অন্তঃপুরাঙ্গনাগণ হস্তদারা ঐ হস্তিনীকে স্পূর্শ করিয়া সত্যযাচনা করিয়াছিলেন। ৫৭।

যখন তাঁহাদের সত্যযাচনেও হস্তিনী গর্ভ ত্যাগ করিল না। তখন অন্তঃপুরবাসিনীগণ সকলেই লচ্ছিত হইলেন। ৫৮।

অনস্তর এক গোপাঙ্গনা তথায় আদিয়া শীলসত্য যাচনা করিয়াছিল এবং তাহাতেই হস্তিনা গর্ভ ত্যাগ করিয়াছিল। ৫৯। রাজা ইহাতে নিজ জায়াগণের শীলুহানি জানিয়া ঐ গোপাকেই ত্রিজগতে সতী বলিয়া মনে মনে স্থির করিলেন। ৬০।

তিনি সতীকন্যা বিবাহ কবিবার মানসে সোশুম্বা নাম্বী তদীয়া কন্যাকে বিবাহ করিয়া শ্রেষ্ঠমহিষীরূপে গ্রহণ ক্রিলেন। ৬১।

তিনি সোশুস্বার লাবণ্য ও দ্রীগণের চপলতার বিষয় চিন্তা করিয়া শক্ষাবশতঃ সর্ববগামিনী নিদ্রাকেও ত্যাগ করিয়াছিলেন। ৬২।

এই সময়ে বিহগরাজ পদ্মমুখ ভ্রাতৃস্পেহে উৎস্থক হইয়া ভ্রাতার সহিত দেখা করিবার জন্ম বারাণদীতে আগ্যন করিয়াছিলেন। ৬৩।

রাজা, প্রীতিপূর্বক তাঁহাকে আলিঙ্গন করিয়। যথোচিত সমাদর করিলেন এবং নির্জনে তাঁহার নিকট নিজ ব্যক্তান্ত বলিতে লাগিলেন। ৬৪।

আমি নারীগণের শীল ও সত্য পরীক্ষা করিয়া অন্তঃপুরবাসিনীদিগের দোষ দর্শনহেতু অন্তঃপুরবিমুখ হইয়া একটা নূতন বিবাহ
করিয়াছি। রূপে ও যৌবনসম্পন্না সেই পত্নীতেও আমার সন্তোষ
নাই। যাহারা একস্থানে দোষ দেখিয়াছে তাহাদের মন সর্বত্রই শক্কিত
হয়। অতএব ভাতঃ! তুমি ইহাকে মনুষ্যহীন তোমার নগরে লইয়া
গিয়া রক্ষা কর। তাহা হইলে আমি শীলশকা ত্যাগ করিয়া নির্ভাবনা
হইতে পারি। প্রতিরাত্রে তোমার আজ্ঞাধীন কোনও একটা পক্ষী
তাহাকে আমার গৃহে লইয়া আসিবে। এইটা আমার একান্ত
ইচছা।৬৫-৬৮।

বিহঙ্গরাজ ভাতার এইরূপ বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে বলিলেন। রাজন্ ? রুথা ঈর্য্যা ও কলঙ্কশঙ্কা করিও না। ৬৯।

ষে ব্যক্তি ঈর্যায় পীড়িত তাহার কিছুতেই স্থখ হয় না। এবং সে কোন বিষয়েরই আস্থাদ গ্রহণ করিতে পারে না। সে দেখিতে পায় না এবং তাহার নিদ্রাও হয় না। ৭০। ক্লীব কামী, স্থা বিধান, ধনী নম্র, প্রভু ক্ষমাবান, যাচক মান্ত, খল স্মিশ্ব এবং স্ত্রী সভী ইহার কোনটাই সত্য নহে। ৭১।

অবলারপ লভা সরল হইয়াও কুটিল, স্থায়ী হইয়াও অভিচঞ্চল এবং কুলীন হইয়াও পার্ম স্থাকে আলিঙ্গন করে। ৭২।

স্ত্রীগণের অবয়বেও নির্দোষভাব দেখা যায় না। উহাদের দৃষ্টি লোলা, অধর রাগবান্, ভ্রু বক্রু ও স্তনদ্বয় কঠিন। ৭৩।

নিপুণ ব্যক্তি ভ্রমরের স্থায় উপরে ভ্রমণ করিয়। শ্যামানারী ভোগ করিয়া থাকেন। সরোজিনীর মূল অধেষণকারী ব্যক্তি কেবল পঙ্ক-লিপ্তই হয়। ৭৪।

বছবিধ বিশ্বায়ের আশ্রয়স্থান ও বিশুদ্ধ স্বভাবের চিরবিরাম-স্থান সন্মিতা নারীগণের মতি কোন একজনের নিয়মিত রমণে আবদ্ধ থাকে না। ৭৫।

তথাপি যদি তোমার আগ্রহ হয় তাহা হইলে তোমার যাহ। অভিপ্রায় তাহা কর। প্রতিদিন দিবাভাগে ইহাকে মদীয় নগরের নির্জন উদ্যানে রক্ষা কর। ৭৬।

রাজ। নিজজাতা পক্ষিরাজকর্তৃক এইরূপ কথিত হইয়া তাঁহাকে সমাদর পূর্বক নিজ কান্তাকে কলেরুকদ্বীপে পাঠাইয়া দিলেন। ৭৭।

রাজমহিষীও প্রতিরাত্তে দিব্যগন্ধময়ী ঐ দ্বীপসম্ভূত পুষ্পমালা গ্রহণ করিয়া পক্ষিপৃষ্ঠে আরোহণপূর্বক আকাশ্মার্কে তথায় আগমন করিতে লাগিলেন। ৭৮।

মহিষী পারিজাতজাতীয় যে সকল পুষ্প আনিতেন সেগুলি ভূঙ্গ-ভরে অন্ধকারিত হওয়ায় তিমির নামে খ্যাত হইয়াছিল। ৭৯।

একদা বারাণসীবাসী মাণবকনামক এক ব্রাহ্মণযুবক সমিদাহরণ জন্ম কাননে গমন করিয়াছিলেন। ৮০। তিনি তথায় একটা কিন্তরকামিনীকে দেখিয়া মন্মথভাব স্পাষ্ট ব্যক্ত করিয়াছিলেন এবং তাঁহাকে দেখিয়া সবই ভুলিয়া গিয়াছিলেন। ৮১।

কান্তিমতীনাম্মী ঐ কমনীয়া কিন্নরী জনকসদৃশ নবাভিলাষ কর্ত্ব ঐ যুবকের হস্তে অর্পিত হইয়া একটা গুহাগৃহমধ্যে ইহার সহিত বিহার করিয়াছিল। ৮২।

কিম্নরীর আভরণরত্বের কিরণে অন্ধকাররাশি দূরীভূত হইলে সে ঐ যুবক আক্ষণের সহিত বহুক্ষণ রমণ করিয়া একটা পুত্র লাভ করিয়াছিল। ৮৩।

ঐ শিশুটী বাল্যকালেই অতি বলবান্ ও বায়ুর স্থায় শীঘ্রগামী ছিল। একারণ তাহার মাতা তাহাকে শীধ্রণ এই নাম দিয়াছিল। ৮৪।

কিন্নরী গুরামধ্যে নির্বিদ্নে সম্ভোগ করিয়াও স্থুখ তৃপ্তি না হওয়ায় প্রিয়কে ধরিয়া গুরামধ্যে রাখিয়া ছিল এবং শিলাবারা দার রুদ্ধ করিয়া আবশ্যকস্থলে গমন করিত। ৮৫।

একদা শীত্রগ নিজ পিতৃকথিত সমস্ত বৃত্তান্ত শ্রেবণ করিয়া চিন্তা ও বিশ্বয়ে ব্যাকুল হইয়া বলিয়াছিল। ৮৬।

পিতঃ! এই গুহার দার শিলা দারা রুদ্ধ থাকায় এখানে অন্ধের স্থায় বাস করিয়া আপনার স্নেহও বন্ধনপ্রাপ্ত হইয়াছে। ৮৭।

আস্থন্ আমরা আপনার নিজস্থান বারাণসীতেই গমন করি! এই শিলা বিপুল ছইলেও আমি উহা উৎপাটন করিতেছি। ৮৮।

আপনি কেন তুঃসহ স্বদেশবিরহক্রেশ সহ্য করিতেছেন। কেইই নিজদেহের স্থায় নিজদেশ ত্যাগ করিতে পারে না।৮৯।

স্বদেশবিরহী জন দ্রবিণসম্ভারকেও ভার বোধ করে, গুণকেও গ্রন্থি-স্বরূপ জ্ঞান করে এবং ভোগকেও নিরুপভোগ বোধ করে । ৯০।

শীস্থা এই কথা বলিয়া গুহাদার হইতে বিপুল শিলাটী উৎপাটিত করিয়া স্বীকৃত পিতার সহিত সত্বর গমন করিল। ১১। তাহারা চলিয়া গেলে পর কিন্নরী আসিয়া গুহাগৃহ শূন্য দেখিয়া নির্বেদবশতঃ মনে মনে চিন্তা করিয়াছিল। ৯২। '

হায় সেই তুর্জন আমার স্নেহ ভুলিয়া কোথায় চলিয়া গিয়াছে। সর্পাণ ও ভুজন্মগণের কোটিল্য কি অদ্ভূত। ৯৩।

দিজাতিগণ শুকপক্ষীর হাায় কখনও রত হয় না। উহারা স্থবিধা পাইলেই পলায়ন করে। উহারা ভবিষ্যৎ স্থাথেই সমুরাগবান্ হয় এবং একস্থানে বছদিন থাকিলেও উহাদের কোন বিষয়েই স্মেহহয় না। ৯৪।

কিন্নরী মনে মনে এইরূপ চিস্তা করিয়া পতিকৃত নিকারবশতঃ তাহার প্রতি প্রীতি ত্যাগ করিল। প্রেম পুষ্পবৎ কোমল। উহা কদর্থনা সহিতে পারে না। ৯৫।

এক্ষণে আমার পুত্র কি বিদ্যাগুণে পৃথিবীতে জীবিকার্জন করিবে ? কিন্নরী এইরূপ চিস্তা করিয়া সখীহস্তে তাহার নিকট একটী বীণা পাঠাইয়া দিল। ৯৬।

সম্ভোগস্থই যোষিদ্গণের পতিপ্রীতির মূল্যস্বরূপ। কিন্তু উহাদের পুত্রপ্রীতি নিশ্চল। উহা কখনও পর্যুষিত হয় না। ৯৭।

উহার। দৌর্জন্ম করায় লজ্জাবশতঃ বেগে গমন করিতেছিল এমন সময় বেগগামিনী কিন্নরীস্থী আসিয়া শীঘ্রগকে বীণাটী অর্পণ করিল। ৯৮।

স্থী বলিল যে, ইহার প্রথম তন্ত্রীটী স্পর্শ করিও না তাহাতে অনেক বিল্ন হইবে। শীব্রগ স্থীদত্ত বীণাটী লইয়া গমন করিতে লাগিল।৯৯। তৎপরে শীব্রগ নিজ পিতাকে স্বদেশে ও স্বগৃহে স্থাপন করিয়া বীণাপ্রবীণতা দ্বারা সর্বত্র লাভ ও সমাদর পাইয়াছিল। ১০০।

একদা সমুদ্রদ্বীপগামী এক বণিক্ দিব্যবীণায় অমুরাগবশতঃ শীদ্রগকে প্রবহণে আরোপিত করিয়াছিলেন। কর্ণস্থাস্বরূপ তাহার বীণার মূচ্ছ নায় সমুদ্রও ক্ষণে ক্ষণে নিস্তরঙ্গবৎ হইয়াছিল।১০১-১০২। অনস্তর প্রথমতন্ত্রীর সংস্পর্শবশাৎ সমুৎুপন্ন উপপ্লবে প্রবহণটী ভগ্ন হইলে সকলবণিকেরই বিনাশ হইয়াছিল। ১০৩।

তৎপরে মেঘোদয় হওয়ায় শীঘ্রগ বায়ুকর্তৃক চালিত হইয়া ক্ষণকালমধ্যে নিজকর্ম্মবশতঃ কশেরুদ্বীপে উপস্থিত হইয়াছিল। ১০৪।

সে তথায় সমুদ্রকৃলে দিবা উদ্যানে প্রবেশ করিয়া স্তবকবং বিপুলস্তনী, শ্যামা সোশুম্বাকে দেখিতে পাইল। ১০৫।

সোশুস্বা তিমিরাখ্য পুম্পের উজ্জ্বল মালা গাঁথিতেছিল এবং নিজ , দেহের সৌন্দর্য্যে অচেতনদিগেরও বন্ধন করিতেছিল। ১০৬।

সোশুস্বাও রুচিরাকার, ধীর এবং শৈশব ও যৌবনের মধ্যবন্ত্রী শীঘ্রগকে দেখিয়া অতিশয় বিশ্মিত হইয়াছিল এবং লতার ত্যায় মাররূপ মারুতসঞ্চালনে কম্পিতকরপল্লবা হইয়া তাহাকে প্রণাম করিয়াছিল। তাহাতেই তাহার শীলকুস্থম শীর্ণ হইয়া পতিত হইয়াছিল।১০৭-১০৮।

তাহাদের উভয়ের প্রীতি চিরার্ক্তবং সহসা প্রোচ্ হইয়াছিল। পূর্ববজন্মের ক্ষেহে লীন মন বাসনা ত্যাগ করিতে পারে না। ১০৯।

গৃঢ়কামুক শীঘ্রগ দিবাভাগে ও রাজা রাত্রিকালে সোশুম্বাকে রমণ করিতেন। ইহাতে শীঘ্রগ সোশুম্বাকে চরিত্রহানা বুঝিয়া এবং সমস্ত রতাপ্ত অবগত হইয়া তাহাকে বারাণসীতে লইয়া যাইবার জন্ম সোশুম্বাকে অসুরোধ করিয়াছিল। সোশুম্বাও তাহার কথায় সম্মত হইয়া উভয়েই খগারু হইয়া শীঘ্রগকে নয়ন মুদিত করিতে বলিয়া লইয়া গিয়াছিল। ১১০-১১১।

সোশুদা তাহাকে নয়ন উদ্মীলন করিতে নিষেধ করিলেও সে চপলতা বশতঃ নয়ন উদ্মীলন করায় সহসা অন্ধ হইয়া গেল। ১১২।

সোশুম্বা ভয়ে কাতর হইয়া তাহাকে অস্তঃপুরোদ্যানে রাখিয়া শোকসম্ভপ্তমনে রাজার গৃহে প্রবেশ করিল। ১১৩। সোশুদ্ধা অত্যন্ত ছ্ঃখিতচিত্তে ঐ রজনী অতিবাহিত করিয়া প্রাতঃকালে অধিকতর চিন্তাকুল হইয়া যাইতেও পারে নাই এবং থাকিতেও পারে নাই। ১১৪।

ইত্যবস্বে কামবিলাদের যৌবনস্বরূপ, চূতমঞ্চরীর সৌরভে আমোদিত মধুমাস উপস্থিত হইল। বিযোগিগণের কালস্বরূপ কোকিল ও অলিকুলে কালবর্ণ বসন্তকাল নবপ্রফাটিত অশোক-পুম্পে অতীব তুঃসহ হইয়াছিল। ১১৫-১১৬।

কামমোহিত রাজা অবিরত ঔৎস্কাবশতঃ উদ্যানে যাইতে উচ্চত হইয়া সেদিন সোশুস্থাকে ত্যাগ করেন নাই। এবং সোশুস্থার সহিত রাগ, মদ ও মদনের বিশ্রান্তিস্থান পুপাবনে গিয়াছিলেন। ১১৭-১১৮।

ভূপতি তথায় মন্দমারুতকর্তৃক আন্দোলিত লতারও লজ্জাবিধায়িনী দয়িতাকে দেখিয়া অতিশয় প্রমোদ প্রাপ্ত হুইয়াছিলেন।১১৯।

সোশুম্বা অন্তের প্রতি অনুরাগবিষে আক্রান্ত হওয়ায় মলিনমুখী হইয়াছিল। চিস্তাশল্যাকুল মন স্থাকেও অস্থা বলিয়া জ্ঞান করে।১২০।

মালার শ্বভান্তরে ভুক্তস থাকিলেও লোকে যেরূপ না জানিয়া উহাকে কঠে ধারণ করিয়া আনন্দিত হয় তদ্রূপ স্ত্রীর হৃদয়ে উপপতি থাকিলেও তাহা না জানিয়া তাহাকে কঠে ধারণ করিয়া এবং তাহার রূপে মোহিত হইয়া অমুরাগিণণ নৃত্য করিয়া থাকে। ১২১।

ঐ উভানের একান্তে লতাকুঞ্জে গুপুভাবে অবস্থিত ও সন্ধীভূত শীঘ্রগ সোক্তমার তিমিরাখ্য পুস্পামালার সৌরভ আঘ্রাণ করিয়া সহসা বিকারোদয় হওয়ায় গুপ্তাবস্থান কথা বিস্মৃত হইয়া অমুরাগবশতঃ গান করিয়াছিল। মদনে মত্ত হইলে সে কিছুতেই ভয় করে না।১২২-১২৩।

এই সেই অমরগণের গুন্ গুন্ ধ্বনিরূপ বীণাস্বনে রমণীয় ও প্রিয়ার সমদ বদনপদ্মের আনোদসন্থলিত তিমিরকুস্থমের গন্ধ মন্দ-মারুতবিলাসে কীর্যাদাণ হইয়া দূর হইতে আসিতেছে। ১২৪। ভূপতি তাহার হৃদয়গ্রাহা গাঁত শ্রবণু করিয়া উন্তানমধ্যে অস্বেষণ করিতে করিতে লতামধ্যে তাহাকে দেখিতে পাইলেন। ১২৫।

রাজা শক্তিত হইয়া গাঢ়কামমদে মত্তপ্রায় শীত্রগকে জিজ্জাসা করিলেন তুমি কি সোশুস্থাকে ও তাহার শরীরের লক্ষণ জান। ১২৬।

শীঘ্রগ বলিল বিশ্ববৎ পাটলবর্ণা সোশুম্বাকে জানিব না কেন। রাগরাজ্যস্বরূপ তদীয় অধরে ম্নোভব স্বয়ং বসিয়া আছেন। ১২৭।

তাহার উরুমূলে যেন কন্দর্পকর্তৃক বিন্যস্ত কমনীয় রেখাময় । স্বস্তিক চিহ্ন আছে এবং তাহার স্তনমগুলে লাবণ্যতরঙ্গসদৃশ আবর্ত্ত-শোভা আছে। ১২৮।

রাজা এই কথা শুনিয়া সতঃসন্তাপে শোষিত চিত্তের অমুরাগ-কুস্থম নির্মাপ্যজ্ঞানে ত্যাগ করিলেন। ১২৯।

রাজা বলিলেন শত চেফী করিয়াও নারীগণের স্বভাব রক্ষা হইতে পারে না। আকাশকুস্থমের মালার স্থায় সতী কিছুতেই হইতে পারে না। ১৩০।

রাজা এই কথা বলিয়া ঐ অন্ধসহ সোশুম্বাকে গর্দ্ধতে আরোপণ পূর্ববিক সম্বর নগরের বাহিরে শ্মশানকাননে ত্যাগ করিলেন। ১৩১।

নির্লজ্জা সোশুষা ঐ অন্ধের সহিত বনমধ্যে গমন করিতেছিল সন্ধ্যাকালে একদল চোর অপহৃত সম্পত্তিসহ তাহাদের নিকটে আসিয়া। ছিল। ১৩২।

অনস্তর কতকগুলি লোক তাড়া দেওয়ায় চৌরগণ পলাইয়া গেল এবং নিরপরাধ অন্ধ চৌরভ্রমে নিপাতিত হইল। ১৩৩।

একটা চৌর সেই রাত্রি সোশুম্বাকে উপভোগ করিয়া তাহার আভরণগুলি গ্রহণ পূর্ব্বক নদী পার হইয়া চলিয়া গেল। ১৩৪।

সেই কারগুবা নদীতীরে বস্ত্রহীনা ও সকজ্জল নয়নজলে মলিন-স্থনী সোশুস্বা শোক করিতে লাগিল। ১৩৫। সেই সময়ে একটা শৃগাল নিজ মুখাসক্ত মাংসথগু ত্যাগ করিয়। জল হইতে উৎপ্লুত একটা মৎস্যকে ধরিবার জন্য গিয়াছিল। এদিকে একটা পক্ষী ঐ মাংস্থগুটী লইয়া উড়িয়া গেল। ১৩৬।

মৎস্যাটী জলে লাফাইয়া পড়িলে এবং মাংসখগুটিও বিহন্ন কর্ত্ব হাত হইলে জন্মক উভয়বিনাশে চিস্তাবশতঃ নিশ্চলনয়ন হইয়াছিল। ১৩৭।

সোশুদার হঃখাবস্থাতেও ঐ জন্মুককে দেখিয়া মুখে হাস্য দেখা গিয়াছিল। অন্যের খলন হইলে ছুম্বেরও হাস্য হইয়া থাকে। ১৬৮।

তদর্শনে লজ্জিত ও কুপিত জম্বৃক অনুচিতহাস্যকারিণী সোশুম্বাকে বলিয়াছিল। অহো তুমি নিজে হাস্যাম্পদ হইয়া আমাকে উপহাস করিতেছ। ১৩৯।

তুমি রাজাকে ত্যাগ করিয়া অন্ধকে আগ্রায় করিয়াছিলে পরে অন্ধকে ত্যাগ করিয়া চোরকে আগ্রায় করিয়াছিলে শেষে চোরকে ত্যাগ করিয়া ত্রিজ্রফ হইয়াছ। আমি ত উভয়জ্রফ তবে তোমার হাস্য-ম্পদ হইব কেন। ১৪০।

আছে। ভোমার পরিহাসের কথা থাক। আমি যুক্তি দারা রাজাকে আবার ভোমারই করিয়া দিব। যাহারা ছঃস্থ ব্যক্তিকে বিভূমনা করে ভাহারা খল। ১৪১।

জন্ম এই কথা বলিয়া নগরীতে গমনপূর্বক রাজাকে বলিল যে ভোমার সোশুখা এখন সমৃদ্ধি হইয়া নদীতীরে তপ্রিনী হইয়াছে। ১৪২।

রাজ। তাহাকে আভরণ ও বস্ত্র দিয়া পুনরায় আনয়ন করিয়াছিলেন। প্রাণিগণের অমুরাগাবশেষ সব দোষই আচ্ছাদন করে। ১৪২। সেই সোশুস্বাই এখন উৎপলবর্ণা এবং সেই শীব্রগই উদায়ী। ইহারা পূর্ব্ব জন্মান্তরের পুণ্যবলে ভিক্ষুত্রত গ্রহণ করিয়াছে। ১৪৪।

যেহেতু ইহার মন অতি রসান্ত', মদনবিধেয় ও রাগযুক্ত হইয়াছিল একারণ ইনি সেই মুহূর্ত্তে শমবিচার ত্যাগ করিয়া নরপত্নিরূপ গ্রহণ পূর্ববক আমাকে বন্দনা করিয়াছেন। ১৪৫।

পঞ্চদশ পল্লব

শিলানিকেপাবদান

बल मतुलधेर्यवीर्यं सायर्यं भवित सप्रभावाणाम् । मद्यायययोगात् यसी सर्वं महिमल मायाति ॥ १॥

প্রভাবশালীদিগের অতুল ধৈর্য্য ও বলবীর্ষ্য আশ্চর্য্য হইয়া থাকে এবং মহৎ আশ্রয়বশতঃ উহাতে সকল মহিমাই আসিয়া থাকে। ১।

পুরাকালে স্বেচ্ছাবিহারী ভগবান্ স্থগত বলশালী মল্লগণের আবাস-স্থান রমণীয় কুশীপুরীতে স্বয়ং গিয়াছিলেন। ২।

কুশলার্থী পুরবাসীগণ কল্যাণপ্রদ ভগবানের আগমন শ্রাবণ করিয়া ভাঁহাকে সেব। করিতে উদ্যুত হইয়া পথ সংস্কার করিয়াছিল। ৩।

তাহারা নগরটী তৃণ, কণ্টক, পাষাণ, শর্করা ও রেণু বর্জিত এবং চন্দনোদকে সংসিক্ত করিয়া ভূষিত করিতেছিল কিন্তু তন্মধ্যে বিশ্ব্যাণিরর বধ্সদৃশ একটা প্রকাশু ভূমিপ্রোথিত শিলা দেখিতে পাইয়াছিল। ৪-৫।

তাহারা কুন্দাল, ভুজ ও রঙ্জু দারা ঐ শিলা উৎপাটন করিবার জন্ম চেফা করিতেছিল কিন্তু একমাস কাল অতীত হইলেও উহার সহস্রাংশ মাত্রও ক্ষয় হয় নাই। ৬।

অনস্তর সংসারসস্তাপের প্রশমনে অমৃতদীধিতিসদৃশ ও সকলের চিত্তের উল্লাসজনক ভগবান্ তথায় উপস্থিত হইলেন। ৭।

শরৎকালের আগমে থেরূপ মেঘান্ধকার বিরত হয় ও শস্তের ফল দেখা দেয় এবং দিকু সকল প্রসন্ধ হয় তদ্ধপ ভগবানের আগমনে মোহাক্ষকার দূর হইয়াছিল এবং ,সকলেই সফল ও প্রসন্ন হইয়াছিল।৮।

ভগবান্ তাহাদিগকে বিফল ক্লেশে পীড়িত ও পরিশ্রাস্ত দেখিয়া এবং তাহাদের উত্তমের কথা শুনিয়া তাহাদিগকে বলিয়াছিলেন। ৯।

অহো তোমরা সংসারকর্ম্মের 'স্থায় এই ব্যাপারে প্রয়াস করিতে উল্লাভ হইয়াছ। এই উল্লামে তোমাদের বহুক্লেশ হইতেছে। ১০।

যে কার্য্যের প্রারম্ভে বিষম ক্লেশ এবং বাহা সংশয়ের সহিত করিতে হয় অথচ যাহা সিদ্ধ হইলেও তত উপাদেয় নহে এরূপ কার্য্য প্রাক্তগণ করেন্ না। ১১।

অসীমপরাক্রম ভগবান্ এই কথা বলিয়া চরণাঙ্গুষ্ঠ দারা ঐ বিপুল শিলা ঘট্টিত করিয়া বামপাণিদ্বারা উত্তোলন পূর্ববিক দক্ষিণ হত্তে বিন্যস্ত করিয়া ব্রহ্মলোকমধ্যে ফেলিয়া দিলেন। তাঁহার এই আশ্চর্য্য কার্য্য খ্যাপনার্থ দূতস্বরূপ এই বার্ত্তা জগৎত্রয়ে বিচরণ করিয়াছিল। ১২-১৩।

অদ্পুতকশ্মা ভগবান্ সহসা ঐ শিলা ক্ষেপণ করিলে গগনে একটা ত্রিলোকব্যাপ্ত মহাশব্দ উদ্ভূত হইয়াছিল। ১৪।

সমস্ত সংস্কারই অনিত্য অতএব যাহা কিছু অভাস্ত বলিয়া বোধ হয় তৎসমুদয়েরই সন্তা নাই। উহা সবই শান্ত ও নির্ববাণ। ১৫।

এইরূপ শব্দ স্পায়ভাবে উদিত হইলে ঐ পর্ববতশিখরাকার
মহাশিলা পুনরায় ভগবানের করে দেখা গেল ১৬।

ক্ষণকালমধ্যেই ভগবান্ ফুৎকার দ্বারা উহা ক্ষেপণ করিলেন। তখন উহা পরমাণুরূপে চারিদিকে ছড়াইয়া পড়িল। ১৭।

তৎপরে ভগবান্ ঐ পরমাণুসকল একত্র করিয়া শিলানির্দ্মাণপূর্বক অম্যত্র স্থাপন করিলেন তাহাতে ত্রিজগৎ বিস্মিত হইয়াছিল। ১৮। তৎপরে মল্লগণ ভগবানেব অসীম বল দেখিয়া বিস্ময়ে নিশ্চল-দৃষ্টি হইয়া প্রণামপূর্বক তাঁহাকে বলিয়াছিল। ১৯।

অহো আপনার বল বীর্য্য ও প্রভাব অতি মহান্। দেবগণও উহার নিশ্চয় করিছে পারে না। ২০।

আপনি অনুগ্রহপ্রব্ত হইয়া প্রচুর বলদারা অধোগতিনিমগ্ন জনতার স্থায় শিলাটী ধারণ করিয়াছিলেন। ২১।

আপনি আশ্চর্য্যকর্মা আপনার বীর্য্য, প্রজ্ঞা ও বলাদির প্রমাণ ও অবধি কেহই জানে না। ২২।

ভগবান্ জিন এবংবাদী মল্লগণকে আশ্চর্ষানিশ্চল বিলোকন করিয়া ঐ শিলায় উপবেশন পূর্ববক বলিয়াছিলেন। ২৩।

ইহ সংসারে সমস্ত প্রাণীর বল একত্র হইলেও একজন স্থগতের বলের সমান হয় না। ২৪।

সমুদ্রের জল কলসী ঘারা নিঃশেষ করা যায় ত্রিভূবন পরমাণুতে পরিণত করা যায়। কিন্তু স্থাতপ্রভাব লঙ্কন করা যায় না । ২৫।

যে জন তুলাদণ্ড ছারা যথার্থরূপে স্থমেরুর পরিমাণ জানে সেও স্থগতের সদ্গুণের গৌরব জানে না। ২৬।

ভগবান্ এই কথা বলিলে এবং ইন্দ্র ও ব্রহ্মাসহ দেবমগুল উপস্থিত হইলে পর তিনি ভাহাদিগকে কুশলোপদেশ করিয়াছিলেন। ২৭।

মল্লগণ তাঁহার উপদেশে বোধি লাভ করিয়া শ্রাবকপদ, প্রত্যেক বুদ্ধপদ ও সমাক্সমূদ্ধপদ প্রাপ্ত হইয়াছিল। ২৮।

কেহবা স্থোতঃপ্রাপ্তিফল, কেহবা সরুদাগামিকল কেহবা অনাগামি-ফল কেহবা অর্হৎপদ প্রাপ্ত হইয়াছিল। ২৯।

ভগবান্ এইরূপে আশয় অনুশয় ও ধাতুগতি নিরীক্ষণ করিয়া এবং প্রকৃতি জানিয়া কুশলোদয়ের জন্ম চতুর্বিধ আর্য্যদত্যের সম্যক্ প্রকাশদারা বিশদ উপদেশ করিয়াছিলেন। ৩০।

ষোড়শ পল্লব

মৈত্রেয় ব্যাকরণাবদান

श्वसङ्गमो नाम विश्विष्ठिधाम श्रेयांसि स्ते कुश्र्वाभिकामः। संसारवामः सुक्तताभिरामः मनोमलै वैर्राजीविरामः॥१॥

সঙ্গ ত্যাগ করাই বিশুদ্ধির আশ্রয়। কুশলকামনাই শ্রেরোবিধান করিয়া থাকে। চিত্তের মলস্বরূপ বৈরভাবের বিরামেই সংসার বিরত হয় এবং উহা পুণ্যকার্য্য দারা রমণীয় হয়। ১।

পুরাকালে ভগবান স্থগত নাগগণের ফণাময় সেতৃদারা গঙ্গাপার হইয়া পরপারে গিয়া ভিক্ষুগণকে বলিয়াছিলেন। ২।

এই স্থানে পূর্বের অন্তু হকান্তি রত্নময় একটা যুপ ছিল। যদি তোমা-দের দেখিবার জন্ম কৌ তুক থাকে তাহা হইলে আমি দেখাইতে পারি। ৩।

ভগবান এই কথা বলিয়া দিব্যলক্ষণযুক্ত পাণিষারা ভূমি স্পর্শ করিয়া নাগগণকর্ত্তক উৎক্ষিপ্ত রত্মযুপটা দেখাইয়াছিলেন। ৪।

ভিক্ষুগণ সকলেই তাহ। দেখিয়া বহুক্ষণ নির্নিদেষনয়নে চিত্রা-পিতের স্থায় নিশ্চল ইইয়াছিলেন। ৫।

ভিক্ষুগণ ভগবান্কে যূপের কথা জিজ্ঞাসা করিলে তিনি দস্ত-কিরণ দারা অতীত ও অনাগত বিষয়ক জ্ঞান বিকারণ করিয়া বলিয়া-ছিলেন। ৬।

পুরাকালে একজন দেবপুত্র ইন্দ্রের শাসনে স্বর্গচ্যুত হইয়া মহা-প্রণাদ নামক রাজা হইয়া জন্ম গ্রহণ করিয়াছিলেন। ৭। ঐ দেবপুত্র মহীতলে ধর্ম ব্যবহারের অনুসরণের কথা স্মরণ করি-বার জন্ম ইন্দ্রের নিকট একটা উচিত চিক্ত প্রার্থনা করিয়াছিলেন।৮। তৎপরে ইন্দ্রের বাক্যানুসারে বিশ্বকর্মা তাঁহার আলয়ে একটা পুণ্যবৎ উন্নত ও ভাস্বর রত্ত্বময় যূপ নির্মাণ করেন।৯।

জনগন কৌতুকবশতঃ নিশ্চলভাবে ঐ যুপদর্শনে আসক্ত হওয়ায় ক্ষ্যাদি কর্ম উচিছন্ন হয় এবং তজ্জ্বভারাজার কোষক্ষয় হইয়াছিল। ১০।

একারণ রাজা ঐ যূপটা জাহ্নবীর জলে ক্ষেপণ করিয়াছিলেন। সেই সূর্যাসদৃশ রত্নশ্চিত যূপটা অভাপি পাতালে রহিয়াছে। ১১।

কালক্রমে এই যূপেরও ক্ষয় হইবে। ইহ জগতে এমন কোন বস্তু নাই যাহা পরিণামে অক্ষয় থাকে। ১২।

ভবিষ্যৎকালে অশীতিসহস্র বর্ষের পর শভ্রের ন্যায় শুভ্রযশাঃ শব্দনামে এক রাজা হইবেন। ১৩।

কল্পত্রন্দদৃশ সেই রাজা নিজ পুণ্যবলে প্রাপ্ত ঐ যূপটী তদীয় পুরোহিত মৈত্রেয়কে দান করিবেন। ১৪।

অর্থিগণের চিস্তামণিসদৃশ মৈত্রেয়ও ঐ যুপটী খণ্ড খণ্ড করিয়া দান করিয়া জনগণকে অদরিক্ত করিবেন। ১৫।

মৈত্রেয় রত্নময় যুপ দান করিয়া সম্যক্সন্থদ্ধতা প্রাপ্ত হইয়া অনুতর-জ্ঞানের নিধি ও দেবগণের অর্চিত হইবেন। ১৬।

রাজা শখ্য অন্তঃপুরজন ও অমাত্যগণ সহ অশীতিসহস্রজনে বেষ্টিত হইয়া প্রব্রজ্যা গ্রহণ করিবেন। ১৭।

কৃতকর্ম্মের অবশ্যভোগ্যতা বশতঃ প্রাগ্জন্ম বৃত্তান্তে প্রণিধানদারা শহ্ম রাজার পরিণামে কুশলোদয় সফল হুইবে। ১৮।

পুরাকালে মধ্যদেশে বাসবনামে বাসবসদৃশ এক রাজা ছিলেন। এবং ঐ সময়েই উত্তরাপথে ধনসম্মত নামে এক রাজা ছিলেন। ১৯। পরস্পার শত্রুতারূপ অগ্নিদারা সম্প্র এই তুই রাজার একটা সংঘর্ষ হইয়াছিল। এবং ইহাদের উভয়েরই মন যুদ্ধসংভার সংগ্রহের জন্ম সম্বর হইয়াছিল। ২০।

ধনসম্মত বাসবের নগরে প্রবেশ করিয়া গজ, রথ ও সৈন্ম দ্বারা গঙ্গাতীর নিরস্তর করিয়াছিলেন। ২১।

তিনি তথায় রত্নশিখী নামে একজন সম্যক্সস্থুদ্ধকে দেখিয়া-ছিলেন। ব্রহ্মা ও শক্রাদি দেবগণ তাঁহার পদসেবা করিতেছিলেন। ২২।

তিনি মনে মনে চিন্তা করিলেন যে অহো রাজা বাসব মহাপুণ্য-বান্। ইহার রাজ্যপ্রান্তে এই দেববন্দিত মহাপুরুষ বাস করিতেছেন।২৩।

তৎপরে ঐ মহাপুরুষের প্রভাবে ইহাঁদের তুইজনের পরস্পর বৈররজঃ শাস্ত হওয়ায় মিথ্যামোহ ক্ষয় প্রাপ্ত হইয়াছিল। ২৪।

রাজা বাসব শত্রুর সহিত সন্ধি করিয়া ভগবানের নিকট স্বাগমন-পূর্ববক সর্বববিধ ভোগ দ্বারা তাহাঁকে পূজা করিয়াছিলেন। ২৫।

পূজার অন্তে তিনি প্রণিধান করিয়াছিলেন যে আমি তোমাকে প্রণাম করিতেছি এই পুণ্যফলে আমি যেন মহান্ হই। ২৬।

এই সময়ে ঘোর শশুশব্দ সমুদগত হইয়াছিল, এবং রত্নশিশী পুরোবর্ত্তী প্রণত বাসবকে বলিয়াছিলেন। ২৭।

তুমি শঙ্খনামে চক্রবর্ত্তী রাজা হইবে এবং অবশেষে বোধিযুক্ত হইয়া কুশল প্রাপ্ত হইবে। ২৮।

রাজা বাসব এইরূপ সংপ্রণিধান ফলে পুণ্যোদয়হেতুক রক্সশিখীর আদেশমত শব্দনামে রাজা হইয়া অতুল ঐত্বর্য প্রাপ্ত হইবেন। মৈত্রেয় প্রণয় পূর্ববক ইহার বোধিবিশুদ্ধ বুদ্ধি সম্পাদন করিবেন। সংসঙ্গমই কল্যাণাভিনিবেশের পবিত্র তরণিস্বরূপ। ২৯।

সপ্তদশ পল্লব

আদৰ্শমুখাবদান

चित्तप्रसादिवमलप्रणयोज्ज्वलस्य स्वल्पस्य दानकुसुमस्य फलांश्रकेन । हेमाद्रिरोक्रणनगेन्द्रसुधास्थिदान-सम्पत्फलं न हि तुलाकलना सुपैति ॥ १ ॥

চিত্তপ্রসাদে বিমল ও প্রণয়ে উত্ত্বল স্বল্পরিমাণ দানরূপ কুসুমের যেরূপ ফল হয় হেমাজিদান রোহণপর্বতিদান ও সুধাসাগরদানের ফল-সম্পদ তাহার একাংশেরও তুলা নহে। ১।

পুরাকালে শ্রাবস্তী নগরীতে মনোজ্ঞ জেতকাননে অনাথপিগুদ-নামক আরামে মহাশয় সর্বজ্ঞ বিহার করিয়াছিলেন। ২।

তদীয় শিষ্য করুণানিধি আর্য্য মহাকাশ্যপ ভ্রমণপ্রসঙ্গে ঐ নগরের উপবনপ্রান্তে আসিয়াছিলেন। ৩ঃ

তথায় অত্যন্ত হুর্গতিশালিনী, কুষ্ঠরোগাক্রান্তা ঐ নগরবাসিনী একটা স্ত্রীলোক যদুচ্ছাক্রমে কাশ্যপকে দেখিয়াছিল। ৪।

সে তাঁহাকে দেখিয়া প্রসন্নচিত্তে ও শ্রহ্ণাসহকারে চিন্তা করিয়াছিল যে হায় আমি পুণ্যবলে ইহার ভিক্ষাপাত্তে পিশুপাতের যোগ্য হইলাম না কেন। ৫।

কাশ্যপ তাহার আশ্চর্য্য শ্রদ্ধাযুক্ত মনোরথ জানিয়া করুণাকুল হইয়া পাত্র প্রসারণ পূর্ববিক তদ্দত্ত পিগু গ্রহণ করিয়াছিলেন। ৬।

তীত্র চিত্তপ্রসাদসহ ভক্তসমর্পণকালে ঐ কুন্তিনীর একটী শীর্ণ করাঙ্গুলি কাশ্যপের পাত্রে পড়িয়াছিল। ৭। তৎপরে কুষ্ঠিনী পাতকময় ঐ দেহ ত্যাগ করিয়া তুষিতনামক দেবগণের নিলয়ে ধন্ম গ্রহণ করিয়াছিল ৮।

শক্র এই অঙুত রতান্ত জানিতে পারিয়া দানপুণ্যে সমাদরবান্ হইয়া যত্নপূর্বক স্থাধারা কাশ্যপের পাত্র পূর্ণ করিয়াছিলেন। ১।

প্রশমামৃতপূর্ণ ভিক্ষু কাশ্যপ স্থধা গ্রহণেও নিম্পৃহতাবশতঃ তৃণ-জ্ঞানে ভিক্ষাপাত্র অধামৃখ করিয়াছিলেন। ১০।

কুপাকুল সাধুগণ দীনজনের প্রণয়ে প্রীত হন। তাঁহারা সম্পদ্ দারা গর্বিতবদন জনের প্রতি সমাদর করেন না। ১১।

রাজা প্রসেনজিৎ ঐ কুষ্ঠিনীকে তৃষিতনামক দেবনিকায়ে নিরত শুনিয়া ভগবানের ভোজ্যাধিবাসনা করিয়াছিলেন। ১২।

ঐ আশ্চর্য্যকারী রাজার গৃহে লক্ষ্মী দেখিয়া আর্য্য আনন্দ ভগবান্কে জিজ্ঞাসা করিলে তিনি তাঁহার পুণ্যের কথা বলিয়া ছিলেন। ১৩।

পুরাকালে একটা গৃহস্থসন্তান দারিদ্র্যবশতঃ দাসভাব প্রাপ্ত হইয়া ক্ষেত্রকর্ম্মে আসক্ত হওয়ায় ক্ষুধায় অত্যন্ত ক্লান্ত হইয়াছিল। ১৪।

তাহার জননী বহুক্ষণ পরে স্নেহ ও লবণবর্জিত কল্মাষ পিণ্ডী আনয়ন করিলে সে উহা খাইবার জন্ম সম্বর হইয়া আসিয়াছিল। ১৫।

তাহার হস্ত ধৌত করিবার সময় যদৃচ্ছাক্রমে সমাগত একটী প্রত্যেকবৃদ্ধকে সে প্রসন্নচিত্তে ঐ কল্মাষপিগু দিয়াছিল। ১৮।

সেই ব্যক্তিই কালক্রেমে প্রসেনজিৎ রাজা হইয়াছে। এই ঐশ্বর্য্য ভাছার সেই দানকণারই প্রথম ফল। ১৭।

ভিক্ষু আনন্দ ভগবানের এই বাক্য শ্রবণ করিয়া বিশ্মিত হইয়া ছিলেন। রাজাও ভগবানের বিপুল পূজা করিয়াছিলেন। ১৮।

তিনি রাজযোগ্য সর্ব্বপ্রকার ভোগ স্বারা ভক্তি নিবেদন করিয়া কোটিকুস্ত ভৈলের দীপমালা করিয়াছিলেন্। ১৯। একটা দরিক্রা স্ত্রীলোক 'ঐ দীপমালামধ্যে একটা স্বল্পদীপ দিয়াছিল। সমস্ত দীপের তৈলক্ষয় হইলেও উহার, তৈলক্ষয় হয় নাই।২০।

সর্ববজ্ঞ ভগবান্ তাহার বিমল চিত্তপ্রণিধানের বিষয় চিন্তা করিয়া উহার ভবিষ্যৎকালে শাক্য মুনিরূপে জন্মগ্রহণের কথা বলিয়াছিলেন । ২১।

রাজা ভগবানের সম্মুখে রত্মদীপাবলী দিয়া উপবেশন পূর্ববক প্রণাম করিয়া প্রণয়সহকারে তাঁহাকে বিজ্ঞাপন করিয়াছিলেন। ২২।

ভগবানের প্রতি প্রণিধান করায় অনির্বাচনীয় পুণ্যানুভাব হেতুক আপনি কাহাকেইবা অমুত্তরা সম্যক্ষম্বোধি অর্পণ করেন নাই। ২৩।

আপনার প্রসাদে আমিও ঐরপ সম্বোধি পাইতে ইচ্ছা করি। নিঃসন্দেহে ফললাভের জন্মই লোকে কল্পপাদপকে সেবা করিয়া থাকে। ২৪।

ভগবান্ রাজার এই বাক্য শ্রাবণ করিয়া বলিয়াছিলেন যে রাজন্ অনুত্তরা সম্যক্সমোধি অতি তুল ভ। ২৫।

উহা মূণালতন্ত অপেক্ষাও সূক্ষা, পর্বত অপেক্ষাও গরীয়সী এবং
সমুদ্রাপেক্ষাও গন্তীরা। সম্যক্সম্বোধি সহজে লাভ করা যায় না।২৬।
আমিও অস্থান্থ বহুজন্মে বহুল দান দ্বারাও উহা লাভ করিতে পারি
নাই। চিত্তের প্রসন্ধতা দ্বারা উৎপন্ন বিশদ জ্ঞানই উহার কারণ।২৭।
আমি মান্ধাতাজন্মে চতুর্দীপের আধিপত্য লাভ করিয়া বহুকাল

আমি স্থদর্শন জম্মে দান দারা চক্রবর্তীর সম্পদ্ ভোগ করিয়াছি কিন্তু বোধি লাভ করিতে পারি নাই। ২৯।

দানফল ভোগ করিয়াছি কিন্তু বোধি লাভ করিতে পারি নাই।২৮।

পুরাকালে বেলামনামক দ্বিজজন্মে আমি আটটী হস্তী দান করিয়া মহৎ পুণ্য লাভ করিয়াছিলাম কিন্তু বোধিলাভ করিতে পারি নাই। ৩০। পুরাকালে আমি কুরূপ অথচ কুশলাত্মা এক রাজপুত্র হই-য়াছিলাম। অধুমার নিজপত্নী আমাকে পিশাচ বলিয়া ত্যাগ করিয়াছিল। ৩১।

যে আমি রাজ্য ও পৃথিবী দান করিতেও প্রীতি বোধ করিতাম সেই আমি রূপবিকলত। জন্ম তুঃখী ছিলাম। সর্ববপ্তবের সমাবেশ কোথায়ও হয় না। ৩২।

আমি রূপবিরহ বশতঃ দেহ তাগে কৃতসংকল্প হইলে শচীপতি একটী দিব্য চূড়ামণি দান করিয়া আমাকে কন্দর্পতুল্য করিয়া-ছিলেন। ৩৩।

আমার যজ্ঞে ষষ্টিসহস্র পুরী স্থবর্ণ যূপে রমণীয়াকার হইয়া মেরুরাশির শোভা ধারণ করিয়াছিল। ৩৪।

অতিদানে আদ্রীকৃত ঐ কুশলময় জন্মে আমি সেই সেই পুণ্য লাভ করিয়াছিলাম কিন্তু বোধি লাভ করিতে পারি নাই। ৩৫।

আমি ত্রিশঙ্কুজন্মে সত্যপ্রভাবে ছর্ভিক্ষ নিবারণ জন্ম রঞ্চিপাত করিয়াছিলাম কিন্তু বোধি লাভ করিতে পারি নাই। ৩৬।

মিথিলায় মহাদেব নামক রাজজন্মে আমি যজ্ঞাসুষ্ঠান দারা পুণ্যসম্পদ লাভ করিয়াছিলাম কিন্তা বোধি লাভ করিতে পারি নাই। ৩৭।

পুরা কালে মিথিলায় নিমিনামক ভূপালজন্মে আমি দান, তপস্থা ও যজ্ঞ দ্বারা পুণ্য লাভ করিয়াছিলাম কিন্তু বোধিলাভ করিতে পারি নাই। ৩৮।

পুরাকালে নন্দরাজার চারিটী খলস্বভাব পুত্র হইয়াছিল এবং আদর্শ-মুখ নামক পঞ্চম পুত্রটী সমধিক গুণবান্ হইয়াছিল। ৩৯ ।

কালক্রমে পর্য্যন্তকালে রাজা চিন্তা করিয়াছিলেন যে আমার এই চারিটি পুত্র অত্যন্ত কর্কশস্বভাব। আমার অন্তে ইহারা রাজ্য পাইবার যোগ্য নহে। ৪০। কনিষ্ঠ পুত্র আদর্শমুখেই রাজত্রী প্রতিবিশ্বিত হইয়াছে। প্রজ্ঞায় বিমল ও স্থায়ত জনেরই রাজ্য শোভা প্রাপ্ত হয়। ৪১,।

রাজা নন্দ এইরপ চিস্তা করিয়া অমাত্যগণকে বলিয়াছিলেন যে অন্তঃপুরবর্গ যাহাকে অভ্যুত্থান দারা পূজা করে তাহাকেই আপনারা রাজা করিবেন। ৪২।

মণিময় পাত্নকাদারাও যাহার মৃস্তক কম্পিত হয় না এবং সমান থাকে। সেই ব্যক্তিই দার, ক্রম, অদ্রিও বাপীতে ছয়টী নিধি দেখিতে পায়। ৪৩।

রাজা এই কথা বলিয়া স্বর্গারোহণ করিলে মন্ত্রিগণ ততুক্ত লক্ষণ দ্বারা ক্রেমে আদর্শমুখকেই রাজা করিয়াছিলেন। ৪৪।

ধর্ম্মনির্ণয়কার্ব্যে বাদী ও প্রতিবাদিগণ তাঁহাকে দেখিয়াই স্বতঃই জয় ও পরাজয় বিষয়ে স্থায়পথে থাকিত। ৪৫।

দয়ালু আদর্শমুধ বিনা অভিসন্ধিতে বৈশসপ্রাপ্ত দণ্ডী নামক এক ব্রাহ্মণের অগ্রে গিয়াছিলেন। ৪৬।

এক গৃহস্থ গোয়ুগের নিমিত্ত বড়বার আঘাতে মৃত হইয়াছিল। ভাষার পত্নী কুঠারপাত ঘারা তক্ষবাসীর সহিত বিবাদ করিয়াছিল। ৪৭।

এক শৌশুক আত্মন্ত বধ হেতুক এক জন দীক্ষিতকে তুল্যভাবে নিগ্রন্থ করিতেছিল তাহার বিপক্ষ ভয়প্রযুক্ত সেই কথা বলিলে সে তাঁছাকে মোচন করিয়াছিল। ৪৮।

আদর্শমুখ এই সকল অমানুষ সন্ত্বগণের অধ্যাশয়বিশেষানুসারে সেই সকল সন্দেহ নির্ণয় পূর্ববিক চিন্তশোধন করিয়াছিলেন। ৪৯।

তিনি দাদশবার্ষিক অনার্ম্বি জন্ম চূর্ভিক্ষ উপস্থিত হইলে সর্বব প্রাণীর আহার দ্রব্য সাধন দারা প্রাণ রক্ষা করিয়াছিলেন। ৫০।

এইরূপে আদর্শমুথ জন্মে আমার পুণ্যলাভ হইয়াছিল কিন্তু মহোদয়া সম্যক্রম্বোধি লাভ করিতে পারি নাই। ৫১। বহু শতক্রমা অভ্যাস ও গুরুতর প্রয়াস দারা অস্থ্য অর্থাৎ এই জন্মে আমি জ্ঞানুনর বিমলতা লাভ করিয়াছি এবং আবরণ লুপ্ত হইয়াছে। ৫২।

হে রাজন্ ! জ্ঞান ও প্রজ্ঞার অধিগম্যা অনুত্রা সভ্যসংবিদ্ধেপা এই সম্যক্সন্থোধি দানপুণ্য দারা লাভ করা যায় না। মৌহকালিমার বিরাম হইলে নির্মেঘ গগণে দিন শ্রীর ভায় বিমল জনগণের নির্ব্যাজ আনন্দভূমি ও ভবান্ধকারের ছেদিনী সম্যক্সন্থোধির ভায় সমুদিত হয়। ৫৩।

অফ্টাদশ পল্লব

भातिशूळ श्रेडक्राविषांन नेदं बन्धु नी सुद्धत् सोदरी वा नेदं माता नो पिता वा करोति । यत् संसाराश्वोधिसेतुं विधत्ते ज्ञानाचार्थः कोऽपि कल्याणहेतुः ॥ १ ॥

অনির্বাচনীয় কল্যাণহেতু জ্ঞানাচার্য্য যেরূপ সংসারসাগরের সেতু নির্ম্মাণ করেন বন্ধু, স্থহুৎ, সোদর, মাতা বা পিতা সেরূপ করিতে পারেন না। ১।

পুরাকালে ভগবান বুদ্ধ, রাজগৃহনগরে কলন্দকনিবাসনামক রমণীয় বেণুবনাশ্রমে বিহারকালে কৌলিক ও উপতিষ্য নামক ছুইজন ভিক্ষুভাবাপন্ন পরিব্রাজককে শাস্তি বারা সংরুত করিয়া-ছিলেন। ১-৩।

তৎপরে ভিক্ষু শারিপুত্রের ধর্ম্ম সন্দেশনা হইয়াছিল। তাহা দ্বারা তিনি মহন্ধ প্রাপ্ত হইয়া মোক্ষলাভে সক্ষম হইয়াছিলেন। ৪।

ভিক্ষুগণ তাহার সেই অন্তুত ব্যাপার সন্দর্শন করিয়া ভগবান্কে জিজ্ঞাসা করিয়াছিলেন। ভগবান্ ও তাহাদিগকে তাঁহার পূর্ববন্ধতান্ত বলিয়াছিলেন। ৫ ।

অগ্নিমিত্র নামক এক আক্ষণের গুণবরা নামে এক ভার্য্যা ছিল। তদীয় পিতৃক্ত "সূপিকা" এই দ্বিতীয় ক্রীড়ানামটীও তাহার ছিল। ৬।

প্রশাসনীল নামক সূর্য্যসদৃশ তেজস্বী তদীয় ভাতা প্রত্যেকবৃদ্ধর্থ প্রাপ্ত হইয়া একদা তাঁহার গৃহে আদিয়াছিলেন। ৭। গুণবরা স্বামীর আদেশানুসারে গৃহস্থোচিত ভক্তি দ্বারা তাঁহাকে আরাধনা করিষ্ণাছিলেন এবং প্রণতি, প্রণীয়াচার ও পরিচর্য্যা দ্বারা তুষ্ট করিয়াছিলেন। ৮।

একদা তিনি বিপাত্রণ অর্থাৎ পাত্রে অন্নপ্রদান করিবার সময় নিজ চীবরে সূচীকর্ম্ম দেখিয়া প্রণিধানু করিয়াছিলেন্। ১।

এই তীক্ষ সূচী থেরূপ কর্ত্তন করিয়া গম্ভীরগামিনী হইয়াছে তদ্রূপ আমার প্রজ্ঞাও সূচীর ভায় গম্ভীরগামিনী হইতে সাদরা হউক। ১০।

প্রত্যেকবৃদ্ধের প্রতি ঐরপ বিনয় ও প্রণিধান দ্বারা তিনি এই জন্মে প্রজ্ঞাবান্ শারিপুত্ররূপে জন্ম গ্রহণ করিয়াছেন। ১১।

সেই তীক্ষবৃদ্ধি ও সদ্বৃদ্ধির কল্পবল্লীস্বরূপ ভিক্ষু শারিপুত্র এতকাল পরে অন্ত কল্যাণভাজন হইয়াছেন। ১২।

ভগবানের এই কথা শ্রবণ করিয়া ভিক্ষুগণ পুনর্বার জিজ্ঞাদা করিয়াছিলেন যে শারিপুত্র কিজন্ম নরাধম নাট্যকুলে জন্ম গ্রহণ করিলেন। ১৩।

তৎপরে ভগবান ভিক্ষুগণকে বলিয়াছিলেন যে ইনি পূর্ববন্ধন্মে মহামতি নামে সজ্জনসম্মত রাজপুত্ররূপে জন্ম গ্রহণ করিয়াছিলেন।১৪।

রাজপুত্র মহামতি শ্রীমান্ হইলেও প্রব্রজ্যায় তাঁহার মতি হইয়া-ছিল। বাঁহারা পরিপক ও প্রসন্মচিত্ত সম্পদ্ তাঁহাদের চিত্তের মালিন্ত করিতে পারে না। ১৫।

যুবা রাজপুত্রগণের পক্ষে প্রব্রজ্যাগ্রহণ উচিত নহে। এই কথা বলিয়া তদীয় পিতা প্রীতি ও যত্নসহকারে তাঁহাকে নিবারণ করিয়াছিলেন। ১৬।

একদা তিনি কুঞ্জরারূ হইয়া জনাকীর্ণ পথে গমন করিতেছিলেন তথায় একটী দরিদ্র স্থবিরকে দেখিয়া কারুণ্যবশতঃ এই কথা বলিয়াছিলেন। ১৭। অধন্য ধনিগণ বন্ধুজনরূপ বন্ধনে যদ্রিত হইয়া প্রব্রজ্যা গ্রহণ করিতে পারে না। তুমি ত বন্ধনশূর্য তোমাকে প্রব্রজ্যাগ্রহণে কে নিবারণ করিল। ১৮।

স্থবির নিবেদন করিল ''আমি দরিদ্র আমার পাত্র বা চীবর কিছুই নাই। শাস্তির উপকরণগুলিও ধনের আয়ত্ত। ১৯।

রাজপুত্র এই কথা শুনিয়া মুনিতপোবনে গমনপূর্ণবিক শ্ববিরকে প্রব্রজ্যা গ্রহণ করাইয়া তাহাকে পাত্র ও চীবর প্রদান করিয়াছিলেন।২০।

ঐ স্থবির অল্পকালমধ্যেই প্রত্যেকবৃদ্ধত্ব প্রাপ্ত হইয়া রাজ-পুত্রের নিকট আগমনপূর্ববিক দিব্য সমৃদ্ধি দেখাইয়াছিলেন। ২১।

রাজপুত্র তাঁহার প্রভাব দেখিয়া মনে মনে ভাবিলেন। অহো সমৃদ্ধিশালী হওয়ায় আমার পক্ষে প্রব্রজ্যা তুর্লুভ হইয়াছে। ২২।

দারিদ্রা ও অবিবেক এই ছুইটা থাকিলে নীচগণেরও প্রব্রজ্যা ছল্ল ভ হয় অতএব আমি যেন বিবেকবান্ হইয়া অধমকুলে জন্ম গ্রাহণ করি। ২৩।

তিনিই সেই প্রণিধানবলে শারিপুত্ররূপে জন্ম গ্রহণ করিয়াছেন। ভগবান্ কাশ্যপ অহাজন্মে ইহাঁকে প্রব্রজিত করিয়াছিলেন। ২৪।

সত্যনিধি কাশ্যপ ইহার সম্যক্ প্রসাদগুণের উদয় দেখিয়া প্রজ্ঞা-বানের অগ্রগণ্য, নিয়মী ও বিনয়ী ইহাঁকে কুশললাভের জন্য উপদেশ করিয়াছিলেন। কালক্রমে ইনি শাক্যমূনির শিষ্যত্ব লাভ করিয়া মৌদ্গল্যায়ননামে প্রসিদ্ধ জ্ঞানিশ্রেষ্ঠরূপে বিখ্যাত হইবেন। ২৫।

ইনি অশ্য জন্মে দরিত্র এক কর্ম্মচারী হইয়াছিলেন কোন মহর্ষি দয়াপূর্বক ইহাকে পাত্র ও চীবর দান করায় ইনি অতুল প্রভাববান্ হইয়া ঋদ্ধি প্রদর্শন করিয়াছিলেন। ২৬।

ঊनिवि९म शल्लव

শ্রোণকোটিকর্ণাবদান।

स कोऽपि पुर्खातिमयोदयस्य

वरः प्रभावः परमाच्यो यः।

प्रत्यच्लच्यः ग्रुभपच्साची

जनान्तरे लच्चणतामुपैति ॥ १ ॥

পুণ্যাতিশয়জনিত অভ্যুদয়ের কি অনির্বাচনীয় পরম অক্ষয় প্রভাব। উহা জন্মাস্তরেও শুভকর্ম্মের সাক্ষী রূপে প্রত্যক্ষ দৃশ্যমান হইয়া চিহ্ন-স্বরূপ হয়। ১

পুরাকালে প্রাবস্তী নগরীতে রমণীয় জেতকাননে অনাথপিওদ নামক আরামে ভগবানের বিহারকালে বাসবগ্রামে বলসেন নামক এক গৃহস্থ বাস করিতেন। ছায়াসম্পন্ন বৃক্ষ যেরূপ ফলদারা লোকের আশা পূরণ করে, তদ্রপ ইনিও প্রার্থিগণের আশা পূরণ করিতেন। ২,৩।

কালক্রমে পুণাবলে তদীয় পত্নী জয়সেনার গর্ভে মৃর্ত্তিমান্ উৎসব-সদৃশ, কমললোচন এক পুত্র জন্ম গ্রহণ করিয়াছিল। ৪।

বালকের কর্ণে রক্ত্রদীপের স্থায় উচ্ছালকান্তি স্বভাবজ্ঞাত একটা কর্ণিকা হইয়াছিল। হেমকোটি শত দারাও তাহার মূল্যের তুলনা হয় না। ৫।

ঐ গুণবান্ কুমার শ্রাবণানক্ষত্তে জন্মিয়াছিলেন এবং রত্নকোটির তুল্যমূল্য কর্ণিকা দারা শোভিত হইয়াছিলেন এজন্য তাঁহার নাম শ্রোণকোটিকর্ণ হইয়াছিল। ৬। নির্মালকান্তি, কমনীয় এবং সর্বববিধ কলাবিভায় পরিপূর্ণ ঐ কুমার সকলেরই নিকট চন্দ্রের ভায় অমন্দানন্দদায়ক হইয়াছিল। ৭।

কুমার যুবাবস্থায় কুবেরসদৃশ সম্পত্তিশালী পিতা কর্তৃক নিবারিত হইয়াও এবং স্বভাবতঃ প্রিয়ন্ত্বদ হইলেও বিষবর্ষী চল্দের স্থায় সাঞ্চন্যনা জননীকে ভৎ সনা করিয়া রত্ত্বলাভের জন্ম বহু বণিক্জন সহ দূরবর্ত্তী দ্বীপান্তবে গিয়াছিলেন। ৮,৯।

, তিনি সমুদ্র উত্তীর্ণ হইয়া নির্জনে যাইতেছিলেন এমন সময়ে পথি-মধ্যে তাঁহার কর্ম্মবিপ্লব বশতঃ নিজদল হইতে ভ্রফ হইয়াছিলেন। ১০।

তাঁহার সহচর বণিক্গণও তাঁহাকে দেখিতে না পাইয়া শোক-বশতঃ শনৈঃ শনৈঃ সদেশে ফিরিয়া আসিলেন। তাঁহাদের কেবল ক্লেশই অর্জন করা হইল। ১১।

শ্রোণকোটিকর্ণ উত্তপ্ত মরুভূমি চিহ্নিত দক্ষিণ দিকে গিয়া কিছুক্ষণ পরে অত্যস্ত শ্রাস্তিবশতঃ বাপীতে অবগাহন করিবার মানস করিলেন। ১২।

তিনি মনে দনে চিন্তা করিলেন যে আমি প্রচুর ধন সত্ত্বেও যে ধনার্জনের জন্ম উভাম করিয়াছি সেই তুন য় জন্মই আমার এত ক্লেশই ফললাভ হইল। ১৩।

অহো মনুষ্যগণের সস্তোষ না থাকায় ধনার্জনে আগ্রহ হয়, তাহাতে সর্ববপ্রকার অসবাদ ও মহাবিপদ্ উপস্থিত হয়। ১৪।

স্থবর্ণাচল লাভ করিলেও ধনোপার্জনের আকাজ্ফা যায় না। সংসার-মধ্যে বাসনাভ্যাস জন্মই মমুধ্যের বেষ ও মোহ হইয়া থাকে। ১৫।

অত্যন্ত প্রয়াসজনক বলিয়া বিরসা এই প্রদীপ্ত বাসনাই ক্রমে বিস্তার লাভ করিয়া মরুভূমিতে যাইতে অভিলাষ উৎপাদন করে। ১৬।

হায়! মরুভূমিন্থিত মরীচিকা যেরূপ তৃষ্ণান্ধ কুরঙ্গণের মোহ সম্পাদন করে আমারও সেইরূপ হইয়াছে। ১৭। এইরূপ ভূষা, ঈদৃশ পরিশ্রম এবং এই প্রকার নির্জন প্রদেশ।
কি করিব। কেঞ্ছার যাইব। চারিদিক প্রস্থালিত দেখিতেছি। ১৮।
এইরূপ চিস্তা করিয়া সলিলাশায় শনৈঃ শনৈঃ চলিতে চলিতে
মৃর্তিমান্ আয়াসের ভায় একটা লৌহময় পুরী দেখিতে পাইলেন। ১৯।

সেখানে দারদেশে বর্ত্তমান, ভয়ের সহোদর ভাতার ভায় দৃশ্যমান, যমের ভায় ভাষণাকার ও রক্তলোচন একটা পুরুষকে ^{*}দেখিতে পাইলেন। ২০।

তাহার নিকট জলের জন্ম প্রার্থনা করিলেও যখন সে কিছুই বলিল না তখন তিনি স্বয়ং পুরীর মধ্যে প্রবেশ করিয়া প্রেতলোক দেখিতে পাইলেন। ২১।

তিনি দগ্ধকাষ্ঠসন্ধিভ, ধূলিধূসর, উলঙ্গ ও অস্থিচর্ম্মাবশিষ্ট প্রেত-গণকে দেখিয়া অতিশয় ব্যথিত হইয়াছিলেন। ২২।

তিনি নিজে জলাভাবে পীড়িত কিন্তু তাঁহার নিকটেই প্রেতগণ জল চাহিতে লাগিল তাহাতে তিনি নিজ ত্ব:খ বিস্মৃত হইয়া তাহাদের ত্ব:খে অধিকতর তুঃখিত হইলেন। ২৩।

তিনি তীব্র তৃষ্ণায় আতুর ও আর্ত্রপ্রলাপী প্রেতগণকে বলিয়াছিলেন যে এই হুর্গম মরুভূমিতে আমি কোথায় জল পাইব। ২৪।

তোমরা কে এবং কি কর্মফলে এইরূপ তুঃসহ কটে পতিত হইয়াছ। তোমাদের কোনরূপ প্রতিকার করিতে না পারিয়া আমিও কফ্ট পাইতেছি। ২৫।#

প্রেতগণ তাঁহাকে বলিল যে আমরা মনুষ্যবিরুদ্ধ কর্ম্ম দ্বারা মোহ সঞ্চয় করিয়া এই বিপদ্ সংকটে পতিত হইয়াছি।২৭।

^{*} २७ नः (क्षाक्षीत मञ्चल वर्ष इस ना अ क्स वान तिला।

আমরা অধিক্ষেপ দ্বারা এবং পরের ধৈর্য্যনাশক বিষদিশ্ব নারাচসদৃশ বাক্য দ্বারা স্থজনগণের হৃদয়ে নির্দিয়ভাবে শলাং বিদ্ধ করিয়াছি। আমরা নিতান্ত ঈর্ব্যাপর অনার্য্য। মানিগণের মাননাশেই আমাদের আগ্রহ ছিল। ২৮।

আমরা কখনও দান করি নাই'। অন্যের ধন হরণ করিয়াছি। আমাদের চিত্তে সতত হিংসা থাকিত। আমরা দেহ দ্বারা অনেক বিষ্ণুত কর্ম্ম করিয়াছি। পরের দারাপহরণও করিয়াছি। ২৯।

এইরূপ কুহকাসক্ত ও ক্ষুদ্রকর্মে স্থদক্ষ আমরা এখন এই ঘোর প্রেতনগরে ক্লেশপাত্র হইয়াছি। ৩০।

শ্রোণকোটিকর্ণ তাহাদের এইরূপ বাক্য শ্রাবণ করিয়া এবং অন্য স্থানেও তথাবিধ অনভিপ্রোত প্রেতগণকে দেখিয়া করুণাকুল হইয়। ছিলেন। ৩১।

তিনি পুণ্যবলে সেই ছুর্গম প্রেতপুর হইতে নির্গত হইয়া বিমল ও শীতল ছায়াসম্পন্ন বনপ্রদেশে উপস্থিত হইলেন। ৩২।

অনস্তর ক্রমে ক্রমে সূর্য্য অস্তমিত হইলেন বোধ হইল যেন বহুদূর পথ অতিক্রম করায় পরিশ্রাস্ত ও তৃষ্ণার্ত্ত হইয়া সূর্য্য পর্বত হইতে পতিত হইলেন। ৩৩।

চতুর্দ্দিকের প্রকাশকারক দিন পুণ্যের ন্যায় ক্ষয় প্রাপ্ত হইলে সম্মোহমলিন পাপের স্থায় ঘোর অন্ধকার উদিত হইল। ৩৪।

তখন ভূঙ্গ ও বিহঙ্গণ নিঃশন্দ হইলে নলিনীগণের বিকাশসম্পদ মুদ্রিত হইল। বোধ হইল যেন তাহারাও নিদ্রিত হইল। ৩৫।

তৎপরে শীতাংশু চক্র কারণ্যবশতঃ জ্যোৎস্নারূপ অমৃতশলাকা দারা উক্ত্বল তারামণ্ডিত জগন্নেত্রকে অন্ধকারণূল করিলেন। ৩৬।

স্থধাকর দিন ও যামিনীতে ক্ষয় ও উদয়রূপ পরিবর্ত্তন দারা বছ-বিভ্রম প্রদর্শন করিয়া যেন হাস্য করিতেছিলেন। ৪৭। নেত্রের আনন্দজনক, স্থাবর্ষী, সুখস্পর্শ ও দিগ্রধ্গণের আদর্শ-সদৃশ এবং মূর্ত্তিমান হর্ষের ন্যায় স্থাকর উদিত হইলে শ্রোণকোটিকর্ণ সম্মুখে উজ্জ্বলাকার একটা বিমান দেখিতে পাইলেন। তদ্দর্শনে তাঁহার বোধ হইয়াছিল যে যেন স্বর্গভূমি কৌতুকবশতঃ পৃথিবীতে আসিয়াছেন। ৩৮,৩৯।

তিনি ঐ বিমানে চারিটী সমদা দেবকন্তা দেখিতে পাইলেন।
চল্রোদয় জনিত আনন্দবশতঃ বিহারবাসনায় যেন দিথধূগণ একত্র সঙ্গত
হইয়াছিলেন । ৪০।

ঐ চারিজন দেবকন্মার মধ্যে একটা স্থন্দরাকার পুরুষকেও দেখিয়া-ছিলেন। তাঁহাকে দেখিয়া বোধ হইয়াছিল যেন তরুণ প্রেমরাশি মূর্ত্তি পরিগ্রহ করিয়াছে। ৪১।

তাঁহার রত্নময় কুওল, কেয়ূর ও কিরাটের অংশুদারা দিল্পুখে আশ্চর্য্য ও অসীম রেখার ভায় দেখা যাইতেছিল। ৪২।

শ্রোণকোটিকর্ণ তাঁহার সেই অদ্ভুত সম্ভোগ ও স্থপসম্পদ্ দেখিয়া তদীয় পুণারক্ষের ফলসম্পদ্ স্ফীত হইয়াছে মনে করিয়াছিলেন। ৪৩।

অনন্তর তিনি স্থস্বাত্ন পানীয় দান দারা প্রীতিপূর্ব্বক অতিথি সৎকার করিলেন। শ্রোণকোটিকর্ণ দেইরাত্রি তথায় স্থথে অতিবাহিত করিলেন। ৪৪।

তৎপরে প্রাভাতিকা প্রভা তারকাকুস্থমকে অপস্ত করিয়া অনিত্যতার ন্যায় চন্দ্রের শোভারও পরিক্ষয় করিলেন। ৪৫।

রাত্রি ক্ষয়প্রাপ্ত হইলে এবং ভুবনের চক্ষুঃস্বরূপ এবং সমস্তপ্রাণীর স্থাত্বঃখের একমাত্র সাক্ষী ভাতু উদিত হইলে ঐ বিমান ও দেব-কন্যাগণ ক্ষণকালমধ্যেই অদৃশ্য হইল এবং ঐ পুরুষ নিষ্প্রভ হইয়া পৃথিবীতলে পতিত হইল। ৪৬-৪৭। তৎপরে ত্রিলোকের শাপ ও পাপজনিত অখিল ক্লেশরাশির ন্যায় অতিভীষণ একদল কুরুর আসিয়া তাহার পূর্চে নিপতিত হইল। ৪৮।

কুরুরগণ তাহার গ্রীবামুখ হইতে আরম্ভ করিয়া সমস্ত মাংস আকর্ষণ পূর্বক মত্ত হইয়া রুধির ও মাংস ভক্ষণ করিলে ঐ পুরুষ ক্ষয় প্রাপ্ত হইল। ৪৯।

দিনাস্তে পুনরায় সেই বিমান আবার আসিতেছে দেখিতে পাই-লেন। সেই চারিটী অপ্সরা এবং সেই কান্তিমান্ পুরুষকেও তথায় দেখিতে পাইলেন। ৫০।

তৎপরে শ্রোণকোটিকর্ণ অত্যন্ত বিশ্মিত হইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন। সথে একি আশ্চর্য্য দেখিতেছি বল। ৫১।

তিনি এই কথা জিজ্ঞাসা করিলে বিমানস্থ পুরুষ তাঁহাকে বলিলেন। বয়স্য শ্রবণ কর। আমি তোমাকে জানি। তোমার নাম শ্রোণকোটিকর্ণ। তুমি পুণ্যবান্। ৫২।

আমি বাসবগ্রামে তুক্কতী পশুপালক ছিলাম। আমি পশু-গণের মাংস কর্ত্তন করিয়া বিক্রয় করিতাম। ৫৩।

একদিন করুণানিধি আর্য্য কাত্যায়ন পিগুপাতের জন্ম আমার নিকট আসিয়াছিলেন। তিনি আমাকে কুকর্ম হইতে নির্তত হইতে বলিয়াছিলেন। ৫৪।

হিংসাকারী জনগণের নিজশরীরে তঃসহ হিংসাময় ক্লেশ ছিন্ন-মূল ব্লেক্সর স্থায় স্বয়ং পতিত হয়। ৫৫।

এইরূপে কুপালু কাত্যায়নকর্তৃক নিবারিত হইয়াও নিতান্ত অনার্য্য আমি যখন পাপকার্য্য হইতে বিরত হইলাম না তখন তিনি পুনশ্চ আমাকে বলিয়াছিলেন। ৫৬।

যদি নিতান্তই তুমি নির্দয় হইয়া দিবাভাগে হিংসা কর তাহা হইলে রাত্রি-কালে আমার নিয়মানুসারে শীলসমাদান অর্থাৎ সদাচরণ গ্রহণ কর।৫৭। সর্বব্রপ্রাণীর হিতৈষী কাত্যায়ন এই কথা বলিয়া যত্নপূর্ববক আমাকে শীলসমনীনানময়ী বুদ্ধি প্রদান করিলেন। ৫৮।

কালক্রমে আমি কালের বশগত হইয়া এই দশা প্রাপ্ত হইয়াছি দিবারাত্রি আমি তপ্তাঙ্গারবর্ষ ও স্থাবর্ষে কীর্ণ হইতেছি। ৫৯।

রাত্রিকালে শীলসমাদানের ফল ও দিবাভাগে হিংসার ফল পাই-তেছি। পুণ্য ও পাপ উভয়েরই ফল স্থুখ ও ছুঃখরূপে আসিতেছে। ৬০।

হে সখে আমি পাপাচারী আমার প্রতি কৃপা করিয়া স্বদেশে গমনপূর্বক আমার বাক্যামুসারে নির্জনে আমার পুত্রকে বলিবে যে আমার গৃহকোণে একটা স্থবর্ণপূর্ণ পাত্র প্রোথিত আছে সেইটী উদ্ধৃত করিয়া পাপরত্তি পরিত্যাগপূর্বক প্রতিদিন পিগুপাত দ্বারা আর্য্য কাত্যায়নকে পূজা করিবে। শ্রোণকোটি কর্ণ তৎকর্ত্বক বিনয়-সহকারে এইরূপ কথিত হইয়া তথাস্ত বলিয়া তথা হইতে গমন করিলেন। ৬১-৬২-৬৩।

পরে যাইতে যাইতে তিনি পুনর্বার আরও একটা দিব্য বিমান দেখিতে পাইলেন। বিমানটা রত্ন, পদ্ম ও লতা্য় শোভিত থাকায় দিতীয় নন্দন কাননের স্থায় স্থান্দর ছিল। ৬৪।

ঐ বিমানে প্রভাতকালে দিব্যন্ত্রীসঙ্গত মূর্ত্তিমান্ অনঙ্গের স্থায় একটা রত্নভূষিত পুরুষকে দেখিয়াছিলেন। ৬৫।

সেই পুরুষও সেইরূপ প্রীতিসহকারে তাঁহার অতিথিসৎকার করিয়াছিল। তিনি সেইদিন সেখানেই যাপন করিয়াছিলেন। সেই দিন তাঁহার পক্ষে ক্লেশমধ্যে সুধাময় হইয়াছিল। ৬৬।

অনস্তর পদ্মিনীপতি সূর্য্য আকাশরপ বিমান হইতে পতিত হইলে ঘোর ফুঃখময় অন্ধকাররাশি দ্বারা জগৎ পূর্ণ হইল। ৬৭।

তৎপরে নিশাপতি অতি শীতল জ্যোৎস্না বিকীরণ করিতে করিতে পাণ্ডুরোগীর স্থায় ক্রমে গৌরবর্ণ হইয়া দেখা দিলেন। ৬৮। রাত্রিরূপ রাক্ষ্সী কর্ত্ত্ক, স্থকুমার দিবালোক ভক্ষিত হইলে ভদীয় কপালখণ্ড সদৃশ শশী সকলের নয়নগোচর হইল। ৬৯^২

ক্রমে চন্দনচর্চ্চাসদৃশ চন্দ্রিকা দারা সমস্ত জগৎ ব্যাপ্ত ছইলে সেই বিমান এবং সেই স্বর্গাঙ্গনাগণ কোথায় চলিয়া গেল। ৭০।

তখন সেই পুরুষও বিমান হইতে পতিত হইল এবং একটা ভীষণাকার শতপদী সপ্ত আবর্ত্ত দ্বারা ক্রমে তাহাকে বেফ্টন করিল। ৭১।

ঐ শতপদী তাহার মস্তকে গর্ত্ত করিয়া মস্তিক্ষ ও শোণিত ভক্ষণ করিতে করিতে ক্রমে তাহার মস্তক ফাঁপা করিয়া দিল। ৭২।

অনস্তর এই বীভৎস কাগু দর্শনে ক্লেশবশতঃ যেন তারকাগণ ক্রমে
নিমীলিত হইলে এবং সোচছ্ াসবদন দিন অরুণকিরণে আচ্ছন্ন হইলে
পুনর্ববার সেই দিব্যবিমান এবং সেই কামিনী প্রাত্নভূত হইল। এবং
সেই যুবা পুরুষও অন্তত দেহ ও রত্নাভরণে ভূষিত হইল। ৭৩-৭৪।

শ্রোণকোটিকর্ণ অতি বিস্ময়াবিষ্ট হইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলে তিনি বলিয়াছিলেন যে আমি বাসবগ্রামবাসী মনসানামক ব্রাহ্মণ। মদীয় এক প্রতিবেশীর তরুণী পত্নী মলয়মঞ্ভরী স্বৈরচারিণী হইয়া আমার অত্যস্ত প্রিয় হইয়াছিল। ৭৫-৭৬।

আমি পরদারাসক্ত এ মেষবুদ্ধি হইয়া ছিলাম। বিষয়গ্রামে নিমগ্ন আমার সমগ্র বুদ্ধিই ক্ষয়প্রাপ্ত হইয়াছিল। ৭৭।

আর্য্য কাত্যায়ন আমাকে পাপাচারী ও চৌরকামুক জানিতে পারিয়া করুণাবশতঃ নির্জনে আমাকে বলিয়াছিলেন। ৭৮।

রূপানুরাগবশতঃ পরাঙ্গনার অঙ্গসংসর্গ জনিত প্রীতি উদ্দেশে কামাগ্নিতে পতিত হইয়া পতক্ষের স্থায় বিনাশ প্রাপ্ত হইও না। ৭৯।

হায় ! অনুরাগাসক্ত ও পতনের জন্য প্রমাদবান কামী ও হিংসক-গণের কেবল পরদারেই আদর হয় । ৮০। স্বাপ, কম্প ও পৃথুশ্রমে বিহবল, গুএসদৃশ, অঙ্গনার মুখ ও নখ দারা ক্ষতদেহ এবং পিরবধূর প্রতি স্পৃহাবান জনগণের কেবল রোমাঞ্চ-জনক নরকেই কামনা হয়। ৮১।

অতএব বৎস এই কুৎসিত কর্ম্ম হইতে নিব্নত্ত হও। ইহাতে পাপ হয়। অশুচিম্পর্শে কুকুরদিগেরই রতি হইয়া থাকে । ৮২ i

এইরপে আর্য্য কাত্যায়ন কুপাপূর্বক নিষেধ করিলে ও মিলন বুদ্ধিবশতঃ আমি অনিবার্য্য অনুরাগে বদ্ধ হইয়া তাহাকে ত্যাগ করি নাই।৮৩।

তৎপরে কাত্যায়ন আমি বিরত হই নাই জানিয়া আমার হিতার্থে উদ্যত হইয়া আমাকে শীলসমাদানরূপ দিনচর্য্যা দান করিলেন। ৮৪।

দিনে শীলসমাদান করায় এবং রাত্রিকালে পরস্ত্রী সঙ্গমবশতঃ পুণ্য ও পাপজনিত এই স্থুখ হুঃখময়ী অবস্থা হইয়াছে। ৮৫।

তুমি বাসবগ্রামে গিয়া আমার পুত্রকে বলিবে যে আমি অগ্নি-শালাতে গৃঢ়ভাবে স্থবর্ণ রাখিয়াছিলাম। তাহা উদ্ধার করিয়া আর্য্য কাত্যায়নকে পূজা করিবে এবং তাঁহার ব্লুত্তি করিয়া দিবে। তৎকর্তৃক প্রণায়সহকারে এইরূপ কথিত হইয়া শ্রোণকোটিকর্ণ চলিয়া গোলেন। ৮৬-৮৭।

যাইতে যাইতে সম্মুখে রত্মবিমানগতা এক দিব্যললনাকে দেখিতে পাইলেন। ঐ ললনা লাবণ্যরূপ ফুঝারি হইতে অনায়াসে উদগতা লক্ষ্মীর ন্যায় স্থান্দরাকৃতি ছিল। ৮৮।

তাহার বিমানের চারিটা পাদে অতিত্রন্দর্শ ও স্নায়্বারা বন্ধ প্রেত-চতুষ্টয় দেখিয়াছিলেন। ৮৯।

সেই ললনাও তাঁহাকে চিনিতে পারিয়া স্লিগ্ধ বাক্য দারা সম্ভাষণ পূর্ববক তাঁহাকে দেবোচিত সরস পান ও ভোজন দিয়াছিলেন। ৯০। তিনি ভোজন করিতেছেন এমন সময় প্রেতগণ দৈশুসহকারে সঙ্কেত দ্বারা বাজ্রা করিলে তিনি কুপাপূর্বক কার্ফকে, যেমন পিগু দেয় সেইরূপ তাহাদিগকে দিয়াছিলেন। ৯১।

একজনের পিণ্ড বুষ হইল। অন্সের পিণ্ড লোহ হইয়া গেল। তুতীয়জনের পিণ্ড তাহার নিজমাংস হইল এবং চতুর্ঘজনের পিণ্ড পূয় হইয়া গেল। ৯২।

ভিনি প্রেতগণের এইরূপ ভাব ও কফ্ট-চেফ্টা দেখিয়া স্কুপাবশতঃ মুখকান্তিদ্বারা পদ্মের মলিনতাকারিণী ঐ ললনাকে জিজ্ঞাসা করিলেন। ৯৩।

তিনি জিজ্ঞাসা করিলে মৃগনয়না ললনা বলিয়াছিলেন যে হে শ্রোণকোটিকর্ণ তুমি ইহাদিগকে দান করিলেও তাহা দারা ইহাদের তৃপ্তি হয় না। ৯৪।

আমি বাসবগ্রামবাসী নন্দ নামক এক ব্রাহ্মণের ভার্ম্যা আমার নাম স্থনন্দা সেই ব্রাহ্মণ নন্দ এই বিমানের পূর্ববপাদ অবলম্বন করিয়া আছে। নিষ্ঠুর নামক আমার পুত্র দ্বিতীয় পাদে বন্ধ রহিয়াছে। দাসী ও সুধা পশ্চাদ্ভাগের পাদদ্য অবলম্বন করিয়া রহিয়াছে। ৯৫-৯৬।

পূর্বের নক্ষত্রযোগে পূজাকালে আমি ভোজ্যোপহার সজ্জীকৃত করিয়া রাখিলে আর্য্য কাত্যায়ন আমার গৃহে প্রবেশ করিয়া-ছিলেন। ৯৭।

আমি চিত্ত প্রসন্ন করিয়া পিগুপাতদারা তাঁহাকে অর্চনা করিয়া-ছিলাম। তিনিও কাস্তিদারা দিগ্মুখের প্রতি বৈমল্যাসূগ্রহ করিয়া গিয়াছিলেন। ৯৮।

ভৎপরে এই আমার পতি সান করিয়া আগমন করিলেন। আমি ভাঁহার প্রমোদের জন্য কাত্যায়নের পিগুপাতের কথা বলিলে ইনি ভাহা শ্রবণ করিয়া কোপবশতঃ আমাকে বলিয়াছিলেন যে এখনও পূজনীয়দিগের পূজা হয় নাই তুমি কেন বুষার্হ, বিশিখ, শঠ শ্রমণকে পূজা করিলে। ৯৯-১০০।

ইনি মোহবশতঃ এই কথা বলিলে পর এই পুত্রও আমাকে বলিয়াছিল পাকের প্রথম বস্তু ভোজনের অযোগ্য হইয়াও ব্ন যে ভোজন করিয়াছে ইহা কি তাহার লোহগুগু ভোজন করা হয় নাই। ১০১।

এই সুষা সততই পূর্বেব ভূক্ষণ করিত আমি সেই কথা বলিলে শপথ করিয়া বলিয়াছিল যে সে যদি যাইয়া থাকে তাহা হইলে নিজমাংস । ভক্ষণ করিয়াছে। ১০২।

এই দাসী ভোজ্য দ্রব্য চুরি করিয়া ব্যয় করিত আমি তিরক্ষার করায় পূয় শোণিত ভক্ষণ করি বলিয়া শপথ করিয়াছিল। ১০৩।

এখন ইহারা প্রেতভাব প্রাপ্ত হইয়াছে এবং নিজের বাক্যসদৃশ ইহাদের মুখ হইয়াছে। আমি আর্য্য কাত্যায়নের প্রসাদে দিব্য ভোগ সম্ভোগ করিতেছি। ১০৪।

তুমি স্বদেশে গিয়া আমার কন্সাকে বলিবে যে তাহার পিতার গৃহে চারিটী স্থবর্ণ নিধান আছে। তাহা উদ্ধার করিয়া যথাযোগ্য কর্ম্ম করিয়া স্বজনের স্থিতি করিবে এবং পিতার ভ্রাতা কাত্যায়নকে সর্ববদা পূজা করিবে। ১০৫-১০৬।

অতএব হে শ্রোণকোটিকর্ণ তুমি দেশে যাও শ্রাম ত্যাগ কর তুমি গৃহ হইতে নির্গত হইয়াছ দ্বাদশবর্ষ পূর্ণ হইয়াছে। ১০৭।

তাঁহাকে এই কথা ধলিয়া ঐ প্রেতচতুষ্টয়কে আদেশ করিয়া
মুহূর্ত্তকাল মধ্যেই নিদ্রিত শ্রোণকোটিকর্ণের স্বদেশগমন করিয়া
দিলেন। ১০৮।

তিনিও সহসা স্বদেশের উদ্যানকানন হইতে উপিত হইয়া শুনিলেন যে তাঁহার পিতা ও মাতা তাঁহার বিয়োগ-শোকে অন্ধ হইয়া-ছেন। ১০৯। দেবালয়ে ভিক্সু, দ্বিজ ও অতিথিগণ পূজিত হইতেছিলেন এমন সময় তিনি নিজ পিতৃগৃহ দেখিয়া অতিশয় বিশ্বিত হইয়াছিলেন।১১০। সমস্ত বস্তই ক্ষণিক ও অনিত্য এইরূপ নিশ্চয় করিয়া তিনি স্নেহ ও অ্মুরাগ পরিত্যাগপূর্বক সেইখানে বসিয়া চিস্তা করিয়া।

অহে। এই নিরস্তরা মোহনিদ্রা দিবারাত্রি স্বপ্ন ও মায়াবিলাসদারা অম্বৃত বিভ্রম উৎপাদন করিতেছে। ১১২।

ছिल्न। ১১১।

মাতা জন্মের পথ প্রদান করেন। পিতা বীজবপনকারী পক্ষি-স্বরূপ। এই দেহ পাছগণের পূজার আসন। এ কিরূপ নিয়ম সমা-গম বুঝিতে পারি না। ১১৩।

সংসার আকাশে পরিভ্রমণশীলা ও আঞ্চনকাস্তিদার। দিগন্তের উজ্জ্বলতাকারিণী লক্ষ্মী বিষ্ণ্যুতের ন্যায় চপল। এইদেহ ক্ষয় ও ভয়ের আশ্রয় এবং জরা, রোগ ও উদ্বেগের দারা সতত সঙ্গত। ইহাতেও লোকের বৈরাগ্য হয় না। ১১৪।

স্বজনগণের মঙ্গল লাভের জন্য লক্ষ্মীর উদ্দেশে আমি এই অঞ্চলি বন্ধ করিলাম। দাক্ষিণ্যবশতঃ লক্ষ্মী ক্ষমা করুন। স্ত্রীলোকের মধ্যে প্রভাষ্যাই আমার প্রিয়া। ১১৫।

তিনি এইরপ চিন্তা করিয়া পিতা ও মাতাকে আখাস প্রদানপূর্বক তাঁহাদের লোচন লাভ করাইয়া শান্তিধাম বিশুদ্ধ ধর্মপথে বুদ্ধি নিবিষ্ট করিলেন। ১১৬।

তিনি সার্থভ্রম্ভ ইইয়া বছকাল পরে আসিয়াছেন এবং অত্যস্ত কুশ ইইয়াছিলেন তথাপি তাঁহার সম্ববিভব লুপ্ত না হওয়ায় স্বজনেরও কুপাস্পদ হন নাই। ১১৭।

ইনি সংসারক্রেশে বিহ্বল ইহাঁর প্রতি অমুকম্পা করুন্। সম্পৎসম্পর্কে নিস্পৃহ সাধুজন কাহার ক্বপাপাত্র না হন। ১১৮। অনস্তর পশুপালক ও বিপ্রপত্নীর সংবাদ যথাকথিতরূপে তাহাদিগকে বলিয়া এবং কনকপ্রাপ্তি দারা তাহাদের প্রত্যন্ন করাইয়া
কাত্যায়নসকাশে গমনপূর্ধবিক শান্তিসম্পন্ন হইয়া পব্রজ্যা গ্রহণ
করিয়াছিলেন যাহা মুঝজনের বিষাদজনক তাহাই ধীমানের সস্তোধকর হয়। ১১৯, ১২০!

তৎপরে তিনি বিশদ ক্রোতঃপ্রাপ্তিফল এবং ক্রেমে সক্কুদাগামি, অনাগামি ও অর্থফল প্রাপ্ত হইয়া ত্রেধাতুক, রীতরাগ, লোষ্ট্র ও কাঞ্চনে সমজ্ঞানবান্ আকাশপাণি তুল্য এবং অসি ও চন্দনে সমজ্ঞান-বান্ হইয়া ছিলেন। ১২ ১-১২২ 1

অনন্তর তিনি কাত্যায়নের আজ্ঞামুসারে শ্রাবন্তীনগরীতে জেতবন নামক বেণুকাননে অবস্থিত ভগবান্কে দেখিতে গিয়াছিলেন। ১২৩।

তথায় ভগবান্কে প্রণিপাত করিয়া ভগবৎপ্রদন্ত আতিখ্য গ্রহণ পূর্বক অত্যন্ত হর্ধান্বিত হইয়া বলিয়াছিলেন। ১২৪।

আপনি ধর্ম্মকায় ধারণ করিয়া আমাদের শ্রোত্রপথে অমুভূত হইয়াছেন। অধুনা পুণ্যবলে রূপকায়ে আপনাকে দেখিতেছি। ১২৫। বহুপুণ্যলভ্য এই দর্শনায়ত পান করিয়া যাহারা তৃপ্তিলাভ করে

বহুপুণালভা এই দশনামৃত পান কারয়া যাহারা তাপ্তলাভ করে না তাহারা নিতাস্ত বঞ্চিত। ১২৬।

আপনি নিজে নিস্পৃছ হইলেও আপনার মূর্ত্তি কাহার স্পৃহা উৎ-পাদন না করে। আপনি নির্লিপ্ত হইলেও আপনার দৃষ্টি সকলকেই হর্ষলিপ্ত করে ইহা বড়ই আশ্চর্য্য। ১২৭।

আপনার কথা, আপনার চিন্তা, আপনার দর্শন ও আপনার দেবা এই সকলই কুশলমূলের স্ফীত ফলস্বরূপ। ১২৮।

ভগবান্ এই কথা শুনিয়া প্রসাদ দারা তাহাকে অভিনন্দিত করিয়া-ছিলেন। তিনি ভগবানের আদেশে সমারাম নামক বিহারে গমন করিয়াছিলেন। ১২৯। ভগবানও তাঁহার আশ্রামে গমন করিয়া মধুর ধর্ম্মকথা শ্রাবণ করিয়া তাঁহার স্বাধ্যায়ের প্রশংসা করিতেন। ১৩০ i "

ভিক্ষুগণ শ্রোণকোটিকর্ণের এইরূপ প্রশমসম্পদ দেখিয়া ভগ-বান্কে পূর্ববৃত্তান্ত জিজ্ঞাসা করায় তিনি বলিয়াছিলেন। ১৩১।

পুরাকালে বারাণসীতে কাশ্যপনামক নির্ব্বাণ ধাতু সম্যক্ সমস্ত কর্মা ক্ষয়বশতঃ পরিনির ত হইলে কৃকি নামক রাজা রত্ন ভারা চৈত্য নির্মাণ করিয়াছিলেন। চৈত্যটী যেন তাঁহার পুণ্যরাশি প্রকাশ করিবার জন্য স্বয়ং স্বর্গ হইতে আসিয়া উদ্গত হইয়াছিল। ১৩২-১৩৩।

ঐ চৈত্যের স্থপতিসংস্কার শীস্কার শীর্ণ ছইলে কৃকিপুত্র রাজ্যলাভ করিয়া লোভবশতঃ ঐ চৈত্যে রক্ষিত ধন প্রদান করেন নাই। ১৩৪।

অতঃপর একদিন উত্তরাপথ হইতে সমাগত একজন ধনী সার্থবাহ ঐ চৈত্যের জন্য পৃথিবীর তুল্য মূল্য একটা কর্ণভূষণ প্রদান করিয়া-ছিলেন। ১৩৫।

কিছুকাল পরে পুনরায় আসিয়া প্রচুর ধন প্রদানপূর্বক ঐ সার্থ-বাহ প্রণিধান করিয়াছিলেন যে তিনি যেন পুণ্যবান্ হন। ১৩৬।

তিনিই এই শ্রোণকোটিকর্ণ পুণ্যবলে মহৎপদ প্রাপ্ত হইয়াছেন। সেই জন্যই ইনি কর্ণভূষণ লক্ষণান্বিত হইয়াছেন। ১৩৭।

ইনি প্রস্থানসময়ে মাতাকে পরুষ বাক্য বলিয়াছিলেন এজন্য ইহার মহাপরিশ্রম হইয়াছিল। ১৩৮।

স্থকর্ম্মরূপ শুল্রবর্ণ মহৎবল্কের মধ্যে অস্থকর্ম্মরূপ সামান্য মাত্র কালিমাও স্পষ্ট দেখিতে পাওয়া যায়। ১৩৯।

সংকার্য্য সমন্বিত সন্ধোৎসাহ, প্রবাসসহিতা ধ্রতি, বিষমতরণ বিষয়ে সেতু স্বরূপ বীর্য্য, বিপদে অধিক কুপা এবং পর্য্যস্তকালে শান্তি-সমন্বিতা প্রসাদময়ী বৃদ্ধি এ সমস্তই পুণ্যপ্রাপ্তির মহাফল শালিনী পরিণতি। ১৪০।

विश्म शहार

আত্রপাল্যবদান

हिजिह्नसङ्गे कथमस्ति हित्त्रिनेकसुख्ये कथमस्ति सीख्यम्। कर्न्नाम्सबन्धेऽस्ति कथं स्वयक्तिः प्रज्ञाप्रकर्षे कथमस्यपायः॥१॥

ছিজিহব অর্থাৎ খলজনের সংসর্গে জীবিকা কিরুপে হইতে পারে ? বছলোক প্রধান হইলে কিরুপে স্থুখ হইতে পারে ? কর্ম্মবন্ধনে বন্ধ হইলে কিরূপে নিজশক্তি থাকিতে পারে ? এইরূপ প্রজ্ঞার উৎকর্ম হইলেও কোনরূপেই অপায় হয় না। ১।

বিদেহদেশে মিথিলানগরে জলসন্ত নামে এক রাজা ছিলেন। ইহাঁর ভুজরূপ ভুজক্বের উপর সমগ্র পৃথিবীর ভার অবস্থিত ছিল। ২।

ইন্দ্রতুল্য সম্পত্তিশালী এই রাজার খণ্ডনামে একজন মহামাত্য ছিলেন। ইনি সর্ব্ধপ্রকার সন্ধিবিগ্রহাদি যাড়্গুণ্যের পরিজ্ঞানবিষয়ে ব্রহস্পতিতুল্য ছিলেন। ৩।

ইনি ভালরূপ নীতিজ্ঞ ছিলেন, এজন্ম ইহাঁর প্রতি গৌরবপ্রদর্শনার্ধ রাজা স্পষ্টতঃ কোন রাজকার্যাই দেখিতেন না। সমস্ত প্রজাগণ কার্য্য-বশতঃ ইহাঁরই মুখাপেক্ষী ছিল। ৪।

জলপ্রবাহ যেরূপ বার্য্যমাণ হইলেও গতামুগতিকতানিবন্ধন ক্রমশই বার্দ্ধত হয়, স্বজনের কার্য্যভারও তদ্রুপ বর্দ্ধিত হয়। ৫।

সমস্ত রাজ্যই মন্ত্রিবর খণ্ডের আয়ত্ত দেখিয়া অক্যান্ত মন্ত্রিগণ মাৎসর্ব্যবশতঃ মিলিত হইয়া তাঁহার বিনাশের বিষয় চিন্তা করিয়া-ছিল। ৬।

ভেদনিপুণ মন্ত্রিগণ রাজার গৃছে প্রবেশ করিয়া পুনঃ পুনঃ খণ্ডের প্রভাববিস্তারে অনিফ্রাশঙ্কা বর্ণনা করিত। ৭। রাজা তাঁহাদের বাক্যে শক্ষিত হইয়া ক্রমে খণ্ডের প্রতি বিমুখ হইয়াছিলেন। অবলা, বালক ও রাজা বর্ণনাবাকে, দৃত বিশাস করিয়া থাকে।৮।

অবিশেষ্জ্ঞ চপল রাজগণ কাকের গ্রায় সর্ববদা শক্কিতস্বভাব। ইহারা অশক্ষনীয় হইডেও শক্ষিত হয় এবং শক্কাস্পদেও শক্ষিত হয় না। ১।

অমাত্যপুস্থব খণ্ড প্রভুর বিরক্তিচিহ্ন দেখিয়া সশঙ্ক হইয়াছিলেন এবং নিজ পুত্র গোপ ও সিংহকে ধীরভাবে বলিয়াছিলেন, ১০।

রাজা খল ও ধূর্ত্তগণের কথায় আমার প্রতি বিশ্বাসহীন হইয়াছেন। আমি হৃদয় বিদারণ করিয়া দেখাইলেও তিনি প্রত্যয় করেন না। ১১।

প্রভূ বিরক্ত হইয়া আলাপ, দর্শন ও কথা শ্রবণ পর্য্যন্ত স্থানিত করিয়াছেন। তিনি রন্ধের সেফের আয় আমার পক্ষে শিথিল হইয়াছেন। ১২।

পিশুনজন কর্তৃক প্রেমের ভেদ সম্পাদিত হইলে, তাহার আর সংযোজনা হয় না। মণি পাষাণদারা খণ্ড খণ্ড করিলে, তাহার আর পুনরায় সংশ্লেষণ করা যায় না। ১৩।

রাজরপ চন্দনর্ক গুণবান্ ও প্রয়োজনকারী হইলেও যদি খলরপ সর্প দারা আক্রান্ত হয়, তাহা হইলে উহা আশ্রয়ণীয় নহে। ১৪।

নৃপরূপ নিধানের প্রার্থী লোক ঘোর বিদ্বেষবিষে পরিপূর্ণ খলরূপ সর্পের আঘাতে বিহবল হইয়া কিরূপে মঙ্গল লাভ করিবে। ১৫।

অতএব আমরা এদেশ ত্যাগ করিয়া চলিয়া ু যাইব। রাজার বিষেষদোবে শঙ্কাশল্যময় এদেশে থাকিবার প্রয়োজন কি 🕈 ১৬।

বিশালানগরীতে দক্ষ, রক্ষাক্ষম, শূর, প্রভূত ধনবান্ এবং স্থসংযত সজ্জনগণ বাস করেন। সেখানে বাস করাই আমার অভিপ্রেত ।১৭। অমাত্য খণ্ড এই কথা বলিলে, তাঁহার পুত্রম্বয়ও তাহাই অমুমোদন করিয়াছিল। তৎপারে তিনি পরিচছদ গ্রহণ করিয়া অমুচরগণ সহ উত্যানবিহার ভান করিয়া তথা হইতে চলিয়া গেলেন। ১৮।

রাজা তাঁহার প্রয়াণকথা জানিতে পারিয়া নিবর্ত্তনের জন্ম উদ্ভত হইয়াছিলেন, কিন্তু বহুহত্বেও তাঁহাকে আর পান নাই। পরিত্যক্ত বস্তুর পুনরায় লাভ হয় না। ১৯।

মূর্খগণ সজ্জনের প্রতি অবজ্ঞা করিয়া সে সময়ে তাঁহাদের দ্বারা বিমোহিত হয়। পুনর্ববার তাঁহাদিগকে প্রার্থনা করিলে কেইই ক্বত-কার্য্য ইইতে পারে না। ২০।

ধীমান্ অমাত্য খণ্ড তাঁহার গুণাকৃষ্ট বিশালানগরীবাসী জনগণ-কর্তৃক প্রণয়াচার দ্বারা পূজিত হইয়া সজ্বমুখ্যপদে প্রতিষ্ঠিত হইয়াছিলেন। ২১।

ঐ পুরবাসী জনগণ ইহাঁর বুদ্ধিপ্রভাবে শ্রীমান্ হইয়াছিল এবং কখনও অন্যায়াচরণ করিয়া পরাভব প্রাপ্ত হয় নাই। ২২।

কালক্রমে খণ্ডের কনিষ্ঠপুত্র সিংহের চৈলানামে একটা গুণবজী কন্যা এবং উপটেলা নামে আর একটা স্থল্বরী কন্যা জন্মিয়াছিল। এই কন্যান্বয়ের জন্মকালেই একজন বিচক্ষণ দৈবজ্ঞ বলিয়াছিলেন যে, চৈলার পুত্র একজন পিতৃঘাতী রাজা হইবে এবং উপটেলার পুত্র গুণবান্ ও সম্পূর্ণ লক্ষণযুক্ত হইবে। ২৩—২৫।

অতিগব্বিত খণ্ডের জ্যেষ্ঠপুত্র গোপ শোর্য্য প্রকাশ করিয়া গণাধিষ্ঠান উদ্যানের বিমর্দ্ধন করায় সে সকলের বিদ্বেষপাত্র হইয়াছিল। ২৬।

খণ্ডের পুত্র বিদেষপাত্র হইলেও তাহার পিতার প্রতি গৌরব-বশতঃ বিশালানগরীর প্রাস্তভাগে তুই ভাইকে ছুইটী জীর্ণ উদ্ধান দেওয়া হইয়াছিল। ২৭।

একজন সেখানে স্থকৃতামুসারে একটা স্থগভপ্রতিমা স্থাপন

করিয়াছিল এবং অপর ভাতা ভুবনাভরণস্বরূপ একটা ব্লহৎ বিহার নির্মাণ করিয়াছিল। ২৮।

অতঃপর মন্ত্রী খণ্ড বলগর্নিত নিজপুত্র গোপকে সজ্বগণের কোপ-ভয়ে প্রত্যন্তমণ্ডলে স্থাপিত করিয়াছিলেন। ২৯।

কালক্রমে মন্ত্রিবর খণ্ড স্বর্গগামী হইলে, সঞ্জ্বগণ তদীয় কনিষ্ঠপুত্র সিংহের সাধুতাবশতঃ তাহাকেই ঐ পদে নিযুক্ত করিয়াছিল। ৩০।

গোপ সজ্বগণ কর্তৃক বিমানিত হইয়া পৈতৃক পদ না পাওয়ায় ঐ দেশে বাদ করিতে অনিচ্ছুক হইয়া দেশত্যাগ করিবার চেফা করিয়াছিলেন। ৩১।

বরং কণ্টকাকীর্ণ ও ব্যাম্রাধিষ্ঠিত বনে বাস করা ভাল, কিন্তু ভিন্ন ভিন্ন মতাবলম্বী বহু প্রভু দারা পরিচালিত বিশৃষ্খল স্থানে থাকা উচিত নহে। ৩২।

সজ্বগণের প্রত্যেকেরই মত ভিন্ন এবং কার্য্যকলাপও ভিন্ন। কিন্নপে সকলকে আরাধনা করা যায় ? একজনের যাহা অভিপ্রেত তাহাতে অন্তের অভিক্রচি হয় না। ৩৩।

অভিমানী মন্ত্রিপুত্র গোপ মনে মনে এইরূপ চিন্তা করিয়া রাজগৃহ নগরে গমনপূর্ব্বক গুণগ্রাহী রাজা বিদ্বিসারকে আশ্রয় করিয়া-ছিলেন। ৩৪।

তিনি প্রীতিসহকারে রাজাকত্ত্ ক সম্মানিত হইয়াছিলেন এবং রাজার অত্যন্ত বিশ্বাসপাত্র হইয়াছিলেন। গুণসঙ্গতি চিরকালই রুচিকর হয়। ৩৫।

অতঃপর রাজা বিশ্বিদারের ভার্য্যা পঞ্চত প্রাপ্ত হইলেন। বুদ্ধিমান্ গোপ রাজাকে বিয়োগসন্তপ্ত বুঝিয়া নিজ আতৃকন্তা উপচৈলাকে তাঁহার বিবাহযোগ্যা বধূ বিবেচনাপূর্বক রাজার আদেশামুসারে গূঢ়-ভাবে বৈশালপুরীতে গমন করিয়াছিলেন। ৩৬—৩৭। বৈশালিকগণ পূর্বেই স্বদেশে নিয়ম করিয়াছিল যে, এই কন্সা সভ্বগণেরই উপভোগ্যা হইবে। কাহাকেও দান করা হইবে না। ৩৮।

ঐ পুরে দাররক্ষার জন্য যক্ষস্থানে একটি ঘণ্টা লম্বমান করিয়া ঝুলান ছিল। ঐ ঘণ্টা অন্য কাহারও পুরপ্রবেশকালে মহা শব্দ করিত। ৩৯।

গোপ পুরে প্রবেশ করিয়া গূঢ়ভাবে উত্তানচারিণী উপচৈলাকে আনয়ন করিতে গিয়া অবশেষে চৈলাকে পাইয়াছিলেন। ৪০।

তৎপরে তিনি ঘণ্টাশব্দবশাৎ আক্রমণ করিবার জন্ম ধাবিত বীর-পুরুষগণকে হত্যা করিয়া চৈলাকে গ্রহণপূর্বক রথে আরোহণ করিয়া রাজা বিশ্বিসারের নগরে আসিয়াছিলেন। ৪১।

তিনি রাজাকে বলিয়াছিলেন যে এই দেবকন্যাটী পাইয়াছি, কিন্তু দৈবজ্ঞ বলিয়াছেন যে, ইহার গর্ভজাত পুত্র পিতৃহস্তা হইবে। ৪২।

অতএব মহারাজ এ কন্যাটি আপনার মহিনী হওয়া উচিত নছে। আপনি জীবিত থাকিলে প্রজাগণের সকল সম্পদ্ অক্ষুণ্ণ থাকিবে। ৪৩।

তিনি এইকথা বলিলে পর, রাজা কন্যাটী দেখিয়া ও তাহার মুখঞ্জী দারা কর্ম্মদূত্রের ন্যায় নিরুদ্ধ হইয়া ত্যাগ করিতে পারিলেন না। ৪৪।

রাজা বলিয়াছিলেন যে, পুত্র পিতাকে হত্যা করিয়াছে, ইহা কি কেহ কখন কোথায়ও দেখিয়াছে। যদি আমার পুত্র হয়, তাহা হইলে আমি নিজেই তাহাকে রাজ্যে অভিষক্ত করিব। ৪৫।

রাজা এই কথা বলিয়া কন্যাটীকে বিবাহ করিয়া স্থা হইয়া-ছিলেন। কৃতকর্ম্মের তরঙ্গনির্মাণবিষয়ে বৃদ্ধির কিছুই সামর্থ্য নাই। ৪৬।

এইরপে ভোগাসক্ত রাজার কালক্রমে ঐ কন্যাগর্ভে একটা পুত্র জন্মিয়াছিল। জ্যোতিক্ষচরিতে সেই পিতৃদ্রোহা পুত্রের চরিতক্থা বলা হইয়াছে। ৪৭। তপোবনবর্ত্তী মৃগের প্রতি মৃগয়া করিতে আসক্তিবশতঃ রাজার প্রতি এই প্রকার মৃনিশাপ পুত্রাকারে উৎপন্ন হইয়:ছিল। ৪৮।

ইত্যবসরে বৈশালিকগণের অগ্রগণ্য মহান্ আত্রবনে কদলীক্ষন্ধ হইতে নির্গতা একটা কন্মাকে পাইয়াছিল। ৪৯।

ঐ কমনীয়া কন্যা মহানের গৃহেই বর্দ্ধিত হইতে লাগিল। তাঁহার মনে বিপুলা প্রীতি এবং কন্যাদানচিন্তাও হইয়াছিল। ৫০।

বন্ধুগণ প্রীতিবশতঃ ঐ কন্সার নাম আম্রপালী রাখিয়াছিল। ক্রমে ঐ কন্সা বাল্য উত্তীর্ণ হইয়া যৌবন প্রাপ্ত হইল। ৫১।

পিতা ঐ কন্সার বিবাহ দিতে উদ্যত হইলে, বৈশালিকগণ তাহাদের পূর্ববন্ধত নিয়ম অর্থাৎ "কন্সা সজ্মগণের উপভোগ্যা হইবে" এই নিয়মের ব্যতিক্রম সহু করিল না। ৫২।

কশাটী হঃখদস্তপ্ত নিজ পিতার নিকট আসিয়া বলিল যে, যদি এইরূপ নিয়ম হইয়া থাকে, তাহা হইলে আমি গণেরই ভোগ্যা হইব ? ৫৩।

কিন্তু আমি স্বস্থানেই থাকিব এবং একজন থাকিতে অন্যের প্রবেশ হইবে না। প্রত্যহ পাঁচশত কার্যাপণ আমার পণ নির্দ্ধিষ্ট রহিল। ৫৪।

সপ্তাহ অস্তর আমার গৃহে বিচয় অর্থাৎ অনুসন্ধান করিতে হইবে। অন্য সময় নহে। আমার এইরূপ নিয়মের ব্যতিক্রম যে করিবে, সে বধ্য হইবে। ৫৫।

ঐ কন্থার এইরূপ নিয়ম জানিয়া তাহার পিতার বাক্যানুসারে গণেরা তাহাই স্বীকার করিয়া আদরসহকারে দৃঢ় নিশ্চয় করিয়া-ছিল। ৫৬।

তৎপরে উৎকৃষ্ট রত্ন ও আভরণে ভূষিতা ঐ কন্সা স্থবর্ণময় প্রাসাদে সমারত হইয়া দিন নির্দ্দেশ করিয়াছিল। ৫৭। অনস্তর যে সকল পণীক্বত কামী তাহার নিকট উপস্থিত হইয়াছিল, তাহারা সকলেই, ঐ ফিয়ার প্রভাবে ক্ষীণতেজ হইয়াছিল। ৫৮।

তাহারা ভুজঙ্গবেষ্টিত চন্দনলতার স্থায় ঐ কস্থাকে দেখিতেই সমর্থ হয় নাই, স্পর্শ করিতে পারা ত দূরের কথা। ৫৯।

তৎপরে ঐ স্থন্দরী কন্সা যৌবনেরও যৌবন প্রাপ্ত হইয়াছিল। তাহার গুরুতর স্তনভারে যেন, মধ্যদেশ ভাঙ্গিয়া পড়িবে বলিয়া জ্ব হইয়াছিল। ৬০।

তাহার সেই অস্তুতরূপ কামসস্তোগ রহিত হওয়ায় শ্বভোৎপঃ হেমলতার পুষ্পের আয় নিক্ষল হইয়াছিল। ৬১।

কন্তা কৌতুকাশা বিনোদনের জন্ত নানাদেশ হইতে সমাগত চিত্রকর দ্বারা গৃহমধ্যে রাজগণের প্রতিকৃতি করাইয়াছিল। ৬২।

ক্রমে ক্রমে সমস্ত রাজগণের চিত্র বিধান করিয়া ঐ কন্সা বিশ্বিসারের রূপই কন্দর্পের স্থায় জ্ঞান করিয়াছিল। ৬৩।

তাঁহাকে দেখিয়াই সহসা কন্সার মনোভাব উদ্ভূত হইয়াছি। এবং কৌতূহলবশতঃ সেই চিত্রকরকে জিজ্ঞাসা করিয়াছিল, ৬৪।

সথে! প্রীতিলতার পক্ষে বসস্তম্বরূপ এই রাজাটী কে। ইহাঁর স্থাময় কান্তি আমার লোচনম্বয়ের অতিশয় প্রীতিপ্রা হইতেছে। ৬৫।

কোন ধন্যা নারী ইহাঁর প্রণয়ভাগিনী হইয়াছে ? সে নিশ্চয়ই উর্ববশীর সৌভাগ্যগর্বকেও সংহার করিয়াছে। ৬৬।

কন্সা এইরূপ জিজ্ঞাসা করিলে, চিত্রকর তাহাকে বলিয়াছিল, ইনি রাজা বিশ্বিসার। ইনি পুণ্যসম্পদের সারস্বরূপ। ৬৭।

স্বর্গবাসী দেবগণ ইহার শৌর্য ও রূপের তুলনায় গ্রাহ্ম হন না। বোধ করি, মন্মথও ইহার সন্মুখে মনোরথভাজন হন না। ৬৮।

চিত্রকর এই কথা বলিলে, কন্মা ভূপালের দিকে লোচন নিক্ষিপ্ত

করিয়া রহিলেন। তিনি সহসাই অভিলাষ কর্ত্তৃক নৃতন অভিমুখীকৃতা হইয়াছিলেন। ৬৯ 1

ইত্যবসরে রাজা বিশ্বিসার নির্জন স্বৈরগৃহে কথাপ্রসঙ্গে হাস্যদারা অধরকান্তি ধর্বলিত করিয়া গোপকে বলিয়াছিলেন। ৭০।

সখে! আমার মনে যাহা কিছু আছে, বলিতেছি, শ্রাবণ কর।
মিত্রের সহিত অবাধিত ও স্বচ্ছন্দ কথোপকথন স্থাবৎ মধুর হইয়া
থাকে। ৭১।

শুনিতেছি যে, বৈশালিকগণ সেই রম্ভাগর্ভসমুভূতা রম্ভোর কন্যাটীকে সাধারণভোগ্যারূপে নির্দ্দিষ্ট করিয়া রাখিয়াছে, কিন্তু সে তেজস্বীর সহিত প্রণয়ের যোগ্য। তাহার প্রভাবে সকলেরই আশা বিনষ্ট হইয়াছে। এখনও মাতঙ্গ যেরূপ পদ্মিনীকে দূষিত করে, তজ্ঞপ তাহাকে তাহারা দূষিত করিতে পারে নাই। ৭২—৭৩।

সেই অযোনিসম্ভূত স্ত্রীরত্নের নামশ্রবণেই কাহার মন আনন্দ ও কৌতুকরসে পরিপ্লুত না হয়। ৭৪।

আমার মন ও চক্ষু তাহাতে অভিলাষী হইয়াছে। মদীয় কর্ণ তাহার গুণশ্রবণে ধন্ম হইয়াছে, একারণ আমার ইচ্ছা যে সততই তাহার গুণ শ্রবণ করি। ৭৫।

রাজা এই কথা বলিলে পর, গোপ তাঁহাকে বলিল, মহারাজ!
সেই মন্মথনিধিটা ধূর্ত্তরূপ ভুজক্ষগণে সংরুদ্ধ। ৭৬।

বিষমেয়ু কন্দর্প আপনাকে এই একটা ৰিষ্ম পথ দেখাইয়া দিয়াছেন। এ পথ অতি তুর্গম। এখানে সামান্যমাত্রায় স্থলন হইলে, এরূপ ভাবে নিপাত হইবে যে, তাহা অতি তুঃসূহ হইবে। ৭৭।

সে বাহিরে আসিতে পায় না। আপনারও তথায় গমন

যুক্তিসিদ্ধ নহে। অতএব এই নিরুপায় উভয়সঙ্কটে কি
বুলিব ১ ৭৮।

গোপ এই কথা বলিলেও রাজা উৎকণ্ঠা ত্যাগ করিতে পারেন নাই। বিদ্বান্ ব্যক্তিও স্মরাতুর হইলে উচিত্নীতির অমুসরণ করে না। ৭৯। '

অতঃপর রাজা গোপের সহিত বৈশালিকপুরীতে গমন করিয়া-ছিলেন এবং অস্তবেশ ধারণ করিয়া হরিণেক্ষণার মন্দিরে প্রবেশ করিয়াছিলেন। ৮০।

আত্রপালী চিত্রদর্শন দ্বারা চক্ষুর পরিচিত নরনাথকে বিলোকন করিয়া লঙ্জায় ক্ষিতিতলে দৃষ্টিক্ষেপ করিয়াছিলেন। ৮১।

তিনি লঙ্জায় নিরুত্তর হইলে কম্পবশতঃ শব্দায়মানা ভদীয় রসনাই রাজার স্বাগতসম্ভাষণ করিয়াছিল। ৮২।

রাঙ্গা তথায় চিত্রে নিজ প্রতিকৃতি দেখিয়া ধশ্যজ্ঞান করিয়া-ছিলেন এবং নয়নরূপ অঞ্জলি দারা সেই লাবণ্যনদী পান করিয়াছিলেন। ৮৩।

স্থলরী লজ্জাবশতঃ এবং রাজা আভিজাত্যবশতঃ মৌনাবলম্বন করিলে পর, গোপ হাস্যসহকারে আম্রপালীকে বলিয়াছিল, ৮৪।

তুমি চিত্রলিখিত আকারের একাগ্রভাবে ধ্যান করিয়াছ। সেই প্রভাবে মহারাজ অন্ত প্রত্যক্ষ হইয়াছেন। ৮৫।

তুমি ইহাঁকে চিত্রে অঙ্কিত করিয়াছ। ইনিও তোমাকে মনোমধ্যে অঙ্কিত করিয়াছেন। কে তোমাদের উভয়ের প্রেমদূত হইয়াছে তাহা জানি না। ৮৬।

ইত্যাদি কথাবন্ধ দারা উভয়ের মনোরথ পরিপূর্ণ হইলে, কন্দর্প যাহা যাহা আদেশ করিয়াছিলেন, তৎসমুদরই আস্বাদুন করা হইয়াছিল। ৮৭।

প্রচ্ছন্নকামুক রাজা বিশ্বিসার সপ্তরাত্রি কাল আম্রপালীর ভবনে অদৃশ্য নির্জনস্থানে অবস্থান করিয়াছিলেন। ৮৮। ক্রমে পুপিতা লতার স্থায় আত্রপালী রাজা হইতে গর্ভ ধারণ করিয়া লজ্জায় অবনত হইলেন এবং রাজাকে ব্রতাস্ত জানাই-লেন।৮৯।

তৎপরে বেশাবিচয় অর্থাৎ গৃহানুসন্ধান আসন্ধ হইলে, রাজা ভাবিপুত্র পরিজ্ঞানের জন্ম তাহাকে অঙ্গুরীয়কটা দিয়া চলিয়া গেলেন। ৯০।

সূর্য্যসদৃশ সমুজ্জনকান্তি ও লোকলোচনের সম্মত রাজা চলিয়া গোলে সদ্যঃসমুদিত বিরহরূপ অন্ধকারের আক্রমণে আত্রপালীর মুখপদ্ম মলিন হইয়াছিল। সে নিশার তায় সায়ন্তন মন্দবায়ুর সংস্পর্শে অভিভূতা হইয়া শোক ও উচ্ছ্বাসবশতঃ হাসহীনা হইয়া-ছিল। ১১।

আত্রপালী পাণিপদ্ম দারা কপোলদেশ, সঙ্কল্প দারা রাজা এবং অঙ্গ দারা নূতন কুশতা বহন করিয়া নিমীলিত হইয়াছিলেন। ৯২।

কালক্রমে কল্যানী আম্রপালী স্ত্রুদ্ধি যেরূপ বিনয় প্রসব করে, তক্ষপ পিতার প্রতিবিদ্বসদৃশ একটী পুত্র প্রসব করিল। ১৩।

পুত্রটী চন্দ্রকলার স্থায় ক্রমে বর্দ্ধিত হইলে, এটা রাজা বিশ্বিসারের পুত্র এই কথাই লোকে প্রচার হইল। ১৪।

যখন শিশুগণ ক্রীড়াপ্রসঙ্গে অমর্যান্বিত হইয়া সেই সেই অমুচিত অপবাদ দ্বারা বালককে গালাগালি দিত, তখন আম্রপালী পুত্রকে বিদ্যার্জ্জনের উপযুক্ত বিবেচনা করিয়া অঙ্গুরীয়কটী আহার হস্তে দিয়া বিশক্ত-সম্প্রদায়ের সহিত তাহাকে পিতৃস্থানে পাঠাইয়াছিল। ৯৫-৯৬।

রাজা বিষিষারও সদৃশপ্রকৃতি আত্মজকে পাইয়া হর্ষসহকারে আলিঙ্গন-পূর্ববক তাহাকে গ্রহণ করিয়াভিলের চক্তরণা

. আত্রপালীর এই বৃত্তান্ত লোকগধ্যে বিকাঠ হইলে, কেইবৃক্পরায়ণ ভিক্নুগণ জিজ্ঞাসা করায় ভগবানু শ্বিন বলিয়াছিলেন ১৯৮। রাজগৃহপুরে রাজবল্লভ উদ্যানকাননে মালতী নামে এক উদ্যান-পালিকা ছিল। একদা সে যদৃচ্ছাসমাগত প্রসাদার্ক্র রাজর্ষি প্রত্যেক-বুদ্ধকে চূতপুষ্প দ্বারা পূজা করিয়াছিল। ৯১-১০০।

সে তাঁহার সম্মুখে চিত্তপ্রসাদপূর্বকে প্রণিধান করিয়াছিল যে, আমি যেন অযোনিজ্য ৮ ডাজপত্রি হই । ১০১।

পুণ্যরপ পুস্প ও ফালের ভোণাশালিনী সেই উদ্যানপালিকাই আন্ত্র-পালীরূপে দিব্যদেহ লাভ করিয়াছে। ভিন্তুগণ এইরূপ উদার চরিত শ্রবণ করিয়া সহসা বিস্ময়ান্তিত হইয়াছিলেন। ১০২।

একবিংশ পল্লব

জেতবন প্রতিগ্রহাবদান

दृष्टं मुष्टिनिविष्टपारदक्षणाकारं नराणां धनं धन्योऽसी यशसा सङ्घाचयपदं यद्यस्यविद्योतते । दीनानाथगणार्पणोपकरणीभूतप्रभृतित्रयः पुर्खारामविङ्गारचैत्यभगविद्यम्बप्रतिष्ठादिभिः ॥१॥

মসুষ্যগণের ধনসম্পদ্ মুষ্টিনিবিষ্ট পারদকণার ন্যায়ই দেখা যায়। বাঁহার প্রভূত সম্পদ্ দীন ও অনাথগণের উপকারে আসে, সেই ব্যক্তিই ধন্য। পবিত্র আরাম, বিহার, চৈত্য ও ভগবানের প্রতিমূর্ত্তি প্রতিষ্ঠাদির জন্য অক্ষয় যশের সহিত সেই ব্যক্তিই বিদ্যোতিত হন। ১।

শ্রাবস্তী নগরীতে দত্ত নামে এক গৃহপতি ছিলেন। তাঁহার পুত্র স্থানত পুণাসম্পদের আকর ছিলেন। ২।

স্থদত্ত বাল্যকালেই যাচকগণকে নিজ অলঙ্কার প্রদান করিতেন। প্রবিজ্ঞান্মের বাসনাভ্যাস কাহারও কেহ নিবারণ করিতে পারেনা। ৩।

তাঁহার পিতা নিত্যই তাঁহাকে আভরণ ত্যাগ করিতে নিষেধ করিতেন। কিন্তু স্থদন্ত সদাই তাঁহাকে নদী হইতে সমৃদ্ধৃত অন্য আভরণ দেখাইতেন। ৪।

স্থদ্য সর্ববন্ত নিধি দর্শন করিতেন। তাঁহার পি তা স্বর্গগত হইলে তিনি দীন ও অনাধ্যগতে দান করিতেন বলিয়া অনাথপিগুদ নামধারী হইয়াছিলেন। ৫।

দানকারী স্থানত কালক্রমে পুত্রবান্ হইয়া পুত্রবাৎসল্যবশতঃ পুত্রের বিবাহের জন্ম একটা কন্মা অন্নেষণ করিতে যত্নবান্ হইয়া-ছিলেন। ৬। তিনি একটী কস্থা অষেষণ করিবার জন্ম মধুস্কন্ধ নামক একটা স্থদক্ষ ব্রাহ্মণকে রাজগৃহনগরে পাঠাইয়াছিলেন। ৭।

ঐ ব্রাহ্মণ মগধদেশে গিয়া রাজগৃহনগরে গমনপূর্বক মহাধন নামক গৃহপতির নিকট কন্যা প্রার্থনা করিয়াছিলেন। ৮।

ব্রাহ্মণ তাঁহাকে বলিলেন যে, শ্রাবস্তী নগরীতে অনাথপিগুদ নামক বিখ্যাত গৃহপতির পুত্র স্কুজাতকে কন্যাটী প্রদান করুন। ৯।

মহাধন বলিলেন যে, এসম্বন্ধ আমাদের মনোনীত ও কুলোচিত হইতেছে, । কিন্তু আমাদের বংশে কন্যার শুল্ক অধিক লওয়া হয়। ১০।

শত শত উৎকৃষ্ট রথ, গজ, অশ্ব, অ্শুত্র এবং দাসীনিচয় ও নিক্ষ যদি দিতে পারেন, তাহা হইলে দিউন। ১১।

মহাধন এই কথা বলিলে পর, ব্রাহ্মণ হাস্তসহকারে প্রত্যুত্তর করিলেন যে, এই সামান্য শুলু অনাথপিগুদের গৃহে দেওয়া হইবে। ১২।

ব্রাহ্মণ সমস্ত শুল্কের কথা অঙ্গীকার করিলে পর, মহাধন আদর পূর্ববক তাঁহাকে ভোজনের জন্য নিমন্ত্রণ করিলেন। ১৩।

ব্রাহ্মণ তথায় অযন্ত্রিতভাবে নানাবিধ ভক্ষা ও ভোজ্য আহার করিয়া রাত্রিকালে বিস্টিকাক্রান্ত হওয়ায় বিপুল ব্যথাবশতঃ চীৎকার করিয়াছিল। ১৪।

যাহারা লোভবশতঃ রাত্রিকালে নিদ্রাস্থথের নাশক অধিক অন্ন ভোজন করে, তাহারা পরলোকে স্থথের জন্য পুণ্যকর্ম কিরূপে করিবে ? ১৫।

পরিজনগণ অশুচিভয়ে তা**হাকে** গৃহের বাহিরে ত্যাগ করিয়াছিল। শঠ দাসজন স্বভাবতঃই নিরপেক্ষতার আম্পদ হয়। ১৬।

ঐ ব্রাক্ষণের পুণ্যবলে করুণাপরায়ণ শারিপুত্র মৌদগল্যায়নের সহিত ঐ পথে আসিতেছিলেন। তিনি তাঁহার বংশদণ্ড দ্বারা মৃত্তিকা প্রহণ করিয়া তাহার অঙ্কে লিপ্ত করিয়াছিলেন এবং তাহাকে প্রক্ষালন করিয়া ধর্ম্মোপদেশপূর্বক গর্মন করিয়াছিলেন। তাল্লাণ্ড তাঁহাদের সম্মুখে চিত্ত প্রদন্ধ করিয়া দেহত্যাগপূর্বক চতুর্মহারাজিক নামক দেবগণমধ্যে জন্ম প্রহণ করিয়াছিলেন। ১৭,১৮,১৯।

তিনি তথায় বিশ্রবণের আদেশে মর্ত্তালোকে নিজ নিকেতনের শিবিরদ্বারে পূজাধিষ্ঠানের জন্য একটী নিধি করিয়াছিলেন। ২০।

, অনন্তর অনাথপিগুদ পত্রদ্বারা সম্বন্ধ নিশ্চয় জানিতে পারিয়া যথা-কথিত শুক্ষ গ্রহণপূর্ববিক স্বয়ং তথায় গিয়াছিলেন। ২১।

তিনি বৈবাহিকের গৃহে গমন করিয়া আশ্চর্য্যজনক পর্ববিতাকার রাজভোগ্য ভক্ষ্যসামগ্রী দেখিয়াছিলেন ! ২২।

স্বচ্ছমনাঃ অনাথপিওদ বিস্ময়বশতঃ গৃহপতিকে জিজ্ঞাসা করিয়া-ছিলেন, এত প্রভূত ভক্ষ্যসম্ভার কেন ? আপনি কি রাজাকে নিম-ন্ত্রণ করিয়াছেন ? ২৩।

গৃহপতি তাঁহাকে বলিয়াছিলেন যে, আমি সঞ্জ্বসহ ভগবান বুদ্ধকে নিমন্ত্রণ করিয়াছি। এজন্য আমার গৃহে এত মহোৎসব। ২৪।

অনাথপিগুদ বুদ্ধের নামশ্রবণেই রোমাঞ্চিত হইয়াছিলেন এবং চন্দ্রকান্তমণির ন্যায় সহসা ঘর্মাক্তকলেবর হইয়াছিলেন। ২৫।

কাহারও নামমাত্র উচ্চারিত হইলে তাহার অর্থ না জানিলেও এক অনির্বাচনীয় পূর্বজন্মাতুবন্ধী স্বাভাবিক ভাব উদয় হয়। নূতন মেঘ গর্জন করিলে ময়ূর হর্ষাভিলাধ প্রকাশ করিয়া স্থন্দর নৃত্যু ও চক্রাকার ভ্রমণ করিয়া থাকে। ২৬।

অনাথপিগুদের মুখপদ্মে এক নূতন কান্তি উদিত হইয়া-ছিল। তিনি বলিয়াছিলেন, ভগবান বুদ্ধ কে! সঙ্ঘই বা কাহাকে বলে १২৭।

গৃহপতি মহাধন অনাথপিওদ কর্ত্তক এইরূপ জিজ্ঞাসিত হইয়া

হাস্যসহকারে বলিয়াছিলেন, অহা ! তুমি এই ভুবনত্রয়মধ্যে একমাত্র শাস্তা ভগবান্ বুদ্ধকেও জান না। ২৮। •

যে ব্যক্তি পংসারবন্ধনে ভীত ও শরণার্থিগণের শরণ্য ভগবান্ জিনকে জানে না, সে ইহলোকে কেবল বঞ্চিত হইয়াই রহিয়াছে। ২৯।

যে ব্যক্তি অজ্ঞানসাগরের ত্রণের উপায়ভূত নিজ আয়ু:কাল র্থা ব্যয় করিয়াছে, এতাদৃশ মোহলীন ও বিফলজন্মা ব্যক্তির আবশ্যক কি ৭৩০।

ভগবান্ গোতমবুদ্ধ শাক্যরাজবংশে উদ্ভূত হইয়াছেন। তিনি অনগারিক এবং অমুত্তরা সম্যক্সম্বোধি লাভ করিয়াছেন। ৩১।

পশ্চাৎ তাঁহারই অনুগ্রহে প্রব্রজিত ও রাগবর্জ্জিত ভিক্ষুগণের সমূহকে সঞ্জ বলে। ৩২।

আমি নিজকুশল অভিলাষ করিয়া পুণ্যপণ লাভ আশায় সেই বৃদ্ধ-প্রমুখ সজ্মকে প্রণয়সহকারে নিমন্ত্রণ করিয়াছি। ৩৩।

অনাথপিগুদ গৃহপতির এইরূপ বাক্য শ্রেবণ করিয়া এবং মনে মনে ভাবিতে ভাবিতে বুদ্ধাবলম্বন ভাবেই রাত্রিকালে নিদ্রাগত হইয়া-ছিলেন। ৩৪।

রঙ্গনী এক প্রহর অবশিষ্ট থাকিতেই তিনি সমাকৃষ্টবৎ উৎস্থক হইয়া এবং প্রভাত হইয়াছে বুঝিয়া পুরদার দিয়া নির্গত হইয়া-ছিলেন। ৩১।

তৎপরে শিবিকাদ্বারে গিয়া যেন দেবতাপ্রাপ্ত হইয়াছিলেন এবং মধুক্ষম কর্তৃক নির্দ্দিষ্ট মঙ্গলের পথ প্রাপ্ত হইয়াছিলেন। ৩৬।

তৎপরে তিনি ভগবান্কে প্রাপ্ত হইয়া তৃষ্ণার্ত্ত ব্যক্তি থেরূপ অমৃত লাভ করিয়া প্রমুদিত হয়, তজ্ঞপ অনুপম প্রমোদে পরমস্থী হইয়া-ছিলেন। ৩৭।

পথিকজন যেরূপ ছায়াতরু পাইয়া গতসন্তাপ হয় এবং বিশ্রান্তি

লাভ করে, তজ্ঞপ তিনি দূর হইতেই ভগবান্কে দেখিয়া সস্তাপ ত্যাগ-পূর্ববক বিশ্রাস্তি লাভ করিয়া, শীতল হইয়াছিলেন। ৩৮।

আকাশ যেরূপ শরৎসমাগমে মেঘান্ধকারবর্চ্ছিত হয়, তক্রপ ভগবানের দর্শন লাভ করিয়া তাঁহার মন বিমল হইয়াছিল। ৩৯।

পুণ্যশীল ও প্রসন্নচিত্ত জনগণের এক অনির্বচনীয় অনুভাব হইয়া থাকে, যাহা দ্বারা চিত্তর্তির কোন বাধাই থাকে না। ৪০।

তিনি মনে মনে ভাবিলেন যে, অহো আমার মোহ বিলীন হইয়াছে। কি এক অনির্বাচনীয় শাস্তি হইয়াছে, ইহা আর উচ্ছেদ হইবে না। ৪১।

আমি পূর্বের যে ভগবান্কে দেখি নাই, তজ্জন্য এতদিন বঞ্চিত ছিলাম। এই মূর্ত্তি অধন্যগণের লোচনগোচন্ত্র হয় না। ৪২।

ইহাঁর দৃষ্টি অমৃতের ন্যায় মধুর ও উদার। ইহাঁর ত্মতি চল্রের ন্যায় মনোজ্ঞ। ইহাঁর ব্যবহার করুণাপূর্ণ এবং বুদ্ধি প্রসাদময়ী। ইনি আমার প্রত্যাসন্ন হইয়াই আমার অতিশয় বৈরাগ্য সম্পাদন করিতে-ছেন। ধাঁহারা রজোগুণবর্জ্জিত, তাঁহাদের প্রিয় পরিজনগণও নিঃসং-সার হয়। ৪৩।

অনার্থপিশুদ চিত্ত প্রসন্ধ করিয়া এইরূপ ভাবিতে ভাবিতে ভগ-বানের নিকট উপগত হইয়া সানন্দে তাঁহার পাদপল্মে বন্দনা করিয়া-ছিলেন। ৪৪।

ভগবান্ও তাঁহাকে পাইয়া প্রসাদ ও আনন্দসূচক -এবং করুণা-পূর্ণ মুখকান্তি ধারণ করিয়াছিলেন। ৪৫।

তিনি তাঁহার জন্মরক্ষঃ শুদ্ধি করিবার জন্য আশাসজননী ও উজ্জ্বলা দৃষ্টিরূপ সুধানদী ঢালিয়া দিয়াছিলেন। ৪৬।

অনস্তর ভগবান্ চতুর্বিধ আর্য্যসত্যের প্রতিভাববিধায়িনী ও মঙ্গল-জননী ধর্মদেশনা তাহার প্রতি বিধান করিয়াছিলেন। ৪৭। অনাথপিগুদ ভগবানের শাসনে সমস্ত ক্লেশরাশি পরিত্যাগপূর্বক নিজ জন্ম রন্তান্ত তাঁহাকে নিবেদন করিয়া নতভাবে তাঁহাকে বলিয়া-ছিলেন, ৪৮।

হে ভগবন ! আমি সময় অতিক্রাস্ত করিয়া আপনার শরণাগত হই-য়াছি। এখন আমি বাসনাভ্যাস ত্যাগ করিয়াছি। ^{*}আমার আর সংসারে প্রীতি নাই। ৪৯।

মহাজনের দর্শন অশুভ দূর করে, শুভ বিধান করে এবং উচিত ু আচরণ সূচনা করে। ৫০।

আমি নিজপুরীতে আপনার বিহারের জন্য প্রমাদরে একটী রত্ন-সার ও উদার বিহার নির্মাণ করিতেছি। ৫১।

আপনি তথায় সতত অবস্থান দারা আমার প্রতি অমুগ্রহ করুন। আমরা সপর্য্যা ও পরিচর্য্যা দারা আপনার সেবা করিব। ৫২।

ভগবান্ তাঁহার প্রার্থনায় তথাস্ত বলিয়া স্বীকার করিয়াছিলেন সাধুগণ প্রণয়িজনের প্রার্থনা ভঙ্গ করিয়া প্রগল্ভতা করেন না। ৫৩।

অনাথপিগুদ ভগবান্কে এইরূপে আমন্ত্রণ করিয়া ভগবানের আদিষ্ট ভিক্সু শারিপুত্রের সহিত শ্রাবস্তী নগরীতে গম্ন করিয়া-ছিলেন। ৫৪।

তথায় ক্ষেতকুমার কর্তৃক দত্ত প্রভূত হিরণ্য গ্রহণ করিয়। পূর্ব্ব-ক্থিত বিহারনির্ম্মাণের সূত্রপাত করিয়াছিলেন। ৫৫।

তাঁহার ভক্তি ও উৎসাহ প্রযুক্ত দেবগণ সেই কার্য্যে সহায়তা করিয়াছিলেন। অনাথপিগুদ বিহারটী ঠিক স্বর্গসদৃশ করিয়া-ছিলেন। ৫৬।

জেতকুমারও ভগবানের প্রতি প্রগাঢ় ভক্তিবশতঃ তথা নিজ-যশঃ ও পুণ্য প্রতিষ্ঠার জন্য একটা ঘারকোষ্ঠ নির্মাণ করিয়া-ছিলেন। ৫৭। অতঃপর তীর্থিকগণ সেই অঙুত বিহারারম্ভ অবলোকন করিয়া দ্বেষবশতঃ অপবাদ বিবাদ করিয়া পরস্পর কলহ করিয়াছিল। ৫৮।

রক্তাক্ষপ্রমুখ ক্ষুদ্রপণ্ডিত তাহাদের প্রতি মাৎসর্য্যবিশতঃ সদাই সম্মুখে থাকিয়া সপক্ষ কৃষ্ণসর্পের ন্যায় ভয়জনক হইয়াছিল। ৫৯।

অনাথপিগুদ যতদিন বাদিজয় না হয়, সে পর্যান্ত বিহার নির্মাণ-কার্য্য রোধ করিয়াছিলেন। তখন অনাথপিগুদের কথাসুসারে শারিপুত্র আগমন করিয়াছিলেন। ৬০।

অনস্তর রক্তাক্ষ নিজ প্রভাবোৎকর্ষ দেখাইবার জন্য তাঁহাকে আহ্বান করিয়া ইন্দ্রজালবলে একটা উৎফুল্ল সহকারব্বক্ষ দেখাইয়াছিলেন। ৬১।

তৎপরে শারিপুত্রের প্রভাবে উথিত বিপুল তদীয় মুখানিলদারা ঐ সহকারব্রক্ষ উন্মূলিত হইয়া তীর্থিকগণের উৎসাহের সহিত খণ্ড খণ্ড হইয়া গিয়াছিল। ৬২।

তৎপরে রক্তাক্ষ প্রফুল্লকমলশোভিতা একটা স্থন্দর পুষ্করিণী নির্মাণ করিলে শারিপুত্রনির্মিত একটা হস্তী উহাকে পঙ্কাবশেষ করিয়াছিল। ৬৩।

অনস্তর রক্তাক্ষ একটা সপ্তশীর্ষ মহাসর্প শারিপুত্রের বক্ষঃস্থলে নিক্ষেপ করিলে শারিপুত্রনির্দ্মিত গরুড়-পক্ষাগ্রমারুতদ্বারা উহাকে দূরে নিক্ষেপ করিয়াছিল। ৬৪।

তখন রক্তাক্ষ একটা বেতালকে আহ্বান করিয়াছিল। শারিপুত্রের মন্ত্রপ্রভাবে প্রেরিত হইয়া ঐ বেতাল রক্তাক্ষকেই বিনাশ করিতে উদ্যত হইয়াছিল। ৬৫।

রক্তাক্ষ বেতাল কর্তৃক অভিহল্যমান হইলে তাহার গর্বব ও মান নফ্ট হইয়াছিল। তখন সে শারিপুত্রের পদানত হইয়া তাঁহার শরণাগত হইয়াছিল। ৬৬। রক্তাক্ষ এইরূপ পরাজয়ে শারিপুত্রের শরণাগত হওয়ায় বৈরাগ্যবশতঃ প্রব্রজ্যা গ্রহণ করিয়া বিশুদ্ধা বোধি প্রাপ্ত হইয়া-ছিল।৬৭।

অস্থান্য তীর্থিকগণ বিদ্বেষ ও ক্রোধে বিকৃত হইয়া ভিক্ষুগণের বধের উদ্দেশে কর্ম্মকর ব্যাক্তে তথায় অবস্থান করিয়াছিল। ৬৮।

কালক্রমে শারিপুত্র তাহাদিগকে ধর্মদ্রোহী বলিয়া লক্ষ্য করিয়াছিলেন। তাহারাও তাঁহার দৃষ্টিপাতমাত্রেই মৈত্রীসম্পন্ন • হইয়াছিল। ৬৯।

তিনি তাহাদের আশয়, ধাতু ও প্রকৃতি বিচার করিয়া ধর্মদেশনা দারা তাহাদের অনুত্রা দশা বিধান করিয়াছিলেন। ৭০।

অতঃপর এই বিহারের কার্য্য নির্বিদ্ধে আরম্ভ হইলে, শারিপুত্র হাস্যসহকারে অনাথপিগুদকে বলিয়াছিলেন, ৭১।

এই বিহারের সূত্রপাতের তুল্যক্ষণেই তুষিতনামক দেবস্থানে একটা হেমময় বিহার রচিত হইয়াছে। ৭২।

এই কথা শুনিয়া অনাথপিগুদের অন্তরে দ্বিগুণ প্রসাদ উৎপন্ন হইয়াছিল। তিনি হেম ও রত্নে বিহারটা অধিকতর স্থুন্দর করিয়াছিলেন। ৭৩।

অতঃপর অনাথপিগুদ বিহারাগমনপথে রাজাহ বিভব উপকল্পিত করিলে দেবগণকর্ত্বক বিজ্ঞাপিত হইয়া ভগবান্ জিন দেবগণসহ তথায় আসিয়াছিলেন। ৭৪।

তাঁহার আগমনহর্ষে ভুবনত্রয় প্রসন্ধ হইলে, অনাথপিগুদ তাঁহার উদ্দেশে বারিধারা নিপাতিত করিয়াছিলেন। ৭৫।

সেই বারিধারা যখন ঐ প্রাদেশে পতিত হইল না, তখন ভগবানের বাক্যাসুসারে সত্বর উহা অস্ত স্থানে পতিত ইইয়াছিল। ৭৬।

ভিক্ষুগণ এই ব্যাপার দেখিয়া কৌতুকবশতঃ ভগবান্কে জিজ্ঞাসা

করিলে, তিনি বলিয়াছিলেন, এই বারিস্তত্তের কারণ বলিতেছি শ্রবণ কর। ৭৭।

ইনি এই স্থানটী পূর্ববকালীন বুদ্ধগণকে প্রতিপাদিত করিয়াছিলেন। একারণ বারিধারা এখানে না পড়িয়া অম্যত্র পতিত হইল। ৭৮।

পুরাকালে ইনিই এই বরারামপ্রদেশ বিপশ্যীনামক সম্যক্-সম্বন্ধকে প্রতিপাদন করিয়াছিলেন। ৭৯।

পুনরায় ইনি পুষ্যজন্মে শিখিনামক বুদ্ধকে এই ভূমি দান করিয়াছিলেন। তৎপরে রঘুজন্মে বিশ্বভূ নামক জিনকে দান করিয়াছিলেন।৮০।

পুনশ্চ ইনি ভবদত্ত নামে উৎপন্ন হইয়া ককুছেন্দকে এই ভূমি দিয়াছিলেন এবং ব্রহস্পতি নামে উৎপন্ন হইয়া কনকাখ্য তপস্বীকে এই ভূমি দান করেন। ৮১।

পুনশ্চ ইনি সাধাতৃক্তমে কাশ্যপকে এইস্থান দিয়াছিলেন। এখন ইনি এইস্থান আবার আমাকে দিতেছেন। ৮২।

ইনি কালক্রমে স্থধন নামে উৎপন্ন হইয়া মৈত্রেয়কে এই ভূমি প্রদান করিবেন। ইনি সন্ধ্যম্পন্ন এবং ক্ষমাশীলতানিবন্ধন অনেক নিধান দেখিতে পাইতেছেন। ৮০।

পুনশ্চ ইনি হেমপ্রদনামে গৃহপতি হইয়া প্রত্যেকবৃদ্ধের পরিনির্কৃতি হইলে তাঁহার সংস্কার করিয়াছিলেন। ৮৪।

তাঁহার অন্থি রত্নকুম্বে নিহিত করিয়া প্রণিধান করিয়াছিলেন। ঐ প্রণিধানবলে অধুনা ইনি রত্নকোষসম্পন্ন ও স্থবর্ণভাক্তন হইয়াছেন। ৮৫।

ভিক্ষুগণ অমৃ গ্লারের স্থায় মধুর ভগবানের এইরূপ বাক্য শ্রাবণ করিয়া পুণ্যানুষ্ঠায়ীর প্রতিষ্ঠাদি জন্য পূর্ণপুণ্যরূপ পুষ্পের সৌগল্পে অতিশয় আনন্দিত হইয়াছিলেন। ৮৬।

দ্বাবিংশ পল্লব

পিতাপুত্ৰ-দমাদান

भन्नो मन्नान्नं मणिवनान्नत्वं भन्ना भजन्ते गुणगौरवेण । विना गुणं यद्वपुषां गुरुत्वं स्थूलोपलानामिव निष्मलं तत्॥१॥

অহো, ভব্যগণ মণির স্থায় গুণগোরিবে মহন্ত লাভ করেন। গুণ না থাকিলে শরীরের গুরুত্ব স্থুল উপলের স্থায় নিম্ফল। ১।

পুরাকালে শাক্যপুরে শুদ্ধিস্থার নিধানস্বরূপ শুদ্ধোধন নামে এক রাজা ছিলেন। তিনি বৈরাগ্যযোগবশতঃ স্থগতভাবপ্রাপ্ত নিজ পুত্রের বিষয় স্মরণ করিয়া অত্যন্ত উৎস্থক হইয়াছিলেন। ২।

িনি চিন্তা করিতেন যে, আমি পুণ্য ও গুণের সৌরভে স্থাসিত। সরস্বতীর বাসস্থান পদ্মের শ্রীসম্পন্ন এবং মনঃপ্রসাদের বিলাসসৌধ-স্বরূপ পুত্রের বদন কবে দেখিতে পাইব ? ৩।

ভাঁহার দর্শনলালসায় তাঁহাকে আনিবার জন্ম যে যে ব্যক্তিকে আমি জেতবনে পাঠাইয়াছিলাম, তাহারা সকলেই নির্নিমেষনয়নে তাঁহাকে বিলোকন করিয়া অমৃতপানে আসক্ত হইয়া তথায় অবস্থান করিতেছে। ৪।

আমার আত্মতুল্য প্রণয়বান্ উদায়ীকে তাহার নিকট পাঠাইয়াছি, সেও আমার লিখন হস্তে করিয়া তথায় গিয়া স্বর্গসদৃশ মনোরম জেতবনে চিত্রপুত্তলীর ভায় হইয়া রহিয়াছে। ৫।

আমি যে সন্দেশবাক্য তাহার দ্বারা বলিয়া পাঠাইয়াছিলাম, তাহা নিশ্চয়ই সে বিশ্বত হইয়াছে। সকলেই নিজ হিত অভিলাধ করিয়া থাকে এবং পরকার্য্যে শীতলতা ধারণ করে। ৬। হে পুত্র ! সম্বর আসিয়া পীযুষধারাসদৃশ অদীয় বিলোকন দ্বারা মদীয় অঙ্গ নিষক্ত কর। তোমার নিঃসঙ্গতা মুহূর্ত্তকালের জন্ম বিশ্রান্ত হউক। তুমি দয়া করিয়া বন্ধুকার্য্য কর। ৭।

আমার এইকথা শুনিয়া সে কেন আমাকে দর্শন দিতে ক্ষণকালও বিলম্ব করিবে ? (তাহা কখনও নহে) পল্লববৎ কোমল তদীয় চিত্তের এক্লপ স্বভাব নহে যে কাহারও প্রণয়ভঙ্গ করে। ৮।

ধরাধিনাথ শুদ্ধোদন এইরূপ মনোরথদ্বারা তাঁহার দর্শনের জন্ম অগ্রসর হইলে প্রব্রজ্যাদ্বারা তদীয় প্রসাদপ্রাপ্ত উদায়ী হর্ষভরে আসিয়া উপস্থিত হইলেন। ৯।

নৃপতি উদায়ীকে আনন্দপূর্ণমনা ও প্রব্রজ্যাদারা তাঁহার কুমারের সদৃশ প্রভাবসম্পন্ন দেখিয়া অতিশয় উৎক্ষিত ও অধৈর্য্য হইয়া সংমোহবশতঃ মৃচ্ছা প্রাপ্ত হইয়াছিলেন। ১০।

তৎপরে শীতল জলদ্বারা সংজ্ঞা লাভ করিয়া জিজ্ঞাসা করিলেন যে, তিনি কি আসিবেন ? তখন উদায়ী বলিলেন যে, হে দেব। কতিপয় দিন মধ্যেই তিনি সাদরে আপনার নিকট আসিবেন। ১১।

তৎপরে কয়েক দিন অতীত হইলে, ভগবান্ কুমার ভিক্ষুগণামুয়াত হইয়া সর্বার্থসিদ্ধিসম্পন্ন দেবগণসহ শনৈঃ শনৈঃ আকাশমার্গে আসিয়াছিলেন। ১২।

কুমার স্বর্গীয় স্থন্দরীগণের পাণিপল্পবারা সমর্পিত মন্দারমালায় ভূষিত হইয়া স্বর্গাঙ্গার ফেণকূটবারা হাস্তময়বৎ পরিদৃশ্যমান হিমাদ্রির স্থায় শোভিত হইয়াছিলেন। ১৩।

মেঘের সহিত সজ্বট্টন হওয়ায় প্রশ্বলিত এবং শব্দায়মান স্থবর্ণ-ঘণ্টিকাসমন্থিত বহু বিমান দ্বারা দিগ্নাখসকল যেন শাস্তার প্রতি ভক্তিবশতঃ স্তব করিতেছিল। ১৪।

বিদ্যাধর ও সিদ্ধগণসমন্বিত দেবগণ খেতছত্র দ্বারা সূর্য্য ও তারকা-

মণ্ডল আচ্ছাদিত করিয়া গগনমার্গে আসিয়াছিলেন। তাঁহাদের আগমনে গগন নিরস্তর,অর্থাৎ অবকাশরহিত ইইয়াছিল। ১৫।

আকাশ হইতে, দিল্পুখ হইতে এবং পৃথিবী হইতে সমাগত সকল ব্যক্তিই ক্ষণকালের জন্ম সর্ববেলাকের উপকারপরায়ণ, সূর্ববাকার-সম্পন্ন ও সর্ববময়প্রকাশ ভগবান্কে দেখিয়াছিল। ১৬।

জনগণ লোকলোচনের হর্ষজ্নক, পুণ্য ও উৎসবের নিধান এবং তেজোনিধি ভগবান্কে বিলোকন করিয়া অন্তুতরসে আপ্লুত হইয়াছিল। ১৭।

ভূমিপতি উদায়ীকর্ত্ক কথিত, আশ্চর্য্যভূত ও মনোজ্ঞ কুমারের প্রভাব হৃদয়ঙ্গম করিয়া কৃতাঞ্জলি হইয়া দূর হইতে জগদ্গুরু কুমারকে প্রণাম করিয়াছিলেন। ১৮।

অনস্তর কুমার অবতীর্ণ হইলেন এবং প্রণয়সহকারে রাজা কর্তৃক সংপূজ্যমান ও আর্য্যজনগণ কর্তৃক অনুগম্যমান হইয়া প্রভাষারা দিখুখ উদ্ভাসিত করিয়া শুগ্রোধরক্ষশোভিত রত্নভূমিতে প্রবেশ করিয়াছিলেন। ১৯।

ত্রিভুবনের শাস্তা কুমার তথায় রত্নপ্রভাচিত্রিত ও পাদপীঠসঙ্গত হেমময় সিংহাসনে আরোহণ করিয়াছিলেন। বোধ হইয়াছিল, যেন সূর্য্য স্থামেরূপর্বতে আরোহণ করিলেন। ২০।

রাজা নিজ মনোরথ ও প্রার্থনামুসারে উপস্থিত কুমারের মানসরপ চন্দ্রের অমৃতপ্রবাহসদৃশ নয়ন বিলোকন করিয়া নির্ক্তিবশতঃ নির্নিমেষ হওয়ায় ক্ষণকাল ত্রিদশভাব প্রাপ্ত হইয়াছিলেন। ২১।

রাজা অত্যস্ত হর্ষবশতঃ অশ্রুদ্বারা নিরুদ্ধকণ্ঠস্বর হইয়া এবং হারস্থ রত্নে প্রতিবিশ্বত কুমারকে হৃদয়মধ্যে প্রবিষ্ট করিয়া প্রীতি-সহকারে বলিয়াছিলেন, ২২।

সকলেই স্বভাবতঃ সম্বোষবশতঃ হিমাচলবৎ শীতল কুশলস্থলীতে

রত হয়। কিন্তু তুমি কি জতা আমাদিগের পক্ষে বিরহোপদেশ করিয়াছ। ইহাতে অবশাই সাধুজনের উপকার হইতেছে। ২৩।

স্নেহ, প্রমোদ ও গুণগৌরব বশতঃ মদীয় বুদ্ধি আলিকন জন্ম, ন্থিরসঙ্গম জন্ম ও পাদপ্রণাম জন্ম যুগপৎ বলপূর্ববক ভোমাতে ধাবিত হইতেছে। ২৪।

আমি যাহা কিছু বলিভেছি, তাহা গুণহীন বা বিরস হইলেও প্রণয়োপরোধে তোমাকে শুনিতে হইবে। স্লেহ ও মোহের অবাচ্য কিছুই নাই। ২৫।

তুমি উজ্জ্বলরত্নে প্রতিবিদ্ধিত সূর্য্যের প্রভায় প্রাব্ধত এই সকল হেমময় প্রাসাদ পরিত্যাগ করিয়া কিজন্ম জনশূন্য বনে যাইতেছ। ২৬।

তুমি কামিনীগণের করদ্বারা আবর্জিত হেমকুস্তস্থ স্থাবিত জল্মারা স্নান করিতে অভ্যস্ত হইয়া কিরূপে ধূলিদ্বারা সন্তপ্তজলা মরুস্থলীতে একাকী স্নান কর। ২৭।

কুগুলরত্নের কান্ডি তোমার গগুন্থল হইতে বিচ্যুত হইয়াছে, ইহাই তৃমি ভূষণ বলিয়া জ্ঞান করিতেছ। অকস্মাৎ কেন তোমার স্থাথেচছ বিগত হইল ? চন্দ্রবৎ শুল্র চন্দ্রনও কেন তোমার আনন্দ্রদায়ক হয় না ? ২৮।

মহাবিতানশোভিত, শেষাহিবৎ শুদ্র রাজযোগ্য শয্যায় কেন শয়ন করানা ? লক্ষ্মীর নূতন আলিঙ্গনের যোগ্য প্রদীয় দেহ কিরুপে কুশ্যা সহ্য করে। ২৯।

কামিনীগণের হাস্তচ্ছটারূপ অংশুকাবরণের বোগ্য ভোমার অঙ্গ কিরূপে চীবরের যোগ্য হইতে পারে। লীলাকমলাস্পদ ভোমার এই হস্তে অধুনা কেন ভিক্ষাপাত্র প্রিয় হইল। ৩০।

কাস্তাগণের দোৎকণ্ঠ ভুজবন্ধনের যোগ্য দ্বায় এই কণ্ঠপীঠ

হারশৃত্ত হওয়ায় সম্ভোগলক্ষীর প্রমোদ নাশ করিয়া অকস্মাৎ প্রণয়ভঙ্গ করিতেছে। ৩১।

স্বদীয় রূপ দ্বারা পুষ্পচাপ কন্দপ লজ্জাপ্রাপ্ত হন। তোমার বিস্তৃতি মত্তহস্তীর কুস্তুসদৃশ উচ্চকুচশালিনী এবং তোমার যৌবন রতির বিলাসকাননস্বরূপ। বৈরাগ্য কিছুতেই তোমার উপযুক্ত নহে। ৩২।

শীলনিধি কুমার এই কথা শ্রাবণ করিয়া, চন্দ্রলেখার স্থায় স্থললিত হাস্যচ্ছটা ঘারা বহুতর রাজগণের মুকুটরত্বের প্রভায় রঞ্জিতা রাজ-লক্ষ্মীকে আচ্ছাদিত করিয়া বলিয়াছিলেন। ৩৩।

হে রাজন্ ! জীববৃত্তি যদি তরঙ্গের স্থায় লোলা এবং জরা ও রোগ দারা উপহতা না হইত, তাহা হইলে প্রহর্ষরপ অমৃতবর্ষী বিষয়াভিলাষ কাহার না প্রিয় হইত । ৩৪।

বাঁহারা শান্তিরূপ অমৃত পান করিয়া স্থান্থির হইয়াছেন, তাঁহাদের বনাস্তভূমি হইতে পতন হয় না। বাঁহারা বিভূতির লীলায় মদ-বিহবল হন, তাঁহাদের অস্তকালে প্রাসাদ হইতে নিপাত হইয়া থাকে। ৩৫।

রাজগণ কুকুমমিশ্রিত জল দ্বারা স্নান করিয়া থাকেন এবং উহা-দ্বারা তাঁহারা সরাগতা প্রাপ্ত হন; কিন্তু সম্ভোষশীল ব্যক্তি চিত্ত-প্রসাদরূপ বিশুদ্ধ জলে ধৌত হইয়া বিমল হইয়া থাকেন। ৩৬।

শান্তশ্রবণ দারাই কর্ণ ভূষিত হয়, কুগুল দারা হয় না। দান দারাই পাণি ভূষিত হয়, কঙ্কণ দারা হয় না। করুণাকুল ব্যক্তির দেহ প্রোপকার দারাই শোভিত হয়, চন্দন দারা হয় না। ৩৭।

ভূভূদ্গণের উচ্ছিষ্টাবশিষ্ট বিভূষণ সজ্জনগণের ভোগ্য নহে। মুক্তার কিরণ রূপ শুত্রহাস্থ দারা শোভিত বিভূষণ মোহাহত ব্যক্তি-গণেরই প্রিয় হয়। ৬৮। রাগাভুর, রিপুতাপিত এবং ধনচিন্তাপরায়ণ রাজগণের স্থমপর্শ শযাতেও নিদ্রা হয় না। কিন্তু শান্তিশীল জন দূর্ববত্রই স্থাখে শয়ন করেন। ৩৯।

অহিনির্মোকবৎ সূক্ষা মূল্যবান বস্ত্র দ্বারা ভুক্তকের ন্যায়ই স্বভাব হইয়া থাকে। ভিক্ষাপাত্রে পতিত পবিত্র অন্ন অমৃততুক্য হয়। ৪০।

ছত্ত্র মুখমগুলকে অত্যন্ত অপ্রকাশ করে। ব্যঙ্গনের বায়ুপ্রবাহ মনকে চঞ্চল করে এবং হরিচন্দনাত্র হার রাজগণের হৃদয়ে অধিক-তর জাড্য উৎপাদন করে। ৪১।

বিভূতি বিয়োগ ও রোগের অমুগতা। ক্ষণকালেই কাস্তার অস্ত হয়। বিলাসে কোন রস নাই। যাহাতে অপায় সতত বিদ্যমান রহিয়াছে, এরূপ ভোগের উপভোগ কখনই স্থৃভগ নহে। ৪২।

ভোগ্যবস্তুর উপভোগ সততই জ্ঞাসহ জড়তা উৎপাদন করে এবং তৃষ্ণা, ভ্রম, মোহ ও মৃচ্ছা সম্পাদন করে। ইহা বলপূর্বক প্রযুক্ত হইলে, ইহার সরসতা অসহ বলিয়াই বোধ হয়। ৪৩।

মুখন্ত্রী যখন নব চন্দ্রলেখার স্থায় ক্ষণস্থায়ী, যৌবনও প্রভাত-পুপা সদৃশ এবং শরীর কর্মরূপ তরঙ্গনায় আকুলিত, তখন আমার কিছতেই আর অমুরাগ নাই। ৪৪।

রাজলক্ষ্মী সভাবতঃই চঞ্চলা। রাজলক্ষ্মীর অঙ্গৃত চামর, ধ্বজাপট, ঘোটকের স্কন্ধ ও লাঙ্গুলাদির লোম এবং হস্তীর কর্ণতাল সমস্তই চঞ্চল। সকল বিলাসই ক্ষণভঙ্গুর। ৪৫।

কুমার রাজার কুশলের জন্ম এইরূপ বাক্য বলিয়া, তাঁহার চিত্ত-প্রসাদ বিধানপূর্বক দৃষ্টিঘারা শান্তিতরক্ষের স্থধারা বিকিরণ করিয়া পার্ষদগণকে বিলোকন করিয়াছিলেন। ৪৬। তিনি শাক্যকুলোভূত সপ্তায়্তসংখ্যক মনীবিগণকে ধর্মোপনেশ দিয়া তন্মধ্যে সপ্তসৃহস্রকে বিশেষরূপে পর্য্যাপ্তিপ্রাপ্ত করিয়া। ছিলেন। ৪৭। "

ঐ গণমধ্যে কুশলোপপন্ন শুক্লোদন, দ্রোণোদন ও অমৃতোদন প্রভৃতি সহস্রসংখ্য ব্যক্তি স্থাহান্ চিত্তপ্রসাদ প্রীপ্ত হইয়া-ছিলেন। ৪৮।

কেই কেই প্রাবকবোধিযুক্ত ইইয়াছিলেন। কেই কেই প্রত্যেক-বোধি নিরত ইইয়াছিলেন। কেই কেই সম্যক্সন্মোধি ও অমুত্তর-বোধি প্রাপ্ত ইইয়াছিলেন। এবং অস্থান্ত কতকগুলি লোক গগনপ্রপন্ন ইইয়াছিলেন। ৪৯।

কেহ স্রোতঃপ্রাপ্তিফল, কেহ সকৃৎফল, কেছ আগামিফল, কেছ অনাগামিফল, কেহ অর্হৎফল এবং কেহবা ক্লেশবিমৃক্তি প্রাপ্ত হইয়াছিলেন। ৫০।

তন্মধ্যে পাপ ও শাপসম্পন্ন দেবদত্ত নামে এক ব্যক্তি অঙ্গ্রানা-দ্ধকারে মুগ্ধ হইয়া সভামধ্যেই সত্যন্থিতিকে উপহাস করিয়া 'ইহা মায়া' এই কথা বলিয়াছিল। ৫১।

বাৎসল্যনিলীন রাজার মনে পুজের অভ্যুদয়দর্শনে একটু দর্প-ভাবের উদয় হইয়াছিল। ভিক্সু মৌদ্গল্য জিনশাসনামুসারে মহর্দ্ধি প্রদর্শন দ্বারা তাঁহাকে বীতমদ করিয়াছিলেন। ৫২।

রাজা ভগবানের প্রভাব দেখিয়াও আশ্চর্য্য বোধ করেন নাই। তিনি উহা একটা পুরুষকার বলিয়াই জ্ঞান করিয়াছিলেন। অভ্যাসলীন সোৎকর্ষ কর্ম্ম কখনই জনগণের বিম্ময়কর হয় না। ৫৩।

তৎপরদিনে ভগবান্ স্থানকশিখরের সমানকান্তি, দেবরাজ কর্ত্বক সম্পাদিত স্থান্য মহাবিমানে রত্নময় সিংহাসনে উপবেশন করিয়াছিলেন। ৫৪। তৎপরে পৃথুপ্রভাশালী ব্রহ্মা ও ইন্দ্র প্রভৃতি দেবগণ তথায় উপবিষ্ট হইলেন এবং জাঁহাদের উষ্ণীষের কিরণচ্ছটায় দিল্লুখ বেন চন্দ্রকিরণ দারা শোভিত হইল। ৫৫।

দেবগণ পরস্পরের সংঘর্ষে বিলোলহার হইয়া তথায় প্রবেশ করিতেছিলেন এমন সময় রাজা সেই জনাকীর্ণ স্থানে আগমন করিয়া চারিটী খারেই প্রবেশপথ পান নাই। ৫৬।

কুবেরপ্রভৃতি দেবগণ ভ্রন্তঙ্গ দ্বারা তাঁহার প্রবেশ নিবারণ করিলে রাজার বদন কান্তিহীন হইয়াছিল। তিনি শ্বলিতভাবে কথা কহিতে লাগিলেন এবং অত্যন্ত নিপ্রতিভ হইয়াছিলেন। ৫৭।

তৎপরে তিনি জিনের আজ্ঞামুসারে দেবগণকর্তৃক প্রবেশিত হইয়া সেই উত্তম ভূমিতে গমন পূর্বক চিত্তপ্রসাদ সহকারে ভগবান্কে প্রণাম করিয়া তাঁহার সম্মুখে দাঁড়াইয়া রহিলেন। ৫৮।

ভগবান্ শাস্তা তাঁহাকে চতুর্বিধ আর্য্যসত্যের প্রবোধিকা ধর্ম্মকথা উপদেশ দিয়াছিলেন। এই ধর্ম্মকথা জ্ঞানদারা তাঁহার বিংশতিশৃঙ্গ সম-ম্বিত সৎকায়দৃষ্টি অর্থাৎ দেহাজ্মজ্ঞানরূপ ভূধরকে চূর্ণ করিয়াছিল। ৫৯।

তৎপরে কৃতার্থজন্মা রাজা শুদ্ধোদন শুক্রোদনের নিকট গিয়া তাঁহাকে নিজের রাজ্য ভোগ করিতে অনুরোধ করিয়াছিলেন। তিনি বলিয়াছিলেন যে ভগবানের উপবিষ্ট আজ্ঞাবাক্যই আমার মনোরম বোধ হইতেছে। রাজ্য আমার মনোনীত নহে। ৬০।

দ্রোণোদন এবং অমৃতোদন বৈরাগ্যযোগবশতঃ রাজ্যগ্রহণে পরাত্ম্ব হইলে ভদ্রক শুদ্ধোদন প্রদত্ত রাজলক্ষ্মী গ্রহণ করিয়া-ছিলেন। ৬১।

অনস্তর রাজা শুদ্ধোদন পবিত্রভাবে প্রণীত রাজার্হভোগদারা ভগবান জিনকে পূজা করিয়া এবং তাঁহার জন্ম ন্যগ্রোধধাম সম্পাদন করিয়া পূর্ণমনোরথ হইয়াছিলেন। ৬২। জোণোদনেরও ছুইটা পুত্র হইয়াছিল। তন্মধ্যে প্রথম পুত্র অনিরুদ্ধ প্রবজ্যা গ্রহণ করিয়াছিলেন। বিতীয় পুত্র মহান্ রাজার আজ্ঞায় এবং নাতার প্রেরণায় গৃহী হইয়াছিলেন। ৬৩।

অনস্তর রাজা ভদ্রকেরও মনে বিরাগ উদয় হইয়া বনগমনে অভিলাষ হইয়াছিল। নবলকা লক্ষ্মীও বিবেকী জনের প্রশমপ্রবৃত্ত মনকে রোধ করিতে পারে না। ৬৪।

তৎপরে তিনি রাজ্যাভিষেকে অভিলাষবান্ দেবদত্তকে আহ্বান করিয়া বলিয়াছিলেন যে আমার এখন প্রব্রজ্যার কাল উপস্থিত হইয়াছে তুমি কি বলিতে ইচ্ছা কর। ৬৫।

দেবদন্ত রাজ্যাভিলাষী হইলেও বিবেকী বলিয়া দন্ত থাকায় সভাস্থলে আত্মগোপন করিয়া প্রভাবের দিয়াছিলেন। হে রাজ্যন গ্রাহ্ণে আমার অভিলাষ নাই। আমিও প্রব্রজ্যা গ্রহণ করিয়া আপনার মত হইব। ৬৬।

রাজা কুটিল ও মিথ্যাবিনীত দেবদত্তের এবন্ধিধ বাক্য শ্রেবণ করিয়া একটু হাস্থ করিয়া বলিয়াছিলেন যে এই শাক্যগণই তোমার মনোগত অভিলাবের সাক্ষী হইতেছেন। ৬৭।

অতঃপর দেবদত্ত অনুতাপদগ্ধ হইয়া ভোগানুরাগবশতঃ মনে মনে চিন্তা করিয়াছিলেন যে আমি কি অসঙ্গত কথা বলিলাম। ইনি প্রব্রুজ্যা গ্রহণ করিয়াও বোধ হয় রাজ্য ভোগ করিবেন। ৬৮।

শুদ্ধোদন নিজরাজ্য পরিত্যাগ করিয়া যখন গমন করিতেছিলেন তখন শাক্যবংশীয় কুমারগণ সদাচরণে প্রীতিবশতঃ ভদ্রকাদির সহিত রথ ও হস্তাতে আরোহণ করিয়া তাঁহার অমুগমন করিয়াছিলেন। ৬৯।

অনস্তর সকলে রাজার অনুগমন করিলে পর দেবদত্ত আমিষার্থী শ্রেন যেরূপ রক্তাক্ত মাংসখণ্ড গ্রহণ করে তদ্রপ প্রভাপিঞ্চরিতদিঙ্মণ্ডল রাজার মুকুটসংসক্ত, ব্লহৎ পদ্মরাগ মণিটী হরণ করিয়াছিলেন। ৭০। নৈমিত্তিকগণ ইঁহার লক্ষণ দেখিয়া বলিয়াছিলেন বে ইঁহার উগ্রানরকে পতন হইবে। সদোষ চিত্তই প্রধান তুর্নিমিত্ত। নির্দ্দোষ চিত্তকে সকলেই স্থানিমিত্ত বলিয়া থাকেন। ৭১।

তন্মধ্যে তীর্ণাদি উপাধিধারী ও মদগর্বিত কোকালি, খণ্ডোৎকট এবং মোরক প্রভৃতির তথাবিধ অত্যধিক বহুতর তুল কণ সংস্চিত হইয়াছিল। ৭২।

সতঃপর ভদ্রকও রাজার প্রতি প্রামোদবশতঃ দেবদত প্রভৃতির সহিত প্রব্রুজ্যা গ্রহণ করিয়া চীবর ও পাত্রযোগে পৃথিবীকে যেন বৈরাগ্যময়ী করিয়াছিলেন। ৭৩।

উপালী সজ্জলনয়নে হার, অঙ্গদ ও কুগুলবিরহিত রাজা এবং রাজ-কুমারগণের কেশ মুগুন করিয়া তাঁহাদের কল্লক হইয়াছিলেন। ৭৪।

উপালী মূর্খ ও নীচজাতি হইলেও জিনের আজ্ঞায় প্রবজ্যা গ্রহণ করিয়া পূজ্যতর হইয়াছিলেন। পাণ্ডিত্য বা জাতি পরম চিত্তপ্রসাদের কারণ নহে। ৭৫।

অতঃপর রাজা ভদ্রক ঐ সভামধ্যে উপালীকেই ভগবানের পার্ষদিক জানিতে পারিয়া মনে মনে ভাবিয়াছিলেন যে, আমি রাজা হইয়া কিরুপে এই নীচ জাতির পাদবন্দনা করিব। তিনি এরূপ ভাবিয়া ভশ্ন নিশ্চল হইয়াছিলেন। ৭৬।

ভগবান্ ভদ্রককে অশ্বলিতাভিমান ও সন্দিশ্বচিত্ত দেখিয়া হাস্য-পূর্বক তাঁহাকে বলিয়াছিলেন যে, মোহামুবন্ধী জাতিষয় অভিমান প্রবজ্যান্বারা অপগত হয়। ৭৭।

এই কথা শুনিয়া রাজা ভদ্রক ও রাজপুত্রগণ উপালীকে প্রণাম করিলে পৃথিবী কম্পিত হইয়াছিল। কঠোরভাষী দেবদত্ত ভগবানের বাক্যেও উপালীর পাদবন্দনা করেন নাই। ৭৮।

তৎপরে ভগবান্ পৃথিবীকম্প দর্শনে বিম্মতমানস ভিক্ষুগণ কর্তৃক

জিজ্ঞাসিত হইরা বলিয়াছিলেন বে, এই রাজা জন্মান্তরেও এই করেকের পাদবন্দনা করিয়াছিলেন। ৭৯।

পুরাকালেকাশীপুরে স্থন্দরক নামক এক দরিদ্র যুবক ভদ্রানাস্মী গণিকাকে বিলোকন করিয়া অনুরাগবশতঃ তাহার সেবারুত্তি অবলম্বন করিয়াছিলেন। অনুরাগই সর্ববিশ্রকার ব্যসনের উপদেশক হয়।৮০।

স্থানরক গণিকা কর্ত্বক পুষ্পাচয়নের জন্ম প্রেরিত হইয়া ভূজের স্থায় পুনঃ পুনঃ অধিকার্থী হইয়াছিলেন এবং ঐ গণিকাসঙ্গমকামনায় অত্যন্ত শ্রমসহকারে বনে বনে শ্রমণ করিতেছিলেন। ৮১।

ইত্যবদরে মৃগয়াপ্রদক্ষে ঐ বনে সমাগত ও পরিপ্রান্ত রাজ। ব্রহ্মদত্ত স্থন্দরককে দেখিয়া লতামধ্যে প্রচছন্নদেহ হইয়া তাহার গান শুনিয়াছিলেন। ৮২।

হে মধুকর ! কেন তুমি এরপে নৃতন নৃতন কুসুমাশায় তাপিত হইতেছ শীঘ্র গমন কর। বিকসিত কমলমুখী সেই পদ্মিনী দিবাবসানে সক্ষৃতিত হইতেছে। ৮৩।

রাজা স্থন্দরকের গীত শ্রবণ করিয়া হাস্থপ্রভাষারা নিজহারকান্তি বিঘট্টিত করিয়া বলিয়াছিলেন। সথে ! এই প্রচণ্ড রৌক্রতাপমধ্যে তোমার গীতরসে এত অনুরাগ কেন। ৮৪।

স্থানরক বলিয়াছিলেন হে রাজন রবি তত উত্তপ্ত নামে কামই রবি অপেকা অধিকতর উত্তপ্ত। নিজ কর্মাননিত ছঃখই লোককে সম্ভাপিত করে। গ্রী তপ্ত মরুস্থল তত সম্ভাপিত করে না।৮৫।

স্থন্দরকএইরূপ ষর্থণা বাক্য বলায় রাজার অত্যস্ত প্রিরূপাত্র হইয়া-ছিলেন। স্থভাবিতের কথোপকখন কাহার না আদরপাত্র হয়। ৮৬।

স্থলরক বিজন প্রদেশে শীতল উপচার দারা শ্রামাতুর রাজার সন্তাপ অপনোদন করিয়াছিলেন। কৃতজ্ঞ রাজা প্রীতিবশতঃ তাঁহাকে সঙ্গে লইয়াই নিজ রাজধানীতে গমন করিয়াছিলেন। ৮৭। তথায়, "ইনি আমার জীবন প্রদান করিয়াছেন" এই কথা প্রকট করিয়া সম্ভোষপূর্ণচিত্ত রাজা নিজ রাজ্যার্দ্ধ তাঁথাকে দান করিবেন স্থির করিয়াছিলেন। মনোনীত ব্যক্তিকে কিছুই অদেয় থাকে না। ৮৮।

রাজা রাজ্যার্দ্ধ দানে উদ্যুক্ত হইলে স্থন্দরক তাহা কুপা বলিয়া মনে করেন নাই। তিনি মনে করিয়াছিলেন যে, ভদ্রাকে না পাইলে রাজ্য-স্থথে আমার কি হইবে। তাহার প্রীতিস্থধাসিক্ত ব্যক্তিই ধন্য।৮৯।

তৎপরে স্থন্দরক মনে মনে চিন্তা করিয়াছিলেন যে, অর্দ্ধেক রাজ্য আমার মনোনীত হইতেছে না। অখণ্ডিত সম্পত্তি অল্ল হইলেও তাহাই ভাল। এক সম্পত্তি উভয়ে ভোগ করিলে সদাই বিবাদ হয়। তুই জনের ভোগে মূর্ত্তিমান কলহ উপস্থিত হয়। ৯০।

অতএব আমি স্থোগমতে রাজাকে নিপাত করিয়া সমস্ত রাজ্য আয়ত্ত করিয়া নিজে পরিপূর্ণ হইব। স্থান্দরক ক্ষণকাল এইরূপ চিন্তা করিয়া অমুতাপবশতঃ পুনর্বার নিজমনের তীত্রতাবিষয়ে চিন্তা করিয়াছিলেন। ৯১।

স্থামি কি নিন্দনীয় বিষয় চিন্তা করিলাম। এ কি ভয়ানক তীক্ষতার কথা। কৃতত্মতার কথা চিন্তা করিয়াই যে কলঙ্কলেখা হইয়াছে স্মহো তাহাতেই নিজমনে লজ্জা বোধ হইতেছে। ৯২।

রাজ্যের মঙ্গল হউক। স্থাকে নমস্বার। সংমোহজননী লক্ষ্মী ক্ষমা করুন। যাহাকে আস্বাদ না করিয়াই কেবল মাত্র চিস্তা করিয়াই এইরূপ বুদ্ধি উদয় হইয়াছে। লক্ষ্মীর প্রথম স্বভাবই এইরূপ। ৯৩।

অহো লক্ষ্মী বিষলতার ভায় আগ্রাণ মাত্রেই চিন্তজ্রম বিধান করে,
মূচ্ছা সম্পাদন করে, মনুষ্যকে অধঃপতিত করে এবং অজ্ঞান বৃদ্ধি
করে। অধিক কি ইহার আগ্রাণমাত্রেই পুরুষ বিনাশ প্রাপ্ত হয়। ১৪।

স্থন্দরক বহুক্ষণ এইরূপ চিন্তা করিয়া স্থিরনিশ্চয় হইলেন। তিনি পরদিন প্রভার্ত কালেই বিমলস্বভাব প্রত্যেকবৃদ্ধ হইয়াছিলেন। তখন তাঁহার ভৃষ্ণ। নিরন্ত হওয়ায় রাজা কর্তৃক প্রার্থ্যমান হইয়াও তিনি রাজ্য গ্রহণ করেন নাই। ৯৫।

কালক্রমে মহিদ্ধিসম্পন্ন রাজা প্রত্যেকবৃদ্ধভাবপ্রাপ্ত স্থল্মরুককে দেখিয়া তাঁহার পাদপত্মে নিজ মুকুট ও মালা অর্পণ পূর্ত্তক চিত্ত-প্রসাদোপযুক্ত এইরূপ বাক্য বলিয়াছিলেন। ৯৬।

সৎকর্মের বিপাক দারা উৎপন্ন ও প্রশমাভিষিক্ত সেই অনির্ব্ব-চনীয় বিবেকই একমাত্র বন্দনীয়। যাহার প্রভাবে নিস্পৃহ জনগণের পক্ষে রত্নাকরমেখলা পৃথিবীও পরিত্যাজ্যা হয়। ১৭।

স্থান্দরক, রাজা কর্তৃক কথিত এইরূপ বাক্য শ্রাবণ করিয়া তাঁহার প্রার্থনায় তদীয় মনোরথ সম্পাদন করিয়াছিলেন। তাঁহার সেবক গঙ্গপাল তদীয় কল্পক হইয়া শান্তিপদ পাইয়াছিলেন। ৯৮।

উত্তম কর্মাযোগেও প্রব্রজ্যাদারা সজ্জনের পূজ্যভাবপ্রাপ্ত গল্প-পালকেও রাজা প্রণত হইয়া বন্দনা করিয়াছিলেন। তখনও পৃথিবীর ষট্প্রকার কম্প হইয়াছিল। ৯৯।

এই প্রণত রাজা ভদ্রকই ব্রহ্মদন্ত ছিলেন। এই উপালীই কুশলবান্ ও কল্পক গঙ্গপাল ছিলেন। ভিক্ষুগণ ভগবৎকথিত এইরূপ আশ্চর্য্য কথা প্রবণ করিয়া স্থির করিয়াছিলেন যে স্বচ্ছ চিত্তই পুণ্যারূপ আশ্রয় লাভের হেতু। ১০০।

ত্রয়োবিংশ পল্লব

বিশ্বস্তরাবদান

चिन्तारत्नादधिकरुचयः सर्व्वनोक्तेष्वनिन्धाः वन्धा स्तेऽन्धेः पुरुषमणयः केऽप्यपूर्व्वप्रभावाः । येषां नैव प्रियमपि परं पुत्रदारादि दस्वा सस्वार्थानां भवति वदनस्नानता दैन्यदूती ॥ १ ॥

চিন্তামণি অপেক্ষাও অধিকতর কান্তিসম্পন্ন, সমস্তলোকমধ্যে প্রশংসনীয় এবং অপূর্বপ্রভাবসম্পন্ন সেই সকল অনির্বচনীয় পুরুষ-রত্মগণই সকলের বন্দনীয় হন। ইঁহারা নিজ প্রিয়তম পুত্র ও দারাদি অস্তকে প্রদান করিলেও সন্ধ্রগণপ্রভাবে ইঁহাদের দৈয়ভাবব্যঞ্জক বদনের ম্লানতা হয় না। ১।

পুরাকালে শাক্যপুরবর্ত্তী ভগবান জিন দেবদত্তকথাপ্রসঙ্গে ভিক্স্-গদ কর্তৃক জিজ্ঞাসিত হইয়া নিজ পূর্ববর্ত্তান্ত বলিয়াছিলেন। ২।

লক্ষীর বিশ্বাসবসভিস্বরূপা এবং বিশ্বজনের উপকারপ্রসক্ত পুণ্যের জন্মভূমিভূতা বিশ্বানামে এক পুরী ছিল। ৩।

তথায় অমিত্ররূপ অন্ধকারের নাশক সূর্য্যসদৃশ এবং চল্লের স্থায় নয়নানন্দদায়ক ও বিচিত্রচরিত্রবান্ সঞ্জয়নামে এক রাজা ছিলেন। ৪।

সঞ্জরের পুত্র বিশ্বস্তর অত্যন্ত বদাত্ত ছিলেন। ইনি অপূর্ব্ব ত্যাগ-শক্তি দারা কল্লতরুরও যশ হরণ করিয়াছিলেন। ৫।

বিদশ্ধ বিশ্বস্তর সত্যবারা বাণীকে, দান দ্বারা শ্রীকে এবং শাস্ত্রজ্ঞান দ্বারা বৃদ্ধিকে যুগপৎ ভূষিত করিয়াছিলেন। ইহারাও পরস্পর স্বর্ধ্যা-পরায়ণ ছিল না। ৬।

কেতকীপুম্পের গর্ভপত্রের স্থায় বিশদ তদীয় যশঃ অদ্যাপি দিয়ধ্-গণের কর্ণাভরণস্বরূপ,হইয়া শোভিত হইতেছে। ৭।

একদা বিশ্বস্তর একজন যাচককে দিব্যরত্বালঙ্কত, বিজয়সাম্রাজ্য-প্রদ এবং কান্তিম্বারা মনোহর নিজ রুথটা প্রদান করিয়াছিলেন। ৮।

ঐ রথটী প্রদত্ত হইলে রাজ্যস্থ-সমস্ত লোকই বিশ্মিত হুইয়াছিল। এবং রাজাও অত্যন্ত চিস্তাক্রান্তহনয় হইয়াছিলেন। ৯।

অ্তঃপর হর্ষহীন রাজা উদ্বেগ ও চিস্তায় আক্রাস্তচিত্ত হইয়া মহা-মাত্যগণকে আহ্বানপূর্বক বলিয়াছিলেন। ১০।

কুমার সেই জয়শীল ও শক্রমর্দ্দনকারী রুপটী দান করিয়াছেন। ঐ রুপপ্রস্তাবেই আমি এই মহারুপ সেনাগণকে অর্জন করিয়াছি। ১১।

সেই শৌর্য্যসম্পন্ন রথ ও জয়কুঞ্জনামক কুঞ্জর এই তুইটীতেই আমার লক্ষ্মী নিশ্চলভাবে স্থাখে নিষণ্ণা হইয়া আছেন। ১২।

মন্ত্রিগণ রাজার এইরূপ বাক্য শ্রাবণ করিয়া তাঁহাকে বলিয়াছিলেন যে হে রাজন আপনি বাৎসল্যবশতঃ অসাবধান হইয়াছিলেন ইহা আপনারই দোষ। ১৩।

ধর্ম্ম কাহার না হর্ষজনক হয়। দান কাহার সম্মত নহে। পরস্ত বৃক্ষকে সমূলে উৎপাটিত করিলে ফলার্থিগণ আর তথায় আসে না। ১৪।

সেই ব্রাহ্মণ রথটি পাইয়াই পরদেশে বিক্রয় করিয়াছে। মন্ত্রিগণ এই কথা বলিয়া সকলেই শল্যবিদ্ধের ন্যায় হইয়াছিলেন। ১৫।

অতঃপর মদনোৎসবজনক, হাদয়ানন্দদায়ক এবং পুণ্যের বিপাকশ্বরূপ বসস্তকাল উপন্থিত হইলে স্বয়ংগ্রহোপজীবী মধুকরগণকর্তৃক
প্রাথিত ও বসস্তের যশঃস্বরূপ পুষ্পবনদারা জগৎ শুদ্রতা প্রাপ্ত
ছইয়াছিল। ১৬-১৭।

বসস্তকাল সমদ হইলে লোকোপকারে উদ্যত অশোকরক ভয়ে বিধৃত হইয়া কলিকাবারা জগৎ অলঙ্কত করিয়াছিল। ১৮। অর্থিগণের কল্পতরুস্বরূপ রাজপুত্র ফুল্লকুস্থ্মশোভিত বন্যতরু সন্দর্শনমানসে রাজ্যবন্ধন কুঞ্জরে আরোহণ করিয়া বনে গিয়া-ছিলেন্। ১৯।

পথে গমনকালে প্রতিপক্ষ সামন্তগণকর্তৃক নিযুক্ত ত্রাক্ষণগণ আসিয়া স্বাস্তবাদপূর্ববক রাজপুত্রকে বলিয়াছিলেন। ২০।

আপনি জগতে প্রশংসনীয় গতিশীল চিস্তামণিস্বরূপ। আপনার দর্শনমাত্রেই যাচকগণ লক্ষ্মীকর্তৃক গাঢভাবে আলিঙ্গিত হয়। ২১।

দানেতে আর্দ্রহস্ত আপনি ও স্থিরোন্নতিশালী এই গজটী এই দুইটীই ইহ জগতে বিখ্যাত উৎকর্ষশালী ও সার্থকজন্মা। ২২।

হে মহাপুণ্যবান্! এই হস্তীটী আমাদিগকে প্রদান করুন। আপনি ভিন্ন অন্ত কোন দাতাই এ বস্তু দান করিতে পারে না। ২৩।

রাজপুত্র ব্রাহ্মণগণকর্ত্ব এইরূপ প্রার্থিত হইয়া উৎসাহসহকারে শব্দ, ধ্বজ ও চামরসমন্বিত সজীব সাম্রাজ্যসদৃশ হস্তাটীকে প্রদান করিলেন। ২৪।

বিশুদ্ধবুদ্ধি রাজপুক্ত বোধিপ্রধান প্রণিধানদ্বারা রথরত্ন ও গজরত্ন প্রদান করিয়া অতিশয় আনন্দিত হইয়াছিলেন। ২৫।

রাজা বিখ্যাত জয়কুঞ্জরটী দান করা হ**ই**য়াছে শুনিয়াই মনে মনে স্থির করিলেন যে রাজলক্ষ্মীকে আর রক্ষা করা যায় না। ২৬।

অতঃপর কুমার রাজ্যভংশভীত, কুপিত রাজাকর্তৃক নিকাসিত ছইয়া তাঁহাকে প্রণাম করিয়া প্রস্থান করিয়াছিলেন। ২৭।

তিনি মান্ত্রীনাল্লী নিজদয়িতা, জালিননামক পুত্র ও কৃষ্ণানাল্লী কন্যাকে সঙ্গে লইয়া বনে গিয়াছিলেন। ১৮।

রাজকুমার বনেতেও অবশিষ্ট বাহনাদি অর্থিগণকে দান করিয়া-ছিলেন। মহাজনের সন্ধ সম্পৎকাল ও বিপৎকাল উভয়েতেই সমান থাকে। ২৯। একদা মাদ্রী পুষ্প, মূল ও ফল আহরণার্থে গমন করিলে একটী ব্রাহ্মণ আসিয়া রাজপুত্রকে বলিয়াছিলেন । ৩০।

হে মহাস্**র্থ!** আমার পরিচারক নাই। এই চতুর বালক **ছুই**টী আমাকে প্রদান করুন। আপনি সর্বন্দ বলিয়া বিখ্যাত। ৩১।

রাজপুত্র এইকথা শ্রবণ করিয়াই কোন বিচার না করিয়া পরম-প্রিয় বালকদ্বয়কে প্রদান করিয়া তদীয় বিরহব্যথা সহু করিয়া-ছিলেন। ৩২।

ধন, পুত্র ও কলত্রাদি কাহার প্রিয় নহে। কিন্তু দয়াবান্ বদাস্থ-গণের দান ভিন্ন অন্য কিছুই প্রিয় নহে। ৩৩।

অনস্তর পুত্রবৎসলা মাদ্রী আসিয়া পতির সম্মুখে বালকম্বয়কে দেখিতে না পাওয়ায় মূর্চ্ছিত হইয়া ভূমিতে পতিত হইয়াছিলেন। ৩৪। শোকাগ্নিতপ্তা মাদ্রী ক্রমে সংজ্ঞালাভ করিয়া শিশুপ্রদানর্ত্তাস্ত

শ্রবণ করিয়াই প্রলাপ করিতে লাগিলেন। ৩৫। অপত্যক্ষেহের তুঃসহ তুঃখাগ্নি প্রিয়প্রেমের অমুস্ত হইয়া তাঁহার

অপত্যক্ষেত্রে হুঃসহ হুঃখাগ্নি প্রিয়প্রেমের অনুস্ত হুইয়া তাহার চিত্তে পুটপাকবৎ হুইয়াছিল। ৩৬।

ইত্যবসরে বিপ্ররূপধারী ইন্দ্র তথায় আসিয়া ভৃত্যকামনায় রাজ-পুত্রের নিকট তাঁহার পত্নীকে প্রার্থনা করিয়াছিলেন। ৩৭।

সন্থসাগর রাজপুত্র তৎকন্ত্ ক প্রার্থিত হইয়া জায়াবিয়োগজ শোক বুদ্ধিদ্বারা স্তন্ত করিয়া তাঁহাকে নিজদয়িতা প্রদান করিয়াছিলেন। ৩৮। সহসা প্রদান করায় তরলা ও ভয়বিহবলা হরিণীর স্থায় দয়িতাকে বিলোকন করিয়া রাজপুত্র অস্তরে বোধিবাসনা করিয়া বলিয়াছিলেন।৩৯। হে কল্যাণি সমাশস্ত হও। শোক করা উচিত নহে। এ প্রিয়-সন্থম অসত্য ও স্বপ্নপ্রণায়সদৃশ জানিবে। ৪০।

এই ব্রাহ্মণের শুশ্রাষাধারা তোমার মতি ধর্ম্মের হ ছউক। চঞ্চল লোক্যাত্রায় একমাত্র ধর্মাই স্থিরতর স্থতং। ৪১। খলন, খুজন ও বন্ধুজন সমস্তই দেখিয়াছি এবং অনুভব করিয়াছি। কণকালদাত্র পরিমলদায়িনা এবং পরক্ষণেই মানিপ্রাপ্তা মিত্ররূপ মালা কণ্ঠে বিভাগ করিয়াছি। যৌবন ও জীবন দার ও পুত্রে সভত ক্ষয়প্রাপ্ত হইয়াছে কিন্তু ধর্ম ব্যতিরিক্ত কিছুই আপ্ত বা স্থিরপরিচয় দেখিলাম না। ৪২।

রাজকুমার নিজ দয়িতাকে এইকথা বলিয়া লোভ পরিত্যাগ করায় বদনে ত্যুতি ও চিত্তে ধৈর্যাক্তি বহন করিয়াছিলেন। ৪৩।

দেবরাজ ইন্দ্র মাদ্রীকে বিয়োগশোকে বিহ্বলা দেখিয়া কৃপাকুল হইয়াছিলেন এবং নিজরূপ ধারণ করিয়া তাঁহাকে বলিয়াছিলেন। ৪৪।

হে পুত্রি! তুমি বিষাদ করিওনা। আমি দেবরাজ ইন্দ্র। ভোমার স্বামী ভোমাকে অশুবাচকের হস্তে দিতেন এ জন্ম আমি তোমাকে প্রার্থনা করিয়াছি। ৪৫।

অধুনা তুমি তোমার স্বামীর নিকট স্থাসম্বরূপ রক্ষিত। হইলে। শুল্ডখন ইনি অস্থাকে দিজে পারিবেন না। পরস্ব ক্রিপে দান করা যায়। ৪৬।

আমি নিশ্চয়ই তোমার বালক্ষয়ের সহিত সমাগম করিয়া দিব। দেবরাজ এই কথা বলিয়া সহসা অন্তর্হিত হইলেন। ৪৭।

অনস্তর সেই ব্রাহ্মণ অর্থলোজ্বশতঃ বিশ্বামিত্রনগরে গমন করিয়া বালক ফুইটীকে বিক্রয় করিতে উদ্যুত হইয়াছিল। ৪৮।

বিশামিত্র বালকছুইটীকে রাজপুত্রের অপত্য জানিতে পারিয়া বিপুল অর্থনারা স্বাস্পন্যনে বালকছুইটীকে গ্রহণ করিয়া-ছিলেন। ৪৯।

কালক্রমে রাজা বিশামিক্র স্বর্গগত হইলে বিশ্বস্তর পুরবাসী ও অমাত্যগণকর্ত্ব প্রার্থিত হইয়া রাজ্যভার গ্রহণ করিয়াছিলেন। ৫০। বিশ্বস্তর রাজ্যে বিরক্ত ছিলেন এবং দানে অত্যস্তাসক্ত ছিলেন। তাঁহার সম্বঞ্জ সকলেরই সমৃদ্ধি হইয়াছিল, এ কারণ কেহই তাঁহার নিকট যাচক হইয়া উপস্থিত হয় নাই। ৫৬।

বিশ্বস্তবের ধনে পরিপূর্ণবিভব সেই কৃতন্ম ব্রাহ্মণ লোকসমাজে বলিত যে তাহার নিজপ্রভাবে এইরূপ সম্পদ্ হইয়াছে। এজন্ম সে জন্ম ক হইয়াছে। ৫২।

আমিই সেই বিশ্বস্তর ছিল।ম এবং দেবদত্ত নামে সেই আহ্মণও আমিই ছিলাম। ভগবান্ এই কথা বলিয়া ভিক্ষুদিগকে দানধর্মের ১ উপদেশ দিয়াছিলেন। ৫৩।

দানই মনুষ্যগণের শত্রপাতে সালস্বনস্বরূপ। দানই যোর সন্ধ-কারমধ্যে চিরস্থায়ী আলোকস্বরূপ। ছঃসহ ছঃখসময়ে দানই আশাস-কারী। দানই পরলোকে একমাত্র বন্ধু। ৫৪।

চতুৰিংশ পল্লব

অভিনিক্ষমণাবদান

हसित सक्त लोका लोकसंगाय भानुः परममस्तहस्यै पुर्णतामिति चन्द्रः । इयित जगित पूजां जन्म ग्टल्लाति कश्चित् विपुलक्षणलसेतुः सत्त्वसन्तारणाय । १ ।

সূধ্য সমস্তলোকের আলোকস্মন্তির জন্মই উদিত হন্। চন্দ্রও অমৃত বৃষ্টি করিবার জন্ম (ক্ষীণ হইয়াও) পূর্ণতা প্রাপ্ত হন্। এই বিশাল জগৎমধ্যে কেহ বা পূজনীয় জন্ম গ্রহণ করেন এবং তিনিই প্রাণিগণের উদ্ধারের জন্ম কুশলকর্মম্বারা নিজে বিপুলসেতুস্বরূপ হইয়া থাকেন। ১।

পুরাকালে শাক্যপুরে শ্রীমান, যশস্বী ও দ্বিতীয় স্থধাসিক্ষুর স্থায় শুদ্ধোদননামে এক রাজা ছিলেন। ২।

লক্ষী গুণিজনে অর্পিতা হইলেও সম্ভবতঃ খলজনে আসক্তা হন। কিন্তু আশ্চর্য্যকারী রাজা শুদ্ধোদন লক্ষ্মীকে সজ্জনের পক্ষপাতিনী করিয়াছিলেন। ৩।

অদ্যাপি ইহার বিমল যশঃ চতুর্দ্দিথন্তী তীর্থ ও বনে সংসক্ত হইয়া বেন বিবেকী হইয়া মুনিত্রত ধারণ করিছে। ৪ ।

পুরাকালে বিশ্বকর্মস্থত "আমি যেন শুদ্ধমাতা হই" এইরূপ প্রণিধান করিয়া বিমলত্যুতি ধারণপূর্ববিক মর্ত্ত্যলোকে আসিয়াছিলেন।৫।

তদীয় মহিষী মহামায়া কীর্ত্তি বেরূপ সংপুরুষের প্রিয়া হয় এবং কুমুদিনী বেরূপ চল্রের প্রিয়া হইয়াছেন তদ্রূপ তাঁছার প্রিয়া ছিলেন।৬। মহিষী মহামায়া স্বপ্নে দেখিয়াছিলেন যে, একটী শৈতহন্তী আঁকাশমার্গে আসিয়া তাঁহার কুক্ষিতে প্রবেশ, করিল। তিনি শৈলে
আরোহণ করিলেন এবং মহাজনগণ ভাঁহাকে প্রণাম করিলেন। ৭।

এই সময়ে ভগবান্ বোধিসন্ত লোকাসুগ্রহমানসে তুষিতনামক দেবালয় হইতে মহামায়ার গর্ভে প্রবেশ করিলেন। ৮।

মহামায়া ত্রিভুবনের আনন্দদায়ক বোধসন্তকে গর্ভে বহন করিয়া চন্দ্রগর্ভা তুগ্ধান্ধির বেলার স্থায় পাণ্ডুরত্ব্যতি হইয়াছিলেন। ৯।

সর্ববলক্ষণাক্রাস্তা মহামায়া ইক্ষ্বাক্তরাজবংশীয় ভগবান্ বোধিসম্বকে গর্ভে ধারণ করায় নিধানবতী পৃথিবীর ভায় শোভিত হইয়া-ছিলেন। ১০।

গর্ভকালে মহামায়ার দান ও পুণ্যকার্য্যবিষয়েই দোহদ হইয়াছিল। সহকারব্বক্ষের সৌরভ অঙ্কুরাবস্থাতেও বিসম্বাদী হয় না। ১১।

কালক্রমে লুম্বিনীবনে অবস্থিত। মহামায়। অদিতি যেরূপ দিবা-করকে প্রসব করিয়াছিলেন, তদ্রপ সম্পূর্ণলক্ষণ তনয় প্রসব করিয়া-ছিলেন। ১২।

ভগবান্ মাতার গর্ভস্থ মল স্পার্শ না করিয়াই তাঁহার কুক্ষি ভেদ করিয়া নির্গত হইয়াছিলেন। তৎপরে তাঁহাকে বিগতব্যথা ও স্বস্থাঙ্গী করিয়াছিলেন। ১৩।

ভগবানের নির্গমকালে ইন্দ্র বল পরীক্ষা করিবার জন্ম ক্ষণকাল পথরোধ করিয়াছিলেন, কিন্তু বজুের ন্যায় কঠিনাঙ্গ ভগবান্কে রোধ করিতে পারেন নাই। ১৪।

শিশুরূপী ভগবান্ জন্মগ্রহণ করিয়াই সপ্তপদ গমনপূর্বক চতুর্দিক বিলোকন করিয়া স্থাক্তাক্ষর বাণীধারা বলিয়াছিলেন, এই পূর্বদিক্ নিশ্বতি। দক্ষিণ দিক্ লোকের গতি। পশ্চিম দিক্ জাতি। উত্তর দিক্ সংসারের বহির্ভূত। ১৫-১৬। ভগবান্ যখন এই কথা বলেন, তখন পৃথিবী কম্পিত হইয়াছিলেন।
বোধ হয়, তিনি অক্ষয়বলশালী জগদ্গুরুকে ধারণ করিতে অক্ষম হইয়াছিলেন। ১৭।

ভগবান্ আকাশ হইতে পতিত জলধারাদ্বারা ধৌত হইয়াছিলেন এবং দেবতারা তাঁহার যশঃশুল্র ছত্র ও চামর ধারণ করিয়াছিলেন। ১৮।

ইত্যবসরে কিন্ধিন্ধ্যাদ্রিশ্বিত অসিত মুনি প্রভাদর্শনে বিশ্মিত তদীয় ভাগিনেয় নারদকর্তৃক জিজ্ঞাসিত হইয়াছিলেন যে, শতসূর্য্যের আলোকের ন্থায় এই অপূর্বব আলোক কোথা হইতে দেখা যাইতেছে। এই আলোকে গিরিগহ্বরপর্য্যস্ত আলোকিত হইয়াছে। ১৯-২০।

দিব্যচক্ষু অসিত মূনি নারদকর্তৃক বিশায় সহকারে এইরূপ জিজ্ঞাসিত হইয়া বলিয়াছিলেন যে, বোধিসত্ত্বের জন্ম হওয়ায় এইরূপ পুণ্যালোকের বিকাশ হইয়াছে। ২১।

বৎস, শীঘ্র আমরা কুশললাভের জন্ম তাঁহাকে দর্শন করিব। অসিত মুনি এই কথা বলিয়া আনন্দাতিশয়বশতঃ বিশ্রান্তিস্থ অনুভব করিয়াছিলেন। ২২।

শুদ্ধোধন তাঁহার পুত্র জন্ম হওয়ায় সকল প্রয়োজন সিদ্ধ হইয়াছে বুঝিতে পারিয়া, ইহাঁর নাম রাখিয়াছিলেন সর্বার্থসিদ্ধ। ২৩।

শাক্যপুরে শাক্যবর্দ্ধন নামে এক যক্ষ ছিলেন। শাক্যবংশীয় শিশুগণ ঐ যক্ষকে প্রণাম করিয়া নিরুপদ্রব হইত। ২৪।

শুদ্ধোদন ঐ যক্ষকে প্রণাম করিবার জন্ম সিদ্ধার্থকে পাঠাইয়া-ছিলেন। যক্ষ তাঁহাকে বোধিসন্থ বিলোকন করিয়া তাঁহারই পদে পতিত হইয়াছিলেন। ২৫।

অতঃপর রাজা হাইট হইয়া, তাঁহাকে ক্রোড়ে গ্রহণপূর্ববক নৈমিত্তিকগণকর্তৃক কথিত তদীয় দেহের লক্ষণসকল বিলোকন করিয়াছিলেন। ২৬। তৎপরে লক্ষণজ্ঞ নৈমিত্তিকগণ বিশ্মিত হইয়া রাজাকে বলিয়া-ছিলেন—হে দেব! লক্ষণ দারা জানা যহিতেছে যে, এটা দিব্য-কুমার।২৭।

ত্রিভুবনের শাসনকর্তা এবং ইন্দ্রেরও অধিপতি, চক্রবর্ত্তী ভগবান্ তথাগত ঈদৃশ লক্ষণযুক্ত হইয়া জন্মগ্রহণ করেন। ২৮।

ইহাঁর কমনীয় চরণবয় দীর্ঘ অঙ্গুলিদলে শোভিত, চক্রলাঞ্ছিত, স্থপ্রতিষ্ঠিত, অরুণবর্ণ এবং কমলের স্থায় কোমল। ২৯।

ইহাঁর এই শোভাসম্পন্ন জানুযুগল রাজহংসের ন্যায় ,প্রাংশু এবং অঙ্গুলিপল্লবমণ্ডিত ও আজানুলন্বিত ভুজন্বয়ে ভূষিত। ৩০।

ইহাঁর গুহুদেশ হস্তীর স্থায় কোষসমন্বিত। ইহাঁর পরিমণ্ডল ন্যগ্রোধরক্ষের স্থায়। দক্ষিণাবর্ত্ত রোমচিহ্নও আছে। আকারও বিশাল ও উন্নত। ৩১।

ইহাঁর কান্তি তপ্ত স্থবর্ণের ভায়। লেশমাত্রও রজোমল স্পর্শ করে নাই। হস্ত, পদ, স্কন্ধ ও কণ্ঠাত্রে সপ্তচ্ছদের ভায় আকৃতি স্পর্ফ রহিয়াছে। ৩২।

ইহাঁর পূর্বব কায়ার্দ্ধ সিংহের ন্যায়। অঙ্গপ্রতাঙ্গগুলি রহৎ ও সুস্পষ্ট। চল্লিশটা দন্ত সমভাবে সজ্জিত ও শুক্র। নাসিকাটীও স্থানর।৩৩।

ইহাঁর জিহবা দীর্ঘ ও সৃক্ষাগ্র। কণ্ঠস্বর মেঘত্নসুভির স্থায়।
চক্ষু নীলবর্ণ ও চক্ষুরোম গোরুর ভায়। ইহাঁর মস্তকে স্বাভাবিক
উষ্ণীয় রহিয়াছে। ৩৪।

ক্রমধ্যে উর্ণাচিহ্ন আছে। উরঃস্থলে উঙ্গ্বল স্বস্তিকচিহ্ন আছে। হস্তে শৃঙ্গ ও পদ্মরেখা আছে এবং মস্তকটী ছত্রাকার। ৩৫।

হে রাজন্! আপনার এই পুত্রটী হয় চক্রবর্ত্তী রাজা হইবেন অথবা সম্যক্সমুদ্ধ সর্ববজ্ঞ হইবেন। ৩৬। নৈমিত্তিকগণ এই কথা বলিয়া চলিয়া গেলে, রাজা অত্যস্ত হর্ষান্থিত হইয়াছিলেন। শাস্তার জননী সাত দিন মধ্যেই স্বর্গগামিনী হইয়াছিলেন। ৩৭।

তাঁহার জন্ম হইলে, শাক্যবংশীয়গণ মুনির ন্যায় শাস্তি প্রাপ্ত হইয়াছিলেন। ইহা দেখিয়া শিশুর নাম শাক্যমুনি রাখা হইয়া-ছিল। ৩৮।

রাজা শিশুর তেজ দর্শন করিয়া, ইনি দেবতাদিগেরও দেবতা এইরূপ নিশ্চয় করিয়া ইখার নাম দেবাতিদেব রাখিয়াছিলেন। ৩৯।

অতঃপর তত্ত্বদর্শী অসিত মূনি কুমারকে দর্শন করিবার জন্ম আদর সহকারে নারদের সহিত তথায় আগমন করিয়াছিলেন। ৪০।

তিনি বালার্কসদৃশ ও কল্পপ্রকাশক বোধিসন্থকে বিলোকন করিয়া কমলতুল্য নিজ মুখপদ্মের বিকাশশোভা প্রাপ্ত হইয়াছিলেন। ৪১।

অসিত মুনি আতিথ্যকারী ও প্রণত রাজাকে বলিয়াছিলেন, ছে রাজন্! আপনি যেমন গুণগণে স্পৃহণীয় তক্রপ এই পুত্রটীম্বারাও স্পৃহণীয় হইয়াছেন। ৪২।

শিশুর এই সকল লক্ষণ মোক্ষসম্পদ্ সূচনা করিতেছে এবং চক্রবর্তীর সম্পদ্ও সূচিত হইতেছে। এই সকল লক্ষণের ফল বিনশ্বর নহে। ৪৩।

ইনি বোধিপ্রভাবে সমুদ্ধ হইবেন। ধতা ব্যক্তিই ইহার মুখপদ্ম নেত্রদারা বিলোকন করিবে। ৪৪।

বিবৃধগণ বোধিরূপ **ত্রের** মহোদধিস্বরূপ এই শুদ্ধসন্থ কুমারের বাক্যামৃত শ্রবণ করিয়া ধন্ম হইবেন। ৪৫।

এ জগৎ এখন পুণ্যবান্। একমাত্র আমিই বঞ্চিত হইলাম। বেহেতু আমার কাল পূর্ণ হইয়াছে। ইহাঁর দর্শন আমার তুর্লভ হইল। ৪৬। অসিত মূনি এই কথা বলিয়া এবং রাজাকে আমন্ত্রণ করিয়া আকাশমার্গে তপোবনে গমনপূর্বক মন স্থাসন্ন করিয়া দেহত্যাগের বিষয় ভাবিয়াছিলেন। ৪৭।

নারদ শেষসময়ে তাঁহার নিকট উপদেশ পাইবার জন্ম প্রার্থনা করিলে, তিনি বলিয়াছিলেন, রুৎস! এই কুমার তোঁমাকে মোক্ষ উপদেশ করিবেন। ৪৮।

এই রাজপুত্র হইতে অবিনশ্বর মোক্ষকথা লাভ করিয়া ভবসাগর, উত্তীর্ণ হইবে। এই কথা বলিয়া তিনি দেহত্যাগ করিয়াছিলেন। ৪৯।

নারদ তাঁহার শরীরের সৎকার করিয়া সিদ্ধিলাভের জন্ম বারাণসীতে গমনপূর্ববিক কাত্যায়ন নাম প্রাপ্ত হইয়াছিলেন। ৫০।

অতঃপর কুমার দিন দিন রৃদ্ধি প্রাপ্ত হইয়া সর্ববিদ্যায় পারগ হইয়াছিলেন। লিপিপ্রবীণ কুমার নূতন আক্ষী লিপি স্থাষ্টি করিয়া-ছিলেন। ৫১।

অযুত নাগতুল্য বলবান্ কুমার জগতে খ্যাতি লাভ করিলে বৈশালিকগণ ইহাঁর সন্তোধের জন্ম একটী মত্তহন্তী পাঠাইয়া দিয়াছিলেন। ৫২।

ইনি চক্রবর্ত্তী হইবেন এবং এই হস্তাটী উপঢৌকন পাইয়াছেন। এই কথা শুনিয়া বিদ্বেষবশতঃ দেবদত্ত সেই মহাগজটীকে হত্যা করিয়াছিল।৫৩।

নন্দ ভূমিপতিত সেই মহাগজটীকে সপ্তপদমাত্র আকর্ষণ করিতে পারিয়াছিল। কিন্তু কুমার উহাকে উৎক্ষিপ্ত করিয়া প্রাচীরের বাহিরে ফেলিয়া দিয়াছিলেন। ৫৪।

কুমার একটা বাণদ্বারা সপ্ততাল ভেদ করিয়া মহীতল ভেদ করিয়াছিলেন। ছেদ্য, ভেদ্য, অস্ত্র ও শস্ত্রবিদ্যায় তিনিই প্রাধাস্থ লাভ করিয়াছিলেন। ৫৫। তৎপরে শুদ্ধশীল ব্যক্তি যেরূপ উন্নতি লাভ করে, তদ্রপ কুমার তাঁহার তুল্যগুণবতী যশে ধরানান্নী বিখ্যাতা পত্নী লাভ করিয়া-ছিলেন। ৫৬।

ইত্যবসরে একটা প্রকাণ্ড রক্ষ মহাবাতাঘাতে পতিত হইয়া এবং সপ্তযোজন পথ রুদ্ধ করিয়া নদীর প্রবাহ রোধ করিয়াছিল। ৫৭।

ঐ বিপুল তরুদারা সংরুদ্ধা রোহিকানাম্মা নদী শীলভ্রম্ভা বনিতার স্থায় প্রতিলোমগামিনী হইয়াছিল। ৫৮।

রাজপুত্র ঐ রক্ষটী উৎক্ষিপ্ত করিয়া এবং খণ্ড খণ্ড করিয়া দূরে নিক্ষেপ করিয়া প্রজা, মৎস্থ ও জলকলোলের বিপ্লব নিবারণ করিয়াছিলেন। ৫৯।

তৎপরে একদা দেবদত্ত উদ্যানমধ্যে একটা হংসকে নিশিত বাণ-দারা নিহত করিয়াছিল। কুমার তাহাকে পুনর্জীবিত করিয়া-ছিলেন। ৬০।

দেবদন্ত ইহা দেখিয়া অধিকতর সন্তাপপ্রাপ্ত হইয়াছিল। কুটিল-গণ তুল্যবংশীয় লোকের গুণোন্নতি সহিতে পারে না। ৬১।

একদা গোপিকানান্দ্রী রাজকন্তা কন্দর্পসদৃশরূপ কুমারকে বিলোকন করিয়া অত্যন্ত উৎস্থকা হইয়াছিল। ৬২।

রাজা শুদ্ধোদন গোপিকাকে মনোনীত বধূ বিবেচনা করিয়া পুত্রের সহিত তাহার বিবাহ দিয়া মন্মথের মনোরথ পূর্ণ করিয়াছিলেন। ৬৩।

তৎপরে নৈমিত্তিকগণ আসিয়া দৃঢ়নিশ্চয়সহকারে রাজাকে বলিয়াছিলেন যে, আপনার পুত্র সপ্তম দিনে চক্রবর্তী অথবা মুনি হইবেন। ৬৪।

রাজা এই কথা শুনিয়া এবং পুত্র প্রব্রজ্যা গ্রহণ করিবে ভাবিয়া অত্যন্ত ভীত হইয়াছিলেন; পরস্ত পুত্রের চক্রবর্ত্তীপদলাভের জন্ম দিন গুণিতে লাগিলেন। ৬৫। লক্ষ্মী শাস্তা ও স্থিরস্থা হইলেও, সকলেই তাঁহাকে লোলা বলিয়াই জানে। তথাপি ভোগাসক্ত জনগণ কেবল সম্পদেরই আদর করিয়া থাকে। ৬৬।

একদা কুমার উদ্যানবিহার-মানসে স্থন্দর ও বৃহদাকার তুরঙ্গ-সমন্বিত রথে আরোহণ করিয়া নগরের বাহিরে গিয়াছিলেন ভি ।

কুমার পথিমধ্যে জরাজীর্ণ, শীর্ণকেশ এবং শুষ্ক ও কঠোরাকৃতি একটী পুরুষকে দেখিয়াছিলেন। ৬৮।

কুমার ঐ পুরুষকে দেখিয়া এবং নিজদেহ বিলোকন করিয়া বছক্ষণ চিন্তা করিয়াছিলেন যে, অহো এই দেহের এইরূপ নিন্দনীয় পরিণাম। ৬৯।

এই ব্যক্তি পর্যাপ্ত বয়স পাইয়াও পর্যাপ্ত বোধ করিতেছে না। এ জন্য জরা পলিতচ্ছলে এই ব্লন্ধকে উপহাস করিতেছে। ৭০।

এই ব্লন্ধ সম্ভত স্মায়ূপাশদারা বন্ধ ও অস্থিপঞ্জরবিশিষ্ট দেহপিঞ্জরে মোহবিহঙ্গকে পোষণ করিতেছে। আমার বড়ই আশ্চর্য্য বোধ হইতে ছে। ৭।

হে সারণে! এ ব্যক্তি কি করিতেছে। কেন তপোবনে যাইতেছে না। এই ব্লক্ষের বৃদ্ধিও দেহের সহিত সঙ্কোচ প্রাপ্ত হইতেছে। ৭২।

এই রদ্ধ যপ্তি অবলম্বন করিতেছে; কিন্তু ধর্ম্মময়ী বুদ্ধি অবলম্বন করিতেছে না। জরাদ্বারা ইহার দেহ বক্র হইয়াছে। এ অতি নির্বিবেক-স্বভাব। ৭০।

এই বৃদ্ধ দন্তচ্যুত হওয়ায় প্রস্থানিতভাবে লালালবমিশ্রিত বাক্য দ্বারা জুগুপ্সা-ভাব প্রকাশ করিতেছে। ৭৪।

দৃষ্টি নষ্ট হইয়াছে। শরার ক্লশ হইয়াছে। শক্তি লুপ্ত হইয়াছে। শ্রবণশক্তিও গিয়াছে, তথাপি তরুণী বন্ধের প্রিয় দেখিতে পাওয়া যায়।৭৫। এই রন্ধ কি গর্হিত ধবলতা ধারণ করিতেছে। ইহার লোল দেহ বিরক্ত হইলেও ইহার অত্যক্ত প্রিয় দেখিতেছি। ৭৬।

কুমার এইরূপ চিস্তা করিয়া এবং দেহকে আপদের আম্পদ ও বিনশ্বর বিবেচনা করিয়া অত্যন্ত নির্বেদ প্রাপ্ত হইয়াছিলেন। ৭৭।

অন্য এক সময়ে কুমার ব্যাধিযুক্ত, পূয়ব্যাপ্ত, পাণ্ডুবর্ণ ও মৃতপ্রায় একটা মনুষ্যকে দেখিয়াছিলেন। ৭৮।

কুমার ইহাকে দেখিয়া নিজদেহ-উদ্দেশে চিন্তা করিয়াছিলেন, অহো এই দেহে স্বভাবতঃই নানারোগের উদগম হয়। ৭৯।

এই মাংসময় দেহ ক্ষণকালমাত্র পর্যুষিত হইলেই ক্লেদময় হয়। ইহাই মহাশ্চর্য্য। ৮০।

কুমার উদ্বেগের সহিত এইরূপ চিন্তা করিয়া, শরীরের প্রতি বিচিকিৎস হওয়ায় রাজ্যসম্ভোগে হতাদর হইয়াছিলেন।৮।

অশু এক সময়ে কুমার মাল্য ও বন্ত্রাচ্ছাদিত একটা শবদেহ দেখিয়াছিলেন। ইহার বন্ধুজন ঐ দেহ সৎকার করিবার জন্য, ব্যগ্র হইতেছিল। ৮২।

তিনি ঐ শবটী দেখিয়া সহসা উদ্বেগ, দয়া, ছ:খ ও ঘুণায় আকুল হইয়া বহুক্ষণ এই নিঃসার সংসারের পরিহারবিষয়ে চিন্তা করিয়া-ছিলেন।৮৩।

এই ব্যক্তি মহাপ্রস্থানযাত্রায় হৃদয়ে সংলগ্না কর্ম্মময়ী মালার স্থায় একটী দীর্ঘমালা বহন করিয়া প্রেতবনে গমন করিতেছে। ৮৪।

অহো বিষয়াভ্যাস ও বিলাসে অধ্যবসায়বান্ মনুষ্যগণের অন্তকালে এই কফকর কান্ঠ ও পাষাণের তুল্যাবস্থা প্রাপ্তি হয়। ৮৫।

উদ্বেগরূপ বারিময় ভবসাগরের বুবুদ্তুল্য, কলিরূপ বায়ুবারা আকুলিত, কর্মময় লতাগ্রন্থিত পুস্পসদৃশ এবং মায়াবধ্র নয়ন-বিলাসসদৃশ এই দেহে পুরুষগণের কেন স্থিরতাভিমান হয়। ৮৬। পরহিত্যুক্ত কোন কথাই বলা হয় নাই। ধর্মযুক্ত কোন কথাই শ্রাবণ করি নাই। কুশলকুস্থমের আদ্রাণও করি নাই। সত্যের রূপও দেখি নাই। এবং শান্তিপদ স্পর্শও করি নাই। এবন্ধিধ হাদয়াসক্ত চিন্তায় বিশ্রান্ত হইয়াই গতায়ুঃ বাক্তি সহসা নিশ্চলতা প্রাপ্ত হয়।৮৭।

রাজপুত্র শরীরকে এইরূপ বিপদাপ্লৃত বিবেচনা করিয়া সর্ববপ্রকার বিষয়াসক্তিতে অত্যন্ত নিঃম্নেহ ভাব প্রাপ্ত হইয়াছিলেম। ৮৮।

অতঃপর শুদ্ধাবাসকায়িক নানক দেবগণ কর্তৃক নির্দ্মিত, পাত্র ও কাষায়ধারা একটা প্রব্রজিত ব্যক্তিকে সম্মুখে দেখিতে পাইয়া-ছিলেন।৮৯।

ইহাকে দেখিয়াই কুমারের মতি প্রব্রজ্যাভিমুখী হইয়াছিল। ঈপ্সিত বিষয়ের আলোকনে প্রীতিপ্রকাশদারা স্বভাব অমুমিত হয়। ৯০।

সার্থি পদে পদে রাজপুত্রের বৈরাগ্যকারণ দেখিয়া রাজার নিকট সমস্ত বৃত্তান্ত নিবেদন করিয়াছিলেন। ১১।

অতঃপর কুমার পিতার বাক্যামুসারে গ্রামদর্শনে কোতুকী হইয়া পথে যাইতে যাইতে কতকগুলি বিবৃত নিধান দেখিতে পাইয়া-ছিলেন। ৯২।

তাঁহার পূর্ববপুরুষগণ কর্তৃক ন্যস্ত ঐ সকল নিধান উপিত হইলেও যখন তিনি গ্রহণ করিলেন না, তখন সেগুলি সমুদ্রমধ্যে প্রবেশ করিল। ৯৩।

তৎপরে কুমার ধূলিধূসরমস্তক, বিদার্পপাণিচরণ, ক্ষুধা, পিপাসা ও শ্রামে আতুর, হল ও কুদ্দালের আঘাতে ত্রণপীড়িত ও অত্যন্ত ক্লো-প্রাপ্ত কুষকগণকে দেখিয়া অত্যন্ত কুপাকুল হইয়াছিলেন। ৯৪-৯৫।

ধর্মনিরত কুমার দয়াবশতঃ ধনদারা তাহাদিগকে অদরিক্ত করিয়া রুষগণেরও ক্লেশ মোচন করিয়াছিলেন। ৯৬। তৎপরে সামুজ রাজকুমার মধ্যাক্ষের উগ্র রৌদ্রতাপে তাপিত হইয়া এবং রথঘোষে উন্মুখ শিখিগণদ্বারা দিগন্তর শ্যামল করিয়া স্বেদা-কীর্ণকলেবরে স্লিগ্ধ প্রভাসম্পন্ন বনস্থলীতে আসিয়াছিলেন। ৯৭-৯৮।

রাজকুশার রথ হইতে অবতীর্ণ হইলে, তদীয় গগুস্থল হইতে কুগুল শ্বলিত হইয়াছিল। তিনি বিশ্রামলাভের জন্ম একটা জন্মুরক্ষের ছায়া আশ্রয় করিয়াছিলেন। ৯৯।

কুমার তদীয় দেহসংসর্গে স্থললিতা ও হারসদৃশী স্বেদবিন্দুসন্ততি হৃদয়ে বহন করিয়াছিলেন। ১০০।

ক্রমে ক্রমে সমস্ত রক্ষের ছায়া পরিবৃত্ত ইল, কিন্তু তিনি যে জন্মৃ-চহায়ায় বসিয়াছিলেন তাহা স্বল্পমাত্রও তাঁহার দেহ হইতে অপস্ত হয় নাই। ১০১।

তীত্র বৈরাগ্যবাসনা যেরূপ সংসারবিরত জনের তাপক্রেশ দূর করে, তত্রপ সেই শীতল ছায়া তাঁহার তাপক্লান্তি দূর করিয়াছিল।১০২।

অনস্তর রাজা শুদ্ধোদন পুত্রদর্শনের জন্ম উৎকণ্ঠিত হইয়া সেই-স্থানে আসিয়াছিলেন। আগমনকালে বেগে গমনজন্য ত্রস্ত ও উড্ডায়-মান্ গজমস্তকস্থিত ভ্রমরগণের পক্ষসকলই চামরের স্থায় হইয়া-ছিল। ১০৩।

রাজা কুমারের প্রভাবে নিশ্চলা রক্ষচছায়া দেখিয়া বিস্মিত হইয়া-ছিলেন এবং প্রণত কুমারকে প্রণাম করিয়াছিলেন। ১০৪।

তৎপরে কুমার পিতার সহিত নগরগমনে উদ্যত হইয়া পুরপ্রাস্তে শবসকুল শাশানভূমি দেখিতে পাইয়াছিলেন। ১০৫।

কুমার শবাকীর্ণ, অমঙ্গলময় শাশানভূমি দেখিয়া ক্ষণকাল রথগতি ছিপিত করিয়া উদ্বেগসহকারে সার্থিকে বলিয়াছিলেন। ১০৬।

হে সারথে ! প্রাণিগণের এই দেহনাশের দশা দেখ। ইহা দেখিয়াও মোহমত জনগণের মন অমুরাগে আর্দ্র হয় ? ১০৭। দেখ একটা কাক পরস্ত্রীদর্শনে তৃপ্ত, ইহার নয়ন ভক্ষণ করিয়া পরে ইহার অসত্যবতা জিহবা আকর্ষণ করিতেছে। ১০৮।

এই গুধ্র মদ্দমন্ত কামীর ন্যায় এই জ্রীশবের স্তনাগ্রে নখোলেখ করিয়া তাহার উপর স্থাে অবস্থানপূর্বকি অধর খণ্ডিত করিতেছে। ১০৯।

তত্ত্ব প্রাদপগণ গৃধকর্ত্ক , অসক্ত বিদার্য্যমাণ ও ছিন্ননাড়ী-সম্বলিত শব দেখিয়া এবং পচা শবের গদ্ধ আঘাণ করিয়া যেন নাসিকা কুঞ্চিত করিয়া নিজ শাখান্থিত বায়র্গগণের বিষ্ঠাচ্ছলে নিষ্ঠীবন করিতেছে। আবার বাত্ত্বারা লোল পল্লবরূপ করন্বারা যেন আচ্ছাদন করিতেছে। ১১০।

এই জম্মুকী ব্যক্তকামা ও অমুরাগবতীর স্থায় মন্তবৎ নিশ্চল এই শবের কণ্ঠদেশে সংলগ্ন হইয়া হৃদয় আকর্ষণ করিতেছে, নখোল্লেখ করিতেছে এবং ক্ষণকাল এই যুবকের অধ্যদলে দস্তাঘাত করিয়া যেন অনক্ষক্রিয়ায় অত্যন্ত রভস আবিষ্কার করিতেছে। ১১১।

কুমার এই কথা বলিয়া সংসারের প্রতি বীভৎস ও কুৎসাদ্বারা বিরক্ত হইয়া এবং মনে মনে ক্লেশের নিরোধবিষয়ে চিস্তা করিতে করিতে নগরমধ্যে প্রবেশ করিয়াছিলেন। ১১২।

পুরপ্রবেশকালে মৃগমদসৌরভিণী, মৃগনয়না মৃগজানাস্বী একটী সংকুলসম্ভূতা কন্সা হর্ম্মাশিখর হইতে কুমারকে দেখিয়াছিল। ১১৩।

কন্মার দৃষ্টি কুমারকে দেখিয়াই সহসা সরাগ, তরল এবং কর্ণান্ত-পর্য্যস্ত বিস্ফারিত হইয়াছিল। ১১৪।

ঐ কন্সা কুমারের বিলোকনমাত্রেই কন্দর্পকর্তৃক সমাকৃষ্ট হইয়া লক্ষাত্যাগপূর্ববক সন্মুগন্থিতা সখাকে বলিয়াছিল। ১১৫।

ইহজগতে কে এরপ ধতা ললনা আছে, যাহার মদনসন্তথা তনু কুমারের এই চন্দ্রবৎ কমনীয় দেহস্পর্শে নির্ববাণ প্রাপ্ত হইবে। ১১৬। কুমার নিজ অভিপ্রেত নির্ববাশশন্দ শ্রাবন করিয়াই মুখ উত্তোলন করিয়া নয়নকাস্তিঘারা পল্লােভা বিক্লেপপূর্ববক তাহাকে দেখিয়া-ছিলেন। ১১৭।

তিনি তাহার দেই বাক্যে এবং দেহদর্শনে প্রসন্ন হইয়া ঐ ক্যাকে লক্ষ্য করিয়। স্থারত হার এবং গুণোজ্জ্বল চিত্ত নিক্ষেপ করিয়াছিলেন। ১১৮।

রাজা উভয়ের বিলোকনামুকূল্যে মনোভাব জানিতে পারিয়া ঐ কন্যাটীকে আনিয়া পুত্রের অন্তঃপুরমধ্যে সন্নিবিষ্ট করিয়া-ছিলেন। ১১৯।

তৎপরে রাজপুত্র শান্তিকেই অধিকতর প্রিয় বিবেচনা করিয়া ষট্সহস্র কান্তাপরিবৃত নিজ অন্তঃপুরে প্রবেশ করিয়া-ছিলেন। ১২০।

ইত্যবসরে নৈমিত্তিকগণ রাজাকে স্পর্ফাই বলিয়াছিল যে আপনার পুত্র কল্য প্রাতঃকালেই মুনি অথবা চক্রবর্ত্তী হইবেন। ১২১।

রাজা পুত্রের প্রব্রজ্যাভয়ে অত্যন্ত ভীত হইয়া এবং অনেকক্ষণ চিস্তা করিয়া পুরস্বারে গমনাগমন রোধ করিয়া দিলেন। ১২২।

তিনি জোণোদন প্রভৃতি জ্রাভৃগণকে দ্বারে সন্নিবেশিত করিয়া স্বয়ং অমাতা ও সৈনিকগণ সহ নগরের মধ্যদেশে অবস্থান করিয়াছিলেন। ১২৩।

তখন যশোধরা দেবা রাজপুত্র হইতে গর্ভ ধারণ-করিয়া চন্দ্র-মগুলবারা পাণ্ডুরফ্রতি শরৎকালান আকাশের ন্যায় শোভমানা ছিলেন। ১২৪।

নগরের দাররক্ষাকার্য্যের একরাত্রমাত্র অবশিষ্ট থাকিতে সূর্য্যও শাস্তিপ্রাপ্ত হইলেন এবং সেই দিনটীও যেন প্রব্রজ্যাভিমুখ হইয়াছিল। ১২৫। দিবাকর বহুক্ষণ এই সংসারে বিচরণ করিয়া শান্তিপ্রাপ্ত ইইলে, সন্ধ্যা কাষায়বস্ত্র পরিধান করিয়া নয়নগোচর, হইলেন। ১২৬।

ক্রমে চন্দ্র উদিত হইয়া চতুর্দ্দিক্স্থিত অন্ধকাররূপ মোছের বিরাম হওয়ায় বিমলা পৃথিবীকে পূর্ণালোকে আলোকিত করিলেন। ১২৭।

সামুরাগ ও প্রতপ্ত চিত্তের ন্যায় সরাগ ও তাপযুক্ত রশি অস্তগত হইলে শুদ্ধ চন্দ্রকে হৃদয়ে ধারণ করিয়া আকাশের অনির্ববচনীয় ও অবিপ্লব প্রসাদ উদয় হইয়াছিল। ১২৮।

এমন সময়ে রত্নময় প্রাসাদে প্রতিফলিত জ্যোৎসাচ্ছলে হাস্তময় এবং কাস্তাগণপরিব্যাপ্ত অস্তঃপুরমধ্যে বর্ত্তমান রাজপুত্র সমস্তই অসার ও বিরস বিবেচনা করিয়া গগনের স্বচ্ছতা ও স্বচ্ছন্দতা দর্শনে উচ্ছলিতস্মৃতি হইয়া বলিয়াছিলেন। ১২৯-১৩০।

এই নারীবৃন্দ মদনরূপ দহনের এক একটা শিখাস্বরূপ। ইহাতে তীব্র সন্তাপ ও নানা বিপদ্ আছে। অতএব ইহা পরিত্যাগ করাই উচিত। এখন আমার গৃহ পরিত্যাগপূর্বক শান্তিস্থখনিলয়, লতা-মণ্ডিত এবং শীতল তরুতল আশ্রায় করাই উচিত। ১৩১।

এই উদ্যানমধ্যে এই সকল প্রহরিণী নারীগণ চন্দ্রের জ্যোৎস্নায় মদমত্ত হইয়া শয়াতে বস্ত্র নিক্ষেপপূর্ববিক নিদ্রায় মুদিতনয়না হইয়াছে। ইহাদের ক্ষন্ধদেশ কেশদারা সংচ্ছাদিত হইয়াছে। স্বপ্নবশতঃ ইহাদের অনেক অনুচিত বচন শুনা যাইতেছে। ইহারা যেন মন্দানিলে চলিত দীপগণকে লজ্জিত করিতেছে। ১৩২।

ইহারা সরল ভাবে অঙ্গ ঢালিয়া দিয়াছে এবং নির্লুজ্জভাবে বিবসন হইয়াছে। নিদ্রিত ও মৃত জনের কিছুই প্রভেদ নাই। ১৩৩।

এই কথা বলিয়া তিনি যাইতে উদ্যত হইলে, নগরের দ্বাররক্ষক-গণের মধ্যে পরস্পর কথা সম্ভূত হইয়াছিল। ১৩৪।

অহে, কে কে জাগিয়া আছে। জাগিয়া পাকিলে কোন বিপ্লব

হয় না। প্রভুর চিত্তরঞ্জনের জন্ম ব্যগ্র হইয়া সকলেই জাগরিত আছে। ১৩৫।

এই সংসাররূপ গৃহমধ্যে মনীধী ব্যক্তিই জাগ্রত আছেন এবং প্রমন্ত জন মোহান্ধকারমধ্যে নিদ্রা যাইতেছে। ইংলোকে জাগরণই জীবন। মূতব্যক্তি ও স্থপ্তজনে কিছুই প্রভেদ নাই। ১৩৬।

হর্ম্মান্থিত রাজপুত্র এইরূপ কথা শ্রবণ করিয়া নিজ মনোরথ সংপথেই প্রস্থিত হইয়াছে মনে করিলেন। ১৩৭।

কুমার ক্ষণকাল নিদ্রিত হইয়া স্বপ্নে নিব্বতির লক্ষণ দেখিয়া অমুত্তর জ্ঞাননিধিকে নিকটবর্ত্তা মনে করিয়াছিলেন। ১৩৮।

তৎপরে দেবী যশোধরা স্বপ্লদর্শনে ভীত হইয়া এবং সহসা জাগরিতা হইয়া দয়িতের নিকট তৎকালোপগত স্বপ্লের কথা বলিয়া-ছিলেন। ১৩৯।

হে বিভো, আমি স্বপ্নে দেখিলাম যে পর্যান্ধ, আভরণ ও অঙ্গ সকলই ভগ্ন হইয়াছে। লক্ষ্মী চলিয়া যাইতেছেন এবং সূর্য্য ও চন্দ্র ভিরোহিত হইয়াছেন। ১৪০।

কুমার এই কথা শুনিয়া তাঁহাকে বলিয়াছিলেন—হে মুধ্বে, এই অসত্য সংসারই একটা স্বপ্ন। স্বপ্নেতে আবার কিরূপ স্বপ্ন ছইবে। ১৪১।

আমি আৰু স্বপ্ন দেখিয়াছি যে, আমার নাভিসঞ্জাতা একটা লতা আকাশে ব্যাপ্ত হইয়াছে। আমি মেরুপর্বতে মস্তুক-নিহিত করিয়া ভুজন্মদারা পূর্বব ও পশ্চিম সাগর ধরিয়া আছি এবং আমার চরণন্বয় দক্ষিণ সাগরে গিয়া লাগিয়াছে। হে ভদ্রে. এ স্বপ্ন তোমার পক্ষেমকল। স্বামীর মক্ষলই স্ত্রীলোকের মক্ষল। ১৪২-১৪০।

বোধিসম্ব এই কথা বলিলে, যশোধরা আর কিছুই বলেন নাই। তিনি পুনরায় নিজায় মুদিতনয়না হইয়াছিলেন। ১৪৪। অতঃপর ইন্দ্র ও ত্রন্মা প্রভৃতি দেবগুণ তথায় আগমন করিয়া বোধিসন্থের সন্থেৎসাহৈর পূরণ করিয়াছিলেন। ১৪৫।

তাঁছারা মহাবেগবান্ এবং পৃথিবী, শৈল ও সমৃত্রের ধারণক্ষম চাঞ্জিন দেবপুত্রকে তাঁহার গমনের সাহায্যে নিযুক্ত, করিয়া-ছিলেন। ১৪৬।

শক্রাদিষ্ট পাঞ্চিকনামক • যক্ষকত্ত্বি নির্দ্মিত সোপান হর্ণ্ম্যে সংসক্ত করা হইলে, কুমার তাহাদারা অবতীর্ণ হইয়া বিনির্গত হইয়া-ছিলেন। ১৪৭।

কুমার নিদ্রিত ছন্দকনামক সার্থিকে জাগরিত করিয়া সঙ্গে লইয়াছিলেন এবং মূর্ত্তিমান্ উৎসাহসদৃশ কণ্ঠকনামক তুরঙ্গটী লইয়া-ছিলেন। ১৪৮।

তিনি লক্ষ্মীর কটাক্ষের ভায় চঞ্চল, ত্রুতগামী ও মনোজ্ঞ সেই অশ্টীর মস্তকে পাণিঘারা স্পর্শ করিয়া সংযত করিয়াছিলেন। ১৪৯।

, স্থমনাগণের শমোদ্যম অনির্ববচনীয়। উহা অস্তর ও বহিঃ উভয়ত্রই সমান। ইহাদের প্রভাবে পশুগণও চপলতা ত্যাগ করে। ১৫০।

অভঃপর তিনি বলপরীক্ষার জন্ম একটী চরণ পৃথিবীতে বিশ্বস্ত করিয়াছিলেন। দেবপুত্রগণ উহা কম্পিত করিতেও না পারিয়া বিশ্বিত হইয়াছিলেন। ১৫১।

তিনি ছন্দকের সহিত সেই অচপল তুরক্তে আরোহণ করিয়া নিজ আশয়ের স্থায় বিমল মহাকাশে অবগাহন করিয়াছিলেন। ১৫২।

গমনকালে প্রবাহিত বায়ুর হিল্লোলে কুমারের উষ্ণীষপঙ্গব তরল-ভাবে আবর্ত্তিত ও নর্ত্তিত হইয়াছিল। তাহা পৃথিবার শোকোচ্ছ্বাসের স্থায় প্রতীয়মান্ হইয়াছিল। ১৫৩।

তাঁহার আভরণরত্নের কিরণলেখায় চিত্রিত আকাশ যেন বিচিত্র সূত্রেরচিত পত্রালামণ্ডিত চাবর গ্রহণ করিয়াছিল। ১৫৪। গমনকালে অন্তঃপুরদেবতাগণ দৃশ্য হইয়া অশ্রুতিন্দুব্যাপ্ত ও বিলোল নয়নোৎপলদ্বারা তাঁহাকে বিলোকন করিমাছিল । ১৫৫।

কুমার সংসারের ভায় বিস্তীর্ণ, নৃপ ও বান্ধবগণ সমন্বিত পুরীকে প্রদক্ষিণ করিয়া দূর হইতে 'ক্ষমা কর' এই কথা বলিয়াছিলেন। ১৫৬। রাত্রি ক্ষণমাত্র অবশিষ্ট থাকিতে এবং সমস্ত লোক নিদ্রাভিভূত হইলে মহান্নামক রাজবান্ধব জাগরিত হইয়া তাঁহাকে দেখিয়া-ছিলেন। ১৫৭।

মহান্ আকাশগত কুমারকে দেখিয়া, প্রথমে চন্দ্র-শঙ্কা করিয়াছিলেন; পরে অনেকক্ষণ বিচার করিয়া সবাষ্প নয়নে বলিয়াছিলেন। ১৫৮।

হে কুমার ! তুমি বন্ধুজনের জাবনসদৃশ। তোমার এরূপ বৈরাগ্য বড়ই আশ্চর্য্য। হে রুচিরাকার ! এটা তোমার যুক্তিযুক্ত হয় নাই। ১৫৯।

তোমার পিতা বংশের উৎকর্ষকামনায় তোমাতে আশা নিবদ্ধ করিয়াছেন। হে সর্ব্বাশাভরণ! তাঁহাকে কেন নিরাশ্ করিতেছ। ১৬০।

রাজপুত্র শাক্যবংশীয় মহানের এইরূপ বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে বলিয়াছিলেন, হে বক্ষো বান্ধবগ্রীতিই বন্ধনশৃত্বল। ১৬১।

মিপ্যা গৃহস্থখের প্রিয় এই দেহ ক্ষয় পাইতেছে। বিষয়রূপ উগ্র বিষে পীড়িত জ্বনগণের পক্ষে বনই অমৃতায়তন। ১৬২।

প্রমাদী ব্যক্তি এই সংসারবর্ত্তী বিষয়সমূহে প্রমোদবান হইয়া হস্তদারা ত্রিফণী সর্পকে আকর্ষণপূর্বক মস্তকে বিশুস্ত করিতেছে।
উৎকট বিষলতারচিত লোলমালা কণ্ঠে ধারণ করিতেছে এবং হুতাশনপরিব্যাপ্ত তুর্গমপথে অবগাহন করিতেছে। ১৬৩।

আকাশগামী কুমার এই কথা বলিয়া ক্ষণমধ্যে নগর লঞ্জনপূর্বক অশ্বারোহণে বহির্দ্ধেশে আসিয়া বেগে চলিয়া গিয়াছিলেন। ১৬৪। শাক্যমুখ্য মহান্কর্ত্ক জাগরিত রাজা এবং অন্তঃপুরবন্তী কান্তা-গণের তখন একটা মহান্ করুণস্বর উন্তঃ হইয়াছিল। ১৬৫।

অতঃপর রাজপুত্র ব্রহ্মা, ইন্দ্র ও কুবের প্রভৃতি দেবগণপরি-বেষ্টিত ইইয়া ঘাদশ যোজন অতিক্রমপূর্বক বনে উপস্থিত ছইয়া-ছিলেন। ১৬৬।

তথায় তিনি অশ্ব হইতে অবতীর্ণ হইয়া এবং আভরণসকল উন্মোচন করিয়া বদনকান্তিঘারা আনন্দ প্রকাশপূর্বক ছন্দককে • বলিয়াছিলেন। ১৬৭।

তুমি এই সব আভরণ ও অখটীকে লইয়া গৃহে গমন কর। এখন আমার মায়াবন্ধনস্থরূপ এই সকল বস্তুর কোন প্রয়োজন নাই। ১৬৮।

এই বনমধ্যে আমি একাকী থাকিব। শাস্তি ও সম্ভোষই আমার বান্ধব। প্রাণী একাকী উৎপন্ন হয় এবং একাকীই মরিয়া থাকে। ১৬৯।

বিষম বিষয়াসক্তি ও ভোগ পরিত্যাগপূর্বক কে সরস রতিরেশ বর্জজন করিতে প্রব্নত হয় ? এই পরিভবাস্পদ সংসারমধ্যে আমাদের এইরূপই নির্মাণ ছইয়াছে। আমি মদনক্লান্তি প্রশমিত করিয়া শান্তিকেই আশ্রয় করিতেছি। ১৭০।

কুমার এই কথা বলিয়া উজ্জ্বল আভরণগুলি ছন্দকের ক্রোড়ে নিক্ষেপ করিলেন। আভরণস্থ মুক্তাগুলি যেন শোকাশ্রুর স্থায় প্রতীয়মান হইয়াছিল। ১৭১।

তিনি খড়গদ্বারা মস্তকস্থ চূড়া কর্ত্তন করিয়া আকাশে নিক্ষেপ করিয়াছিলেন। ইন্দ্র উহা গ্রহণ করিয়া আদরপূর্বক স্বর্গে লইয়া গিয়াছিলেন। ১৭২।

মহাত্ম। কুমার যে স্থানে ক্লেশবৎ কেশ কর্ত্তন করিয়াছিলেন, সেখানে সত্ত্বনগণ কেশপ্রতিগ্রহনামক একটী চৈত্য সন্নিবেশিত করিয়াছেন। ১৭৩। ছন্দকও অশ্ব লইরা সাতদিনে ধীরে ধীরে নগরপ্রাস্তে আসিয়া-ছিলেন এবং শোকার্ত্ত হইয়া চিন্তা করিয়াছিলেন যে, রাজপুত্রকে পরি-ত্যাগ করিয়া শৃশু অশ্ব লইয়া কিরূপে প্রলাপকারী রাজার সহিত দেখা করিতে পারিব। ১৭৫।

ছন্দক এইরূপ চিস্তা করিয়া অশ্বটীকে পরিত্যাগপূর্বক সেইখানেই কিছু বিশম্ব করিয়াছিলেন। শূতাসন অশ্ব মূর্ত্তিমান্ শোকের তায় স্বয়ং পুরমধ্যে প্রবেশ করিয়াছিল। ১৭৬।

অন্তঃপুরজন এবং অমাত্যসহ রাজা ঐ অর্থটী দেখিয়া অধিকতর প্রলাপ দারা দিঘাগুল মুখরিত করিয়াছিলেন। ১৭৭।

্ অশ্বটীও সোৎকণ্ঠ আর্দ্রস্বরধারা বিষাদ প্রকাশ করিয়া অশ্রুত্যাগ-পূর্বক জাবনত্যাগ করিয়াছিল। সকলেই ঐ অশ্বের অশ্রু গ্রহণ করিয়াছিল। ১৭৮।

ঐ অশ্বটী বোধিসন্তের সংস্পর্শপুণ্যে পবিত্রিত হইয়া সংসার-মুক্তির জন্ম ব্রাহ্মণক্রিয়াছিল। ১৭৯।

কুমার যে স্থানে ইন্দ্রপ্রদন্ত কাষায়বস্ত্র গ্রহণ করিয়াছিলেন, সেখানে মহাজনগণ কাষায়গ্রহণনামক একটা চৈত্য নির্দ্মাণ করিয়া-ছিলেন। ১৮০।

মহাজনের বিভবও সংসারাসক্তির নিবর্ত্তক হয়। জন্মগ্রহণও পুনর্জন্মনিবারক হয়। এবং বিজনবাসও নোহগর্ত্ত হুইতে রক্ষা-কর হয়। কুশলকামী কুমার এইরূপে কামনা ও অনুরাগ ত্যাগ করিয়া গুণধারা লোকের অনুরাগভাজন হইয়া শ্লাঘনীয় হইয়া-ছিলেন। ১৮১।

পঞ্চবংশতিত্য পল্লব

মারবিদ্রাবণাবদান

जयन्ति ते जन्मभयप्रमुक्ता भवप्रभावाभिभवाभियुक्ता:

यै: सुन्दरी लोचनचक्रवर्त्ती मार: क्रत: शासनदेशवर्त्ती। १।

ষাঁহারা স্থন্দরীগণের লোচনচক্রে বর্ত্তমান কন্দর্পকে নিজ শাসনা- । ধীন করিয়াছেন, তাঁহারাই জন্মভয় হইতে প্রমুক্ত এবং সংসারের প্রভাবকে অভিভব করিবার জন্ম উদ্যুত হইয়া জয়লাভ করেন। ১।

তৎপরে বোধিসম্ব এই তপোবনে তপস্থানিরত হ**ইলে ওাঁহার** উপস্থাপক পাঁচ জন বারাণসীতে প্রব্রজ্যাগ্রহণ করিয়াছিলেন।২।

অতঃপর শাক্যমূনি ক্রমে মুনীন্দ্রগণের স্পৃহণীয় হইয়া স্বয়ং পাদ-চারিকা দ্বারা সেনায়নীগ্রামে গিয়াছিলেন। ৩।

তথায় সেননামক একটা গৃহস্থের নন্দা ও নন্দবলা নামে চ্ইটা স্থচরিত্রা কন্সা ছিল। ৪।

তাহারা রাজা শুদ্ধোদনের বিখ্যাত পুত্রের কথা শুনিয়া তাঁহাকে বিবাহ করিবার জন্ম দাদশবার্ষিক ব্রত করিয়াছিল। ৫।

মালার অভ্যস্তরে যেমন সূত্র থাকে সেইরূপ আমোদপ্রিয়া বালা-দিগের মনেও একটা স্বাভাবিক অভিলাষ থাকে। ৬।

এই কন্যাদ্বয় বৎসগণের চুগ্মপানের পর পুন: পুন: স্ফটিকময় স্থালীতে চুগ্ধ গ্রহণ করিয়া ব্রতাস্তে পায়স প্রস্তুত করিয়াছিল। ৭।

বিধিপূর্ববক ঐ পায়স সিদ্ধ হইলে, দেবরাজ ইন্দ্র ও ব্রহ্মা ব্রাহ্মণ-ক্লপ ধারণ করিয়া ঐ স্থানে উপস্থিত হইয়াছিলেন। ৮।

কন্যাদ্য হর্ষসহকারে অতিথির ভাগ উদ্ধৃত করিলে, ইন্দ্র বলিলেন, সর্ব্বোৎকৃষ্ট গুণবান্কে অগ্রে দেও। ১। ইন্দ্র বলিলেন এই ব্রাক্ষণ আমা অপেক্ষা অধিক গুণবান্ ও প্রথম-গণ্য। এই কথা শুনিয়া ব্রহ্মা বলিলেন যে, আমা অপেক্ষাও অধিকতর দেব শুদ্ধাবাসনিকায়িক একজন আছেন। ব্রহ্মা এই কথা বলিলে গগণ-স্থিত দেবগণ বলিয়াছিলেন যে, সর্ববাপেক্ষা বিশিষ্ট তপঃকুশ বোধিসম্ব নিরাজনা নদীতে অবগাহন করিয়া জলে অবস্থান করিতেছেন।১০—১২।

ক্যাব্য় এই কথা শুনিয়া মণিভাজনে সেই মধুপায়স অবস্থাপিত দ করিয়া তাঁহাকে আহ্বান করিয়া ভক্তিপূর্বক অর্পণ করিলেন। ১৩।

তৎপরে বোধিসন্থ রত্নপাত্রী গ্রহণ করিয়া পুনশ্চ তাঁহাদিগকে দিয়া-ছিলেন। কন্যান্বয় বলিলেন "ইহা আমরা দিয়াছি পুনশ্চ গ্রহণ করিতে পারি না।" এই কথা বলিয়া তাঁহারা গ্রহণ করিলেন না। ১৪।

তখন তিনি সেই প্রভাবতী রত্নপাত্রী নদীতে নিক্ষিপ্ত করিলে, নাগগণ তাহা লইয়া গেল। ইন্দ্র গরুড়রূপ ধারণ করিয়া তাহাদিগকে বিক্ষোভিত করিয়া উহা কাড়িয়া লইলেন। ১৫।

অতঃপর বোধিসম্ব প্রসন্ধ হইয়া কন্সাদ্বয়কে বলিয়াছিলেন। দানেতে প্রাণিধান করার জন্ম ভোমরা কি অভিলাষ কর। ১৬।

তাহার। তাঁহাকে বলিয়াছিল যে শুদ্ধোদনপুত্র, আনন্দনিধি, কুমার সর্ব্বার্থনিদ্ধ আমাদের পতি হউন ইহাই আমাদের অভিলাষ। ১৭।

কন্দর্পলীলার উদ্যমম্বরূপ তাহাদের সেই সরস বাক্য জল যেমন পদ্মপত্রকে লিপ্ত করিতে পারে না তক্রপ তাঁহার মনকে লিপ্ত করিতে পারে নাই। ১৮।

তিনি বলিলেন যে শুদোদনপুত্র প্রব্রজ্যা গ্রহণ করিয়াছেন, তাহা কি তোমরা শুন নাই। রাজ্যসম্পদের লোললোচনা দ্রীগণও এখন তাঁহার প্রিয় নহে। ১৯।

কন্যান্বয় এইরূপ অনভিপ্রেত বাক্য শ্রবণ করিয়া দীর্ঘ নিশাস ত্যাগ-পূর্বক বলিয়াছিল যে এই দানধর্ম তাঁহারই সিদ্ধির নিমিত্ত হউক।২০। অদৃষ্ট ও স্নেহে জড়িত এবং বহুকাল অভ্যস্ত পক্ষপাত একবার অস্তরে প্রবিষ্ট হুইলে উহা আর পরীষ্মুখ হইয়া নিবৃত্ত হয় না। ২১।

বোধিসম্ব উহাদের এইরূপ বাক্য শ্রাবণ করিয়া অত্যস্ত প্রসন্ন হইয়াছিলেন। তিনি উহাদিগকে আমন্ত্রণ করিয়া বিশ্রামের জন্ম বনমধ্যে গমন করিলেন। ২২।

তিনি পায়সামৃতভাগ লাভ করায় দিব্য বল লাভ করিয়া তরুচ্ছায়া-মণ্ডিত মহীধরে আরোহণ করিয়াছিলেন। ২৩।

বোধিসত্ত তথায় পর্য্যক্ষনামক আসনবন্ধ করিয়া স্থাপে অবস্থান করিলে, অহক্ষারের ভায়ে উচ্চশিরা ঐ পর্বত বিশীর্ণ হইয়াছিল। ২৪।

পর্বত বিশার্ণ হইলে তিনি বিষয় হইয়া চিন্তা করিয়াছিলেন যে, আমি এমন কি পাপ কর্ম করিয়াছি যে এরূপ হইল। ২৫।

তিনি এইরূপ চিন্তা করিয়া দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিলে ব্যোমদেবতাগণ তাঁহাকে বলিয়াছিলেন যে, হে সাধো, তুমি কিছুই অন্যায় কার্য্য কর
নাই। তুমি অচ্ছিন্নভাবে কুশল কর্ম্ম করিতেছ, এ জন্ম পৃথিবী তোমাকে
ধারণ করিতে পারিতেছেন না। তুমি এরূপ তপস্থা করায় উন্নত শত
শত শৈল অপেক্ষাও গুরুভার হইয়াছ। এই নিরজনা (ইহাকে
নিরঞ্জনা' নদীও বলে) নদী পার হইয়া বোধিসন্থগণের সিদ্ধিপ্রদ
বক্সাসননামক নিশ্চল দেশে গমন কর। ২৬ ~২৮।

যখন তিনি দেবতাকথিত পথ দিয়া যাইতেছিলেন, তখন ভূতলে তাঁছার পাদবিন্যাস স্বর্ণময় পদ্মপংক্তির ন্যায় উদ্ভূত হইয়াছিল। ২৯।

তাঁহার গমনকালে পৃথিবী উচ্ছ্ লিভ সমুদ্রজ্ঞলে আকুলা হইয়া ও কাংস্থপাত্রীর ন্যায় শব্দ করিয়া নতা ও উন্নতা হইয়াছিলেন। ৩০।

তিনি তখন সেই সকল শুভসূচক নিমিত্ত প্রস্তুত হইতে দেখিয়া-ছিলেন। অমুক্তর জ্ঞাননিধানের সাধনই উহার ফল। ৩১। নিরঞ্জনাপ্রদেশবাসী কালিকান্ডিধ অন্ধ নাগ বুদ্ধকর্তৃক উৎপাটিত-নম্বন হইয়া ভূমির শব্দ শ্রবণে নির্গত হইয়াছিল। ৩২।

ঐ নাগ সর্ববলক্ষণসম্পন্ন ও তপ্তকাঞ্চনকান্তি বোধিসম্বকে বিলোকন করিয়া বন্ধাঞ্চলি হইয়া বলিয়াছিল। ৩৩।

হে নিলিননয়ন! তুমি কমনীয়দেহ হইয়া এই যৌবনকালেই রাজলক্ষ্মীকে বিরহবেদনা প্রদানপূর্ববক্ বনে বিচরণ করিতেছ। তুমি অমুপম শাস্তির উন্মেষদারা সস্তোষজনক হইয়া প্রাণিগণের ভবসাগরে ষথার্থই সেতৃস্বরূপ হইতেছ। ৩৪।

এই সকল হরিণগণ এখানে ভয়বশতঃ তরলভাব ত্যাগ করিতেছে। পক্ষিগণ নিকটে আসিয়া ক্রীড়া করিয়া বিচরণ করিতেছে। তুর্বল ও সবল সকলেরই হৃদয়ে এক অনির্বাচনীয় আশ্বাসভাব হইয়াছে। ইহাতে আমি বুঝিতে পারিতেছি যে, ইহা নিশ্চয়ই আয়াসরহিত ও স্থাপ্রদ বুদ্ধের দেহই হইবে। ৩৫।

করিশাবক পদ্মপ্রীতিবশতঃ সিংহের উপরে নিজশুণ্ড স্থাপিত করিতেছে। ময়ৢরগণ নিজ পিচ্ছবারা বীজন করিয়া সিগ্ধালাপঘারা স্থািত করিতেছে। এই লোলাপাঙ্গা হরিণী সম্মুখেই প্রণয়োন্মুখা হইতেছে। এ সমস্তই শাস্তিসময়ের পবিত্র প্রসাদময়ী অবস্থা। ৩৬।

অদ্যই ভূমি বৃদ্ধত্ব প্রাপ্ত হইয়া এবং বিশুদ্ধ বোধি লাভ করিয়া পূর্ণচন্দ্র যেরূপ সদ্যঃপ্রসাদ ও প্রমোদভরে উল্লসিত কুমুদ্বতীকে আনন্দিত করে তদ্ধপ ত্রিভুবনকে আনন্দিত করিবে। ৩৭।

দিননাথের স্থায় প্রদীপ্ত তেজঃসম্পন্ন তদীয় বিলোকনে কমল-প্রবোধের স্থায় সমস্ত লোকের দিব্যজ্ঞান উদয় হওয়ায়, তাহাদের হাদয়-পদ্ম হইতে মধুপঞ্জোণীর স্থায় মোহাদ্ধকারাবলী নির্গত হইতেছে এবং পুনর্ববার বন্ধনভয়ে আর উহাতে প্রবেশ করিতেছে না। ৩৮। নাগরাজ বিনয়সহকারে এই কথা বলিলে, প্রসন্নবৃদ্ধি বোধিসন্ধ উহাকে সম্ভাষণ করিয়া নদী পার হইয়া চলিয়া গেলেন। ৩৯।

তিনি বজ্রাসনসমন্বিত ও নির্জন বোধিমূলে গমন করিয়া, শক্রদন্ত দক্ষিণাগ্র কুশঘারা সংস্তরণ করিয়াছিলেন। ৪০।

তিনি তথায় পর্য্যক্ষাসনে উপবেশন করিয়া দূর্দনশ্চয় হইয়া ধ্যান-মগ্ন হওয়ায় মন্থাবসনে বিশ্রান্ত হথানির ভায় শোভিত হইয়া-ছিলেন। ৪১।

ধীর ও সরলাকৃতি এবং অসাধারণ ক্ষমার আধার ও কাঞ্চনকান্তি ভগবান্ অপর স্থমেরু পর্বতের ন্যায় শোভিত হইয়াছিলেন। ৪২।

তিনি নিজ স্মৃতিকে প্রতিকূলমুখীন করিয়া এবং নিজ আসন যাহাতে স্থির ও অক্ষয় হয় এরূপ সঙ্কল্প করিয়া পর্য্যঙ্কাসন বন্ধন করিয়া-ছিলেন। ৪৩।

ইত্যবসরে সংযমবিদ্বেষী কন্দর্প পত্রবাহকরূপে সত্তর তথায় আগমন করিয়া বোধিসত্তকে বলিয়াছিলেন । ৪৪।

এ কিরূপ তোমার নিক্ষামভাব। এইরূপ নিক্ষামভাবই বন্ধনপ্রদ হয়। তোমার মতি অকালোৎপন্ন কলিকার স্থায়। ইহার আবার কামনা কি। ৪৫।

দেবদন্ত নিঃশঙ্কভাবে তোমার রাজধানী অধিকার করিয়াছে। এবং অন্তঃপুরিকাগণকে নিরুদ্ধ করিয়া রাজা শুদ্ধোদনকেও বন্ধন করিয়াছে। ৪৬।

ভগবান্ কন্দর্পের এইরূপ বাক্য শ্রাবণ করিয়া শোক বা ক্রোধরূপ বিষে ব্যথিত না হইয়া নির্বিকারচিত্তে চিন্তা করিয়াছিলেন। ৪৭।

হায়! কন্দর্প আমার তপস্থার বিদ্ন করিতে উদ্যত হইয়াছে। এ অত্যস্ত দুর্বত্ত। এ ময়ূরক্রীড়ার স্থায় জগৎকে নর্ত্তিত করে। ৪৮।

[२५४]

হে কন্দর্প ! তোমার দৌর্জ্জন্যের এখনও বিরাম হয় নাই। তুমি এখনাত্র হিংসাযজ্ঞদারা এইরূপ কমনীয়তা প্রাপ্ত হইয়াছ। ৪৯।

আমি যজ্ঞ, দান ও তপস্যা জন্ম আত্মশ্লাঘা করিতে চাহি না। নিজ গুণ উচ্চারণ করিলে পুণ্যরূপ পুষ্প মান ও শীর্ণ হইয়া থাকে। ৫০।

সমস্ত প্রাণীর চিত্তচোর কন্দর্প ভগবান্কর্তৃক এইরূপ ভৎ সিত হওয়ায় ক্রুদ্ধ ও হতোদ্যম হইয়া চলিয়া গেলেন। ৫১।

অতঃপর স্থললিতলোচনা ও ভৃঙ্গমণ্ডিত চূতলতার আয় কমনীয়া তিনটী ক্যা দৃষ্টিগোচর হইল। ৫২।

কন্দর্পনির্দ্মিত ঐ তিনটী কন্সা পাদপদ্মবিস্থাসম্বারা তপোবনকে রাগরঞ্জিত করিয়াছিল। ৫৩।

তাহারা তথায় বিলোচনশোভাবারা হরিণীকে, গতিবিভ্রমদারা করিণীকে এবং মুখপদ্মবারা নলিনীকে মলিন করিয়াছিল। ৫৪।

তাহাদিগের যৌবনসম্পন্ন অঙ্গ, অনুরাগরূপ বিলেপন এবং লাবণ্যরূপ বসনদারা অচেতনদিগেরও কামোন্তব হইয়াছিল। ৫৫।

তাহার। ভগবান্কে বজ্রাসনে সমাহিত ও ধ্যানে নিশ্চললোচন দেখিয়া অত্যস্ত বিস্ময়সহকারে চিন্তা করিয়াছিল। ৫৬।

ভগবানের সংকল্পবলে তাহারা মত্তাও অমুরাগময় যৌবন পরিত্যাগ করিয়া সহসা স্বরাপ্রাপ্ত হইয়া লজ্জিত হইয়াছিল। ৫৭।

ঐ কন্যাগণ এইরূপ অপ্রতিভ হইলে মন্মণের মনোরথ ভগ্ন হইল। তিনি উদ্যুমসহকারে সৈন্যুযোজনা করিতে লাগিলেন। ৫৮।

সর্বপ্রকার অন্ত্রসমন্বিত ও নানা প্রাণিসঙ্কুল ষ্ট্রিংশংকোটি-সংখ্যক কন্দর্প সৈশ্য উদ্যোগী হইয়াছিল। ৫৯।

স্বয়ং কন্দর্পও ক্রুর শরাসন আকর্ণ আকর্ষণ পূর্ববক অত্যন্ত ক্রোধ সহকারে বোধিসম্বকে লক্ষ্য করিয়া ধাবিত হইয়াছিলেন। ৬০ । কন্দর্পকর্ত্ক বিক্ষিপ্ত পাংশু, বিষ'ও প্রস্তরখণ্ডসমন্থিত শাস্ত্রবৃষ্টি বোধিসন্থের পক্ষে মন্দার ও পদ্মসদৃশ হইয়াছিল। ৬১।

পুনর্বার কন্দপ দৈত্যগণকর্ত্ক বিক্ষিপ্ত শস্তব্ধি ক্ষমাবান বোধিসন্থের উপর পতিত হইয়াছিল, কিন্তু দেবতাগণ তাহা আকর্ষণ করিয়া বন্ধ্রমধ্যে সন্ধিবিষ্ট করিয়াছিলেন। ৬২।

কন্দর্পত্ত নম্ভাগংকল্প হইয়া সমাধির ব্যাঘাতকারী ও ঘণ্টার স্থায় অত্যস্ত শ্রুতিকটু শব্দকারী একটি ক্ষাটিকময় রুক্ষ নির্মাণ করিয়া-ছিলেন। ৬৩।

ব্যোমদেবতাগণ সেই উৎকট শব্দকারী ব্লক্ষ এবং সৈয়াগণ ও স্থান্ত্রসমন্বিত কন্দর্পকে আকাশে উৎক্ষিপ্ত করিয়া দূরে নিক্ষেপ করিয়া। ছিলেন। ৬৪।

অতঃপর ভগবান্ প্রসন্ধতা ও নির্ম্মল জ্ঞান লাভ করিয়া সর্ব্**জ্ঞ,** সর্ব্বত্রগ এবং জাতিমার হইয়াছিলেন। ৬৫।

তিনি তথায় অনুত্তর জ্ঞানদ্বার। সম্যক্সম্বোধি প্রাপ্ত হইয়া কর্মপ্রবাহনির্মিত সমস্ত প্রাণীর গতি দর্শন করিয়াছিলেন। ৬৬।

অনস্তর কন্দর্প আকাশবাণীদারা শাক্যপুরে প্রবাদ প্রচার করিয়া-ছিলেন যে বোধিসম্ব তপঃক্লেশবশতঃ অস্তগত হইয়াছেন। ৬৭।

রাজা শুদ্ধোদন এই কথা শুনিয়া পুত্রস্নেহরূপ বিষে আতুর হইয়া বক্সাহতবং ভূমিতে পতিত হইয়াছিলেন। ৬৮।

রাজা ও অন্তঃপুরিকাগণ প্রাণত্যাগের সংকল্প করিলে স্ক্রচরিতের পক্ষপাতী ব্যোমদেবতাগণ তাঁহাকে বলিয়াছিলেন। ৬৯।

তোমার পুত্র অমৃত পান করিয়া সম্যক্সমুদ্ধতা প্রাপ্ত হইয়াছেন। তাঁহার দৃষ্টিপাতদারা লোকেরও মৃত্যুভয় থাকে না। ৭০।

রাজা, অমাত্য ও অন্তঃপুরিকাগণ এই বাক্য শ্রবণ করিয়া স্থা-সিক্তবৎ ক্ষণমধ্যেই প্রত্যাগতপ্রাণ হইয়াছিলেন। ৭১। সেই মহোৎসব ও আনন্দসময়ে বোধিসন্ধ-বধূ যশোধরা চক্রগ্রহণ-সমটো একটি কমনীয় পুত্র শ্রীসব করিয়াছিলেন। ৭২।

রান্তল নামক সেই বালকের জন্মবিষয়ে শক্ষিত রাজার কথায় তদীয় জননীকর্তৃক শুদ্ধির জন্য শিলাসহ জলে নিক্ষিপ্ত হইয়াও বালক ভাসিয়াছিল। ৭৩।

ভগবানও সপ্তাহকাল বজুপর্য্যস্কনামৃক আসনবন্ধদারা নিশ্চলদেহ হইয়া থাকায় দেবতাগণের বিষ্ময় বিধান করিয়াছিলেন।। ৭৪।

পরমানন্দরূপ স্থাধারাদ্বারা পরিতৃপ্ত ভগবান্ ব্রহ্মকায়িকনামক দেবতাদ্বয়কর্তৃক বিরোধিত হইয়া বলিয়াছিলেন। ৭৫।

অহো ! আমি এই সুখ্রিতিকে পূর্বেই জানিয়াছি। যাহাদারা সুরাস্ত্ররাশের ঐশ্বয়স্থাও ছঃখগণমধ্যে পরিমণিত হয়। ৭৬।

লাবণ্যরূপ জলে প্লাবিভাঙ্গী তরুণীগণ, এবং পীযুষসিক্ত স্বর্গীয় সস্তোগসকল এই সর্ববিভ্যাগজনিত স্থাধের তুলনায় পাংশুবৎ নিঃসার বলিয়া গণ্য হয়। ৭৭।

আমি বিষয়রূপ বিষম ক্লেশময় সংসারপথের পথিক হইয়া সন্তপ্ত এবং ক্লান্ত হইয়াছিলাম। এখন চন্দনচছায়ার আয় শীতল শান্তির আশ্রম লাভ করিয়াছি, আমার এই সকল ইন্দ্রিয়ব্যাপিনী নিশ্ব তি উৎপন্ন হইয়াছে। শান্তিরূপ শীতলবনে বিশ্রান্ত জনগণের স্থাথের তুলনা কোথায়ও নাই। ৭৮।

এমন সময়ে পূণ্যবলে ত্রপুস ও ভল্লিকনামক ছুইটা বণিক্ বহুলোক সহ সেই বনে আসিয়াছিল। ৭৯।

দেবতাপ্রেরিত ঐ বণিক্ষয় ভগবানের নিকট আসিয়া প্রণিপাত পূর্ববক ভিক্ষাগ্রহণের জন্ম তাঁহাকে বলিয়াছিল। ৮০ ।

দয়াপরায়ণ সর্ববজ্ঞ এই কথা শুনিয়া চিস্তা করিয়াছিলেন যে, পূর্বব-তনগণ পাত্রেতেই ভিক্ষাগ্রহণ করিয়াছেন হস্তে গ্রহণ করেন নাই।৮১।

[285]

তিনি এরপ চিস্তা করিলে মহান্নাজনামক দেবতাগণ আসিয়া চারিটী স্ফটিকময় পাত্র তাঁহাকে দিয়া স্বর্গে চলিয়া গেলেন। ৮২।

ভগবান্ পাত্রে পিশুপাত প্রতিগ্রহ করিয়া শরণ্যত্রয় শাসনদারা তাহাদিণের প্রতি অমুগ্রহ করিয়াছিলেন। ৮৩।

মহাপুণ্যের সাক্ষীস্বরূপ, পুণ্যসম্পাদনে নিপুণ, অশৈষবিপদের বিনাশকারী, প্রার্থনায় কল্পবৃক্ষস্বরূপ এবং শুভপরিণতিসম্পাদনে তৎপর সাধুসঙ্গ কোন কোন ভাগ্যবান ব্যক্তির পুণ্যবলে ঘটিয়া থাকে।৮৪।



